ভূত্বা চ ব্রাহ্মণো রাজন্! বরয়ামাস তং নৃপম্ ॥২১॥

ভারতকৌমুদী

স্থিতি। সুদক্ষিণঃ অতীবোদারঃ। অবিকত্থনঃ অনাত্মশ্লাঘাকারী। যজ্বা যাগকর্ত্তা, দান্তঃ ইন্দ্রিয়দমনশীলঃ, ব্রহ্মণ্যঃ বেদহিতকরঃ, সত্যসঙ্গরঃ সত্যপ্রতিজ্ঞঃ; ন চাবমন্তা কস্যাপি নাবজ্ঞাকারী তদীয়রাজ্যে নর আসীদিতি শেষঃ ॥১৬—১৭॥

তমিতি। শিবা মঙ্গলকারী। চকমে রমণায়াভিললাষ, ভাবেন অনুরাগেন ॥১৮॥

তস্যামিতি। রাজীবলোচনা পদ্মনয়না ॥১৯॥

তাদৃগিতি। বরবর্ণিনী উত্তমা ॥২০॥

তামিতি। বরয়ামাস প্রার্থয়ামাস ॥২১॥

আর সেই দেশের সকল মানুষই অত্যন্ত উদার, মধুরভাষী, অসূয়াশূন্য, জিতেন্দ্রিয়, ধার্ম্মিক, দয়ালু, বিক্রমী, অনাত্মশ্লাঘাকারী, যাগকর্ত্তা, বহিরিন্দ্রিয়জয়ী, মেধাবী, বেদহিতৈষী, সত্যপ্রতিজ্ঞ, লোকের গৌরবকারী, দাতা এবং বেদবেদাঙ্গ-পারদর্শী ছিল ॥১৬—১৭॥

ভরতনন্দন! পবিত্রা, শীতলজলা ও শুভকারিণী দেবনদী নর্ম্মদা নিজের অনুরাগেই সেই পুরুষশ্রেষ্ঠ দুর্য্যোধনকে একদা কামনা করিয়াছিল ॥১৮॥

রাজা! তখন সেই নর্ম্মদার গর্ভে দুর্য্যোধনের একটী পদ্মনয়না কন্যা জন্মিয়াছিল; সেই কন্যাটী নামেও ছিল সুদর্শনা রূপেও ছিল সুদর্শনা ॥১৯॥

যুধিষ্ঠির! সেই দুর্য্যোধনকন্যা যেরূপ উত্তমাঙ্গনা হইয়াছিল; নারীজাতির মধ্যে, সেরূপ উত্তমাঙ্গনা আর পূর্ব্বে হয় নাই ॥২০॥

---

(২১) ইতঃ পরং বহব এব শ্লোকা দাক্ষিণাত্যপুস্তকে অধিকা দৃশ্যন্তে। নাদিৎসত সুতাং তস্মৈ—পি।

দরিদ্রশ্চাসবর্ণশ্চ মমায়মিতি পার্থিবঃ
ন দিৎসতি সুতাং তস্মৈ তাং বিপ্রায় সুদর্শনাম্ ॥২২॥
ততোঽস্য বিততে যজ্ঞে নষ্টোঽভূদ্ধব্যবাহনঃ।
ততঃ সুদুঃখিতো রাজা বাক্যমাহ দ্বিজাংস্তদা ॥২৩॥
দুষ্কৃতং মম কিং নু স্যাদ্ভবতাং বা দ্বিজর্ষভাঃ।
যেন নাশং জগামাগ্নিঃ কৃতং কুপুরুষেষ্বিব ॥২৪॥
ন হ্যল্পং দুষ্কৃতং নোঽস্তি যেনাগ্নির্নাশমাগতঃ।
ভবতাং চাথবা মহ্যং তত্ত্বেনৈতদ্ বিমৃশ্যতাম্ ॥২৫॥
তত্র রাজ্ঞো বচঃ শ্রুত্বা বিপ্রাস্তে ভরতর্ষভ!।
নিয়তা বাগ্‌যতাশ্চৈব পাবকং শরণং যযুঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দরিদ্র ইতি। অয়ং বিপ্রঃ মম অসবর্ণ ইতি ন দিৎসতি দাতুং নেচ্ছতি স্ম।২২॥
তত ইতি। বিততে আবদ্ধে, নষ্টো নির্ব্বাণত্বেনাদৃশ্যঃ॥২৩॥
দুষ্কৃতমিতি। কৃতমুপকৃতম্ ॥২৪॥
নহীতি। নঃ অস্মাকম্। মহ্যং মম। বিমৃশ্যতাং অনুসন্ধীয়তাম্।২৫॥
তত্রেতি। নিয়তাঃ সংযতাঃ। শরণং যযুঃ দধ্যুঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

যেন ॥৩—১৪॥ দুর্গতো দরিদ্রঃ ॥১৫—২০॥ চকমে কাময়ামাস।২১॥ অসবর্ণোঽক্ষত্রিয়ঃ, ন

রাজা। অগ্নিদেব সেই রাজকন্যা সুদর্শনাকে কামনা করিলেন এবং তিনি ব্রাহ্মণ হইয়া, রাজার নিকট প্রার্থনা জানাইলেন ॥২১॥

এই ব্রাহ্মণ দরিদ্র এবং আমার অসবর্ণ ইহা মনে করিয়া রাজা, সেই ব্রাহ্মণের হস্তে কন্যা সুদর্শনাকে দান করিবার ইচ্ছা করিলেন না ॥২২॥

তদনন্তর রাজার যজ্ঞ আরম্ভ করিলে, অগ্নি অদৃশ্য হইয়া গেলেন। তাহাতে রাজা অত্যন্ত দুঃখিত হইয়া, ব্রাহ্মণগণকে এই কথা বলিলেন—॥২৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আমার বা আপনাদের কি ত্রুটি হইল, যাহাতে দুর্জ্জনের উপকার করার ন্যায় অগ্নি বিনষ্ট হইলেন ॥২৪॥

আমার ত অল্পও ত্রুটি হয় নাই যে, অগ্নি নির্ব্বান্ হইলেন। সে যাহা হউক, আপনারা যথাযথভাবে আপনাদের বা আমার ত্রুটির বিষয় অনুসন্ধান করুন ॥২৫॥

ভরতশ্রেষ্ঠ! তখন রাজার বাক্য শুনিয়া সেই ব্রাহ্মণেরা, সংযত ও মৌনী হইয়া অগ্নির শরণাপন্ন হইলেন ॥২৬॥

তান্ দর্শয়ামাস তদা ভগবান্ হব্যবাহনঃ।
স্বরূপং দীপ্তিমৎ কৃত্বা শরদর্কসমদ্যুতি ॥২৭॥
ততো মহাত্মা তানাহ দহনো ব্রাহ্মণর্ষভান্।
বরয়াম্যাত্মনোঽর্থায় দুর্য্যোধনসুতামিতি ॥২৮॥
ততস্তে কল্যমুত্থায় তস্মৈ রাজ্ঞে ন্যবেদয়ন্।
ব্রাহ্মণা বিস্মিতাঃ সর্ব্বে যদুক্তং চিত্রভানুনা ॥২৯॥
ততঃ স রাজা তচ্ছ্রুত্বা বচনং ব্রহ্মবাদিনাম্।
অবাপ্য পরমং হর্ষং তথেতি প্রাহ বুদ্ধিমান্ ॥৩০॥
অযাচর্ত চ তং শুল্কং ভগবন্তং বিভাবসুম্।
নিত্যং সান্নিধ্যমিহ তে চিত্রভানো! ভবেদিতি ॥৩১॥

ভারতকৌমুদী

তানিতি। শবদর্কস্য সমা তুল্যা দ্যুতির্যস্য তৎ।২৭॥
তত ইতি। দহনো বহ্নিঃ। অর্থায় প্রয়োজনায়।২৮॥
তত ইতি। কল্যং প্রাতঃ। চিত্রভানুনা অগ্নিনা ॥২৯॥
তত ইতি। ব্রহ্মবাদিনাং ব্রাহ্মণানাম্। তথা অগ্নয়ে কন্যাং দাস্যামি ॥৩০॥
অযাচতেতি। শুল্কং প্রতিদানম্। ইহ মাহিষ্মতীপুর্য্যাম্ ॥৩১॥

ভারতভাবদীপঃ

দিৎসতি ন দাতুমিচ্ছতি ॥২২॥ বিততে ত্রেতাগ্নিসাধ্যে, নাদৃষ্টাদর্শনং গতঃ ॥২৩—২৮॥ কল্যং

তখন ভগবান্ অগ্নি নিজের রূপটীকে শরৎকালের সূর্য্যের ন্যায় তেজস্বী ও উজ্জ্বল করিয়া, তাহা ব্রাহ্মণগণকে স্বপ্নে দেখাইলেন ॥২৭॥

তাহার পর মহাত্মা অগ্নি সেই ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে বলিলেন, আমি নিজের জন্যই রাজা দুর্য্যোধনের কন্যাটীকে প্রার্থনা করি ॥২৮॥

তদনন্তর সেই ব্রাহ্মণেরা সকলে বিস্মিত হইয়া, প্রভাত কালে গাত্রোত্থান করিয়া যাইয়া, অগ্নি যাহা বলিয়াছিলেন তাহা রাজাকে জানাইলেন ॥২৯॥

তাহার পর সেই বুদ্ধিমান্ রাজা, ব্রাহ্মণগণের সেই কথা শুনিয়া অত্যন্ত আনন্দ লাভ করিয়া বলিলেন—তাহাই হইবে ॥৩০॥

অগ্নিদেব! আমার এই মাহিষ্মতীপুরীতে সর্ব্বদা আপনার সন্নিধান হইবে; এইরূপ প্রতিদান সেই ভগবান্ অগ্নিদেবের নিকট রাজা প্রার্থনা করিলেন ॥৩১॥

(২৭) স্বং রূপম্—পি, শবদর্কসমদ্যুতিঃ—পি বঙ্গ।

তমাহ ভগবানগ্নিরেবমস্ত্বিতি পার্থিবম্।
ততঃ সান্নিধ্যমদ্যাপি মাহিষ্মত্যাং বিভাবসোঃ।
দৃষ্টং হি সহদেবেন দিশং বিজয়তা তদা ॥৩২॥
ততস্তাং সমলঙ্কৃত্য কন্যামাহতবাসসম্।
দদৌ দুর্য্যোধনো রাজা পাবকায় মহাত্মনে ॥৩৩॥
প্রতিজগ্রাহ চাগ্নিস্তু রাজকন্যাং সুদর্শনাম্।
বিধিনা বেদদৃষ্টেন বসোর্ধারামিবাধ্বরে ॥৩৪॥
তস্যা রূপেণ শীলেন কুলেন বপুষা শ্রিয়া।
অভবৎ প্রীতিমানগ্নির্গর্ভে চাস্যা মনো দধে ॥৩৫॥
তস্যাং সমভবৎ পুত্রো নাম্নাগ্নেয়ঃ সুদর্শনঃ।
সুদর্শনস্তু রূপেণ পূর্ণেন্দুসদৃশোপমঃ।
শিশুরেবাধ্যগাৎ সর্ব্বং পরং ব্রহ্ম সনাতনম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

তমিতি। বিভাবসোরগ্নেঃ। তদা রাজসূয়কালে। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩২॥

তত ইতি। আহতং পরিভাষিকং বাসো যস্যা স্তাম্। তদাহ স্মার্ত্তধৃতা স্মৃতিঃ "ঈষদ্ধৌতং নবং শুভ্রং সদশং যন্ন ধারিতম্। আহতং তদ্বিজানীয়াৎ সর্ব্ব কর্ম্মসু পাবনম্" ॥৩৩॥

প্রতীতি। বসোশ্চেদিরাজবসোরুদ্দেশে ধারাং ঘৃতস্রাবমিব ॥৩৪॥

তস্যা ইতি। শীলেন স্বভাবেন। গর্ভে গর্ভোৎপাদনে ॥৩৫॥

ভারতভাবদীপঃ

প্রাতঃ ॥২৯—৩১॥ দিশং দক্ষিণাং বিজয়তা বিজেতুমিচ্ছতা ॥৩২॥ আহতং নবং বাসো যস্যা

তখন ভগবান্ অগ্নিদেব, রাজা দুর্য্যোধনকে বলিলেন যে, এইরূপই হইবে। সেই জন্যই অদ্যাপি মাহিষ্মতীপুরীতে অগ্নির সন্নিধান রহিয়াছে। রাজসূয়যজ্ঞের সময়ে দিগ্বিজয়কারী সহদেব তাহা দেখিয়াছেন ॥৩২॥

তাহার পর রাজা দুর্য্যোধন, মহাত্মা অগ্নিদেবকে অলঙ্কৃতা ও নববস্ত্রপরিহিতা সেই কন্যাটী দান করিলেন ॥৩৩॥

অগ্নিদেবও বেদবিধানে যজ্ঞে বসুধারার ন্যায় সেই রাজকন্যা সুদর্শনাকে গ্রহণ করিলেন ॥৩৪॥

সুদর্শনার রূপে, স্বভাবে, বংশে, শরীরে ও সৌন্দর্য্যে অগ্নিদেব সন্তুষ্ট হইলেন এবং তাহার গর্ভোৎপাদনে মনোনিবেশ করিলেন ॥৩৫॥

---

(৩৩) আহুতবাসসম্....বঙ্গ, আহতবাসসম্....নি।

অথৌঘবান্নাম নৃপো নৃগস্যাসীৎ পিতামহঃ।
তস্যাথৌঘবতী কন্যা পুত্রশ্চৌঘরথোঽভবৎ ॥৩৭॥
তামোঘবান্ দদৌ তস্মৈ স্বয়মোঘবতীং সুতাম্।
সুদর্শনায় বিদুষে ভার্য্যার্থে দেবরূপিণীম্ ॥৩৮॥
স গৃহস্থাশ্রমরতস্তয়া-সহ সুদর্শনঃ।
কুরুক্ষেত্রেঽবসদ্রাজন্নোঘবত্যা সমন্বিতঃ ॥৩৯॥
গৃহস্থশ্চাবজেষ্যামি মৃত্যুমিত্যেব স প্রভো!।
প্রতিজ্ঞামকরোদ্ধীমান্ দীপ্ততেজা বিশাম্পতে ॥৪০॥

ভারতকৌমুদী

তস্যামিতি। "অগ্নেরপত্যং আগ্নেয়ঃ, নাম্না সুদর্শনঃ। পূর্ণেন্দুসদৃশী উপমা প্রতিমা কান্তির্যস্য সঃ। অধ্যগাৎ অধীতবান্, ব্রহ্ম বেদম্; অথবা অধ্যগাৎ জ্ঞাতবান্ ব্রহ্ম আত্মানম্, "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম" ইত্যমরঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৬॥

অথেতি। নৃগস্য তদাখ্যস্য প্রসিদ্ধস্য রাজ্ঞঃ ॥৩৭॥

তামিতি। ওঘবান্নাম স রাজা ॥৩৮॥

স ইতি। সমন্বিতো গৃহস্থধর্ম্মেণ যুক্তঃ ॥৩৯॥

গৃহস্থ ইতি। দীপ্ততেজা উজ্জ্বলপ্রভাবঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

তাম্ ॥৩৩॥ বসোর্ধারাং সন্ততাং ঘৃতধারাম্ ॥৩৪॥ গর্ভে পুত্রপ্রদানে ॥৩৫—৩৬॥ দৃশাভ্যাং দৃগ্‌ভ্যাং সহিতং সদৃশং বক্ত্রং পূর্ণেন্দোরেব বক্ত্রে, উপমা সাদৃশ্যং যস্য পূর্ণেন্দুসদৃশোপমঃ ॥৩৭—৪০॥

সেই ভার্য্যার গর্ভে অগ্নির একটী পুত্র জন্মিল, তাহার নাম হইল সুদর্শন। সেই সুদর্শন রূপে পূর্ণচন্দ্রের ন্যায় হইয়াছিলেন এবং তিনি শৈশব অবস্থাতেই সমস্ত সনাতন পরম বেদ অধ্যয়ন করিয়াছিলেন ॥৩৬॥

প্রসিদ্ধ রাজা নৃগের পিতামহ ওঘবান্ নামে এক রাজা ছিলেন। তাঁহার ওঘবতীনামে একটী কন্যা এবং ওঘরথনামে একটী পুত্র হইয়াছিল ॥৩৭॥

ওঘবান্ রাজা সেই বিদ্বান্ সুদর্শনের হস্তে দেবকন্যাসদৃশী, সেই ওঘবতীনাম্নী কন্যাটীকে নিজেই দান করেন ॥৩৮॥

রাজা! সেই সুদর্শন সেই ওঘবতীর সহিত গৃহস্থাশ্রমে নিরত থাকিয়া, গৃহস্থ-ধর্ম্মসমন্বিত হইয়া, কুরুক্ষেত্রে বাস করেন ॥৩৯॥

নরনাথ রাজা! জ্ঞানী ও তেজস্বী সুদর্শন এইরূপ প্রতিজ্ঞা করিলেন যে, আমি গৃহস্থ থাকিয়াই মৃত্যুকে জয় করিব ॥৪০॥

(৩৭) ওঘবতী তস্য কন্যা—পি।

তামথৌঘবতীং রাজন্ ! স পাবকসুতোঽব্রবীৎ।
অতিথেঃ প্রতিকূলং তে ন কর্ত্তব্যং কথঞ্চন ॥৪১॥
যেন যেন চ তুষ্যেত নিত্যমেব ত্বয়াতিথিঃ।
অপ্যাত্মনঃ প্রদানেন ন তে কার্য্যা বিচারণা ॥৪২॥
এতদ্‌ব্রতং মম সদা হৃদি সম্পরিবর্ত্ততে।
গৃহস্থাণাঞ্চ সুশ্রোণি ! নাতিথের্ব্বিদ্যতে পরম্ ॥৪৩॥
প্রমাণং যদি বামোরু ! বচস্তে মম শোভনে !।
ইদং বচনমব্যগ্রা হৃদি ত্বং ধারয়েঃ সদা ॥৪৪॥
নিষ্ক্রান্তে ময়ি কল্যাণি ! তথা সন্নিহিতেঽনঘে !।
নাতিথিস্তেঽবমন্তব্যঃ প্রমাণং যদ্যহং তব ॥৪৫॥

ভারতকৌমুদী

তামিতি। পাবকসুতঃ অগ্নিপুত্রঃ। প্রতিকূলমাচরণম্ ॥৪১॥
যেনেতি। ত্বয়া কুর্ব্বণেন। আত্মনঃ শরীরস্য ॥৪২॥
এতদিতি। হে সুশ্রোণি! সুন্দরনিতম্বে! পরমুৎকৃষ্টম্ ॥৪৩॥
প্রমাণমিতি। হে বামোরু! সুন্দরোরুদ্বয়ে!। অব্যগ্রা স্থিরচিত্তা ॥৪৪॥
নিষ্ক্রান্ত ইতি। অবমন্তব্যোঽবজ্ঞাতব্যঃ, প্রমাণং বিশ্বাসাস্পদম্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

গৃহস্থশ্চ গৃহস্থ এব ॥৪১॥ প্রতিজ্ঞামেবাহ—অতিথেরিতি ॥৪২॥ আত্মনঃ শরীরস্য ॥৪৩—৪৪॥

রাজা! তাহার পর সুদর্শন ভার্য্যা ওঘবতীকে বলিলেন—'তুমি কোন প্রকারেই অতিথির প্রতিকূল আচরণ করিবে না ॥৪১॥

তোমাদ্বারা যে যে প্রকারে অতিথি সর্ব্বদা সন্তুষ্ট থাকেন, এমন কি শরীর দান করিয়াও যাহাতে অতিথিকে সন্তুষ্ট করিতে পার, তাহা করিবে; সে বিষয়ে কোন বিচার করিবে না ॥৪২॥

সর্ব্বদাই আমার মনে এই ব্রত রহিয়াছে। সুনিতম্বে! গৃহস্থের নিকটে অতিথি অপেক্ষা আর উৎকৃষ্ট বস্তু নাই ॥৪৩॥

সুন্দরোরুযুগলে! মনোহরে! আমার বাক্যে যদি তোমার বিশ্বাস থাকে, তাহা হইলে তুমি স্থির থাকিয়া, সর্ব্বদা আমার এই বাক্য মনে রাখিবে, ॥৪৪॥

নিষ্পাপে কল্যাণি! আমি যদি তোমার বিশ্বাসের পাত্র হই; তাহা হইলে,

তমব্রবীদোঘবতী তথা মূর্দ্ধ্নি কৃতাঞ্জলিঃ।
ন মে ত্বদ্বচনাৎ কিঞ্চিদকর্ত্তব্যং কথঞ্চন ॥৪৬॥
জিগীষমাণস্তু গৃহে তদা মৃত্যুঃ সুদর্শনম্।
পৃষ্ঠতোঽন্বগমদ্রাজন্! রন্ধ্রান্বেষী তদা সদা ॥৪৭॥
ইধ্মার্থং তু গতে তস্মিন্নগ্নিপুত্রে সুদর্শনে।
অতিথির্ব্রাহ্মণঃ শ্রীমাংস্তামাহৌঘবতীং তদা ॥৪৮॥
আতিথ্যং কৃতমিচ্ছামি ত্বয়াদ্য বরবর্ণিনি!।
প্রমাণং যদি ধর্ম্মস্তে গৃহস্থাশ্রমসম্মতঃ ॥৪৯॥
ইত্যুক্তা তেন বিপ্রেন রাজপুত্রী যশস্বিনী।
বিধিনা প্রতিজগ্রাহ বেদোক্তেন বিশাম্পতে! ॥৫০॥

ভারতকৌমুদী

তমিতি। কৃতাঞ্জলিঃ কৃতঃকরযুগলসংযোগা ॥৪৬॥
জিগীষেতি। জিগীষমানো জেতুমিচ্ছন্, গৃহে স্থিতমিতি শেষঃ ॥৪৭॥
ইধ্মেতি। ইধ্মার্থং কাষ্ঠাহরণার্থম্। শ্রীমান্ কান্তিমান্ ॥৪৮॥
আতিথ্যমিতি। প্রমাণং বিশ্বাসযোগ্যঃ ॥৪৯॥
ইতীতি। প্রতিজগ্রাহ তং বিপ্রং গৃহীতবতী ॥৫০॥

ভারতভাবদীপঃ

প্রমাণং হিতজ্ঞাপকম্ ॥৪৫—৪৬॥ কিঞ্চিন্ন কর্ত্তব্যমিতি ন অপি তু কর্ত্তব্যমেব ॥৪৭॥ পৃষ্ঠতস্তস্থৌ

আমি বাহির হইয়া গেলে, কিংবা ঘরে থাকিলে, তুমি অতিথির অবজ্ঞা করিবে না ॥৪৫॥

তখন ওঘবতী মস্তকে অঞ্জলি স্থাপন করিয়া, সুদর্শনকে বলিলেন—'আপনার আদেশে কোন প্রকারে কোন কার্য্যই আমার অকর্ত্তব্য নাই ॥৪৬॥

রাজা! তখন মৃত্যু গৃহস্থ সুদর্শনকে জয় করিবার ইচ্ছা করিয়া, সর্বদাই তাঁহার ছিদ্রান্বেষণ করিতে থাকিয়া পিছনে পিছনে চলিতে লাগিলেন ॥৪৭॥

একদা সেই অগ্নিপুত্র সুদর্শন কাষ্ঠ আহরণ করিবার জন্য গৃহ হইতে নির্গত হইয়া গেল। সুন্দরমূর্ত্তি এক ব্রাহ্মণ অতিথি আসিয়া, সেই ওঘবতীকে বলিলেন ॥৪৮॥

বরবর্ণিনি! গৃহস্থাশ্রমসম্মত অতিথিসৎকার ধর্ম্ম যদি তোমার বিশ্বাসযোগ্য হয়, তাহা হইলে, আজ আমি তোমার নিকট হইতে অতিথিসৎকার লাভ করিতে ইচ্ছা করি ॥৪৯॥

(৪৬) ন কর্ত্তব্যং কথঞ্চন—বঙ্গ।

আসনঞ্চৈব পাদ্যঞ্চ তস্মৈ দত্ত্বা দ্বিজাতয়ে।
প্রোবাচৌঘবতী বিপ্রং কেনার্থঃ কিং দদামি তে ॥৫১॥
তামব্রবীত্ততো বিপ্রো রাজপুত্রীং সুদর্শনাম্।
ত্বয়া মমার্থঃ কল্যাণি! নির্ব্বিশঙ্কেতদাচর ॥৫২॥
যদি প্রমাণং ধর্ম্মস্তে গৃহস্থাশ্রমসম্মতঃ।
প্রদানেনাত্মনো রাজ্ঞি! কর্ত্তুমর্হসি মে প্রিয়ম্ ॥৫৩॥
স তয়া ছন্দ্যমানোঽন্যৈরীপ্সিতৈর্নৃপকন্যয়া।
নান্যমাত্মপ্রদানাৎ স তস্যা বব্রে বরং দ্বিজঃ ॥৫৪॥
সা তু রাজসুতা স্মৃত্বা ভর্ত্তুর্বচনমাদিতঃ।
তথেতি লজ্জমানা সা তমুবাচ দ্বিজর্ষভম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

আসনমিতি। কেন বস্তুনা, অর্থস্তব প্রয়োজনম্ ।৫১॥
তামিতি। অর্থঃ প্রয়োজনম্, নির্ব্বিশঙ্কা বিশেষেন নিঃশঙ্কচিত্তা ।৫২॥
যদীতি। আত্মনঃ স্বশরীরস্য, হে রাজ্ঞি! রাজতনয়ে! ।৫৩॥
স ইতি। ছন্দ্যমানোঽভ্যর্থ্যমানঃ, ঈপ্সিতৈর্ধনাদিভিঃ ॥৫৪॥
সেতি। বচনমাদেশম্, আদিতঃ আদৌ কৃতম্ ॥৫৫॥

ভারতভাবদীপঃ

প্রত্যক্ষং গৃহেঽম্বগমৎ তদা গার্হস্থ্যকালে, তদা ইধ্মাহরণকালে।৪৮॥ ব্রাহ্মণস্তদ্রূপী মৃত্যুঃ ॥৪৯—৫২॥ তামিতি। এতদ্রতপ্রদানম্ ॥ ৩॥ রাজ্ঞি রাজকন্যে॥৫৪॥ ছন্দ্যমানঃ প্রলোভ্যমানঃ ॥৫৫॥

নরনাথ! সেই ব্রাহ্মণ এইরূপ বলিলে, যশস্বিনী রাজকন্যা ওঘবতী বেদোক্ত-বিধানে তাঁহাকে গ্রহণ করিলেন ॥৫০॥

তখন ওঘবতী সেই ব্রাহ্মণকে বসিবার আসন ও পাদপ্রক্ষালনের জল দান করিয়া বলিলেন—'আপনার কোন্ বস্তুর প্রয়োজন, আমি আপনাকে কি দান করিব? ॥৫১॥

তাহার পর ব্রাহ্মণ সেই রাজতনয়া সুদর্শনাকে বলিলেন—'কল্যাণি! তোমা দ্বারাই আমার প্রয়োজন, তুমি নিঃশঙ্কচিত্ত হইয়া ইহা কর' ॥৫২॥

রাজপুত্রি! গৃহাশ্রমসম্মত অতিথিসৎকারধর্ম্মে তোমার যদি বিশ্বাস থাকে, তাহা হইলে তুমি আত্মদান করিয়া আমার প্রিয়কার্য্য কর ॥৫৩॥

তখন ওঘবতী অন্য বস্তুদ্বারা তাঁহার সন্তোষবিধান করিবার অনুরোধ করিতে লাগিলে, সেই ব্রাহ্মণ তাঁহার আত্মদানব্যতীত অন্য বস্তুর প্রার্থনা করিলেন না ॥৫৪॥

ততো বিহস্য বিপ্রর্ষিঃ সা চৈবাথ বিবেশ হ।
সংস্মৃত্য ভর্ত্তুর্বচনং গৃহস্থাশ্রমকাঙ্ক্ষিণঃ ॥৫৬॥
অথেধ্মানমুপাদায় স পাবকিরুপাগমৎ।
মৃত্যুনা রৌদ্রভাবেন নিত্যং বন্ধুরিবান্বিতঃ ॥৫৭॥
ততস্ত্বাশ্রমমাগম্য স পাবকসুতস্তদা।
তাং ব্যাজহারৌঘবতীং ক্বাসি যাতেতি চাসকৃৎ ॥৫৮॥
তস্মৈ প্রতিবচঃ সা তু ভর্ত্রে ন প্রদদৌ তদা।
করাভ্যাং তেন বিপ্রেণ স্পৃষ্টা ভর্ত্তৃব্রতা সতী ॥৫৯॥
উচ্ছিষ্টাস্মীতি মন্বানা লজ্জিতা ভর্ত্তুরেব চ।
তূষ্ণীম্ভূতাভবৎ সাধ্বী ন চোবাচাথ কিঞ্চন ॥৬০॥

ভারতকৌমুদী

তত ইতি। বিবেশ গৃহাভ্যন্তরমিতি শেষঃ ॥৫৬॥
অথেতি। ইধ্মানং কাষ্ঠং, পাবকির্বহ্নিপুত্রঃ সুদর্শনঃ ॥৫৭॥
তত ইতি। ব্যাজহার উবাচ ॥৫৮॥
তস্মা ইতি। প্রতিবচ উত্তরম্। স্পৃষ্টা আলিঙ্গিতা ॥৫৯॥

ভারতভাবদীপঃ

ভর্ত্তুর্বচনং—"যেন যেন তু তুষ্যেত নিত্যমেব সদাতিথিঃ। অপ্যাত্মনঃ প্রদানেন ন তে কার্য্যা বিচারণে"তি পূর্ব্বোক্তম্ ॥৫৬॥ বিবেশ গৃহমিতি শেষঃ। বিহস্তেত্যত্রবহঃস ইতি পাঠঃ স্পষ্টার্থঃ ॥৫৭॥

তখন ওঘবতী স্বামীর পূর্ব্বের আদেশ স্মরণ করিয়া লজ্জিত হইয়া, সেই ব্রাহ্মণশ্রেষ্ঠকে বলিলেন—'তাহাই হউক'।৫৫॥

তাহার পর সেই ব্রাহ্মণ হাস্য করিয়া এবং ওঘবতী গৃহস্থধর্ম্মাভিলাষী ভর্ত্তার বাক্য স্মরণ করিয়া, গৃহমধ্যে প্রবেশ করিলেন ॥৫৬॥

তদনন্তর সুদর্শন কাষ্ঠ লইয়া উপস্থিত হইলেন; উগ্রমূর্ত্তি মৃত্যুও বন্ধুর ন্যায় তাঁহার অনুসরণ করিলেন ॥৫৭॥

ক্রমে সুদর্শন আশ্রমে উপস্থিত হইয়া বার বার ওঘবতীকে [illegible]লিলেন—'ওগো! তুমি কোথায় গিয়াছ'।৫৮॥

তখন সেই অতিথিব্রাহ্মণ বাহুযুগলদ্বারা আলিঙ্গন করিয়া রহিয়াছিলেন বলিয়া, পতিব্রতা ও সাধ্বী ওঘবতী সেই ভর্ত্তাকে উত্তর দিলেন না ॥৫৯॥

---

(৫৬) সা চৈবোপাবিবেশহ·· নি।
(৫৭) অথেধ্মান্ সমুপাদায়·· নি।
(৬০) সাধ্বী বিপ্রকোপাচ্চ শঙ্কিতা·· নি।

অথ তাং পুনরেবেদং প্রোবাচ স সুদর্শনঃ।
ক্ব সা সাধ্বী ক্ব সা যাতা গরীয়ঃ কিমতো মম ॥৬১॥
পতিব্রতা সত্যশীলা নিত্যং চৈবার্জ্জবে রতা।
কথং ন প্রত্যুদেত্যদ্য স্ময়মানা যথা পুরা ॥৬২॥
উটজস্থস্তু তং বিপ্রঃ প্রত্যুবাচ সুদর্শনম্।
অতিথিং বিদ্ধি সম্প্রাপ্তং ব্রাহ্মণং পাবকে! চ মাম্ ॥৬৩॥
অনয়া চ্ছন্দ্যমানোঽহং ভার্য্যয়া তব সত্তম!।
তৈস্তৈরতিথিসৎকারৈর্ব্রহ্মন্নেষা বৃতা ময়া ॥৬৪॥
অনেন বিধিনা সেয়ং মামর্চ্ছতি শুভাননা।
অনুরূপং যদত্রান্যত্তদ্ভবান্ কর্ত্তুমর্হতি ॥৬৫॥

ভারতকৌমুদী

উচ্ছিষ্টেতি। উচ্ছিষ্টা ভুক্তত্যক্তা, মন্যানা বুধ্যমানা ॥৬০॥

অথেতি। কিং বস্তু অতো ভার্য্যাতো মম গরীয়ো গুরুতরমাদরণীয়ম্, অপি তু কিমপি নেত্যর্থঃ ॥৬১॥

পতীতি। আর্জ্জবে সরলভাবায়াং। প্রত্যুদেতি প্রত্যুদ্গচ্ছতি, স্ময়মানা ঈষদ্ধসন্তী ॥৬২॥

উটজেতি। উটজস্থঃ পর্ণকুটীরাভ্যন্তরস্থঃ। হে পাবকে! অগ্নিপুত্র! ॥৬৩॥

অনয়েতি। ছন্দ্যমানঃ অভ্যর্থ্যমানঃ। বৃথা প্রার্থিতা ॥৬৪॥

অনেনেতি। অর্চ্ছতি গচ্ছতি। অত্র ব্যাপারে ॥৬৫॥

আমি উচ্ছিষ্টা হইয়াছি, ইহা মনে করিয়া, সাধ্বী ওঘবতী ভর্ত্তার নিকট লজ্জিতা হইয়া নীরবই থাকিলেন, কিন্তু কোন কথা বলিলেন না ॥৬০॥

তাহার পর সুদর্শন পুনরায় তাঁহাকে এই কথা বলিলেন—'সেই সাধ্বী কোথায়? তিনি কোথায় গেলেন? তাঁহা অপেক্ষা অধিক আদরণীয় আমার কি আছে' ॥৬১॥

পতিব্রতা, সত্যপরায়ণা ও সর্ব্বদা সরলস্বভাবা প্রিয়তমা পূর্ব্বের ন্যায় ঈষৎ হাস্য করিতে করিতে আজ প্রত্যুদ্গমন করিতেছেন না কেন? ॥৬২॥

তখন পর্ণকুটীরাভ্যন্তরস্থিত আগন্তুক ব্রাহ্মণ সুদর্শনকে বলিলেন—'অগ্নিনন্দন! আমি ব্রাহ্মণ অতিথি হইয়া আসিয়াছি, ইহা আপনি অবগত হউন ॥৬৩॥

সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ! আপনার এই ভার্য্যা সেই সেই অতিথিসৎকারদ্বারা আমার অভ্যর্থনা করিয়াছিলেন; কিন্তু আমি ইহাকেই বরণ করিয়াছি ॥৬৪॥

---

(৬৫) মামর্চ্চন্তি শুভাননা.. পি।

কূটমুদ্গরহস্তস্তু মৃত্যুস্তং বৈ সমন্বগাৎ।
হীনপ্রতিজ্ঞমত্রৈনং বধিষ্যামীতি চিন্তয়ন্ ॥৬৬॥
সুদর্শনস্তু মনসা কর্ম্মণা চক্ষুষা গিরা।
ত্যক্তের্ষ্যস্ত্যক্তমন্যুশ্চ স্ময়মানোঽব্রবীদিদম্ ॥৬৭॥
সুরতং তেঽস্তু বিপ্রাগ্র্য! প্রীতির্হি পরমা মম।
গৃহস্থস্য হি ধর্ম্মোঽগ্র্যঃ সম্প্রাপ্তাতিথিপূজনম্ ॥৬৮॥
অতিথিঃ পূজিতো যস্য গৃহস্থস্য তু গচ্ছতি।
নান্যস্তস্মাৎ পরো ধর্ম্ম ইতি প্রাহুর্মনীষিণঃ ॥৬৯॥
প্রাণা হি মম দারাশ্চ যচ্চান্যৎ বিদ্যতে বসু।
অতিথিভ্যো ময়া দেয়মিতি মে ব্রতমাহিতম্ ॥৭০॥

ভারতকৌমুদী

কূটেতি। কূটমুদ্গরঃ স্থূললৌহদণ্ডো হস্তে যস্য সঃ। হীনা অতিথিব্রাহ্মণপীড়নেন ত্যক্তা প্রতিজ্ঞা যেন তম্, এনং সুদর্শনম্ ॥৬৬॥

সুদর্শন ইতি। ত্যক্তো মন্যুঃ ক্রোধো যেন সঃ, স্ময়মান ঈষদ্ধসন্ ॥৬৭॥

সুরতমিতি। প্রীতির্বতিথিসন্তোষণেন। অগ্র্যঃ শ্রেষ্ঠঃ ॥৬৮॥

অতিথিরিতি। পূজিতঃ সৎকারেণ সন্তোষিতঃ ॥৬৯॥

ভারতভাবদীপঃ

ঽষেবপীর্ষ্যা নাসীদিত্যাহ—অথেতি ॥৫৮—৬৪॥ অনয়া স্বভার্য্যয়া ছন্দ্যমানঃ প্রার্থ্যমান ইতি বৈপরীত্যোক্তিঃ ॥৬৫॥ অনেন মৈথুনরূপেণ মামর্চ্ছতি মামাযাতি, অনুরূপং স্ত্রীদূষণাক্রুদ্ধঃ

এই শুভাননা উক্তবিধানেই আমার নিকট আসিয়াছেন, এই বিষয়ে অন্য যাহা উপযুক্ত হয়, তাহা আপনি করিতে পারেন ॥৬৫॥

প্রতিজ্ঞাভ্রষ্ট হইলে এই ব্রাহ্মণকে এখনই আমি সংহার করিব, ইহা মনে করিয়া লোহার মুগুর হাতে লইয়া, মৃত্যু সেই সুদর্শনের অনুসরণ করিলেন ॥৬৬॥

সুদর্শন মন, কর্ম্ম, চক্ষু ও বাক্যদ্বারা, ঈর্ষা ও ক্রোধ ত্যাগ করিয়া, ঈষৎ হাস্য করতঃ এই কথা বলিলেন ॥৬৭॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! সুষ্ঠুভাবে আপনার রমণ হউক। কারণ, অতিথির সন্তোষবিধানে আমার আনন্দ হয়। যে হেতু আগত অতিথির সেবা গৃহস্থের প্রধান ধর্ম্ম ॥৬৮॥

জ্ঞানীরা বলেন—'যে গৃহস্থের অতিথি সন্তুষ্ট হইয়া চলিয়া যান, তাঁহার পক্ষে তাহা অপেক্ষা আর প্রধান ধর্ম্ম নাই ॥৬৯॥

(৬৬) মৃত্যুস্তং বৈ সমভ্যযাৎ·· পি।

নিঃসন্দিগ্ধং যথা বাক্যমেতন্মে সমুদাহৃতম্।
তেনাহং বিপ্র! সত্যেন স্বয়মাত্মানমালভে ॥৭১॥
পৃথিবীবায়ুরাকাশমাপোজ্যোতিশ্চ পঞ্চমম্।
বুদ্ধিরাত্মা মনঃ কালো দিশশ্চৈব গুণা দশ ॥৭২॥
নিত্যমেব হি পশ্যন্তি দেহিনাং দেহসংশ্রিতাঃ।
সুকৃতং দুষ্কৃতঞ্চাপি কর্ম্ম ধর্ম্মভৃতাং বর! ॥৭৩॥
যথৈষা নানৃতা বাণী ময়াদ্য সমুদীরিতা।
তেন সত্যেন মাং দেবাঃ পালয়ন্তু দহন্তু বা ॥৭৪॥
ততো নাদঃ সমভবদ্দিক্ষু সর্ব্বাসু ভারত!।
অসকৃৎ সত্যমিত্যেবং নৈতন্মিথ্যেতি সর্বতঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

প্রাণা ইতি। বসু ধনম্। আহিতমবলম্বিতম্ ॥৭০॥

নিরিতি। আত্মানমাত্মস্থানং হৃদয়ম্, আলভে স্পৃশামি ॥৭১॥

পৃথিবীতি। আপোজলং জ্যোতিস্তেজঃ। গুণা পরমাত্মাপেক্ষয়া উপসর্জ্জনীভূতাঃ। দেহসংশ্রিতাঃ প্রকৃতবিকৃতভাবেন শরীরস্থিতাঃ ॥৭২—৭৩॥

যথেতি। নানৃতা সত্যা। দহন্তু অনৃতত্বে নাশয়ন্তু ॥৭৪॥

তত ইতি। নাদো বাক্যশব্দঃ, অসকৃৎ সমভবদিতি সম্বন্ধঃ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

দণ্ডম্ ॥৬৬॥ কূটমুদ্গরো লোহদণ্ডঃ, হীনপ্রতিজ্ঞং ত্যক্তাতিথিব্রতম্ ॥৬৭—৭২॥ গুণা ইন্দ্রিয়াণি

আমার প্রাণ, ভার্য্যা বা অন্য যে কিছু ধন আছে সমস্তই আমি অতিথিকে দিব, এইরূপ ব্রতই আমি অবলম্বন করিয়াছি ॥৭০॥

ব্রাহ্মণ! আমি যে নিঃসন্দেহে এই বাক্য বলিলাম, সেই সত্য জ্ঞাপনের জন্য নিজেই হৃদয় স্পর্শ করিতেছি ॥৭১॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ! পৃথিবী, বায়ু, আকাশ, জল, তেজ, বুদ্ধি, আত্মা, মন, কাল ও দিক্ এই দশটী পদার্থ দেহিগণের দেহে থাকিয়া, সর্ব্বদাই তাহাদের পুণ্য কার্য্য ও পাপ কার্য্য দর্শন করে ॥৭২—৭৩॥

আমি আজ এই যে সত্য বাক্য বলিলাম, এই সত্য বাক্যের ফলে দেবতারা আমাকে রক্ষা করুন কিংবা এই বাক্য মিথ্যা হইলে দেবতারা আমাকে বিনষ্ট করুন ॥৭৪॥

উটজাত্তু ততস্তস্মান্নিশ্চক্রাম স বৈ দ্বিজঃ।
বপুষা দ্যাঞ্চ ভূমিঞ্চ ব্যাপ্য বায়ুরিবোদ্যতঃ ॥৭৬॥
স্বরেণ বিপ্রঃ শৈক্ষেণ ত্রীন্ লোকাননুনাদয়ন্।
উবাচ চৈনং ধর্ম্মজ্ঞং পূর্ব্বমামন্ত্র্য নামতঃ ॥৭৭॥
ধর্ম্মোঽহমস্মি ভদ্রং তে জিজ্ঞাসার্থং তবানঘ।
প্রাপ্তঃ সত্যঞ্চ তে জ্ঞাত্বা প্রীতির্ম্মে পরমা ত্বয়ি ॥৭৮॥
বিজিতশ্চ ত্বয়া মৃত্যুর্যোঽয়ং ত্বামনুগচ্ছতি।
রন্ধ্রান্বেষী তব সদা ত্বয়া ধৃত্যা বশীকৃতঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

উটজাদিতি। উটজাৎ পর্ণকুটীরাৎ। বপুষা বপুস্তেজসা, দ্যামাকাশম্, উদ্যতো দৃষ্টিবিষয়ীভবনায়োপক্রান্তঃ ॥৭৬॥

স্বরেণেতি। শিক্ষায়ায়মিতি শৈক্ষঃ, শিক্ষাশাস্ত্রোক্তোদাত্তরূপস্তেন। নামত আমন্ত্র্য নাম্না সম্বোধ্য ॥৭৭॥

ধর্ম্ম ইতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বীতি শেষঃ, তব জিজ্ঞাসার্থং অতিথিসৎকারধর্ম্মবিশ্বাস জ্ঞানার্থম্, প্রাপ্তোঽহমাগতঃ ॥৭৮॥

বিজিত ইতি। রন্ধ্রান্বেষী পাপানুসন্ধায়ী, ধৃত্যা ধর্ম্মবিশ্বাসধারণেন ॥৭৯॥

ভরতনন্দন! তাহার পর সকল দিকে এবং সকল স্থান হইতে বার বার এই শব্দ উৎপন্ন হইল যে, ইহা সত্য, মিথ্যা নহে ॥৭৫॥

তাহার পর সেই অতিথি-ব্রাহ্মণ দেহের তেজে বায়ুর ন্যায় আকাশমণ্ডল ও ভূতল ব্যাপ্ত করিয়া দৃষ্টিগোচর হইয়া সেই পর্ণকুটীর হইতে নির্গত হইলেন ॥৭৬॥

পরে তিনি শিক্ষাশাস্ত্রোক্ত উদাত্তস্বরে ত্রিভুবন অনুনাদিত করিতে থাকিয়া, প্রথমে নাম লইয়া, সেই গৃহস্থধর্ম্মজ্ঞ ব্রাহ্মণকে সম্বোধন করিয়া বলিলেন—॥৭৭॥

নিষ্পাপ ব্রাহ্মণ! তোমার মঙ্গল হউক, আমি স্বয়ং ধর্ম্ম, তোমাকে পরীক্ষা করিবার জন্য আসিয়াছি; তোমার সত্য জানিয়া, তোমাতে আমার পরম প্রীতি জন্মিয়াছে ॥৭৮॥

যিনি ছিদ্রান্বেষণ করিতে থাকিয়া সর্ব্বদাই তোমার অনুসরণ করিতেছেন, সেই মৃত্যুকে তুমি জয় করিয়াছ এবং ধর্ম্মবিশ্বাসে বশীভূত করিয়াছ ॥৭৯॥

---

(৭৬) বপুষা খঞ্চ ভূমিঞ্চ ব্যাপ্য বায়ুরিবোত্থিতঃ···পি।

(৭৭) ধর্ম্ম আমন্ত্র্য ভারত!···পি।

(৭৯) ত্বামনুধাবতি····ধৃত্যাবশীকৃতঃ·· পি।

ন চাস্তি শক্তিস্ত্রৈলোক্যে কস্যচিৎ পুরুষোত্তম।।
পতিব্রতামিমাং সাধ্বীং তবোদ্বীক্ষিতুমপ্যুত ॥৮০॥
রক্ষিতা ত্বদ্‌গুণৈরেষা পতিব্রতগুণৈস্তথা।
অধৃষ্যা যদিয়ং ব্রূয়াৎ তথা তন্নান্যথা ভবেৎ ॥৮১॥
এষা হি তপসা স্বেন সংযুক্তা ব্রহ্মবাদিনী।
পাবনার্থঞ্চ লোকস্য সরিচ্ছ্রেষ্ঠা ভবিষ্যতি ॥৮২॥
অর্দ্ধেনৌঘবতী নাম ত্বামর্দ্ধেনানুযাস্যতি।
শরীরেণ মহাভাগা যোগো হ্যস্যা বশে স্থিতঃ ॥৮৩॥ (যুগ্মকম্)
অনয়া সহ লোকাংশ্চ গন্তাসি তপসার্জ্জিতান্।
যত্র নাবৃত্তিমভ্যেতি শাশ্বতাং স্তান্ সনাতনান্ ॥৮৪॥

ভারতকৌমুদী

নেতি। উদ্বীক্ষিতুং দ্রষ্টুমপি কিমুত সঙ্গন্তুমিত্যর্থঃ ॥৮০॥

রক্ষিতেতি। পত্যৌ ব্রতম্ একনিষ্ঠা নিয়মস্তস্য গুণৈঃ ॥৮১॥

এষেতি। ব্রহ্মবাদিনী বেদবক্ত্রী ইব পবিত্রা, ওঘবতী নাম সরিচ্ছ্রেষ্ঠা ভবিষ্যতীতি সম্বন্ধঃ, হি যস্মাৎ, যোগো যোগজা শক্তিঃ অস্যা বশে স্থিতঃ। অতএবোক্তদ্বৈরূপ্যসম্ভব ইতি ভাবঃ ॥৮২—৮৩॥

অনয়েতি। লোকান্ স্বর্গান্। শাশ্বতান্ ধ্রুবান্ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

তদভিমানিন্যো দেবতাঃ পৃথিব্যাদ্যা ইত্যর্থঃ ॥৭৩—৭৭॥ শৈঘ্যেণোদাত্তাদিধর্ম্মবতা ॥৭৮— ৮০॥ অর্দ্ধেনেতি। ওঘবতী নাম নদী ভবিষ্যতীতি শেষঃ। যোগো হীতি যোগসিদ্ধেয়মতঃ শরীরদ্বয়ং

পুরুষশ্রেষ্ঠ ! তোমার এই পতিব্রতা ও সাধ্বীপত্নীকে দর্শন করিতেও ত্রিভুবনে কাহারও শক্তি নাই ॥৮০॥

ইনি তোমার গুণে এবং নিজের পাতিব্রত্যের গুণে রক্ষিত ও অধর্ষণীয় হইয়াছেন এবং ইনি যাহা বলিবেন, তাহা সেইরূপই হইবে ; অন্যরূপ হইবে না ॥৮১॥

আপন তপস্যাযুক্তা ও বেদবাদিনীর ন্যায় পবিত্রা মহাভাগা জগৎকে পবিত্র করিবার জন্য অর্দ্ধদেহে ওঘবতীনাম্নী নদীশ্রেষ্ঠা হইবেন এবং অপর দেহার্দ্ধদ্বারা তোমার অনুসরণ করিবেন। কারণ, ইঁহার যোগজশক্তি বশে রহিয়াছে ॥৮২—৮৩॥

তুমিও ইঁহার সহিত নিজতপস্যার্জ্জিত ধ্রুব ও সনাতন সেই সকল স্বর্গে যাইবে ; যে সকল স্বর্গে যাইয়া মানুষ আর ফিরিয়া আসে না ॥৮৪॥

অনেন চৈব দেহেন লোকাংস্ত্বমভিপৎস্যসে।
নির্জ্জিতশ্চ ত্বয়া মৃত্যুরৈশ্বর্য্যঞ্চ তবোত্তমম্ ॥৮৫॥
পঞ্চভূতান্যতিক্রান্তঃ স্ববীর্য্যাচ্চ মনোজবঃ।
গৃহস্থধর্ম্মেণানেন কামক্রোধৌ চ তে জিতৌ ॥৮৬॥
স্নেহো রাগশ্চ তন্দ্রীশ্চ মোহো দ্রোহশ্চ কেবলঃ।
তব শুশ্রূষয়া রাজন্! রাজপুত্র্যা বিবর্জ্জিতাঃ ॥৮৭॥
ভীষ্ম উবাচ।
শুক্লানাং তু সহস্রেণ বাজিনাং রথমুত্তমম্।
যুক্তং প্রগৃহ্য ভগবান্ বাসবোঽভ্যাজগাম তম্ ॥৮৮॥
মৃত্যুরাত্মা চ লোকাশ্চ জিতা ভূতানি পঞ্চ চ।
বুদ্ধিঃ কালো মনো ব্যোম কামক্রোধৌ তথৈব চ ॥৮৯॥

ভারতকৌমুদী

অনেনেতি। অভিপৎস্যসে প্রাপ্স্যসি। ঐশ্বর্য্যম্ অণিমাদিকম্ ॥৮৫॥

পঞ্চেতি। পঞ্চভূতানি ক্ষিত্যাদীনি তদধীনতামিত্যর্থঃ অতিক্রান্তঃ, স্ববীর্য্যান্নিজধর্ম্মপ্রভাবাচ্চ মনস ইব জব উন্নতিলাভে বেগো যস্য স তাদৃশো জাতস্ত্বম্। তে ত্বয়া ॥৮৬॥

স্নেহ ইতি। তন্দ্রীবালস্যম্। হে রাজন্! রাজবদিন্দ্রিয়প্রবৃত্তৌ স্বাধীন! রাজপুত্র্যা তব ভার্য্যয়া ॥৮৭॥

শুক্লানামিতি। বাজিনামশ্বানাং বাসব ইন্দ্রঃ ॥৮৮॥

ভারতভাবদীপঃ

করিষ্যতীত্যর্থঃ ॥৮৪—৮৬॥ পঞ্চেতি। স্থূলভূতান্যতিক্রম্যাতিবাহিকান্ সূক্ষ্মভূতময়ান্ লোকান্

এবং তুমি এই দেহেই স্বর্গলাভ করিবে। বিশেষতঃ, তুমি মৃত্যুকে জয় করিয়াছ এবং তোমার উত্তম অণিমাদি ঐশ্বর্য্যও হইবে ॥৮৫॥

ব্রাহ্মণ! তুমি আপন ধর্ম্মের প্রভাবে পঞ্চভূতকে অতিক্রম করিয়াছ এবং মনের ন্যায় বেগবান্ হইয়াছ, আর এই গৃহস্থধর্ম্মের গুণে কাম ও ক্রোধকে জয় করিতে পারিয়াছ ॥৮৬॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ! তোমার ভার্য্যা এই রাজকন্যাও তোমার শুশ্রূষা করায় স্নেহ, রাগ, আলস্য, মোহ ও দ্রোহ জয় করিয়াছেন ॥৮৭॥

ভীষ্ম বলিলেন—'সেই সময়ে ভগবান্ ইন্দ্রও শুক্লবর্ণ সহস্র ঘোটকযুক্ত একখানি উত্তম রথ লইয়া, সেই সুদর্শনের নিকট আগমন করিলেন ॥৮৮॥

(৮৯) বুদ্ধিঃ কালো মনো মোহঃ····নি।

তস্মাদ্গৃহাশ্রমস্থস্য নান্যদ্দৈবতমস্তি বৈ।
ঋতেঽতিথিং নরব্যাঘ্র! মনসৈতদ্বিচারয় ॥৯০॥
অতিথিঃ পূজিতো যদ্ধি ধ্যায়তে মনসা শুভম্।
ন তৎ ক্রতুশতেনাপি তুল্যমাহুর্ম্মনীষিণঃ ॥৯১॥
পাত্রং ত্বতিথিমাসাদ্য শীলাঢ্যং যো ন পূজয়েৎ।
স দত্ত্বা দুষ্কৃতং তস্মৈ পুণ্যমাদায় গচ্ছতি ॥৯২॥
এতত্তে কথিতং পৌত্র! ময়াখ্যানমনুত্তমম্।
যথা হি বিজিতো মৃত্যুর্গৃহস্থেন পুরাভবৎ ॥৯৩॥

ভারতকৌমুদী

মৃত্যুরিতি। আত্মা স্বসম্বাতঃ লোকাঃ স্বর্গাঃ ॥৮৯॥
তস্মাদিতি। ঋতে বিনা। অতিথিসেবায়াঃ স্তুতিরিয়ম্ ॥৯০॥
অতিথিরিতি। ধ্যায়তে চিন্তয়তি। ক্রতুশতেন শতযজ্ঞজনিতশুভেনাপি ॥৯১॥
পাত্রমিতি। "বিদ্যাযুক্তো ধর্ম্মশীলঃ প্রশান্তঃ ক্ষান্তো দান্তঃ সত্যবাদী কৃতজ্ঞঃ। বৃত্তিগ্লানো গোহিতো গোশরণো দাতা বজ্বা ব্রাহ্মণঃ পাত্রমাহুঃ॥" ইতি শ্রাদ্ধবিবেকধৃতবচনোক্তগুণযুক্তং ব্রাহ্মণং পাত্রম্, শীলাঢ্যং সচ্চরিত্রযুক্তম্। দুষ্কৃতম্ আত্মনঃ পাপম্, পুণ্যং গৃহস্থস্য ধর্ম্মম্ ॥৯২॥
এতদিতি। ন বিদ্যতে উত্তমং যস্মাৎ তদনুত্তমম্ ॥৯৩॥

ভারতভাবদীপঃ

প্রাপ্যাসীত্যর্থঃ ॥৮৭॥ রাজন্নিত্যাবিবাজস্থাস্রাজজামাতৃত্বাদ্বা সম্বোধনম্ ॥৮৮—৮৯॥ বুদ্ধিবিত্যাদাবপি জিতেত্যনুষঙ্গঃ ॥৯০॥ আখ্যায়িকাতাৎপর্য্যমাহ—তস্মাদিতি ॥৯১॥ ক্রতুশতেনাপি ন তুল্যং কিন্তু ততোঽপ্যধিকমিত্যর্থঃ। যদ্বা ন ক্রতুশতেনেতি প্রথমাতৃতীয়য়োর্ব্যত্যাসঃ, তেন ক্রতুশত-

তৎকালে সেই সুদর্শন মৃত্যু, আত্মা, সমস্ত স্বর্গ, পঞ্চভূত, বুদ্ধি, কাল, মন, আকাশ, কাম ও ক্রোধ জয় করিয়াছিলেন ॥৮৯॥

অতএব নরশ্রেষ্ঠ যুধিষ্ঠির! তুমি মনে মনে ইহা বিবেচনা কর যে, গৃহস্থের পক্ষে অতিথিব্যতীত অন্য দেবতা নাই ॥৯০॥

জ্ঞানীরা বলেন—'সেবিত অতিথি মনে মনে যে শুভ কামনা করেন, তাহা শতযজ্ঞজনিত শুভাপেক্ষাও অধিক ॥৯১॥

যে গৃহস্থ সচ্চরিত্র ও পাত্রস্বরূপ অতিথি পাইয়া তাঁহার সেবা না করে; সেই অতিথি নিজের পাপ সেই গৃহস্থকে দান করিয়া তাহার পুণ্য লইয়া গমন করেন ॥৯২॥

পৌত্র! পূর্ব্বকালে গৃহস্থ যে ভাবে মৃত্যুকে জয় করিয়াছিলেন, এই সেই সর্ব্বোত্তম উপাখ্যান, আমি তোমার নিকট বলিলাম ॥৯৩॥

(৯৩) এতত্তে কথিতং পুত্র।...বঙ্গ নি।

ধন্যং যশস্যমায়ুষ্যমিদমাখ্যানমুত্তমম্।
বুভূষতাভিমন্তব্যং সর্বদুশ্চরিতাপহম্ ॥৯৪॥
ইদং যঃ কথয়েদ্বিদ্বানহন্যহনি ভারত!।
সুদর্শনস্য চরিতং পুণ্যাল্লোঁকানবাপ্নুয়াৎ ॥৯৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে সুদর্শনোপাখ্যানে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ০ঃ—

তৃতীয়োঽধ্যায়ঃ

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।
ব্রাহ্মণ্যং যদি দুষ্প্রাপ্যং ত্রিভির্বর্ণৈর্নরাধিপ!।
কথং প্রাপ্তং মহারাজ! ক্ষত্রিয়েণ মহাত্মনা ॥১॥
বিশ্বামিত্রেণ ধর্ম্মাত্মন্! ব্রাহ্মণত্বং নরর্ষভ!।
শ্রোতুমিচ্ছামি তত্ত্বেন তন্মে ব্রূহি পিতামহ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধন্যমিতি। বুভূষতা ভবিতুং ভূতিং লব্ধুমিচ্ছতা জনেন ॥৯৪॥
ইদমিতি। কথয়েৎ ধার্ম্মিকসমাজ ইতি শেষঃ। পুণ্যান্ লোকান্ স্বর্গান্ ॥৯৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

মণি ন তুল্যমিত্যর্থঃ ॥৯২॥ সোঽতিথিঃ যো ন পূজয়েত্তস্মৈ দুষ্কৃতং দত্ত্বা ॥৯৩—৯৪॥ বুভূষতা ভূতিমিচ্ছতা ॥৯৫॥
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥১॥

উন্নতিলিপ্সু লোক, এই উত্তম উপাখ্যানটীকে সর্ব্বপ্রকারে পুণ্য, যশ ও আয়ুর জনক এবং সমস্ত পাপের নাশক বলিয়া মনে করিবেন ॥৯৪॥

ভরতনন্দন! যে বিদ্বান্ প্রতিদিন ধার্ম্মিকগণের নিকটে, এই সুদর্শনচরিত্র বলিবেন; তিনি পুণ্য লোকসকল লাভ করিবেন ॥৯৫॥

(৯৪) বুভূষতাধিগন্তব্যম্...নি।

তেন হ্যমিতবীর্য্যেণ বশিষ্ঠস্য মহাত্মনঃ।
হতং পুত্রশতং সদ্যস্তপসাপি পিতামহ! ॥৩॥
যাতুধানাশ্চ বহবো রাক্ষসাস্তিগ্মতেজসঃ।
মন্যুনাবিষ্টদেহেন সৃষ্টাঃ কালান্তকোপমাঃ ॥৪॥
মহান্ কুশিকবংশশ্চ ব্রহ্মর্ষিশতসঙ্কুলঃ।
স্থাপিতো নরলোকেঽস্মিন্ বিদ্বদ্‌ব্রাহ্মণসংস্তুতঃ ॥৫॥
ঋচীকস্যাত্মজশ্চৈব শুনঃশেপো মহাতপাঃ।
বিমোক্ষিতো মহাসত্রাৎ পশুতামপ্যুপাগতঃ ॥৬॥

ভাবতকৌমুদী

ব্রাহ্মণ্যমিতি। ত্রিভির্ব্বর্ণৈঃ ক্ষত্রিয়বৈশ্যশূদ্রৈঃ। নবাধিপ! মহাবাজেতি পদদ্বয়মেব ক্ষত্রিয়-প্রধানপরং ভীষ্মস্য রাজত্বাভাবাৎ। তত্ত্বেন যথার্থতয়া ॥১—২॥

তেনেতি। তপসা অপিশব্দাৎ কৌশলেন চ ॥৩॥

যাম্বেতি। যাতুং স্থানান্তবে গন্তুং ধানা পাথেয়রূপা লাজা যেষাং তে পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। মন্যুনা ক্রোধেন আবিষ্টদেহেন বিশ্বামিত্রেন ॥৪॥

মহানিতি। ব্রহ্মর্ষিশতেন সঙ্কুলো ব্যাপ্তঃ ॥৫॥

ঋচীকস্যেতি। ঋচীকস্য তদাখ্যস্য মুনেঃ। মহাসত্রাৎ বিশালযজ্ঞাৎ ॥৬॥

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণ্যমিতি ॥১—৫॥ ঋচীকস্যাত্মজ ইত্যত্রাজীগর্ত্তাত্মজ ইতি বোধ্যম্। "সোঽজীগর্ত্তং

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ পিতামহ! ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের পক্ষে ব্রাহ্মণত্ব যদি দুর্লভই হয়, তাহা হইলে, মহাত্মা বিশ্বামিত্র ক্ষত্রিয় হইয়া সেই ব্রাহ্মণত্ব কি প্রকারে লাভ করিয়াছিলেন; ইহা আমি শুনিতে ইচ্ছা করি; ধার্ম্মিক নরশ্রেষ্ঠ! তাহা আপনি আমার নিকট যথাযথভাবে বলুন ॥১—২॥

পিতামহ! অমিততেজা সেই বিশ্বামিত্র তপস্যার প্রভাবে মহাত্মা বশিষ্ঠের একশত পুত্রকে সদ্য বিনাশ করিয়াছেন ॥৩॥

বিশ্বামিত্র ক্রোধাবিষ্ট হইয়া কালান্তক যমের ন্যায় তীক্ষ্ণতেজা বহু রাক্ষস সৃষ্টি করিয়াছিলেন ॥৪॥

এবং তিনি এই মনুষ্যলোকে বিশাল কুশিকবংশ স্থাপন করিয়াছিলেন; শত শত ব্রহ্মর্ষি সেই বংশের সহিত মিশিতেন এবং বিদ্বান্-ব্রাহ্মণেরা সেই বংশের প্রশংসা করিতেন ॥৫॥

---

(১) অস্মিন্নধ্যায়ে দাক্ষিণাত্যপুস্তকে নানাবিধং পাঠবৈষম্যং দৃশ্যতে।

(৪) তীক্ষ্ণতেজসঃ ...পি।

হরিশ্চন্দ্রঃ ক্রতৌ দেবাং তোষয়িত্বাত্মতেজসা।
পুত্রতামনুসম্প্রাপ্তো বিশ্বামিত্রস্য ধীমতঃ ॥৭॥
নাভিবাদয়তে জ্যেষ্ঠং দেবরাতং নরাধিপ!।
পুত্রাঃ পঞ্চাশদেবাপি শপ্তাঃ শ্বপচতাং গতাঃ ॥৮॥
ত্রিশঙ্কুর্বন্ধুভির্মুক্ত ঐক্ষ্বাকঃ প্রীতিপূর্ব্বকম্।
অবাক্‌শিরা দিবং নীতো দক্ষিণামাশ্রিতো দিশম্ ॥৯॥
বিশ্বামিত্রস্য বিপুলা নদী দেবর্ষিসেবিতা।
কৌশিকী চ শিবা পুণ্যা ব্রহ্মর্ষিসুরসেবিতা ॥১০॥
তপোবিঘ্নকরী চৈব পঞ্চচূড়া সুসম্মতা।
রম্ভানামাপ্সরাঃ শাপাদস্য শৈলত্বমাগতা ॥১১॥

ভারতকৌমুদী

হরিশ্চন্দ্র ইতি। ক্রতৌ স্বানুষ্ঠিতযজ্ঞে ॥৭॥

নেতি। নাভিবাদয়তে জ্যেষ্ঠৈতবপুত্রগণ ইতি শেষঃ। শ্বপচতামন্ত্যজবিশেষত্বম্ ॥৮॥

ত্রিশঙ্কুরিতি। ঐক্ষ্বাক ইক্ষ্বাকুপুত্রঃ। অবাক্‌শিরা অধোমস্তকঃ ॥৯॥

বিশ্বেতি। কৌশিকী নাম, শিবা সাহায্যজননেন মঙ্গলকারিণী ॥১০॥

তপ ইতি। পঞ্চচূড়া জুটিকা যস্যাঃ সা, সুসম্মতা কামুকপ্রিয়া ॥১১॥

ভারতভাবদীপঃ

"সোঽবসিয়বিনশনযা পরীতং তস্য হ ত্রয়ঃ পুত্রা আসুঃ শুনঃপুচ্ছঃ শুনঃশেপঃ শুনোলাঙ্গুল" ইতি শ্রুতেঃ শুনঃশেপস্য পিতাজীগর্ত্ত ইত্যবগমাৎ; কল্পান্তরাভিপ্রায়েণ বেদং জ্ঞেয়ম্।৬। দেবাং-স্তোষয়িত্বা তৈর্মোক্ষিতঃ সন্, পুত্রতাং বিশ্বামিত্রস্যানুসম্প্রাপ্ত ইতি সম্বন্ধঃ।৭। নাভিবাদয়তে ন নমস্কুর্ব্বন্তি, অনুস্বারলোপ আর্ষঃ। দেবরাতং দেবৈর্ব্বিশ্বামিত্রায় দত্তং তেন চ জ্যেষ্ঠং কৃতং সন্তম্,

---

ঋচীক মুনির পুত্র মহাতপা শুনঃশেপ বিশ্বামিত্রেরই প্রভাবে পশুত্ব প্রাপ্ত হইয়া, মহাযজ্ঞ হইতে বিচ্যুত হন ॥৬॥

রাজা হরিশ্চন্দ্র যজ্ঞে নিজের প্রভাবে দেবগণকে সন্তুষ্ট করিয়া জ্ঞানী বিশ্বামিত্রের পুত্রত্ব প্রাপ্ত হইয়াছিলেন ॥৭॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! অপর পঞ্চাশৎ পুত্র, জ্যেষ্ঠ দেবরাতকে নমস্কার করে না বলিয়া, তাহারা বিশ্বামিত্রের অভিসম্পাতে অন্ত্যজ হইয়াছিল ॥৮॥

বন্ধুগণপরিত্যক্ত ইক্ষ্বাকুপুত্র ত্রিশঙ্কু দক্ষিণ দিকে যাইয়া, অধোমুখ হইয়া, সন্তুষ্ট বিশ্বামিত্রের প্রভাবে, স্বর্গে প্রেরিত হইয়াছিলেন ॥৯॥

---

(৯) ত্রিশঙ্কুর্বন্ধুভিস্ত্যক্তঃ পি।

তথৈবাস্য ভয়াদ্বদ্ধা বশিষ্ঠঃ সলিলে পুরা।
আত্মানং মজ্জয়ন্ শ্রীমান্ বিপাশঃ পুনরুত্থিতঃ ॥১২॥
তদা প্রভৃতি পুণ্যা হি বিপাশাভূন্মহানদী।
বিখ্যাতা কর্ম্মণা তেন বশিষ্ঠস্য মহাত্মনঃ ॥১৩॥
বাগ্‌ভিশ্চ ভগবান্ যেন দেবসেনাগ্রগঃ প্রভুঃ।
স্তুতঃ প্রীতমনাশ্চাসীচ্ছাপাচ্চৈনমমুঞ্চত ॥১৪॥

ভারতকৌমুদী

তথেতি। বদ্ধা পাশেনাত্মানং সংবধ্য। তরঙ্গাঘাতেন বিগতঃ পাশোবন্ধনং যস্য স বিপাশঃ ॥১২॥

তদেতি। বিপাশা নাম বিখ্যাতা মহানদ্যভূৎ ॥১৩॥

বাগ্‌ভিরিতি। ভগবান্ দেবসেনায়া অগ্রগঃ প্রভুর্দেবরাজঃ যেন বিশ্বামিত্রেন বাগ্‌ভিস্তুতঃ, তেন চ প্রীতমনা আসীৎ; বশিষ্ঠপুত্রাণাং শাপাচ্চ এনং বিশ্বামিত্রম্ অমুঞ্চত অমোচয়ৎ। কদাচিদ্বিশ্বামিত্রঃ শ্বপচো ভবেতি শপ্তঃ ত্রিশঙ্কুং যাজয়ন্ ত্বমপি শ্বপচো ভবেতি বশিষ্ঠপুত্রৈঃ শপ্তঃ সন্ চৌর্য্যেণ মৃতকুক্কুরজঘনমাংসং হরন্ পক্তুমারেভে; ইন্দ্রশ্চ তং মাংসং হরন্ বিশ্বামিত্রেন স্তুতস্তং তচ্ছাপাৎ অমোচয়ৎ ॥১৪॥

ভারতভাবদীপঃ

শপ্তা যেনেতি শেষঃ ॥৮॥ বন্ধুভির্ম্মুক্তঃ বসিষ্ঠশাপেন চাণ্ডালতাং গতত্বাৎ দিবং যেন নীতঃ ॥৯—১০॥ পঞ্চ চূড়াঃ বলয়ভেদা যস্যা সা। চূড়া বলয়ভেদে স্যা"দিতি মেদিনী ॥১১—১৩॥ বাগ্‌ভিরিতি। ত্রিশঙ্কুং যাজয়ন্ বিশ্বামিত্রো বসিষ্ঠপুত্রৈঃ শপ্তঃ শ্বপচস্য যাজকস্ত্বং শ্বপচো ভবিষ্যসীতি, তং শাপমৃতং কর্ত্তুং বিশ্বামিত্রঃ কস্যাঞ্চিদাপদি শ্বজাঘনীং চৌর্য্যেণার্জ্জয়িত্বা পক্তুমারেভে, তামিন্দ্রঃ শ্যেনরূপেণ হৃতবান্ তাবতৈবায়ং শাপান্মুক্তো বব্রধ চেন্দ্র ইতি। দেবসেনানামগ্রগঃ

দেবর্ষি, ব্রহ্মর্ষি ও দেবগণসেবিতা সর্ব্বজনমঙ্গলকারিণী পবিত্রা ও বিশালা কৌশিকী নদী বিশ্বামিত্রেরই প্রভাবে উৎপন্ন হইয়াছিল ॥১০॥

পঞ্চচূড়াসম্পন্না ও কামুকপ্রিয়া রম্ভানাম্নী অপ্সরা বিশ্বামিত্রের তপস্যার বিঘ্ন করিতেছিল।, তখন সে বিশ্বামিত্রের অভিসম্পাতে পাষাণ হইয়া গিয়াছিল ॥১১॥

পূর্ব্বকালে তপস্বী বশিষ্ঠ বিশ্বামিত্রের ভয়ে পাশদ্বারা আপনাকে বন্ধন করিয়া, এক নদীর জলে মগ্ন করেন; তখন তরঙ্গের আঘাতে সেই পাশ ছিন্ন হওয়ায় তিনি পুনরায় উত্থিত হন ॥১২॥

মহাত্মা বশিষ্ঠের সেই কার্য্যে তদবধি সেই মহানদী পবিত্র বিপাশা নামে বিখ্যাত হইয়াছে ॥১৩॥

দেবসেনার অগ্রগামী ভগবান্ দেবরাজ যাঁহার স্তবে সন্তুষ্ট হইয়া তাঁহাকে

ধ্রুবস্যৌত্তানপাদস্য ব্রহ্মর্ষীণাং তথৈব চ।
মধ্যে জ্বলতি যো নিত্যমুদীচীমাশ্রিতো দিশম্ ॥১৫॥
তস্যৈতানি চ কর্ম্মাণি তথান্যানি চ কৌরব!।
ক্ষত্রিয়স্যেত্যতো জাতমিদং কৌতূহলং মম ॥১৬॥ (যুগ্মকম্)
কিমেতদিতি তত্ত্বেন প্রব্রূহি ভরতর্ষভ!।
দেহান্তরমনাসাদ্য কথং স ব্রাহ্মণোঽভবৎ ॥১৭॥
এতত্তত্ত্বেন মে তাত! সর্ব্বমাখ্যাতুমর্হসি।
মতঙ্গস্য যথা তত্ত্বং তথৈবৈতদ্বদস্ব মে ॥১৮॥
স্থানে মতঙ্গো ব্রাহ্মণ্যং নালভদ্ভরতর্ষভ!।
চাণ্ডালযোনৌ জাতো হি কথং ব্রাহ্মণ্যমাপ্তবান্ ॥১৯॥

ভারতকৌমুদী

ধ্রুবস্যেতি। উত্তানপাদস্যাপত্যমিত্যৌত্তানপাদস্তস্য তথা ব্রহ্মর্ষীণাং মরীচ্যাদীনাং চ মধ্যে যো বিশ্বামিত্রঃ, উদীচীং উত্তরাং দিশমাশ্রিতঃ সন্ নিত্যং জ্বলতি নক্ষত্ররূপেণ প্রকাশতে, ক্ষত্রিয়স্য তস্য বিশ্বামিত্রস্য এতানি অন্যানি চ কর্ম্মাণি বভূবুরিত্যতো মমেদং কৌতূহলং জাতম্ ॥১৫—১৬॥

কিমিতি। অনাসাদ্য অপ্রাপ্য, স বিশ্বামিত্রঃ ॥১৭॥

এতদিতি। মতঙ্গস্য ব্রাহ্মণ্যাং শূদ্রাজ্জাতস্য চণ্ডালস্য ॥১৮॥

ভারতভাবদীপঃ

শ্রেষ্ঠ ইন্দ্রঃ ॥১৪॥ জ্বলতি তারারূপেণ ॥১৫—১৭॥ মতঙ্গস্য ব্রাহ্মণ্যাং শূদ্রাজ্জাতস্য চাণ্ডালস্য যথা মহতাপি তপসা ব্রাহ্মণ্যমপ্রাপ্যং জাতং তথৈবৈতন্মম ভাতি, ত্বং তু যথা জাতং তথা বদস্ব ॥১৮॥

বশিষ্ঠপুত্রগণের শাপ হইতে মুক্ত করিয়াছিলেন। (ইহার ইতিহাস টীকায় দ্রষ্টব্য) ॥১৪॥

যে বিশ্বামিত্র উত্তর দিকে থাকিয়া উত্তানপাদ রাজার পুত্র ধ্রুব এবং মরীচি-প্রভৃতি ব্রহ্মর্ষিগণের মধ্যে প্রত্যহ নক্ষত্ররূপে আকাশে প্রকাশিত হন। কৌরবনন্দন! সেই ক্ষত্রিয় বিশ্বামিত্রের এই সকল ও অন্যান্য বহুতর কর্ম্ম শুনিতে পাওয়া যায়। এই জন্যই ইহা বিস্তৃতভাবে শুনিবার জন্য আমার কৌতুক জন্মিয়াছে ॥১৫—১৬॥

ভরতশ্রেষ্ঠ! এটা কি? আপনি ইহা যথার্থভাবে বলুন। বিশ্বামিত্র অন্য শরীর ধারণ না করিয়াই কি প্রকারে ব্রাহ্মণ হইয়াছিলেন ॥১৭॥

তাত! আপনি এই সকল বিষয় আমার নিকট যথাযথভাবে বলুন এবং মতঙ্গেরও যে রূপতত্ত্ব তাহাও আপনি আমার নিকট বিবৃত করুন ॥১৮॥

---

(১৯) ইতঃ পরং—'তৃতীয়োঽধ্যায়ঃ'—বঙ্গ ।ন।

ভীষ্ম উবাচ।

শ্রূয়তাং পার্থ তত্ত্বেন বিশ্বামিত্রো যথা পুরা।
ব্রাহ্মণত্বং গতস্তাত ! ব্রহ্মর্ষিত্বং তথৈব চ ॥২০॥
ভরতস্যান্বয়ে চৈবাজমীঢ়ো নাম পার্থিবঃ।
বভূব ভরতশ্রেষ্ঠ ! যজ্বা ধর্ম্মভৃতাং বরঃ ॥২১॥
তস্য পুত্রো মহানাসীজ্জহ্নুর্নাম নরেশ্বরঃ।
দুহিতৃত্বমনুপ্রাপ্তা গঙ্গা যস্য মহাত্মনঃ ॥২২॥
তস্যাত্মজস্তুল্যগুণঃ সিন্ধুদ্বীপো মহাযশাঃ।
সিন্ধুদ্বীপাচ্চ রাজর্ষির্ব্বলাকাশ্বো মহাবলঃ ॥২৩॥

ভারতকৌমুদী

স্থান ইতি। স্থানে যুক্তং "যুক্তে দ্বে সাম্প্রতং স্থানে" ইত্যমরঃ। চাণ্ডালযোনৌ জাতো জাতং বৎ "শূদ্রাচ্চণ্ডালস্তু জনিতো ব্রাহ্মণ্যাং বৃষলেন যঃ" ইতি স্মৃতেঃ ॥১৯॥

শ্রূয়তামিতি। তত্ত্বেন যথার্থতয়া। গতঃ প্রাপ্তঃ ॥২০॥

ভরতস্যেতি। ভরতস্য প্রসিদ্ধদুষ্মন্তপুত্রস্য। যজ্বা যথাবিধানং যাগকর্ত্তা ॥২১॥

তস্যেতি। অতএব গঙ্গা জাহ্নবীত্যাখ্যায়ত ইতি ভাবঃ ॥২২॥

তস্যেতি। তুল্যগুণঃ পিতৃসমানগুণকঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

স্থানে যুক্তম্। কথং ব্রাহ্মণ্যং প্রাপ্তবান্ বিশ্বামিত্র ইতি শেষঃ ॥১৯॥ শ্রূয়তামিতি। ব্রাহ্মণেষ্বপি

ভরতশ্রেষ্ঠ ! মতঙ্গ যে ব্রাহ্মণত্ব লাভ করে নাই, তাহা সঙ্গতই হইয়াছিল। কারণ, যে চণ্ডাল হইয়া জন্মিয়াছিল, সে কি প্রকারে ব্রাহ্মণত্ব লাভ করিত ? ॥১৯॥

ভীষ্ম বলিলেন—'বৎস পৃথানন্দন ! পূর্ব্বকালে বিশ্বামিত্র যে প্রকারে ব্রাহ্মণত্ব ও ব্রহ্মর্ষিত্ব লাভ করিয়াছিলেন, তাহা তুমি যথাযথভাবে শ্রবণ কর ॥২০॥

ভরতশ্রেষ্ঠ ! ভরতরাজার বংশে আজমীঢ়নামে যাজ্ঞিক ও ধার্ম্মিকশ্রেষ্ঠ এক রাজা ছিলেন ॥২১॥

তাঁহার পুত্র 'জহ্নু' মহারাজ হইয়াছিলেন ; গঙ্গা যে মহাত্মার কন্যাত্ব লাভ করিয়াছিলেন ॥২২॥

সেই জহ্নুর পুত্র সিন্ধুদ্বীপ পিতার তুল্য গুণবান্ ও মহাযশা হইয়াছিলেন ; সেই সিন্ধুদ্বীপ হইতে বলাকাশ্বনামে এক মহাবল রাজর্ষি জন্মগ্রহণ করেন ॥২৩॥

---

(২৩) সিন্ধুদ্বীপস্য রাজর্ষিঃ···পি।

বল্লভস্তস্য তনয়ঃ সাক্ষাদ্ধর্ম্ম ইবাপরঃ।
কুশিকস্তস্য তনয়ঃ সহস্রাক্ষসমদ্যুতিঃ ॥২৪॥
কুশিকস্যাত্মজঃ শ্রীমান্ গাধির্নাম জনেশ্বরঃ।
অপুত্রঃ প্রসবেনার্থী বনবাসমুপাবসৎ ॥২৫॥
কন্যা জজ্ঞে সুতাস্তস্য বনে নিবসতঃ সতঃ।
নাম্না সত্যবতী নাম রূপেণাপ্রতিমা ভুবি ॥২৬॥
তাং বব্রে ভার্গবঃ শ্রীমাংশ্চ্যবনস্যাত্মসম্ভবঃ।
ঋচীক ইতি বিখ্যাতো বিপুলে তপসি স্থিতঃ ॥২৭॥
স তাং ন প্রদদৌ তস্মৈ ঋচীকায় মহাত্মনে।
দরিদ্র ইতি মত্বা বৈ গাধিঃ শত্রুনিবর্হণঃ ॥২৮॥

ভারতকৌমুদী

বল্লভ ইতি। সহস্রাক্ষসমদ্যুতিঃ ইন্দ্রসমানতেজাঃ।২৪॥
কুশিকস্যেতি। প্রসবেন পুত্রেণ অর্থী ঈশ্বরাস্তিকে প্রার্থনাকারী ॥২৫॥
কন্যেতি। তস্য কুশিকস্য সুতাদ্গাধেঃ, জজ্ঞে জাতা।২৬॥
তামিতি। বব্রে যযাচে, ভার্গবো ভৃগুবংশীয়ঃ, শ্রীমান্ কান্তিমান্ ॥২৭॥
স ইতি। শত্রুনিবর্হণঃ শত্রুদমনকারী ॥২৮॥

ভারতভাবদীপঃ

ঋষিত্বং মন্ত্রদ্রষ্টৃত্বং গোত্রপ্রবর্ত্তকত্বং বা ॥২০—২৩॥ বল্লভো নাম ॥২৪॥ প্রসবেন সোমাভিষব নিমিত্তেন অর্থী পুত্রার্থী ॥২৫॥ সুতাং সোমাভিষবোপলক্ষিতাদ্যজ্ঞাৎ বহুদ্রব্যবিহিতাত্তাদৃশী বন

তাঁহার পুত্র 'বল্লভ' মূর্ত্তিমান্ দ্বিতীয় ধর্ম্মের ন্যায় রাজা ছিলেন; তাঁহার পুত্র 'কুশিক' ইন্দ্রের তুল্য তেজস্বী রাজা হইয়াছিলেন ॥২৪॥

কুশিকের পুত্র সুন্দরমূর্ত্তি 'গাধি' তৎপরে রাজা হন; কিন্তু তিনি পুত্র না হওয়ায় পুত্রার্থী হইয়া বনে বাস করেন ॥২৫॥

কুশিকের পুত্র গাধি বনে বাস করিতে থাকিলে, তাঁহার একটী কন্যা জন্মিয়াছিল, তাহার নাম হইয়াছিল 'সত্যবতী' এবং সে রূপে পৃথিবীতে অতুলনীয়া হইযাছিল ॥২৬॥

মহাতপস্বী ও সুন্দরমূর্ত্তি ভৃগুবংশীয় চ্যবনের পুত্র ঋচীক যাইয়া সেই সত্যবতীকে প্রার্থনা করিয়াছিলেন ॥২৭॥

শত্রু-দমনকারী গাধি মহাত্মা ঋচীককে দরিদ্র মনে করিয়া তাঁহার হস্তে সত্যবতীকে দান করিতে সম্মত হইলেন না ॥২৮॥

প্রত্যাখ্যায় পুনর্যাতমব্রবীদ্রাজসত্তমঃ।
শুল্কং প্রদীয়তাং মহ্যং ততো বেৎস্যসি মে সুতাম্ ॥২৯॥

ঋচীক উবাচ।

কিং প্রযচ্ছামি রাজেন্দ্র! তুভ্যং শুল্কমহং নৃপ!।
দুহিতুর্ব্রূহ্যসংসক্তো মাভূত্তত্র বিচারণা ॥৩০॥

গাধিরুবাচ।

চন্দ্ররশ্মিপ্রকাশানাং হয়ানাং বাতরংহসাম্।
একতঃ শ্যামকর্ণানাং সহস্রং দেহি ভার্গব! ॥৩১॥

ভীষ্ম উবাচ।

ততঃ স ভৃগুশার্দূলশ্চ্যবনস্যাত্মজঃ প্রভুঃ।
অব্রবীদ্বরুণং দেবমাদিত্যং পতিমম্ভসাম্ ॥৩২॥

ভারতকৌমুদী

প্রত্যেতি। যাতং প্রস্থিতং ঋচীকম্। বেৎস্যসি লপ্স্যসে ॥২৯॥

কিমিতি। দুহিতুঃ শুল্কমিতি সম্বন্ধঃ। অসংসক্তঃ অধিকশুল্কগ্রহণে অব্যাপৃতঃ।৩০।

চন্দ্রেতি। হে ভার্গব! চন্দ্ররশ্মীনামিব প্রকাশঃ শুভ্রা দীপ্তির্যেষাং তেষাম্, বাতস্য বায়োরিব রংহো বেগো যেষাং তেষাম্, একত একস্মিন্ পার্শ্বে শ্যামা কর্ণা যেষাং তেষাঞ্চ হয়ানামশ্বানাং সহস্রং কন্যায়াঃ শুল্করূপেণ দেহি ॥৩১॥

তত ইতি। প্রভুস্তপঃপ্রভাবশালী। আদিত্যমদিতেঃ পুত্রম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

বাগ্যোগ্যৈব কন্যা জজ্ঞে ॥২৬। ভার্গবো ভৃগোর্গোত্রাপত্যম্ ॥২৭—২৮॥ বেৎস্যসি উদ্বাহেন

ঋচীক প্রত্যাখ্যাত হইয়া প্রস্থান করিলে, রাজশ্রেষ্ঠ গাধি পুনরায় তাঁহাকে বলিলেন—'আমার কন্যাটীর শুল্কদান করুন, তৎপরে তাহাকে লাভ করিবেন ॥২৯॥

ঋচীক বলিলেন—'রাজশ্রেষ্ঠ রাজা! আমি আপনাকে কি শুল্ক দান করিব, তাহা আপনি অধিকাকাঙ্ক্ষী না হইয়া বলুন, সে বিষয়ে আপনি কোন বিচার করিবেন না।' ॥৩০॥

গাধি বলিলেন—'ভৃগুনন্দন! চন্দ্র কিরণের ন্যায় শুভ্রবর্ণ, বায়ুর তুল্য বেগবান্ এবং একদিকের কর্ণ শ্যামবর্ণ, এইরূপ এক সহস্র অশ্ব কন্যার শুল্করূপে আমাকে আপনি দান করুন' ॥৩১॥

(২৯) শুল্কং প্রদীয়তাং মহ্যং ততো লপ্স্যসি মে সুতাম্·পি।

(৩০) দুহিতুর্ব্রূহ্যসংসক্তঃ··· পি।

একতঃ শ্যামকর্ণানাং হয়ানাং চন্দ্রবর্চ্চসাম্ ।
সহস্রং বাতবেগানাং ভিক্ষে ত্বাং দেবসত্তম ! ॥৩৩॥
তথেতি বরুণো দেব আদিত্যো ভৃগুসত্তমম্ ।
উবাচ যত্র তে চ্ছন্দস্তত্রোত্থাস্যন্তি বাজিনঃ ॥৩৪॥
ধ্যাতমাত্রমৃচীকেন হয়ানাং চন্দ্রবর্চ্চসাম্ ।
গঙ্গাজলাৎ সমুত্তস্থৌ সহস্রং বিপুলৌজসাম্ ॥৩৫॥
অদূরে কান্যকুব্জস্য গঙ্গায়াস্তীরমুত্তমম্ ।
অশ্বতীর্থং তদদ্যাপি মানবৈঃ পরিচক্ষ্যতে ॥৩৬॥
ততো বৈ গাধয়ে তাত ! সহস্রং বাজিনাং শুভম্ ।
ঋচীকঃ প্রদদৌ প্রীতঃ শুল্কার্থং তপসাং বরঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

একত ইতি। চন্দ্রস্যেব বর্চ্চঃ শুভ্রা কান্তির্যেষাং তেষাম্। ভিক্ষির্দ্বিকর্ম্মকঃ ॥৩৩॥
তথেতি। চ্ছন্দঃ অভিপ্রায়ঃ, উত্থাস্যন্তি উৎপৎস্যন্তে ॥৩৪॥
ধ্যাতেতি। ধ্যাতমাত্রং চিন্তাকরণমাত্রম্ ॥৩৫॥
অদূর ইতি। কান্যকুব্জস্য তদাখ্যস্য দেশস্য। তৎ তেষামশ্বানামুৎপত্তিস্থানম্ ॥৩৬॥
তত ইতি। গাধয়ে গাধিরাজায় শুল্কার্থং তৎ কন্যায়াঃ পণার্থম্ ॥৩৭॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর ভৃগুবংশশ্রেষ্ঠ ও তপঃপ্রভাবশালী ঋচীক যাইয়া, জলাধিপতি অদিতির পুত্র বরুণদেবকে কহিলেন—॥৩২॥

'দেবশ্রেষ্ঠ ! একদিকের কর্ণ শ্যামবর্ণ, চন্দ্রের ন্যায় শুভ্রকান্তি এবং বায়ুর তুল্য বেগবান্ এক সহস্র অশ্ব আমি আপনার নিকট প্রার্থনা করি ॥৩৩॥

তখন অদিতির পুত্র বরুণদেব ঋচীককে বলিলেন, 'তাহাই হইবে' যে স্থানে আপনার ইচ্ছা, সেই স্থানেই এইরূপ এক সহস্র অশ্ব উত্থিত হইবে ॥৩৪॥

তাহার পর ঋচীক চিন্তা করিবামাত্র চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ ও মহাতেজা এক সহস্র-অশ্ব গঙ্গাজল হইতে উত্থিত হইল ॥৩৫॥

যে স্থান হইতে সেই অশ্ব সকল উত্থিত হইয়াছিল, তাহা কান্যকুব্জের নিকটে গঙ্গার উত্তম তীর ; সেই দেশের মানুষেরা সেই স্থানটীকে অদ্যাপি অশ্বতীর্থ বলে ॥৩৬॥

বৎস ! তাহার পর জপকারীশ্রেষ্ঠ ঋচীক সন্তুষ্টচিত্তে শুভলক্ষণসম্পন্ন সেই সহস্র অশ্ব, শুল্কের জন্য গাধিরাজাকে দান করিলেন ॥৩৭॥

---

(৩৭) শুল্কার্থং তপতাং বরঃ....বঙ্গ।

ততঃ স বিস্মিতো রাজা গাধিঃ শাপভয়েন চ।
দদৌ তাং সমলঙ্কৃত্য কন্যাং ভৃগুসুতায় বৈ ॥৩৮॥
জগ্রাহ বিধিবৎ পাণিং তস্যা ব্রহ্মর্ষিসত্তমঃ।
সা চ তং পতিমাসাদ্য পরং হর্ষমবাপ হ ॥৩৯॥
স তুতোষ চ ব্রহ্মর্ষিস্তস্যা বৃত্তেন ভারত!।
ছন্দয়ামাস চৈবৈনাং বরেণ বরবর্ণিনীম্ ॥৪০॥
মাত্রে তৎ সর্ব্বমাচখ্যৌ সা কন্যা রাজসত্তম!।
অথ তামব্রবীন্মাতা সুতাং কিঞ্চিদবাঙ্মুখীম্ ॥৪১॥
মমাপি পুত্রি! ভর্ত্তা তে প্রসাদং কর্ত্তুমর্হতি।
অপত্যস্য প্রদানেন সমর্থশ্চ মহাতপাঃ ॥৪২॥
ততঃ সা ত্বরিতং গত্বা তৎ সর্ব্বং প্রত্যবেদয়ৎ।
মাতুশ্চিকীর্ষিতং রাজন্! ঋচীকস্তামথাব্রবীৎ ॥৪৩॥

ভারতকৌমুদী

তত ইতি। বিস্মিতঃ দুর্লভানামশ্বানাং দানাৎ।৩৮॥

জগ্রাহেতি। তস্যা গাধিকন্যায়াঃ, ব্রহ্মর্ষিসত্তমো ঋচীকঃ ॥৩৯॥

স ইতি। বৃত্তেন ব্যবহারেণ ছন্দয়ামাস তোষয়ামাস ॥৪০॥

মাত্র ইতি। মাত্রে গাধিরাজভার্য্যায়ৈ। অবাঙ্মুখীং লজ্জয়া ॥৪১॥

মমেতি। প্রসাদমনুগ্রহম্। সমর্থঃ অপত্যপ্রদানে ॥৪২॥

তাহাতে গাধিরাজা বিস্ময়াপন্ন হইয়া, শাপের ভয়ে সেই কন্যাটীকে অলঙ্কৃত করিয়া, ঋচীকের হস্তে সম্প্রদান করিলেন ॥৩৮॥

তখন ব্রহ্মর্ষিশ্রেষ্ঠ ঋচীক যথাবিধানে সেই কন্যাটীর পাণিগ্রহণ করিলেন; সেই কন্যাটীও ঋচীককে পতিলাভ করিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥৩৯॥

ভরতনন্দন! ক্রমে ব্রহ্মর্ষি ঋচীক সেই কন্যার ব্যবহারে সন্তুষ্ট হইলেন এবং বর দান করিবার ইচ্ছা জানাইয়া সেই বরবর্ণিনীকে আনন্দিত করিলেন ॥৪০॥

রাজশ্রেষ্ঠ! তখন সেই কন্যাটী যাইয়া, তাহার মাতার নিকট সেই সমস্ত কথা বলিল। তাহার পর মাতা লজ্জায় কিঞ্চিৎ অবনতবদনা সেই কন্যাটীকে বলিলেন—॥৪১॥

'বৎস! তোমার স্বামী সন্তান প্রদানদ্বারা, আমার উপরেও অনুগ্রহ করিতে পারেন। কারণ, তিনি মহাতপা বলিয়া এবিষয়েও সমর্থ হইবেন ॥৪২॥

---

(৩৯) ব্রাহ্মণসত্তম···হর্ষমবাপ চ—পি।

গুণবন্তমপত্যং সা নচিরাজ্জনয়িষ্যতি।
মম প্রসাদাৎ কল্যাণি! মাভূত্তে প্রণয়োঽন্যথা ॥৪৪॥
তব চৈব গুণশ্লাঘী পুত্র উৎপৎস্যতে মহান্।
অস্মদ্বংশকরঃ শ্রীমান্ সত্যমেতদ্ব্রবীমি তে ॥৪৫॥
ঋতুস্নাতা চ সাশ্বত্থং ত্বঞ্চ বৃক্ষমুদুম্বরম্।
পরিষ্বজেতাং কল্যাণি! তত এবমবাপ্স্যথঃ ॥৪৬॥
চরুদ্বয়মিদং চৈব মন্ত্রপূতং শুচিস্মিতে!।
ত্বং চ সা চোপভুঞ্জীতং ততঃ পুত্রাববাপ্স্যথঃ ॥৪৭॥
ততঃ সত্যবতী হৃষ্টা মাতরং প্রত্যভাষত।
যদৃচীকেন কথিতং তচ্চাচখ্যৌ চরুদ্বয়ম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রত্যবেদয়ৎ ভর্ত্তারং ব্যজ্ঞাপৎ। চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্ ॥৪৩॥

গুণেতি। গুণবন্তমিতি শব্দাভিধেয়ে পুংলিঙ্গম্ "শব্দাভিধেয়ে লিঙ্গং স্যাৎ শব্দলিঙ্গমথাপি বা। শোভনার্থে কলত্রার্থে দারান্ গচ্ছন্তি শোভনান্" ইতি বরবরুচিবচনাৎ। অতএব অপত্যং পুত্রমিতি বিবক্ষিতম্। প্রণয়ো মাতৃসৌহার্দ্দম্ ॥৪২॥

তবেতি। গুণশ্লাঘী গুণগর্ব্বী, মহান্ প্রশস্তঃ ॥৪৫॥

ঋত্বিতি। পরিষ্বজেতাং আলিঙ্গেঃ এবং পুত্রম্ ॥৪৬॥

চর্ব্বিতি। শুচি শুভ্রং স্মিতং মন্দহাস্যং যস্যাস্তৎ সম্বোধনম্ ॥৪৭॥

রাজা! তদনন্তর সত্যবতী সত্বর যাইয়া মাতার অভীষ্ট সেই সমস্ত বিষয় স্বামীকে জানাইলেন। তখন ঋচীক তাঁহাকে বলিলেন—॥৪৩॥

'কল্যাণি! আমার অনুগ্রহে অচিরকালমধ্যে তোমার মাতাও গুণবান্ পুত্র জন্মাইবেন; তাহাতে তোমার মাতৃসৌহার্দ্দ ভগ্ন হইবে না ॥৪৪॥

তোমারও পরম সুন্দর, প্রশংসনীয় ও গুণশ্লাঘ্য একটী পুত্র জন্মিবে এবং সে আমাদের বংশ রক্ষা করিবে। ইহা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥৪৫॥

কল্যাণি! তোমার মাতা ঋতুস্নান করিয়া অশ্বত্থবৃক্ষ আলিঙ্গন করিবেন এবং তুমি ঋতুস্নান করিয়া যজ্ঞডুমুর গাছ আলিঙ্গন করিবে; তাহার পর তোমরা এইরূপ পুত্র লাভ করিবে ॥৪৬॥

শুভ্রহাসিনি! তুমিও তোমার মাতা, এই দুইটী মন্ত্রপূত চরু ভক্ষণ করিবে; তাহার পরে পুত্রলাভ করিতে পারিবে ॥৪৭॥

---

(৪৪) অচিরাজ্জনয়িষ্যতি...রঙ্গ।

তামুবাচ ততো মাতা সুতাং সত্যবতীং তদা।
পুত্রি! পূর্ব্বোপপন্নায়াঃ কুরুষ্ব বচনং মম ॥৪৯॥
ভর্ত্রা য এষ দত্তস্তে চরুর্মন্ত্রপুরস্কৃতঃ।
এনং প্রযচ্ছ মহ্যং ত্বং মদীয়ং ত্বং গৃহাণ চ ॥৫০॥
ব্যত্যাসং বৃক্ষয়োশ্চাপি করবাব শুচিস্মিতে!।
যদি প্রমাণং বচনং মম মাতুরনিন্দিতে! ॥৫১॥
স্বমপত্যং বিশিষ্টং হি সর্ব্ব ইচ্ছত্যনাবিলম্।
ব্যক্তং ভগবতা চাত্র কৃতমেবং ভবিষ্যতি ॥৫২॥
ততো মে ত্বচ্চরৌ ভাগঃ পাদপে চ সুমধ্যমে!।
কথং বিশিষ্টো ভ্রাতা মে ভবেদিত্যেব চিন্তয় ॥৫৩॥

ভারতকৌমুদী

তত ইতি। আচখ্যৌ উবাচ ॥৪৮॥
তামিতি। পূর্ব্বম্ উপপন্নায়া। বয়োবাহুল্যেন গর্ভধারণকালং প্রাপ্তায়া মম ॥৪৯॥
ভর্ত্রেতি। মন্ত্রৈঃ পুরস্কৃতঃ প্রধানীকৃতঃ ॥৫০॥
ব্যত্যাসমিতি। ব্যত্যাসং পরিবর্ত্তনম্, বৃক্ষয়োরশ্বত্থোডুম্বরয়োঃ ॥৫১॥
স্বমিতি। বিশিষ্টমুৎকৃষ্টম্, অনাবিলং নির্দ্দোষম্। ভগবতা মাহাত্ম্যবতা ঋচীকেন ॥৫২॥

ভারতভাবদীপঃ

প্রাপ্স্যসি ॥২৯॥ অসংসক্তো নিঃসংশয়ঃ ॥৩০॥ একত একম্ ॥৩১॥ আদিত্যমদিতেঃ পুত্রম্ ॥৩২॥ ছন্দ ইচ্ছা ॥৩৩—৩৯॥ বরেণ পুত্রং তে দাস্যামীত্যনুগ্রহেণ ॥৪০—৪৮॥ পূর্ব্বোপপন্নায়া

তদনন্তর সত্যবতী যাইয়া, মাতাকে এই সংবাদ বলিলেন এবং ঋচীক যাহা বলিয়াছিলেন, সেই দুইটী চরুর কথাও কহিলেন ॥৪৮॥

তখন মাতা, কন্যা সত্যবতীকে বলিলেন, বৎসে! আমি তোমা হইতে জ্যেষ্ঠা, সুতরাং তুমি আমার বাক্য পালন কর ॥৪৯॥

তোমার স্বামী তোমাকে যে মন্ত্রপূত চরু দিয়াছেন, তাহা তুমি আমাকে দান কর, আর আমার চরু তুমি গ্রহণ কর ॥৫০॥

শুভ্রহাসিনি! অনিন্দিতে! আমি তোমার মাতা, আমার কথায় যদি তোমার বিশ্বাস হয়, তাহা হইলে আমরা বৃক্ষ দুইটীতেও ব্যতিক্রম করিব ॥৫১॥

কারণ, সমস্ত লোকই নিজের সন্তানকে উৎকৃষ্ট ও নির্দ্দোষ দেখিতে ইচ্ছা করে; তারপর ভগবান্ ঋষিও নিশ্চয়ই এবিষয়ে এইরূপই করিবেন ॥৫২॥

---

(৫৩) ততো মে ত্বচ্চরৌ ভাবঃ···বঙ্গ।

তথা চ কৃতবত্যৌ তে মাতা সত্যবতী চ সা।
অথ গর্ভাবনুপ্রাপ্তে উভে তে বৈ যুধিষ্ঠির! ॥৫৪॥
দৃষ্ট্বা গর্ভমনুপ্রাপ্তাং ভার্য্যাং স চ মহানৃষিঃ।
উবাচ তাং সত্যবতীং দুর্ম্মনা ভৃগুসত্তমঃ ॥৫৫॥
ব্যত্যাসেনোপযুক্ত স্তে চরুর্ব্যক্তং ভবিষ্যতি।
ব্যত্যাসঃ পাদপে চাপি সুব্যক্তং তে কৃতঃ শুভে! ॥৫৬॥
ময়া হি বিশ্বং যদ্‌ব্রহ্ম ত্বচ্চরৌ সন্নিবেশিতম্।
ক্ষত্রবীর্য্যঞ্চ সকলং চরৌ তস্যা নিবেশিতম্ ॥৫৭॥
ত্রৈলোক্যবিখ্যাতগুণং ত্বং বিপ্রং জনয়িষ্যসি।
সা চ ক্ষত্রং বিশিষ্টং বৈ তত এতৎ কৃতং ময়া ॥৫৮॥

ভারতকৌমুদী

তত ইতি। ভাগঃ অংশঃ, পাদপে বৃক্ষে ॥৫৩॥
তথেতি। তে জননীদুহিতরৌ। অনুপ্রাপ্তে ধৃতবত্যৌ ॥৫৪॥
দৃষ্ট্বেতি। দুর্ম্মনা দুঃখিতচিত্তো ভৃগুসত্তম ঋচীকঃ ॥৫৫॥
ব্যত্যাসেনেতি। উপযুক্তো ভুক্তঃ, তে তয়া, ব্যক্তং ধ্রুবম্ ॥৫৬॥
ময়েতি। বিশ্বং বিশ্বব্যাপি? সন্নিবেশিতং তদারোপিতম্ ॥৫৭॥
ত্রৈলোক্যেতি। সা তব মাতা, বিশিষ্টমুৎকৃষ্টম্ ॥৫৮॥

সুমধ্যমে! তাহা হইলে তোমার চরু আমার ভাগে এবং তোমার বৃক্ষও আমার অংশে যাইবে; বৎসে! আমার ভ্রাতা কি প্রকারে উৎকৃষ্ট হইবে, এই প্রকারেই তুমি চিন্তা কর ॥৫৩॥

যুধিষ্ঠির! পরে সত্যবতী ও তাহার মাতা সেইরূপই করিলেন; তাহার পর তাঁহারা দুইজনই গর্ভপ্রাপ্ত হইলেন ॥৫৪॥

তদনন্তর মহর্ষি ঋচীক, ভার্য্যা সত্যবতীকে গর্ভবতী দেখিয়া দুঃখিত হইয়া বলিলেন—॥৫৫॥

কল্যাণি! নিশ্চয়ই তুমি পরিবর্ত্তন করিয়া চরু ভক্ষণ করিয়াছ এবং নিশ্চয়ই তুমি বৃক্ষালিঙ্গনেও ব্যতিক্রম ঘটাইয়াছ ॥৫৬॥

বিশ্বব্যাপী যে ব্রহ্ম, তাঁহাকে আমি তোমার চরুতে আরোপিত করিয়াছিলাম এবং তোমার মাতার চরুতে সমস্ত ক্ষত্রিয়বীর্য্য সন্নিবেশিত করিয়াছিলাম ॥৫৭॥

---

(৫৫) স তু মহাঋষিঃ…পি।

ব্যত্যাসস্তু কৃতো যস্মাত্ত্বয়া মাত্রা চ তে শুভে।।
তস্মাৎ সা ব্রাহ্মণং শ্রেষ্ঠং মাতা তে জনয়িষ্যতি ॥৫৯॥
ক্ষত্রিয়ং তূগ্রকর্ম্মাণং ত্বং ভদ্রে! জনয়িষ্যসি।
ন হি তে তৎ কৃতং সাধু মাতৃস্নেহেন ভাবিনি! ॥৬০॥
সা শ্রুত্বা শোকসন্তপ্তা পপাত বরবর্ণিনী।
ভূমৌ সত্যবতী রাজংশ্ছিন্নেব রুচিরা লতা ॥৬১॥
প্রতিলভ্য চ সা সংজ্ঞাং শিরসা প্রণিপত্য চ।
উবাচ ভার্য্যা ভর্ত্তারং গাধেয়ী ভার্গবর্ষভম্ ॥৬২॥
প্রসাদয়ন্ত্যাং ভার্য্যায়াং ময়ি ব্রহ্মবিদাং বর!।
প্রসাদং কুরু বিপ্রর্ষে! ন মে স্যাৎ ক্ষত্রিয়ঃ সুতঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

ব্যত্যাস ইতি। তে তব মাত্রা ॥৫৯॥
ক্ষত্রিয়মিতি। তে ত্বয়া তৎ চরুবৃক্ষয়োঃ পবিবর্ত্তনম্ ॥৬০॥
সেতি। শোকসন্তপ্তা ক্ষত্রিয়পুত্রোৎপত্তিনিশ্চয়াৎ ॥৬১॥
প্রতীতি। সংজ্ঞাং চৈতন্যম্। গাধেয়ী গাধিতনয়া ॥৬২॥
প্রেতি। ব্রহ্মবিদাং বেদজ্ঞানাম্। প্রসাদমনুগ্রহম্ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

ভর্ত্তুঃ সম্বন্ধাৎ পূর্ব্বমুপপন্নায়াঃ গুরুত্বেন প্রাপ্তায়াস্তব ভর্ত্রপেক্ষায়াহং গরীয়সীত্যর্থঃ ॥৫০—৬৩॥

তুমি ত্রিভুবনবিখ্যাত ব্রাহ্মণপুত্র জন্মাইবে এবং তোমার মাতা উৎকৃষ্ট ক্ষত্রিয়-পুত্র প্রসব করিবেন, সেই জন্যই আমি এইরূপ করিয়াছিলাম ॥৫৮॥

কিন্তু কল্যাণি! তুমি ও তোমার মাতা যে হেতু এই পরিবর্ত্তন করিয়াছ; সেই হেতু তোমাব মাতা শ্রেষ্ঠ ব্রাহ্মণ জন্মাইবেন ॥৫৯॥

আর ভদ্রে! তুমি উগ্রকর্ম্মা ক্ষত্রিয় প্রসব করিবে। অতএব ভাবিনি! তুমি মাতৃস্নেহে সেই পরিবর্ত্তন করিয়া ভাল কব নাই ॥৬০॥

রাজা! বরবর্ণিনী সত্যবতী ভর্ত্তার বাক্য শুনিয়া, শোকসন্তপ্ত হইয়া, ছিন্না মনোহরা লতার ন্যায় ভূতলে পতিতা ও মূর্চ্ছিতা হইলেন ॥৬১॥

ক্রমে গাধিতনয়া সত্যবতী চৈতন্য লাভ করিয়া, মস্তকদ্বারা অবনত হইয়া ভৃগু-বংশশ্রেষ্ঠ ঋচীককে বলিলেন—॥৬২॥

'বেদজ্ঞশ্রেষ্ঠ ব্রহ্মর্ষি! আমি আপনার ভার্য্যা, আপনাকে প্রসন্ন করিতেছি, আপনি আমার প্রতি অনুগ্রহ করুন; আমার যেন, ক্ষত্রিয় পুত্র হয় না ॥৬৩॥

কামং মমোগ্রকর্ম্মা বৈ পৌত্রো ভবিতুমর্হতি।
ন তু মে স্যাৎ সুতো ব্রহ্মন্নেষ মে দীয়তাং বরঃ ॥৬৪॥
এবমস্ত্বিতি হোবাচ স্বাং ভার্য্যাং সুমহাতপাঃ।
ততঃ সা জনয়ামাস জমদগ্নিং সুতং শুভম্ ॥৬৫॥
বিশ্বামিত্রং চাজনয়দ্‌গাধিভার্য্যা যশস্বিনী।
ঋষেঃ প্রসাদাদ্রাজেন্দ্র! ব্রহ্মর্ষের্ব্রহ্মবাদিনম্ ॥৬৬॥
ততো ব্রাহ্মণতাং জাতো বিশ্বামিত্রো মহাতপাঃ।
ক্ষত্রিয়ঃ সোঽপ্যথ তথা ব্রহ্মবংশস্য কারকঃ ॥৬৭॥
তস্য পুত্রা মহাত্মানো ব্রহ্মবংশবিবর্দ্ধনাঃ।
তপস্বিনো ব্রহ্মবিদো গোত্রকর্ত্তার এব চ ॥৬৮॥
মধুচ্ছন্দশ্চ ভগবান্ দেবরাতশ্চ বীর্য্যবান্।
অক্ষীনশ্চ শকুন্তশ্চ বভ্রুঃ কালপথস্তথা ॥৬৯॥

ভারতকৌমুদী

কামমিতি। কামং বরম্, উগ্রং ভীষণং কর্ম্ম যুদ্ধাদিকং যস্য সঃ ॥৬৪॥
এবমিতি। হশব্দঃ পাদপূরণে। সুমহাতপা ঋচীকঃ ॥৬৫॥
বিশ্বেতি। ব্রহ্মর্ষেঃ ঋচীকস্য, ব্রহ্মবাদিনং বেদবক্তারম্ ॥৬৬॥
তত ইতি। স ক্ষত্রিয়োঽপি ক্ষত্রিয়পুত্রোঽপি ॥৬৭॥
তস্যেতি। ব্রহ্মবংশবিবর্দ্ধনা ব্রাহ্মণবংশবৃদ্ধিকরাঃ ॥৬৮॥

বরং আমার উগ্রকর্ম্মা পৌত্র হইতে পারে, কিন্তু পুত্র নহে; ব্রাহ্মণ! আমাকে এই বর দান করুন ॥৬৪॥

তখন অতিমহাতপা ঋচীক আপন ভার্য্যা সত্যবতীকে বলিলেন; এই রূপই হউক্। তাহার পর, সত্যবতী জমদগ্নিনামক শুভলক্ষণসম্পন্ন পুত্র প্রসব করিলেন ॥৬৫॥

রাজশ্রেষ্ঠ! যশস্বিনী গাধিভার্য্যা ব্রহ্মর্ষি ঋচীকের অনুগ্রহে, বেদবক্তা বিশ্বামিত্রকে প্রসব করিলেন ॥৬৬॥

তদনন্তর বিশ্বামিত্র কালক্রমে মহাতপস্বী হইয়া, ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন এবং তিনি ক্ষত্রিয়ের পুত্র হইয়াও ব্রাহ্মণবংশকারক হইয়াছিলেন ॥৬৭॥

তাঁহার পুত্রগণও মহাত্মা, ব্রাহ্মণবংশবৃদ্ধিকারক, তপস্বী, বেদজ্ঞ এবং গোত্রকারী হইয়াছিলেন ॥৬৮॥

---

(৬৬) ব্রহ্মর্ষিং ব্রহ্মবাদিনম্—বদ্ধ।

যাজ্ঞবল্ক্যশ্চ বিখ্যাতস্তথা স্থূণো মহাব্রতঃ।
উলূকো যমদূতশ্চ তথর্ষিঃ সৈন্ধবায়নঃ ॥৭০॥
বল্গুজজ্ঘশ্চ ভগবান্ গালবশ্চ মহানৃষিঃ।
ঋষির্ব্বজ্রস্তথা খ্যাতঃ সালঙ্কায়ন এব চ ॥৭১॥
লীলাঢ্যো নারদশ্চৈব তথা কূর্চ্চামুখঃ স্মৃতঃ।
বাহুলির্ম্মুষলশ্চৈব বক্ষোগ্রীবস্তথৈব চ ॥৭২॥
আঙ্ঘ্রিকো নৈকদৃক্ চৈব শিলাযূপঃ শ্রিতঃ শুচিঃ।
চক্রকো মারুতন্তব্যো বাতঘ্নোঽথাশ্বলায়নঃ ॥৭৩॥
শ্যামায়নোঽথ গার্গ্যশ্চ জাবালিঃ সুশ্রুতস্তথা।
কারীষিরথ সংশ্রুত্যঃ পরপৌরবতন্তবঃ ॥৭৪॥
মহানৃষিশ্চ কপিলস্তথর্ষিস্তাড়কায়নঃ।
তথৈব চোপগহনস্তথর্ষিশ্চাসুরায়ণিঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

বিশ্বামিত্রপুত্রান্ নামভির্নির্দ্দিশতি মধিবতি। ভগবান্ তপোমাহাত্ম্যবান্ ॥৬৯॥
যজ্ঞেতি। বিখ্যাতঃ স্মৃতিপুরাণাদিষু প্রসিদ্ধঃ ॥৭০॥
বল্গ্বিতি। বল্গুঃ সুন্দরী জজ্ঘা যস্য সঃ। এবং ব্যুৎপত্ত্যন্তরাণি সমুন্নেয়ানি ॥৭১॥
লীলেতি। এষ নারদো দেবর্ষির্নারদাদ্ভিন্নঃ ॥৭২॥
আঙ্ঘ্রিক ইতি। নৈকদৃক্ ইত্যেব নাম ॥৭৩॥
শ্যামেতি। পরপৌরবতন্তব ইত্যেকমেব নাম ॥৭৪॥

ভগবান্ মধুচ্ছন্দ, তপঃপ্রভাবশালী দেবরাত, অক্ষীন, শকুন্ত, বভ্রু ও কালপথ ॥৬৯॥

বিখ্যাত যাজ্ঞবল্ক্য, মহাব্রত, স্থূণ, উলূক, যমদূত ও সৈন্ধবায়ন ঋষি ॥৭০॥

ভগবান্ বল্গুজজ্ঘ, মহর্ষি গালব, ঋষিবজ্র ও বিখ্যাত সালঙ্কায়ন ॥৭১॥

লীলাঢ্য, নারদ, কূর্চ্চামুখ, বাহুলি, মুষল ও বক্ষোগ্রীব ॥৭২॥

আঙ্ঘ্রিক, নৈকদৃক্, শিলাযূত, শ্রিত, শুচি, চক্রক, মারুতন্তব্য, বাতঘ্ন ও আশ্বলায়ন ॥৭৩॥

শ্যামায়ন, গার্গ্য, জাবালি, সুশ্রুত, কারীষি, সংশ্রুত্য ও পরপৌরবতন্তব ॥৭৪॥

(৭১) ঋষির্ব্বভ্রাট্....পি।
(৭২) নালাঢ্য...হ্রস্বমুখঃ স্মৃতঃ। বাচ্লির্নিমুষশ্চৈব.. পি।
(৭৪) পরতন্তুবতন্তবাঃ....পি। (৭৫) তথর্ষিশ্চার্জ্জুনায়নঃ....পি।

মার্গমর্ষির্হিরণ্যাক্ষো জঙ্ঘারির্ব্বাভ্রবায়নিঃ।
সূতির্ব্বিভূতিঃ সুতশ্চ সুরকৃত্তু তথৈব চ ॥৭৬॥
আরানির্নাচিকশ্চৈব চাম্পেয়োজ্জয়নৌ তথা।
নবতন্তুর্ব্বকনখঃ সায়নো যতিরেব চ ॥৭৭॥
অম্ভোরুহশ্চামৎস্যাশী শিরীষী চাথ গার্দ্দভিঃ।
ঊর্জ্জয়োনিরুদাপেক্ষী নারদী চ মহানৃষিঃ ॥৭৮॥
বিশ্বামিত্রাত্মজাঃ সর্বে মুনয়ো ব্রহ্মবাদিনঃ।
তথৈব ক্ষত্রিয়ো রাজন্! বিশ্বামিত্রো মহাতপাঃ।
ঋচীকেনাহিতং ব্রহ্ম পরমেতদ্‌যুধিষ্ঠির! ॥৭৯॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং তত্ত্বেন ভরতর্ষভ!।
বিশ্বামিত্রস্য বৈ জন্ম সোমসূর্য্যাগ্নিতেজসঃ ॥৮০॥

ভারতকৌমুদী

মহানিতি। এষ কপিলোঽপি সাঙ্খ্যকর্ত্তুঃ কপিলাদ্ভিন্নঃ ॥৭৫॥
মার্গেতি। মার্গমর্ষিরিত্যেকমেব নাম ॥৭৬॥
আরানিরিতি। চাম্পেয়োজ্জয়নাবিতি দ্বে নামনী ॥৭৭॥
অম্ভোর্ব্বিতি। নারদীত্যেব নামান্তরম্ ॥৭৮॥
বিশ্বেতি। আহিতং স্থাপিতম্ ব্রহ্ম ব্রাহ্মণত্বম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৭৯॥
এতদিতি। সোমসূর্য্যাগ্নীনামিব তেজো যস্য তস্য ॥৮০॥

মহর্ষি কপিল, ঋষি তারকায়ন, উপগহন ও ঋষি আসুরায়নি ॥৭৫॥
মার্গমর্ষি, হিরণ্যাক্ষ, জঙ্ঘারি, বাভ্রবায়ণি, সূতি, বিভূতি, সুত ও সুরকৃৎ ॥৭৬॥
আরাণি, নাচিক, চাম্পেয়, উজ্জয়ন, নবতন্তু, বকনখ, সায়ন ও যতি ॥৭৭॥
অম্ভোরুহ, অমৎস্যাশী, শিরীষী, গার্দ্দভি, উজ্জযোনি, উদাপেক্ষী ও মহর্ষি নারদী ॥৭৮॥

স্বেতি। দান্তে ইন্দ্রিয়দমনশীলে, কৃতাত্মনি শিক্ষিতবুদ্ধৌ, ক্ষান্তিপরে ক্ষমাপরায়ণে, সমর্থে উদ্দেশ্যসাধনশক্তে। অবলাসু স্ত্রীষু। ষট্পাদঃ শ্লোকঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

দেব্যা রুক্মি॥। ॥৫॥ প্রগল্ভে বাগ্মিনি, দক্ষে অনলসে, দেবপরে দেবারাধননিষ্ঠে ॥৬॥ নৃশংসবর্ণে নিষ্ঠুরাক্ষরভাষিণি, অসূয়ে অসূয়াবতি ॥৭॥ তেজঃ শৌর্য্যম্, সত্ত্বং বুদ্ধিঃ, যত্র তত্র বিশিষ্টপুরুষে, সংগুপ্তমনোরথেষু অন্তৎ ধ্যায়ন্ত্যন্যদ্দর্শয়ন্তি তাদৃশেষু ॥৮॥ স্বভাবেত্যাদেস্তৌচোপহতচিত্ত

অলস, নাস্তিক, বর্ণসঙ্করকারী, কৃতঘ্ন, নিজবৃত্তিত্যাগী, নিষ্ঠুরভাষী ও গুরুজনের দোষাবিষ্কারী পুরুষে আমি বাস করি না ॥৭॥

তেজ, বল, অধ্যবসায় ও গৌরব অল্প হওয়ায় যাহারা কষ্ট পায়, যাহারা, যাহার তাহার উপরে ক্রোধ করে এবং যাহারা প্রবঞ্চক; সেই সকল পুরুষে আমি বাস করি না ৮॥

যে লোক নিজের জন্য কিছুই প্রার্থনা করে না এবং যে ব্যক্তির বুদ্ধি স্বভাবের দোষে দুষ্ট হয় এবং যাহাদের সন্তোষ অল্প সেই সকল পুরুষে আমি সর্ব্বদা পূর্ণভাবে বাস করি না ॥৯॥

স্বধর্ম্মপরায়ণ, ধর্ম্মজ্ঞ, বৃদ্ধসেবানিরত, জিতেন্দ্রিয়, শিক্ষিতবুদ্ধি, ক্ষমাপরায়ণ ও

প্রকীর্ণভাণ্ডামনপেক্ষ্যকারিণীং সদা চ ভর্ত্তুঃ প্রতিকূলবাদিনীম্।
পরস্য বেশ্মাভিরতামলজ্জামেবং বিধাং স্ত্রীং পরিবর্জ্জয়ামি ॥১১॥
পাপামচোক্ষামবলেহিনীঞ্চ ব্যপেত ধৈর্য্যং কলহপ্রিয়াঞ্চ।
নিদ্রাভিভূতাং সততং শয়ানামেবং বিধাং তাং পরিবর্জ্জয়ামি ॥১২॥
সত্যাসু নিত্যং প্রিয়দর্শনাসু সৌভাগ্যযুক্তাসু গুণান্বিতাসু।
বসামি নারীষু পতিব্রতাসু কল্যাণশীলাসু বিভূষিতাসু ॥১৩॥
যানেষু কন্যাসু বিভূষণেষু যজ্ঞেষু মেঘেষু চ বৃষ্টিমৎসু।
বসামি ফুল্লাসু চ পদ্মিনীষু নক্ষত্রবীথীষু চ শারদীষু ॥১৪॥

ভারতকৌমুদী

প্রকীর্ণেতি। প্রকীর্ণানি ইতস্ততো বিক্ষিপ্তানি ভাণ্ডানি ভোজনপাত্রাদীনি যয়া তাম্, অনবেক্ষ্যকারিণীং অবিবিচ্যকার্য্যকারিণীং বেশ্মাভিরতাম্ আধিক্যেন পরগৃহস্থিতাম্ ॥১১॥

পাপামিতি। পাপাং পাপকারিণীম্, অচোক্ষাং অপরিষ্কৃতগাত্রীম্ অবলেহিনীং রহসি সুস্বাদু বস্তুভোজিনীম্ ॥১২॥

সত্যাস্বিতি। সত্যাসু সত্যপরায়ণাসু। বিভূষিতাসু অলঙ্কৃতাসু ॥১৩॥

যানেষ্বিতি। যানেষু সুনির্ম্মিতনৌকাদিষু, কন্যাস্বত্র কল্যাণশীলাস্বিত্যনুবৃত্তিঃ, ফুল্লাসু বিকচাসু, নক্ষত্রবীথীষু তারকাশ্রেণীষু শারদীষু শরৎকালীনাসু ॥১৪॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥৯॥ স্বধর্ম্মেতি সার্দ্ধঃ শ্লোকঃ ॥১০—১১॥ পাপাং নির্দয়াম্, অচোক্ষাম্ অশুচিম্, অবলেহিনীং সৃক্কিনীং লেলিহানাং সদা ক্রুদ্ধামিত্যর্থঃ ॥১২—১৩॥ যানাদিষু রমণীয়েষু সর্ব্বেষু বসামী-

---

উদ্দেশ্যসাধনে সমর্থ পুরুষে আমি বাস করি এবং ক্ষমাযুক্তা, জিতেন্দ্রিয়া, সত্যস্বভাবা, সরলা ও দেব-ব্রাহ্মণসেবিকা স্ত্রীজাতিতে আমি বাস করিয়া থাকি ॥১০॥

যে স্ত্রীলোক ভাণ্ডসকল ইতস্তত বিক্ষিপ্ত করিয়া রাখে, বিবেচনা করিয়া কার্য্য করে না, সর্ব্বদা স্বামীর প্রতিকূল কথা বলে, অধিক সময় পরগৃহে অবস্থান করে এবং লজ্জাশূন্য হয়; সেইরূপ স্ত্রীলোককে আমি বর্জ্জন করিয়া থাকি ॥১১॥

পাপকারিণী, অপরিষ্কৃতা, গোপনে সুস্বাদুবস্তুভোজিনী, ধৈর্য্যহীনা, কলহপ্রিয়া, নিদ্রাভিভূতা ও সর্ব্বদা শায়িতা এইরূপ স্ত্রীলোককে আমি পরিত্যাগ করিয়া থাকি ॥১২॥

সত্যপরায়ণা, প্রিয়দর্শনা, সৌভাগ্যবতী, গুণান্বিতা, পতিব্রতা, মঙ্গলস্বভাবা ও অলঙ্কৃতা নারীতে আমি সর্ব্বদা বাস করি ॥১৩॥

---

(১২) পাপামদক্ষামবলেপিনীঞ্চ····নি।

গজেষু গোষ্ঠেষু তথাসনেষু সরঃসু ফুল্লোৎপলপঙ্কজেষু।
নদীষু হংসস্বননাদিতাসু ক্রৌঞ্চাবঘুষ্টস্বরশোভিতাসু ॥১৫॥
বিকীর্ণকূলদ্রুমরাজিতাসু তপস্বিসিদ্ধদ্বিজসেবিতাসু।
বসামি নিত্যং সুবহূদকাসু সিংহৈর্গজৈশ্চাকুলিতোদকাসু ॥১৬॥(যুগ্মকম্)
মত্তে গজে গোবৃষভে নরেন্দ্রে সিংহাসনে সৎপুরুষেষু নিত্যম্।
যস্মিন্ জনো হব্যভুজং জুহোতি গোব্রাহ্মণং চার্চ্চতি দেবতাশ্চ।
কালে চ পুষ্পৈর্বলয়ঃ ক্রিয়ন্তে তস্মিন্ গৃহে নিত্যমুপৈমি বাসম্ ॥১৭॥
স্বাধ্যায়নিত্যেষু সদাদ্বিজেষু ক্ষত্রেচ ধর্ম্মাভিরতে সদৈব।
বৈশ্যে চ কৃষ্যাভিরতে বসামি শূদ্রে চ শুশ্রূষণনিত্যযুক্তে ॥১৮॥
নারায়ণে ত্বেকমনা বসামি সর্ব্বেণ ভাবেন শরীরভূতা।
তস্মিন্ হি ধর্ম্মঃ সুমহান্নিবিষ্টো ব্রহ্মণ্যতা চাত্র তথা প্রিয়ত্বম্ ॥১৯॥

ভারতকৌমুদী

গজেষ্বিতি। ফুল্লানি প্রস্ফুটিতানি উৎপলানি পঙ্কজানি চ যেষু তেষু। ক্রৌঞ্চানাং বকানাং অবঘুষ্টস্য শব্দবিশেষস্য স্বরেণ শোভিতাসু বিকীর্ণৈর্ব্যাপ্তৈঃ কূলদ্রুমৈস্তীরবৃক্ষৈঃ রাজিতাসু। সুবহূনি উদকানি যাসু তাসু, আকুলিতানি ব্যাপ্তানি উদকানি যাসাং তাসু ॥১৫—১৬॥

মত্ত ইতি। গোবৃষভে গোশ্রেষ্ঠে বসামীত্যনুবৃত্তিঃ। হব্যভুজম্ অগ্নিম্। বলয়ঃ পূজোপহারাঃ। উপৈমি প্রাপ্নোমি। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥

স্বেতি। স্বাধ্যায়ো বেদপাঠো নিত্যো যেষাং তেষু। শুশ্রূষণে দ্বিজাতিপরিচর্য্যায়াং নিত্যং যুক্তস্তস্মিন্ ॥১৮॥

নারেতি। শরীরভূতা শরীরার্দ্ধস্বরূপা "অর্দ্ধো বা এষ আত্মনো যৎ পত্নী" ইতি স্মরণাৎ। ব্রহ্মণ্যতা বেদহিতকারিতা ॥১৯॥

সুনির্ম্মিত যান, কল্যাণস্বভাবা কন্যা, অলঙ্কার, যজ্ঞ, বারিবর্ষী মেঘ, প্রস্ফুটিত পদ্ম ও শরৎকালের নক্ষত্রশ্রেণীতে আমি বাস করি ॥১৪॥

হস্তী, গোষ্ঠ, আসন, প্রস্ফুটিত উৎপল ও পদ্মযুক্ত সরোবর এবং হংস ও বকের শব্দে মুখরিত, চঞ্চল তীরবৃক্ষশোভিত, তপস্বী ও সিদ্ধব্রাহ্মণসেবিত, গভীর জলযুক্ত এবং সিংহ ও গজসমুদ্বেলিত নদীতে আমি বাস করিয়া থাকি ॥১৫—১৬॥

মত্ত হস্তী, উৎকৃষ্ট গো, রাজা, সিংহাসন ও সৎপুরুষে আমি সর্ব্বদা বাস করি। মানুষ যে গৃহে অগ্নিতে হোম করে, গো, ব্রাহ্মণ ও দেবতার পূজা করে এবং যথাসময়ে পুষ্পোপহার দান করে, সেই গৃহে আমি সর্ব্বদা অবস্থান করি ॥১৭॥

বেদপাঠনিরত ব্রাহ্মণ, ধর্ম্মানুষ্ঠানে ব্যাপৃত ক্ষত্রিয়, কৃষিকার্য্যে প্রবৃত্ত বৈশ্য এবং দ্বিজাতিপরিচর্য্যায় নিরত শূদ্রে আমি বাস করিয়া থাকি ॥১৮॥

নাহং শরীরেণ বসামি দেবি! নৈবং ময়া শক্যমিহাভিধাতুম্।
ভাবেন যস্মিন্নিবসামি পুংসি স বর্দ্ধতে ধর্ম্মযশোঽর্থকামৈঃ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে শ্রীরুক্মিণীসংবাদে দশমোঽধ্যায়ঃ * ॥০॥

—০—

একাদশোঽধ্যায়ঃ

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।
স্ত্রীপুংসয়োঃ সম্প্রয়োগে স্পর্শঃ কস্যাধিকো ভবেৎ।
এতস্মিন্ সংশয়ে রাজন্! যথাবদ্বক্তুমর্হসি ॥১॥

ভারতকৌমুদী

নেতি। অহম্ উক্তেষু পদার্থেষু শরীরেণ ন বসামি, অপি তু শোভাসম্পত্তিরূপেণ বসামীতি ভাবঃ। অভিধাতুং ন শক্যম্, কিন্তু যুষ্মাভিঃ শোভাদিদর্শনেন জ্ঞেয়ম্। ভাবেন শোভাত্ম-বস্থয়া ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে দশমোঽধ্যায়ঃ ॥০॥

স্ত্রীতি। সম্প্রয়োগে সঙ্গমে, স্পর্শঃ স্পর্শসুখম্, কস্য জনস্য স্ত্রিয়া পুংসো বা। যথাবদ্বক্তুমিতি শেষঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ত্যর্থঃ ॥১৪—১৬॥ মত্ত ইতি। লক্ষ্মীঃ প্রাপ্তুমুপায়া এত ইত্যর্থঃ ॥১৭—১৮॥ ভাবেন আদরেণ শরীরভূতা শরীরবতী ॥১৯॥ নাহমিতি। নারায়ণাদন্যত্র ধর্ম্মাদিবুদ্ধিরূপেণৈব বসামি ন শরীরে-ণেত্যর্থঃ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

নারায়ণের শরীরার্দ্ধস্বরূপা আমি তাঁহাতে সমস্ত অবস্থায় একাগ্রচিত্তে বাস করি। কারণ, তাঁহাতে মহাধর্ম্ম, বেদের হিতসাধন এবং আমার প্রীতি রহিয়াছে ॥১৯॥

দেবি! আমি শরীরদ্বারা কোথাও বাস করি না এবং কি ভাবে কোথায় বাস করি, তাহা এখন বলিতেও পারি না। তবে আমি যে পুরুষে স্বভাবতঃ বাস করি; সেই পুরুষ ধর্ম্ম, যশ, অর্থ ও কামবিষয়ে উন্নতি লাভ করে ॥২০॥

* '…একাদশোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…দ্বাত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

আত্মানং স্ত্রীকৃতং দৃষ্ট্বা ব্রীড়িতো নৃপসত্তমঃ।
চিন্তানুগতসর্ব্বাত্মা ব্যাকুলেন্দ্রিয়চেতনঃ ॥১১॥
আরোহিষ্যে কথং ত্বশ্বং কথং যাস্যামি বৈ পুরম্।
ইষ্টেনাগ্নিষ্টুতা চাপি পুত্রাণাং শতমৌরসম্ ॥১২॥
জাতং মহাবলানাং মে তান্ প্রবক্ষ্যামি কিং ত্বহম্।
দারেষু চাত্মকীয়েষু পৌরজানপদেষু চ ॥১৩॥ (যুগ্মকম্)
মৃদুত্বঞ্চ তনুত্বঞ্চ বিক্লবত্বং তথৈব চ।
স্ত্রীগুণা ঋষিভিঃ প্রোক্তা ধর্ম্মতত্ত্বার্থদর্শিভিঃ ॥১৪॥
ব্যায়ামঃ কর্কশত্বঞ্চ বীর্য্যঞ্চ পুরুষে গুণাঃ।
পৌরুষং বিপ্রনষ্টং বৈ স্ত্রীত্বং কেনাপি মেঽভবৎ ॥১৫॥

ভারতকৌমুদী

আত্মানমিতি। আত্মানং দেহম্, ব্রীড়িতো লজ্জিতঃ। চিন্তয়া অনুগতঃ প্রাপ্তঃ সর্ব্বাত্মা সর্ব্বমন্তঃকরণং যস্য সঃ, ব্যাকুলা ইন্দ্রিয়চেতনা ইন্দ্রিয়জীবাত্মা যস্য স তাদৃশোঽভবৎ ॥১১॥

আরোহিষ্য ইতি। অগ্নিষ্টুতা নাম ইষ্টেন যজ্ঞেন। আত্মকীয়েষু স্বকীয়েষু ॥১২—১৩॥

মৃদুত্বমিতি। তনুত্বং কৃশত্বম্, বিক্লবত্বং ভয়বিহ্বলত্বম্ ॥১৪॥

ব্যায়াম ইতি। ব্যায়ামো দৈহিকশ্রমঃ। পৌরুষং পুরুষত্বম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

পুত্রপ্রদঃ ক্রতুঃ, স চেন্দ্রদ্বিষ্টস্তত্রেন্দ্রস্য প্রাধান্যাভাবাৎ ॥৪॥ যজ্ঞং কৃতমিতি শেষঃ ॥৫—১৩॥ মৃদুত্বাদয়ঃ

কেহ নিজের দেহটীকে স্ত্রীদেহ করিয়াছে দেখিয়া রাজশ্রেষ্ঠ ভঙ্গাস্বন লজ্জিত হইলেন; চিন্তায় তাঁহার সমস্ত অন্তঃকরণ পূর্ণ হইয়া গেল এবং ইন্দ্রিয় ও চৈতন্য আকুল হইয়া পড়িল ॥১১॥

(তখন তিনি ভাবিতে লাগিলেন) এখন আমি কি করিয়া অশ্বে আরোহণ করিব, কি করিয়াই বা নগরে যাইব; অগ্নিষ্টুত যজ্ঞের ফলে আমার একশত মহাবল ঔরস পুত্র জন্মিয়াছে; আমি তাহাদিগকে, স্বকীয় ভার্য্যাগণকে এবং পুরবাসী ও দেশবাসী লোকদিগকেই বা কি বলিব? ॥১২—১৩॥

ধর্ম্মতত্ত্বার্থদর্শী ঋষিরা বলিয়াছেন—'কোমলতা, কৃশতা ও ভয়বিহ্বলতা এই-তিনটী স্ত্রীর গুণ ॥১৪॥

আর দৈহিক পরিশ্রম, কঠিনতা ও বল এই তিনটী পুরুষের গুণ। সে পুরুষত্ব আমার নষ্ট হইয়াছে এবং কোন কারণে স্ত্রীত্ব জন্মিয়াছে ॥১৫॥

---

(১৩) তান্ প্রবক্ষ্যামি কিং ত্বহম্…বঙ্গ বর্দ্ধ।

(১৪) বিক্লতত্বং তথৈব চ…পি।

স্ত্রীভাবাৎ পুনরশ্বং তং কথমারোঢ়ুমুৎসহে।
মহতা ত্বথ যত্নেন আরুহ্যাশ্বং নরাধিপঃ ॥১৬॥
পুনরায়াৎ পুরং তাত। স্ত্রীকৃতো নৃপসত্তম।।
পুত্রা দারাশ্চ ভৃত্যাশ্চ পৌরজানপদাশ্চ তে ॥১৭॥
কিং স্বিদং ত্বিতি বিজ্ঞায় বিস্ময়ং পরমং গতাঃ।
অথোবাচ স রাজর্ষিঃ স্ত্রীভূতো বদতাং বরঃ ॥১৮॥ (বিশেষকম্)
মৃগয়ামস্মি নির্য্যাতো বলৈঃ পরিবৃতো দৃঢ়ম্।
উদ্‌ভ্রান্তঃ প্রাবিশং ঘোরামটবীং দৈবচোদিতঃ ॥১৯॥
অটব্যাঞ্চ সুঘোরায়াং তৃষ্ণার্ত্তো নষ্টচেতনঃ।
সরঃ সুরুচিরপ্রখ্যমপশ্যং পক্ষিভির্বৃতম্ ॥২০॥

ভাবতকৌমুদী

স্ত্রীতি। স্ত্রীভাবাৎ স্ত্রীত্বাৎ। উৎসহে শক্নোমি। স্কৃতো দেবমায়য়া। বিজ্ঞায় দৃষ্ট্বা ॥১৬—১৮॥

মৃগয়ামিতি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ। দৃঢ়মুদ্‌ভ্রান্তো দিগ্‌ভ্রমং প্রাপ্তঃ, অটবীম্ বনম দৈবেন চোদিতঃ প্রেরিতঃ ॥১৯॥

অটব্যামিতি। নষ্টা চেতনা বুদ্ধির্যস্য সঃ ॥২০॥

ভাবতভাবদীপঃ

স্ত্রীগুণা আগতাঃ ॥১৪॥ কর্কশত্বাদয়ঃ পুরুষগুণা নষ্টাঃ। কেননিমিত্তেন মে মম স্ত্রীত্বমভব-

আমি স্ত্রীত্বনিবন্ধন কি করিয়া পুনরায় অশ্বে আরোহণ করিতে পারি? বৎস! রাজশ্রেষ্ঠ! এইরূপ চিন্তা করিয়া রাজা ভঙ্গাস্বনারমায়ায় স্ত্রীকৃত হওয়ায় বিশেষ যত্নসহকারে অশ্বে আরোহণ করিয়া পুনর রাজধানীতে আগমন করিলেন। তখন পুত্র-কলত্র, ভৃত্য, পুরবাসী ও দেশবাসীরা তাঁহাকে দেখিয়া ‘একি! ইহা বলিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইল। তাহার পর স্ত্রীভূত বাগ্মিশ্রেষ্ঠ সেই রাজর্ষি বলিলেন—॥১৬—১৮॥

আমি সৈন্যে পরিবেষ্টিত হইয়া মৃগয়া করিবার জন্য রাজধানী হইতে নির্গত হইয়াছিলাম. পরে ভয়ঙ্কর বনমধ্যে প্রবেশ করিয়াছিলাম, ক্রমে দৈববশতঃ অত্যন্ত দিগ্‌ভ্রান্ত হইয়া পড়িলাম ॥১৯॥

তৎপরে পিপাসার্ত্ত ও নষ্টবুদ্ধি হইয়া সেই ভয়ঙ্কর মধ্যে পক্ষিবেষ্টিত একটী সুন্দর সরোবর দেখিতে পাইলাম ॥২০॥

(১৬) মহতা দুঃখ-যত্নেন পি।
(১৮) কিং স্বিদং ত্বিতি বঙ্গ বর্দ্ধ।

তত্রাবগাঢ়ঃ স্ত্রীভূতো দৈবেনাহং কৃতঃ পুরা।
নামগোত্রাণি চাভাষ্য দারাণাং মন্ত্রিণাং তথা॥২১॥
আহ পুত্রাংস্ততঃ সোঽথ স্ত্রীভূতঃ পার্থিবোত্তমঃ।
সম্প্রীত্যা ভুজ্যতাং রাজ্যং বনং যাস্যামি পুত্রকাঃ॥২২॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা পুত্রশতং বনমেব জগাম হ।
গত্বা চৈবাশ্রমং সা তু তাপসং প্রত্যপদ্যত॥২৩॥
তাপসনাস্য পুত্রাণামাশ্রমেষ্বভবচ্ছতম্।
অথ আদায় তান্ সর্ব্বান্ পূর্ব্বপুত্রানভাষত॥২৪॥
পুরুষত্বে সুতা যূযং স্ত্রীত্বে চেমে শতং সুতাঃ।
একত্রভুজ্যতাং রাজ্যং ভ্রাতৃভাবেন পুত্রকাঃ॥২৫॥

ভাবতকৌমুদী

তত্রেতি। তত্র সরসি, অবগাঢো মগ্নঃ। আভাষ্য ব্যক্তিবোধার্থং কথয়িত্বা। সম্প্রীত্যা পরস্পরসৌহার্দ্দেন॥২১—২২॥

এবমিতি। সা ভঙ্গাস্বনর্পরূপা স্ত্রী, প্রত্যপদ্যত প্রাপ্নোৎ॥২৩॥

তাপসেনেতি। অস্য স্ত্রীতভঙ্গাস্বনস্য, সা ভঙ্গাস্বনপূর্ব্বরূপা স্ত্রী॥২৪॥

পুরুষত্ব ইতি। ভ্রাতৃভাবে, বস্তুত একজনোৎপন্নত্বাদিতি ভাবঃ॥২৫॥

ভাবতভাবদীপঃ

দিতি সম্বন্ধঃ॥১৫—১৬॥ স্ত্রীঃ ইন্দ্রেণ স্ত্রীত্বং প্রাপিতঃ॥১৭—২২॥ প্রত্যপদ্যত ভর্তৃত্বেন

সেই সরোবরে অবগাহন করিবামাত্র দৈব আমাকে স্ত্রীস্বরূপ করিয়া ফেলিল। পরে স্ত্রীভূত ভঙ্গাস্বন ভার্যাগণ ও মন্ত্রিগণের নিকটে নিজের নাম ও গোত্র বলিয়া পুত্রগণকে বলিলেন—পুত্রগণ! তোমরা পরস্পর সৌহার্দ্দ অনুসারে রাজ্য ভোগ কর, আমি বনে যাইব॥২১—২২॥

একশত পুত্রকে এইরূপ বলিয়া ভঙ্গাস্বনরূপা স্ত্রী বনেই চলিয়া গেলেন এবং সেখানে যাইয়া, এক আশ্রমে প্রবেশ করিয়া একটী তপস্বীকে আশ্রয় করিলেন॥২৩॥

সেই আশ্রমে সেই তপস্বীর ঔরসে ও সেই ভঙ্গাস্বনরূপা স্ত্রীর একশত পুত্র হইল। তাহার পরে তিনি যথাকালে সেই সকল পুত্রকে লইয়া রাজধানীতে যাইয়া পূর্ব্ব পুত্রগণকে বলিলেন॥২৪॥

পুত্রগণ! তোমরা আমার পুরুষত্বকালের পুত্র এবং ইহারা একশত আমার স্ত্রীত্ব সময়ের পুত্র অতএব তোমরা ভ্রাতৃভাবে একত্র রাজ্য ভোগ কর॥২৫॥

সহিতা ভ্রাতরস্তেঽথ রাজ্যং বুভুজিরে তদা।
তান্ দৃষ্ট্বা ভ্রাতৃভাবেন ভুঞ্জানান্ রাজ্যমুত্তমম্ ॥২৬॥
চিন্তয়ামাস দেবেন্দ্রো মন্যুনাথ পরিপ্লুতঃ।
উপকারোঽস্য রাজর্ষেঃ কৃতো নাপকৃতং ময়া ॥২৭॥ (যুগ্মকম্)
ততো ব্রাহ্মণরূপেণ দেবরাজঃ শতক্রতুঃ।
ভেদয়ামাস তাম্ গত্বা নগরং বৈ নৃপাত্মজান্ ॥২৮॥
ভ্রাতৄণাং নাস্তি সৌভ্রাত্রং যেঽপ্যেকস্য পিতুঃ সুতাঃ।
রাজ্যহেতোর্ব্বিবদিতাঃ কশ্যপস্য সুরাসুরাঃ ॥২৯॥
যূয়ং ভঙ্গাস্বনাপত্যাস্তাপসস্যেতরে সুতাঃ।
কশ্যপস্য সুরাশ্চৈব অসুরাশ্চ সুতাস্তথা ॥৩০॥
যুষ্মাকং পৈতৃকং রাজ্যং ভুজ্যতে তাপসাত্মজৈঃ।
ইন্দ্রেণ ভেদিতাস্তে তু যুদ্ধেঽন্যোন্যমপাতয়ন্ ॥৩১॥

ভাবতকৌমুদী

সহিতা ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ। মন্যুনা দৈন্যেন। কৃতঃ স্ত্রীত্বজননেনেতি ভাবঃ ॥২৬—২৭॥

তত ইতি। শতক্রতুরিন্দ্রঃ ॥২৮॥

ভ্রাতৄণামিতি। সৌভ্রাত্রং সৌহার্দ্দম্। বিবদিতা বিবাদং প্রাপ্তাঃ ॥২৯॥

যূযমিতি। ভঙ্গাস্বনস্য অপত্যা অপত্যানি ॥৩০॥

ভাবতভাবদীপঃ

স্বীকৃতবতী ॥২৩—২৬॥ স্ত্রীত্বদানেন দ্বিগুণিতপুত্রপ্রাপ্তিরূপ উপকার এব জাতো ন স্ত্রীত্বকৃতো-

তাহার পর সেই ভ্রাতারা সম্মিলিত হইয়া রাজ্যভোগ করিতে লাগিল, তখন তাহারা ভ্রাতৃভাবে উত্তম রাজ্যভোগ করিতেছে দেখিয়া দৈন্যযুক্ত হইয়া দেবরাজ চিন্তা করিলেন, আমি এই রাজর্ষির স্ত্রীত্ব জন্মাইয়া উপকারই করিয়াছি; কিন্তু অপকার করিতে পারি নাই ॥২৬—২৭॥

তদনন্তর দেবরাজ ইন্দ্র ব্রাহ্মণরূপে সেই রাজধানীতে যাইয়া সেই রাজপুত্রগণের মধ্যে ভেদ ঘটাইতে লাগিলেন ॥২৮॥

(এবং বলিলেন—) রাজপুত্রগণ। এক পিতার পুত্র হয়, সেই ভ্রাতাদের মধ্যেও ভ্রাতৃসৌহার্দ্দ থাকে না। দেখুন—দেবগণ ও অসুরগণ এক কশ্যপের পুত্র হইয়াও রাজ্যের জন্য বিবাদ করিয়াছিলেন ॥২৯॥

আপনারা ভঙ্গাস্বনের পুত্র, অন্যদল তপস্বীর পুত্র। আর দেবগণ ও অসুরগণ এক কশ্যপেরই পুত্র ॥৩০॥

তচ্ছ্রুত্বা তাপসী চাপি সন্তপ্তা প্ররুরোদ হ।
ব্রাহ্মণচ্ছদ্মনাভ্যেত্য তামিন্দ্রোঽথান্বপৃচ্ছত ॥৩২॥
কেন দুঃখেন সন্তপ্তা রোদিষি ত্বং বরাননে !।
ব্রাহ্মণং তং ততো দৃষ্ট্বা সা স্ত্রী করুণমব্রবীৎ ॥৩৩॥
পুত্রাণাং দ্বে শতে ব্রহ্মন্ ! কালেন বিনিপাতিতে।
অহং রাজাভবং বিপ্র ! তত্র পূর্ব্বং শতং মম ॥৩৪॥
সমুৎপন্নং স্বরূপাণাং পুত্রাণাং ব্রাহ্মণোত্তম !।
কদাচিদ্‌মৃগযাং যাত উদ্‌ভ্রান্তো গহনে বনে ॥৩৫॥ (যুগ্মকম্)
অবগাঢ়শ্চ সরসি স্ত্রীভূতো ব্রাহ্মণোত্তম !।
পুত্রান্ রাজ্যে প্রতিষ্ঠাপ্য বনমস্মি ততো গতঃ ॥৩৬॥

ভাবতকৌমুদী

যুষ্মাকমিতি। অন্যোঽন্যং পরস্পরম্, অপাতযন্ ব্যনাশযন্ ॥৩১॥
তদিতি। তাপসী ভঙ্গাস্বনপূর্ব্বরূপা সা স্ত্রী ॥৩২॥
কেনেতি। হে বরাননে ! উত্তমবদনে। করুণং সশোকম্ ॥৩৩॥
পুত্রাণামিতি। পূর্ব্ববৃত্তান্তমাহ অহমিত্যাদি। স্বরূপাণাং পুত্রাণাং শতং সমুৎপন্নমিতি সম্বন্ধঃ ॥৩৪—৩৫॥
অবেতি। অবগাঢো মগ্নঃ। পুত্রান্ প্রথমোৎপন্নান্ ॥৩৬॥

আপনাদের পৈতৃক রাজ্য তপস্বীর পুত্রেরা ভোগ করিতেছে। ইন্দ্র এই-ভাবে ভেদ জন্মাইয়া দিলে, সেই উভযপক্ষ পরস্পরকে সংহার করিল ॥৩১॥

সেই সংবাদ শুনিযা ভঙ্গাস্বনপূর্ব্বরূপা তাপসী শোকসন্তপ্ত হইয়া রোদন করিতে লাগিল। তখন ইন্দ্র ব্রাহ্মণবেশে আসিযা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন ॥৩২॥

সুমুখি ! 'তুমি কোন্ দুঃখে সন্তপ্ত হইযা রোদন করিতেছ ?' তৎপরে সেই তাপসী সেই ব্রাহ্মণকে দেখিয়া করুণকণ্ঠে বলিল—॥৩৩॥

'ব্রাহ্মণ ! কাল আমার দুইশত পুত্রকে সংহার করিয়াছে। ব্রাহ্মণ ! আমি পূর্ব্বে রাজা ছিলাম ; তখন আমারই তুল্য আমার একশত পুত্র জন্মিযাছিল। ব্রাহ্মণশ্রেষ্ঠ ! সেই অবস্থায় আমি কোন সময়ে মৃগয়ায় যাই এবং নিবিড় বনে প্রবেশ করিয়া দিগ্‌ভ্রান্ত হই ॥৩৪—৩৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি সেই বনে কোন সরোবরে অবগাহন করিয়াই স্ত্রী

(৩১) অস্মাকং পৈতৃকং রাজ্যং পি

স্ত্রিয়াশ্চ মে পুত্রশতং তাপসেন মহাত্মনা।
আশ্রমে জনিতং ব্রহ্মন্নীতং তন্নগরং ময়া ॥৩৭॥
তেষাঞ্চ বৈরমুৎপন্নং কালযোগেন বৈ দ্বিজ।
এতচ্ছোচাম্যহং ব্রহ্মন্! দৈবেন সমভিপ্লুতা ॥৩৮॥
ইন্দ্রস্তাং দুঃখিতাং দৃষ্ট্বা অব্রবীৎ পরুষং বচঃ।
পুরা সুদুঃসহং ভদ্রে! মম দুঃখং ত্বয়া কৃতম্ ॥৩৯॥
ইন্দ্রদ্বিষ্টেন যজতা মামনাহূয় ধিষ্ঠিতম্।
ইন্দ্রোঽহমস্মি দুর্ব্বুদ্ধে! বৈরং তে পাতিতং ময়া ॥৪০॥
ইন্দ্রং দৃষ্ট্বা তু রাজর্ষিঃ পাদয়োঃ শিরসা গতঃ।
প্রসীদ ত্রিদশশ্রেষ্ঠ! পুত্রকামেন স ক্রতুঃ ॥৪১॥

ভাবতকৌমুদী

স্ত্রিয়া ইতি। তন্নগরং মম রাজধানীম্ ॥৩৭॥

তেষামিতি। বৈরং বৈরেণ মরণম্। সমভিপ্লুতা নিপীড়িতা ॥৩৮॥

ইন্দ্র ইতি। পরুষং নিষ্ঠুরম্ ॥৩৯॥

ইন্দ্রেতি। ইন্দ্রদ্বিষ্টেন অগ্নিষ্টুতা যজ্ঞেন, যজতা ত্বযা, ধিষ্ঠিতং মম বৈরমনুষ্ঠিতম্। বৈরং তদ্বৈরফলম্ ॥৪০॥

ভাবভাবদীপঃ

ঽপকার ইত্যর্থঃ ॥২৭—৩৪॥ স্বরূপাণাং স্বস্যেব রূপং যেষাং তেষাম্ ॥৩৫—৩৬॥ স্ত্রিয়াঃ

হইয়া পড়ি। তাহার পর রাজধানীতে যাইয়া, পুত্রগণকে রাজ্যে প্রতিষ্ঠিত করিয়া, পুনরায় এই বনে আগমন করি ॥৩৬॥

ব্রাহ্মণ! তখন এই আশ্রমে মহাত্মা তপস্বী আমার গর্ভে একশত পুত্র উৎপাদন করেন; পরে আমি যথাকালে সেই পুত্রগণকে রাজধানীতে লইয়া যাই ॥৩৭॥

ব্রাহ্মণ! কালক্রমে সেই পুত্রগণের মধ্যে পরস্পর শত্রুতা জন্মে এবং তাহাতেই তাহাদের মৃত্যু হইয়াছে। ব্রাহ্মণ! এইভাবে আমি দৈবপীড়িত হইয়া ইহারই শোক করিতেছি ॥৩৮॥

তখন ইন্দ্র তাহাকে দুঃখিত দেখিয়া, এই নিষ্ঠুর বাক্য বলিলেন—'ভদ্রে! পূর্ব্বে তুমি আমার অতিদুঃসহ দুঃখ উৎপাদন করিয়াছিলে ॥৩৯॥

দুর্ম্মতি! তুমি আমাকে আহ্বান না করিয়া ইন্দ্রবিদ্বিষ্ট 'অগ্নিষ্টুত' যজ্ঞ করিয়া আমার সহিত শত্রুতা ঘটাইয়াছিলে, আমিই ইন্দ্র! সুতরাং আমি সেই শত্রুতার ফল তোমার উপরে প্রবর্ত্তিত করিয়াছি' ॥৪০॥

ইষ্টস্ত্রিদশশার্দূল ! তত্র মে ক্ষন্তুমর্হসি ।
প্রণিপাতেন তস্যেন্দ্রঃ পরিতুষ্টো বরং দদৌ ॥৪২॥ (যুগ্মকম্)
পুত্রাস্তে কতমে রাজন্ ! জীবন্ত্বেতৎ প্রচক্ষ্ব মে ।
স্ত্রীভূতস্য হি যে জাতাঃ পুরুষস্যাথ যেঽভবন্ ॥৪৩॥
তাপসী তু ততঃ শক্রমুবাচ প্রযতাঞ্জলিঃ ।
স্ত্রীভূতস্য হি যে পুত্রাস্তে মে জীবন্তু বাসব ! ॥৪৪॥
ইন্দ্রস্তু বিস্মিতো দৃষ্ট্বা স্ত্রিয়ং পপ্রচ্ছ তাং পুনঃ ।
পুরুষোৎপাদিতা যে তে কথং দ্বেষ্যাঃ সুতাস্তব ॥৪৫॥
স্ত্রীভূতস্য হি যে জাতাঃ স্নেহস্তেভ্যোঽধিকঃ কথম্ ।
কারণং শ্রোতুমিচ্ছামি তন্মে বক্তুমিহার্হসি ॥৪৬॥

ভাবতকৌমুদী

ইন্দ্র ইতি। বার্জর্ষিঃ স্ত্রীভূতো ভঙ্গাস্বনঃ। ইষ্টঃ অনুষ্ঠিতঃ ॥৪১—৪২॥
পুত্রা ইতি। স্ত্রীভূতস্য পুরুষস্য চ তব ॥৪৩॥
তাপসীতি। প্রযতাঞ্জলিঃ কৃতাঞ্জলিঃ ॥৪৪॥
ইন্দ্র ইতি। বিস্মিতো বভূব, দৃষ্ট্বা তাদৃশেচ্ছাযুক্তাং বিজ্ঞায় ॥৪৫॥
স্ত্রীতি। তেভ্য ইতি তাদর্থ্যে চতুর্থী ॥৪৬॥

স্ত্রীভূত বাজর্ষি ভঙ্গাস্বন ইন্দ্রকে দেখিবা মস্তকদ্বাবা তাঁহাব চবণযুগল স্পর্শ কবিলেন (এবং বলিলেন—) দেবশ্রেষ্ঠ ! আপনি প্রসন্ন হউন, আমি পুত্র কামনা কবিযা সেই 'অগ্নিষ্টুত্' যজ্ঞেব অনুষ্ঠান কবিয়াছিলাম, দেববাজ ! আপনি আমাব উপবে সে বিষযে ক্ষমা করুন। ভঙ্গাস্বনেব প্রণিপাতে ইন্দ্র সন্তুষ্ট হইয়া তাঁহাকে বব দান কবিতে ইচ্ছা কবিলেন (এবং কহিলেন) --৪২॥

'বাজা আপনাব পুরুষত্বকালে যাহাবা জন্মিযাছিল এবং স্ত্রীত্ব স . য যাহাবা উৎপন্ন হইযাছিল, ইহাব কোন্ পুত্রগণ জীবিত হইবে, তাহা ~ ।পনি আমাব নিকট বলুন ॥৪৩॥

তাহাব পব তাপসী কৃতাঞ্জলি হইযা ইন্দ্রকে বলিল—"দেববাজ ! আমাব স্ত্রীত্ব সমযে যাহাবা জন্মিযাছিল, তাহাবাই জীবিত হউক" ॥৪৪॥

তখন ইন্দ্র তাপসীব মনোভাব জানিযা বিস্ময়াপন্ন হইলেন এবং তাহাকে পুনবায জিজ্ঞাসা কবিলেন—'আপনাব পুরুষত্বকালে যাহাবা জন্মিযাছিল, তাহাবা আপনাব বিদ্বেষেব পাত্র হইল কেন ? ॥৪৫॥

আপনাব স্ত্রীত্ব অবস্থায যাহাবা জন্মিযাছিল, তাহাদেব উপবে আপনাব

স্ত্র্যুবাচ।

স্ত্রিয়াস্ত্বভ্যধিকঃ স্নেহো ন তথা পুরুষস্য বৈ।
তস্মাত্তে শক্র। জীবন্তু যে জাতা স্ত্রীকৃতস্য বৈ ॥৪৭॥

ভীষ্ম উবাচ।

এবমুক্তস্ততস্ত্বিন্দ্রঃ প্রীতো বাক্যমুবাচ হ।
সর্ব্ব এবেহ জীবন্তু পুত্রাস্তে সত্যবাদিনি। ॥৪৮॥
বরঞ্চ বৃণু রাজেন্দ্র। যং ত্বমিচ্ছসি সুব্রত।।
পুরুষত্বমথ স্ত্রীত্বং মত্তো যদভিকাঙ্ক্ষসে ॥৪৯॥

স্ত্র্যুবাচ।

স্ত্রীত্বমেব বৃণে শক্র। পুংস্ত্বং নেচ্ছামি বাসব।।
এবমুক্তস্তু দেবেন্দ্রস্তাং স্ত্রিয়ং প্রত্যুবাচ হ ॥৫০॥
পুরুষত্বং কথং ত্যক্ত্বা স্ত্রীত্বং রোচয়সে বিভো।।
এবমুক্তঃ প্রত্যুবাচ স্ত্রীভূতো রাজসত্তমঃ ॥৫১॥

ভাবতকৌমুদী

স্ত্রিয়া ইতি। অভ্যধিকঃ স্নেহঃ স্বগর্ভজাতেষপত্যেষু ॥৪৭॥
এবমিতি। সর্ব্বে পুরুষত্বে স্ত্রীত্বে চ জাতাঃ ॥৪৮॥
বরমিতি। হে সুব্রত। সুষ্ঠু ধর্ম্মনিয়ম। মত্তো মম সকাশাৎ ॥৪৯॥
স্ত্রীত্বমিতি। স্ত্রীত্বম্ অস্তু স্ত্রীত্বস্য স্থায়িত্বম্ ॥৫০॥

অধিক স্নেহ কেন, ইহার কারণ আমি শুনিতে ইচ্ছা করি, তাহা আপনি আমার নিকট বলুন' ॥৪৬॥

তাপসী বলিল—'নিজের গর্ভজাত সন্তানের উপরে স্ত্রীলোকের যে প্রকার স্নেহ হয়, পুরুষের সে প্রকার হয় না। অতএব দেবরাজ। আমার স্ত্রীত্বকালে যাহারা জন্মিয়াছিল, তাহারাই জীবিত হউক ॥৪৭॥

ভীষ্ম বলিলেন—'তাপসী এইরূপ কহিলে ইন্দ্র সন্তুষ্ট হইয়া এই কথা কহিলেন—'সত্যবাদিনি! আপনার সমস্ত পুত্রই জীবিত হউক ॥৪৮॥

সুব্রত রাজশ্রেষ্ঠ। আপনি যে বর ইচ্ছা করেন, সেই বরই গ্রহণ করুন, আপনি পুরুষত্ব বা স্ত্রীত্ব ইহার যাহা ইচ্ছা করেন, তাহাই আমার নিকট হইতে গ্রহণ করিতে পারেন ॥৪৯॥

তাপসী বলিল—'দেবরাজ। আমি স্ত্রীত্বই গ্রহণ করিতে চাই, কিন্তু পুরুষত্ব ইচ্ছা করি না। তাপসী এইরূপ বলিলে—দেবরাজ তাহাকে বলিলেন ॥৫০॥

(৫১) স্ত্রীত্বং চোদয়সে বিভো। বঙ্গ।

স্ত্রিযাঃ পুরুষসংযোগে প্রীতিরভ্যধিকা সদা।
এতস্মাৎ কারণাচ্ছক্র! স্ত্রীত্বমেব বৃণোম্যহম্ ॥৫২॥
রমিতাভ্যধিকং স্ত্রীত্বে সত্যং বৈ দেবসত্তম!।
স্ত্রীভাবেন হি তুষ্যামি গম্যতাং ত্রিদশাধিপ! ॥৫৩॥
এবমস্ত্বিতি চোক্ত্বা তামাপৃচ্ছ্য ত্রিদিবং গতঃ।
এবং স্ত্রিযা মহারাজ! অধিকা প্রীতিরুচ্যতে ॥৫৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে ভঙ্গাস্বনোপাখ্যানে একাদশোঽধ্যায়ঃ ॥*॥

ভাবতকৌমুদী

পুরুষত্বমিতি। রোচযসে ইচ্ছসি। বিভো ইতি প্রকৃত্যপেক্ষয়া সম্বোধনম্ ॥৫১॥

স্ত্রিযা ইতি। প্রীতিরানন্দঃ অভ্যধিকা পুরুষাপেক্ষযা ॥৫২॥

রমিতেতি। স্ত্রীত্বে পুরুষাপেক্ষযা অভ্যধিকং রমিতা রমণং কর্ত্তা, অধিকরতিশক্তিঃ স্যাদিত্যর্থঃ ॥৫৩॥

এবমিতি। আপৃচ্ছ্য গচ্ছামীতি পৃষ্ট্বা ত্রিদিবং গত ইন্দ্রঃ ॥৫৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহা-ভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে একাদশোঽধ্যায়ঃ ॥*॥

ভাবতভাবদীপঃ

স্ত্রীভূতস্য মে মম ॥৩৭—৩৯॥ ইন্দ্রদ্বিষ্টেন অগ্নিষ্টুতা যজ্ঞেন ধিষ্ঠিতমধিষ্ঠিতং ক্রতুনিতি শেষঃ ॥৪০—৫১॥ অধ্যাযতাৎপর্য্যমাহ—স্ত্রিযা ইতি ॥৫২—৫৪॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

রাজা! আপনি পুরুষত্ব ত্যাগ করিযা স্ত্রীত্ব কামনা করিতেছেন কেন। ইন্দ্র এইরূপ বলিলে, স্ত্রীভূত রাজশ্রেষ্ঠ ভঙ্গাস্বন প্রত্যুত্তর করিলেন—॥৫১॥

'দেবরাজ! স্ত্রী ও পুরুষের সঙ্গমের সময়ে সর্ব্বদাই পুরুষ অপেক্ষা স্ত্রীর অত্যন্ত অধিক সুখ হয়। এই কারণেই আমি স্ত্রীত্বই বরণ করিতেছি ॥৫২॥

দেবশ্রেষ্ঠ! ইহাও সত্য যে, পুরুষ অপেক্ষা স্ত্রী অধিক রমণ করিতে পারে। এই জন্যই আমি পুরুষত্ব অপেক্ষা স্ত্রীত্ব অবস্থায় অধিক সন্তুষ্ট আছি। সে যাহা হউক, দেবরাজ! আপনি এখন যাইতে পারেন ॥৫৩॥

'ইহাই হউক' এই কথা বলিযা সেই তাপসীর নিকট জিজ্ঞাসা করিয়া ইন্দ্র স্বর্গে চলিয়া গেলেন। মহারাজ যুধিষ্ঠির! এই কারণেই আমরা স্ত্রী পুরুষ সঙ্গমে স্ত্রীরই অধিক সুখ হয ইহা বলিযা থাকি' ॥৫৪॥

---

(৫৩) রমে চৈবাভ্যধিকা স্ত্রীত্বে পি।

* 'দ্বাদশোঽধ্যাযঃ' বঙ্গ বর্দ্ধ, 'চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

দ্বাদশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

কিং কর্ত্তব্যং মনুষ্যেণ লোকযাত্রাহিতার্থিনা।
কথং বৈ লোকযাত্রাং তু কিং শীলশ্চ সমাচরেৎ ॥১॥

ভীষ্ম উবাচ।

কায়েন ত্রিবিধং কর্ম্ম বাচা চাপি চতুর্ব্বিধম্।
মনসা ত্রিবিধং চৈব দশকর্ম্মপথাংস্ত্যজেৎ ॥২॥
প্রাণাতিপাতঃ স্তৈণ্যঞ্চ পরদারানথাপি চ।
ত্রীণি পাপানি কায়েন সর্ব্বতঃ পরিবর্জ্জয়েৎ ॥৩॥

ভাবতকৌমুদী

কিমিতি। ঐহিকী পারলৌকিকী চাবস্থা লোকযাত্রা তস্যাঃ হিতার্থিনা ॥১॥

কায়েনেতি। এতদ্বিবরণং পরশ্লোকৈনেবোক্তম্ ॥২॥

প্রাণেতি। প্রাণানামতিপাতো হিংসা, স্তৈন্যং চৌর্য্যং পরদারান্ অভিগমনঞ্চেতি শেষঃ ॥৩॥

ভাবতভাবদীপঃ

তদেবং গৌতমীসুদর্শনশুকপ্রভৃতীনামাখ্যানৈর্যদৃচ্ছোপগতেষু দুঃখেষ্বনুদ্বিগ্নমনা অতিথিভক্ত আনৃশংস্যাদিধর্ম্মবান্ শ্রিযং প্রাপ্নোতি, তস্যাশ্চ ফলং কামঃ ইন্দ্রিয়প্রীতিরূপঃ, সা চ স্ত্রীণামেব ভূয়সী পুংসম্বল্পতরেত্যেতাবতা গ্রন্থেনোক্তম্। তমিমং কামং তুচ্ছীকৃত্য পরমসুখাবাপ্তিকামস্য পূর্ব্বোক্তানুদ্বেগাদীনুপাসীনস্য বক্ষ্যমাণবিধিনা পরমেশ্বরমারাধয়িষ্যতো হেয়ং দোষজাতং বক্তুময়মধ্যায আরভ্যতে—কিমিতি। লোকযাত্রা ঐহিকশিষ্টব্যবহারঃ, হিতং চ পারলৌকিকং শ্রেয়স্তদর্থিনা কিং কর্ত্তব্যং কিমবশ্যমনুষ্ঠেয়ম্। লোকযাত্রাং লোকদ্বয়শ্রেয়ঃসাধনম্ ॥১॥ কর্ম্মপথান্

যুধিষ্ঠিব বলিলেন—'জীবনযাত্রাহিতার্থী মানুষেব কি কর্ত্তব্য, অর্থাৎ মানুষ কিপ্রকাবে এবং কিপ্রকাব স্বভাব অবলম্বন কবিয়া জীবনযাত্রা নির্ব্বাহ কবিবে?' ॥১॥

ভীষ্ম বলিলেন—'মানুষ দেহদ্বাবা ত্রিবিধ, বাক্যদ্বাবা চতুর্ব্বিধ এবং মনদ্বাবা ত্রিবিধ, এই দশবিধ কর্ম্ম ত্যাগ কবিবে ॥২॥

প্রাণহিংসা, চৌর্য্য ও পবদাবগমন এই তিনটী পাপকর্ম্ম সর্ব্বপ্রকাবে দেহদ্বাবা বর্জ্জন কবিবে ॥৩॥

অসৎ প্রলাপং পারুষ্যং পৈশুন্যমনৃতং তথা ;
চত্বারি বাচা রাজেন্দ্র ! ন জল্পেন্নানুচিন্তয়েৎ ॥৪॥
অনভিধ্যা পরস্বেষু সর্ব্বসত্ত্বেষু সৌহৃদম্ ।
কর্ম্মণাং ফলমস্তীতি ত্রিবিধং মনসা চরেৎ ॥৫॥
তস্মাদ্‌বাক্কায়মনসা নাচরেদশুভং নরঃ ।
শুভাশুভান্যাচরন্ হি তস্য তস্যাশ্নুতে ফলম্ ॥৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে লোকযাত্রাকথনে দ্বাদশোঽধ্যায়ঃ ॥*॥

ভারতকৌমুদী

অসদিতি। অসৎপ্রলাপং কুৎসাকথনম্, পারুষ্যং নিষ্ঠুরবাক্যং, পৈশুন্যং খলতাপ্রকাশনম্ অনৃতং মিথ্যাভাষণম্। জল্পেৎ বদেৎ ॥৪॥

অনভীতি। অনভিধ্যা দ্বেষভাবেনাচিন্তনম্, পরস্বেষু পরদ্রব্যেষু, সর্ব্বসত্ত্বেষু সকলপ্রাণিষু। কর্ম্মণাং সন্ধ্যাবন্দনাদীনাং ফলমস্তীতি বিশ্বাস ইতি শেষঃ ॥৫॥

তস্মাদিতি। অশুভং অশুভজনকং পাপং তস্য শুভস্য ফলং সুখম্, তস্য অশুভস্য ফলং দুঃখম্ ॥৬॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে দ্বাদশোঽধ্যায়ঃ ॥*॥

ভারতভাবদীপঃ

স্বাভাবিককর্ম্মমার্গান্ ॥২॥ প্রাণাতিপাতো হিংসা ॥৩॥ অসৎপ্রলাপং গ্রাম্যবার্ত্তাদিম্। পারুষ্যং নিষ্ঠুরভাষণম্। পৈশুন্যং বাজদ্বারাদৌ পরদোষসূচনম্। অনৃতং মিথ্যাবাদঃ পরপীড়াকরঃ। মনসাপ্যেবং বদিষ্যামীতি নানুচিন্তয়েৎ ॥৪॥ অনভিধ্যেতি শ্লোকেন "পরদ্রব্যেষ্বভিধ্যানং পরস্যানিষ্টচিন্তনম্। বেদবাদেষু নাস্তিক্য'মিতি ত্রীণি ত্যাজ্যানি লক্ষয়েৎ। দশ ত্যজেদিত্যুপক্রমাৎ ॥৫॥ শুভমহিংসাদ্যাস্তিক্যান্তম্, অশুভং হিংসাদি নাস্তিক্যান্তম্, ফলমুভয়ং দুঃখাদি স্বর্গনরকান্তম্ ॥৬॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

রাজশ্রেষ্ঠ! কুৎসাভাষণ, নিষ্ঠুর কথা, খলতাপ্রকাশ ও মিথ্যাকথন এই চারিটী কর্ম্ম বাগিন্দ্রিয়দ্বারা বলিবে না' এবং এইগুলি করার চিন্তাও করিবে না ॥৪॥

বিদ্বিষ্টভাবে পরদ্রব্যের চিন্তা না করা সকল প্রাণীর প্রতি সৌহার্দ্দ এবং বৈধকর্ম্মের ফল আছে এই বিশ্বাস, এই তিনটী কর্ম্ম মনদ্বারা করিবে ॥৫॥

---

* 'এয়োদশোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, 'পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

ত্বযাপগেয! নামানি শ্রুতানীহ জগৎপতেঃ।
পিতামহেশায বিভো! নাম্নান্যাচক্ষ্ব শম্ভবে ॥১॥
বভ্রবে বিশ্বরূপায মহাভাগ্যঞ্চ তত্ত্বতঃ।
সুরাসুরগুরৌ দেবে শঙ্করেঽব্যক্তযোনযে ॥২॥

ভীষ্ম উবাচ।

অশক্তোঽহং গুণান্ বক্তুং মহাদেবস্য ধীমতঃ।
যো হি সর্ব্বগতো দেবো ন চ সর্ব্বত্র দৃশ্যতে ॥৩॥

ভাবতকৌমুদী

ত্বযেতি। আপগাযা নদ্যা গঙ্গাযা অপত্যমিত্যাপগেয স্তৎ সম্বোধনম্। পিতামহস্য ব্রহ্মণোঽপি ঈশায ঈশ্বরায। অত্র ষষ্ঠ্যর্থে চতুর্থী। অন্যত্রাপ্যেবম্ ॥১॥

বভ্রব ইতি। বভ্রবে পিঙ্গলজটায, মহাভাগ্যং মহৈশ্বর্য্যঞ্চ আচক্ষ্বেত্যনুবৃত্তিঃ। সপ্তমীত্রয়মপি ষষ্ঠ্যর্থে, অব্যক্তস্য প্রকৃতেরপি যোনযে কাবণায ॥২॥

ভাবতভাবদীপঃ

অশুভানি পরিত্যজ্য শুভান্যাচবতা যজ্ঞপ্তব্যং তজ্জানন্ স্বযমেব পৃচ্ছতি—ত্বযেতি। আপগেয গাঙ্গেয, পিতামহস্যাপি ঈশায অন্তর্যামিণে, সর্ব্বত্র ষষ্ঠ্যর্থে চতুর্থী। শং সুখং ভবত্যস্মাদিত্যানন্দাযেত্যর্থঃ ॥১॥ বভ্রবে বিশালায। "বভ্রুর্বৈশ্বানর ইত্যাদির্বিশালে পিঙ্গলেঽন্যবদিতি" মেদিনী। মহাভাগ্যমৈশ্বর্য্যং গুবাবিত্যাদিঃ, সপ্তম্যপি ষষ্ঠ্যর্থে। অব্যক্তং জগৎ

অতএব মানুষ বাক্য, দেহ ও মনদ্বাবা পাপকর্ম্ম আচবণ কবিবে না। কাবণ, পুণ্যকর্ম্ম কবিলে তাহাব ফল সুখ এবং পাপকর্ম্ম কবিলে, তাহাব ফল দুঃখভোগ কবিযা থাকে' ॥৬॥

—ঃ*ঃ—

যুধিষ্ঠিব বলিলেন—'প্রভাবশালী গঙ্গানন্দন! আপনি জগদীশ্বব এবং ব্রহ্মাবও নিযন্তা মহাদেবেব নাম সকল শ্রবণ কবিযাছেন, সেই সকল নাম আমাব নিকটে বলুন ॥১॥

যিনি পিঙ্গলজটাধাবী, বিশ্বরূপ, দেবগণ ও অসুবগণেব গুরু এবং যিনি প্রকৃতিবও কাবণ, সেই মহাদেবেব মহৈশ্বর্য্যও যথাযথভাবে কীর্ত্তন করুন' ॥২॥

ব্রহ্মবিষ্ণুসুরেশানাং স্রষ্টা চ প্রভুরেব চ।
ব্রহ্মাদয়ঃ পিশাচান্তা যং হি দেবা উপাসতে ॥৪॥
প্রকৃতীনাং পরত্বেন পুরুষস্য চ যঃ পরঃ।
চিন্ত্যতে যো যোগবিদ্ভিঋ্ষিভিস্তত্ত্বদর্শিভিঃ।
অক্ষরং পরমং ব্রহ্ম অসচ্চ সদসচ্চ যঃ ॥৫॥
প্রকৃতিং পুরুষঞ্চৈব ক্ষোভয়িত্বা স্বতেজসা।
ব্রহ্মাণমসৃজত্তস্মাদ্দেবদেবঃ প্রজাপতিঃ ॥৬॥

ভাবতকৌমুদী

অশক্ত ইতি। সর্ব্বগতঃ সর্ব্বব্যাপী ব্রহ্মরূপত্বাৎ "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, অথচ সর্ব্বত্র ন দৃশ্যতে নিরাকারত্বাৎ ॥৩॥

ব্রহ্মেতি। সুরেশো দেবরাজ ইন্দ্রঃ ॥৪॥

প্রকৃতীনামিতি। প্রকৃতীনাং প্রধানমহদাদীনাম্, পরত্বেন শ্রেষ্ঠত্বেন যশ্চিন্ত্যতে। অক্ষরমনশ্বরম্, অসৎ নিরাকারতয়া অবিদ্যমানমিব, সৎ জগৎকারণতয়া চিরমেব বিদ্যমানম্, পুনরসচ্চ কার্য্যরূপতয়া কারণব্যাপারাৎ পূর্ব্বমবিদ্যমানঞ্চ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫॥

ভাবতভাবদীপঃ

কারণমব্যাকৃতাখ্যং তস্য যোনয়ে উৎপত্তিপ্রলয়স্থানায় ॥২॥ যো হীতি। সর্ব্বগতঃ সর্ব্বোপাদানত্বাৎ সর্ব্বত্র ন দৃশ্যতে দৃষ্মাত্রশরীরত্বাদাত্মত্বাচ্চ ॥৩॥ ব্রহ্মা বিরাট্, বিষ্ণুঃ সূত্রাত্মা, সুরেশঃ প্রাজ্ঞস্তেষাং স্রষ্টা উপাদানম্, প্রভুর্নিমিত্তম্, উপাসতে স্বস্বোপাধিত্যাগেনাধিগচ্ছন্তি ॥৪॥ প্রকৃতীনাং পঞ্চতন্মাত্রাহঙ্কারমহদব্যক্তানাং বিশ্বকারণানাম্, পুরুষস্য জীবাৎ ভোক্তুরিত্যর্থঃ পঞ্চম্যর্থে ষষ্ঠী। "ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ। মনসস্তু পরা বুদ্ধির্বুদ্ধেরাত্মা মহান্ পরঃ। মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎ পুরুষঃ পরঃ। পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতি"রিতি, "আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তেত্যাহুর্ম্মনীষিণ" ইতি চ শ্রুতেভ্যস্তেভ্যঃ পরঃ নিষ্কলঃ। চিন্ত্যতে "ন কিঞ্চিদপি চিন্তয়ে"দিতি স্মৃতেঃ সর্ব্বচিন্তাত্যাগেন প্রাপ্যতে, যোগবিদ্ভিঃ যোগো বুদ্ধ্যাত্মসঙ্গস্তদ্বিদ্ভিঃ, অক্ষরমপরিণামি, পরমং ব্রহ্ম অত্যন্তং পরিচ্ছেদত্রয়শূন্যং

ভীষ্ম বলিলেন—'জ্ঞানী মহাদেবের গুণ বলিতে আমি সমর্থ নহি, যিনি সর্ব্বব্যাপী হইয়াও সর্ব্বত্র দৃষ্টিগোচর হন না ॥৩॥

যিনি ব্রহ্মা, বিষ্ণু এবং ইন্দ্রেরও সৃষ্টিকর্ত্তা ও প্রভু, আর ব্রহ্মা হইতে পিশাচ পর্য্যন্ত সমস্ত দেবতা যাঁহার উপাসনা করেন ॥৪॥

যোগী ও তত্ত্বদর্শী ঋষিরা যাঁহাকে প্রকৃতি হইতেও শ্রেষ্ঠরূপে এবং পুরুষ হইতেও প্রধানভাবে ধ্যান করেন, আর যিনি অনশ্বর, পরব্রহ্ম, নিরাকার বলিয়া অবিদ্যমানরূপে প্রতীয়মান হন, কারণরূপে বিদ্যমান আছেন এবং কার্য্যরূপে অবিদ্যমান থাকেন ॥৫॥

কো হি শক্তো গুণান্ বক্তুং দেবদেবস্য ধীমতঃ।
গর্ভজন্মজরাযুক্তো মর্ত্ত্যো মৃত্যুসমন্বিতঃ ॥৭॥
কো হি শক্তো ভবং জ্ঞাতুং মদ্বিধঃ পরমেশ্বরম্।
ঋতে নারায়ণাৎ পুত্র! শঙ্খচক্রগদাধরাৎ ॥৮॥
এষ বিদ্বান্ গুণশ্রেষ্ঠো বিষ্ণুঃ পরমদুর্জ্জয়ঃ।
দিব্যচক্ষুর্ম্মহাতেজা বীক্ষতে যোগচক্ষুষা ॥৯॥
রুদ্রভক্ত্যা তু কৃষ্ণেন জগদ্ব্যাপ্তং মহাত্মনা।
তং প্রসাদ্য তদা দেবং বদর্য্যাং কিল ভারত! ॥১০॥

ভারতকৌমুদী

প্রকৃতিমিতি। প্রজাপতির্লোকরক্ষকঃ, দেবদেবো মহাদেবঃ, স্বতেজসা নিজপ্রভাবেন, প্রকৃতিং সাম্যাবস্থাপন্নং প্রধানম্, সাংখ্যোক্তং পুরুষঞ্চ, ক্ষোভযিত্বা সঞ্চাল্য, তস্মাৎ তদুভয়তঃ ব্রহ্মাণং মহত্তত্ত্বমসৃজৎ ॥৬॥

ক ইতি। কো হি শক্তঃ কোঽপি নেত্যর্থঃ, গর্ভাদিযুক্ততযা অচিরস্থাযিত্বাৎ দেবদেবগুণানাঞ্চানন্ততযা চিরবক্তব্যত্বাদিতি ভাবঃ ॥৭॥

ক ইতি। ভবত্যস্মাদিতি ভবো জগৎকারণম্ ॥৮॥

এষ ইতি। বীক্ষতে তং মহেশ্বরং পশ্যতি ॥৯॥

ভারতভাবদীপঃ

তদেবাসদব্যাকৃতদ্রব্যং ' কারণং সদ্রজ্জুসর্পবদ্ভাসমানমপ্যসদনির্ব্বচনীযমিত্যর্থঃ ॥৫॥ প্রকৃতিং মায়াম্, পুরুষং তত্র প্রতিবিম্বিতং চৈতন্যং মাযাশবলমব্যাকৃতমিত্যর্থঃ। ক্ষোভযিত্বা প্রাণিকর্ম্মানুরোধেন সাম্যাবস্থাতঃ প্রচ্যাব্য স্বতেজসা স্বসত্তাস্ফূর্ত্তিপ্রদানেন ব্রহ্মাণং মহান্তমসৃজৎ। তস্মান্মহতঃ সকাশাদ্দেবানাং সূর্য্যাদীনাং দেবঃ স্বামী প্রজাপতিশ্চতুর্ম্মুখোঽভবদিতি শেষঃ ॥৬॥ যঃ অসৃজত্তস্য গুণান্ বক্তুং কঃ শক্তঃ ইতি যোজনা। ধীমতঃ ধিযা বুদ্ধ্যাহমিতি মতো জ্ঞাতোঽহম্প্রত্যযগম্যো জীব ইত্যর্থঃ। নহি বুদ্ধ্যাদিপরিচ্ছিন্নস্তদগোচরং ব্রহ্ম পরিচ্ছেত্তুমীষ্টে

লোকরক্ষক মহাদেব আপনপ্রভাবে প্রকৃতি ও পুরুষকে ক্ষুব্ধ করিয়া সেই দুই হইতে ব্রহ্মাকে (মহত্তত্ত্বকে) সৃষ্টি করিয়াছিলেন ॥৬॥

গর্ভ, জন্ম, জরা ও মৃত্যুযুক্ত কোন্ মানুষ সেই জ্ঞানী মহাদেবের গুণ বলিতে সমর্থ হইবে? ॥৭॥

পুত্র যুধিষ্ঠির! শঙ্খচক্রগদাধারী নারায়ণ ব্যতীত, আমার মত কোন্ লোক জগতের উৎপাদক সেই পরমেশ্বরকে জানিতে সমর্থ হইবে? ॥৮॥

বিদ্বান, গুণশ্রেষ্ঠ, অত্যন্ত দুর্জ্জয়, দিব্যচক্ষু ও মহাতেজা এই বিষ্ণুই যোগনয়ন দ্বারা সেই পরমেশ্বরকে দেখিযা থাকেন ॥৯॥

---

(৯) এষ বিদ্বান্ যতুশ্রেষ্ঠঃ পি।

অর্থাৎ প্রিয়তরত্বঞ্চ সর্ব্বলোকেষু বৈ তদা।
প্রাপ্তবানেব রাজেন্দ্র ! সুবর্ণাক্ষান্মহেশ্বরাৎ ॥১১॥
পূর্ণং বর্ষসহস্রং তু তপ্তবানেষ মাধবঃ।
প্রসাদ্য বরদং দেবং চরাচরগুরুং শিবম্ ॥১২॥
যুগে যুগে তু কৃষ্ণেন তোষিত বৈ মহেশ্বরঃ।
ভক্ত্যা পরময়া চৈব প্রীতশ্চৈব মহাত্মনঃ ॥১৩॥
ঐশ্বর্য্যং যাদৃশং তস্য জগদ্‌যোনের্ম্মহাত্মনঃ।
তদয়ং দৃষ্টবান্ সাক্ষাৎ পুত্রার্থে হরিরচ্যুতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

রুদ্রেতি। তং রুদ্রম্, বদর্য্যাং বদরিকাশ্রমে ॥১০॥

অর্থাদিতি। হে রাজেন্দ্র। তদা সর্ব্বলোকেষু, সুবর্ণবৎ অক্ষি অগ্নিময়ং নয়নং যস্য তস্মাৎ মহেশ্বরাৎ তদনুগ্রহাৎ, অর্থাৎ ধনাদপি প্রিয়তরত্বং প্রাপ্তবান্ কৃষ্ণ ইতি বিভক্তিবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১১॥

পূর্ণমিতি। এষ ইত্যঙ্গুল্যা নির্দ্দিষ্টঃ, মাধবঃ কৃষ্ণঃ ॥১২॥

যুগ ইতি। মহাত্মনঃ কৃষ্ণস্য সম্বন্ধে স মহেশ্বরঃ প্রীতশ্চ ॥১৩॥

ঐশ্বর্য্যমিতি। তস্য মহেশ্বরস্য। অচ্যুতোঽধ্যবসায়াদভ্রষ্টঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥৭—৯॥ ভক্ত্যা আরাধনেন ব্যোমাষ্টমূর্ত্তের্ধ্যানেন তদ্ভাবং গত্বা জগদ্ব্যাপ্তমিত্যর্থঃ ॥১০॥ অর্থাদিতি। অর্থ্যত ইত্যর্থো ভোগ্যবস্তুজাতং তাবৎ প্রিয়ং ততোঽপি প্রিয়তরঃ প্রত্যগাত্মা তত্ত্বং সর্ব্বেষামন্তরাত্মত্বং প্রাপ্ত ইত্যর্থঃ। "ব্রহ্মবিদ্ ব্রহ্মৈব ভবতী"তি শ্রুতেস্তাদাত্ম্যং প্রাপ্ত ইতি ভাবঃ। অন্নাদিতি পাঠেঽপি স এবার্থঃ। সুবর্ণাক্ষাদ্দিব্যদৃষ্টেঃ ॥১১॥ শিবং প্রসাদ্য তপ্তবান্ তপোঽপি শিবপ্রসাদং বিনা কর্ত্তুং দুঃশকমিত্যর্থঃ ॥১২॥ তোষোঽলম্বুদ্ধিঃ, প্রীতিঃ

ভরতনন্দন ! মহাত্মা কৃষ্ণ তখন বদরিকাশ্রমে আপন ভক্তির গুণে সেই রুদ্রদেবকে প্রসন্ন করিয়া জগৎ ব্যাপ্ত করিতে পারিয়াছেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ ! এই কৃষ্ণ অগ্নিনেত্র মহাদেবের অনুগ্রহে তদবধি সমগ্র জগতে অর্থ অপেক্ষাও প্রিয়তরত্ব প্রাপ্ত হইয়াছেন ॥১১॥

এই কৃষ্ণ চরাচর গুরু ও বরদাতা মহাদেবকে প্রসন্ন করিবার জন্য পূর্ণ এক সহস্র বৎসর তপস্যা করিয়াছিলেন ॥১২॥

এই কৃষ্ণ পরম ভক্তিদ্বারা প্রত্যেক যুগেই মহাদেবকে সন্তুষ্ট করেন এবং তিনিও এই মহাত্মার উপরে সন্তুষ্ট হন ॥১৩॥

জগতের কারণ মহাত্মা মহাদেবের যে প্রকার ঐশ্বর্য্য রহিয়াছে, এই অচ্যুত কৃষ্ণ পুত্রার্থে তপস্যা করিতে থাকিয়া সেই ঐশ্বর্য্য প্রত্যক্ষ দেখিয়াছেন ॥১৪॥

যস্মাৎ পরতরঞ্চৈব নান্যং পশ্যামি ভারত ! ।
ব্যাখ্যাতুং দেবদেবস্য শক্তো নামান্যশেষতঃ ॥১৫॥
এষ শক্তো মহাবাহুর্বক্তুং ভগবতো গুণান্ ।
বিভূতিঞ্চৈব কার্ৎস্ন্যেন সত্যাং মাহেশ্বরীং নৃপ ! ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা তদা ভীষ্মো বাসুদেবং মহাযশাঃ ।
ভবমাহাত্ম্যসংযুক্তমিদমাহ পিতামহঃ ॥১৭॥

ভীষ্ম উবাচ।

সুরাসুরগুরো ! দেব ! বিষ্ণো ! ত্বং বক্তুমর্হসি ।
শিবায় বিশ্বরূপায় যন্মাং পৃচ্ছদ্যুধিষ্ঠিরঃ ॥১৮॥

ভারতকৌমুদী

যস্মাদিতি। যস্মাৎ কৃষ্ণাৎ, পরতরং শ্রেষ্ঠতরম্। স কৃষ্ণএব শক্তঃ ॥১৫॥
এষ ইতি। বিভূতিমৈশ্বর্য্যম্, কার্ৎস্ন্যেন সাকল্যেন ॥১৬॥
এবমিতি। ভবস্য মহাদেবস্য মাহাত্ম্যসংযুক্তম্ ॥১৭॥
সুরেতি। শিবায় ইতি ষষ্ঠ্যর্থে চতুর্থী। পৃচ্ছাদিত্যডাগমাভাব আর্ষঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

প্রসাদোন্মুখত্বম্, তদ্ভবং প্রাপিতঃ ॥১৩॥ পুত্রঃ শাম্বস্তৎপ্রাপ্ত্যর্থং তপস্যন্ ॥১৪॥ যস্মাদৈশ্বর্য্যাৎ, নমস্ত্যেভিরীশ্বরং ভক্তা ইতি নামানি, শাস্তবান্ মন্ত্রান্ ব্যাখ্যাতুমর্থতো বিবরীতুম্ ॥১৫॥ তত্র হেতুঃ—যতো গুণান্ বক্তুং শক্ত ইতি। বিভূতিমৈশ্বর্য্যং কার্ৎস্ন্যেন গুণজ্ঞানং স্বা”ত্মনো বা অরে দর্শনেন শ্রবণেন মত্যা বিজ্ঞানেনেদং সর্ব্বং বিদিত”মিতি শ্রুতেরাত্মজ্ঞস্যৈব ভবতি তথাবিধোঽয়মেব ন ত্বন্য ইত্যর্থঃ ॥১৬—১৭॥ বিষ্ণুরূপায়েত্যনেন শিবাভিন্নো বিষ্ণুরেব শিবস্য গুণান্ বক্তুমীষ্টে তয়োরৈকাত্ম্যাৎ, ভিন্নত্বে তু লোকেঽপীতরগুণানিতরো ন জানাতি কিমুত ঈশ্বরস্যেতি ভাবঃ। বিশ্বরূপায়েতি পাঠেঽপি বিশ্বং বিষ্ণুরেব। “নারায়ণঃ সর্ব্বমিদং পুরাণঃ

ভরতনন্দন। আমি যাঁহা হইতে শ্রেষ্ঠ অন্য ব্যক্তিকে দেখি না, সেই কৃষ্ণই দেবদেব মহাদেবের সমস্ত নাম বলিতে সমর্থ হইবেন ॥১৫॥

রাজা। এই মহাবাহু কৃষ্ণ ভগবান্ মহাদেবের গুণ ও যথার্থ ঐশ্বর্য্য সমস্ত বলিতে সমর্থ ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহাযশা পিতামহ ভীষ্ম এইরূপ বলিয়া, তখন কৃষ্ণকে মহাদেবের মাহাত্ম্যবিষয়ে এই কথা বলিলেন—॥১৭॥

ভীষ্ম বলিলেন—‘সুরাসুরগুরু দেব নারায়ণ! যুধিষ্ঠির আমাকে যাহা

(১৮) শিবায় বিষ্ণুরূপা বঙ্গ বর্দ্ধ।

নাম্নাং সহস্রং দেবস্য তণ্ডিনা ব্রহ্মযোনিনা।
নিবেদিতং ব্রহ্মলোকে ব্রহ্মণো যৎ পুরাভবৎ ॥১৯॥
দ্বৈপায়নপ্রভৃতয়স্তথা চেমে তপোধনাঃ।
ঋষয়ঃ সুব্রতাঃ দান্তাঃ শৃণ্বন্তু গদতস্তব ॥২০॥
ধ্রুবায় নন্দিনে হোত্রে গোপ্ত্রে বিশ্বসৃজেঽগ্নয়ে।
মহাভাগ্যং বিভোর্ব্রূহি মুণ্ডিনেঽথ কপর্দ্দিনে ॥২১॥

ভাবতকৌমুদী

নাম্নামিতি। তণ্ডিনা তদাখ্যেন মুনিনা ॥১৯॥

দ্বৈপায়নেতি। দ্বৈপায়নপ্রভৃতয়ো ব্যাসাদয়ঃ। দান্তা জিতেন্দ্রিয়াঃ ॥২০॥

ধ্রুবায়েতি। ধ্রুবায় নিত্যায়, নন্দিনে নিত্যানন্দযুক্তায়, হোত্রে যজমানরূপায়, গোপ্ত্রে রক্ষকায়, মুণ্ডিনে মুণ্ডমালাধারিনে, কপর্দ্দিনে জটাজুটযুক্তায় সর্ব্বত্র ষষ্ঠ্যর্থে চতুর্থী। মহাভাগ্যং মহৈশ্বর্য্যম্ ॥২১॥

ভাবতভাবদীপঃ

নারায়ণ এবেদং সর্ব্বম্। বিশ্বং বিষ্ণু”রিত্যাদিশ্রুতিস্মৃতিভ্যঃ। পৃচ্ছদপৃচ্ছৎ ॥১৮॥ নাম্নামিতি যদ্যপি মোক্ষধর্ম্মেষু শিবসহস্রনামস্তোত্রমুক্তমত এতৎকথনমনর্থকপ্রায়ং তথাপি তত্র চতুরধিকানি ষট্‌শতানি নামানি সন্তি তেষামুক্তসংখ্যাপূরণমপি তত্রৈব ত্রিসুপর্ণং তথাব্রহ্ম যজুষাং শতরুদ্রিয়মিতি বাক্যাত্তত্রৈব শ্রুতাস্ত্রিসুপর্ণশতরুদ্রিয়াভ্যামুক্তমতস্তৎ স্তোত্রং মোক্ষাধিকারপাঠাৎ বেদমন্ত্রগর্ভত্বাচ্চ নাত্রৈবর্ণিকস্য ব্রহ্মলোকান্তফলার্থিনো ধ্যেয়ম্। যুক্তমিতি। এতদ্দানধর্ম্মপ্রসঙ্গাৎ কাম্যম্, “বেদান্ কৃৎস্নান্ ব্রাহ্মণঃ প্রাপ্নুয়াত্তু, জপন্ নৃপঃ পার্থমহীং চ কৃৎস্নাম্। বৈশ্যো লাভং প্রাপ্নুয়ান্নৈপুণং চ শূদ্রো গতিং প্রেত্য তথা সুখং চে”ত্যুপসংহারাৎ সর্ব্ববর্ণাধিকারিকং চ ততঃ পৃথক্ পঠিতম্। এবং বিশ্বং বিষ্ণুর্ব্বষট্‌কার ইত্যাদিবিষ্ণুসহস্রনামাপি জ্ঞেয়ম্। তত্রাপি “শূদ্রঃ সুখমবাপ্নুয়া”দিত্যন্তে শ্রবণাৎ ন তেনৈতদ্গতার্থমিতি পুনরত্রাপি শিবারাধনমুক্তমিত্যাশয়ঃ ॥১৯—২০॥ ধ্রুবায় কূটস্থায়, নন্দিনে আনন্দময়ায়, হোত্রে কর্ত্তৃরূপায়, বিজ্ঞানময়ায়, গোপ্ত্রে কর্ম্মফলপ্রদানদ্বারা রক্ষিত্রে, বিশ্বসৃজে দক্ষাদিরূপায় অগ্নয়ে গার্হপত্যাদিরূপায়, ষষ্ঠ্যর্থে চতুর্থীঃ। মহাভাগ্যমৈশ্বর্য্যম্। মুণ্ডিনে বস্তুতো নিশ্চূডায়, কপর্দ্দিনে উপাধিতশ্চূডাবতে। অয়ং ভাবঃ, “তদা দ্রষ্টুঃ স্বরূপেঽবস্থানং বৃত্তিসারূপ্যমিতরত্রে”তি যোগসূত্রাভ্যাং যদা সর্ব্বাসাং চিত্তবৃত্তীনাম-

জিজ্ঞাসা করিয়াছেন, বিশ্বরূপী মহাদেবের সেই মাহাত্ম্য আপনি বলিতে পারেন ॥১৮॥

পূর্ব্বকালে ব্রহ্মার পুত্র তণ্ডি ব্রহ্মলোকে ব্রহ্মার নিকটে মহাদেবের যে সহস্র নাম বলিয়াছিলেন ॥১৯॥

আপনি বলিতে লাগিলে তপোধন, নিয়মনিষ্ঠ ও জিতেন্দ্রিয় বেদব্যাসপ্রভৃতি এই ঋষিরা তাহা শ্রবণ করুন ॥২০॥

(২০) তথান্যে যে তপোধনাঃ পি।

বাসুদেব উবাচ।

ন গতিঃ কর্ম্মণাং শক্যা বেত্তুমীশস্য তত্ত্বতঃ।
হিরণ্যগর্ব্ভপ্রমুখা দেবাঃ সেন্দ্রা মহর্ষয়ঃ ॥২২॥
ন বিদুর্যস্য ভবনমাদিত্যাঃ সূক্ষ্মদর্শিনঃ।
স কথং নরমাত্রেণ শক্যো জ্ঞাতুং সতাং গতিঃ ॥২৩॥ (যুগ্মকম্)
তস্যাহমসুরঘ্নস্য কাংশ্চিদ্ভগবতো গুণান্।
ভবতাং কীর্ত্তয়িষ্যামি ব্রতেশায় যথাতথম্ ॥২৪॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা তু ভগবান্ গুণাংস্তস্য মহাত্মনঃ।
উপস্পৃশ্য শুচির্ভূত্বা কথয়ামাস ধীমতঃ ॥২৫॥

ভাবতকৌমুদী

নেতি। গতিৰবস্থা। ঈশস্য শিবস্য। ভবনমাশ্রয়ম্, আদিত্যা সূর্য্যাঃ। গতিবাশ্রয়-ভূতঃ ॥২২—২৩॥

তস্যেতি। ব্রতেশায় যোগেশ্বরায়। ষষ্ঠ্যর্থে চতুর্থী ॥২৪॥

এবমিতি। উপস্পৃশ্য আচম্য। ধীমতো জ্ঞানিগণস্য সমীপে ॥২৫॥

ভাবতভাবদীপঃ

ভাবস্তদা চিতির্নিশ্চলেব স্বরূপমাত্রেণাবতিষ্ঠতে যদা তু তত্তদ্বৃত্তিসারূপ্যং ভজতে তদা চূড়াবতী বিশেষবিজ্ঞানরূপা ভবতীতি, তদিদমুক্তং মুণ্ডিনেঽথ কপর্দিনে ইতি ॥২১—২২॥ ভবনং হার্দ্দাকাশাখ্যম্, "শম্ভুরাকাশমধ্য" ইতি শ্রুতেঃ। আদিত্যা ইন্দ্রিয়াখ্যা দেবাঃ, নিধনমাদিং বেতি, পাঠে লয়মুদয়ং চেত্যর্থঃ ॥২৩॥ ব্রতেশায় ব্রতপূর্ব্বকাণাং যজ্ঞাদীনাং ফলপ্রদাত্রে ॥২৪॥

কৃষ্ণ! নিত্য, আনন্দরূপী, যজমানস্বরূপ, জগতের সৃষ্টিকর্ত্তা ও রক্ষক, অগ্নি-মূর্ত্তি, মুণ্ডমালাধারী ও জটাযুক্ত প্রভু মহাদেবের মাহাত্ম্য আপনি বলুন ॥২১॥

কৃষ্ণ বলিলেন—'যথাযথভাবে মহাদেবের কর্ম্মের গতি বুঝিতে কেহই সমর্থ নহে। সূক্ষ্মদর্শী ব্রহ্মা ও ইন্দ্রপ্রভৃতি দেবগণ, মহর্ষিগণ ও আদিত্যগণ যাঁহার স্বরূপ জানেন না, সেই সজ্জনের গতি মহাদেবকে কেবল মানুষ কিপ্রকারে জানিতে সমর্থ হইবে?॥২২—২৩॥

সেই অসুর-হন্তা ও যোগেশ্বর 'ভগবান্ মহাদেবের কতিপয় গুণ আমি আপনাদের নিকটে যথাযথভাবে কীর্ত্তন করিব' ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—'এই কথা বলিয়া ভগবান্ কৃষ্ণ আচমন করিয়া

---

(২৩) ন বিদুর্যস্য নিধনমাদিংবা সূক্ষ্মদর্শিনঃ পি নি।

বাসুদেব উবাচ।

শুশ্রূষধ্বং ব্রাহ্মণেন্দ্রাস্ত্বঞ্চ তাত ! যুধিষ্ঠির ! ।
ত্বং চাপগেয় ! নামাণি শৃণুষ্বেহ কপর্দ্দিনে ॥২৬॥
যদবাপ্তঞ্চ মে পূর্ব্বং শাম্বহেতোঃ সুদুষ্করম্ ।
যথাবদ্ভগবান্ দৃষ্টো ময়া পূর্ব্বং সমাধিনা ॥২৭॥
শম্বরে নিহতে পূর্ব্বং রৌক্মিণেয়েন ধীমতা ।
অতীতে দ্বাদশে বর্ষে জাম্বুবত্যব্রবীদ্ধি মাম্ ॥২৮॥
প্রদ্যুম্নচারুদেষ্ণাদীন্ রুক্মিণ্যা বীক্ষ্য পুত্রকান্ ।
পুত্রার্থিনী মামুপেত্য বাক্যমাহ যুধিষ্ঠির ! ॥২৯॥

ভাবতকৌমুদী

শুশ্রূষধ্বমিতি। হে ব্রাহ্মণেন্দ্রা ব্যাসাদযঃ ! যূয়ম্ কপর্দ্দিনে জটাজুটধারিণঃ শিবস্য, ষষ্ঠ্যর্থে চতুর্থী, নামানি, শুশ্রূষধ্বং শ্রোতুমিচ্ছত, হে তাত ! বৎস যুধিষ্ঠির ! ত্বঞ্চ হে আপগেয় গাঙ্গেয় ভীষ্ম ! ত্বঞ্চ তস্যেহ নামানি শৃণুষ্ব ॥২৬॥

যদিতি। মে ময়া, শাম্বস্য তদাখ্যস্য মৎপুত্রস্য হেতোঃ সুদুষ্করং সুদুর্লভম্ ॥২৭॥

শম্বর ইতি। শম্বরে তদাখ্যেঽসুরে, রৌক্মিণেয়েন রুক্মিণীপুত্রেন প্রদ্যুম্নেন। জাম্ববতা তদাখ্যা মম ভার্য্যা ॥২৮॥

প্রদ্যুম্নেতি। রুক্মিণীপুত্রস্য প্রদ্যুম্নস্য শম্বরহননশক্তিদর্শনাৎ তাদৃশপুত্রার্থিত্বমিতি ভাবঃ ॥২৯॥

ভাবতভাবদীপঃ

ধীমতঃ ধিযা ব্রহ্মবিদ্যয়া মতো জ্ঞাতঃ ॥২৫॥ গীতাসু "তমেব চাদ্যং পুরুষং প্রপদ্যে তমেব শরণং গচ্ছে"তি প্রোক্তায কপর্দ্দিনে সগুণাযৈব, নির্গুণস্য তু গৌণানাং নাম্নামভাবাদিত্যর্থঃ ॥২৬॥

পবিত্র হইয়া, তত্রত্য জ্ঞানিগণের নিকটে সেই মহাত্মা মহাদেবের গুণ বলিতে লাগিলেন ॥২৫॥

কৃষ্ণ বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠগণ ! আপনারা মহাদেবের নাম শ্রবণ করিবার ইচ্ছা করুন এবং রাজা যুধিষ্ঠির ! গঙ্গানন্দন ভীষ্ম ! আপনারাও মহাদেবের নাম শ্রবণ করুন ॥২৬॥

আমি পূর্ব্বে শাম্বের নিমিত্ত অতিদুর্লভ যাহা পাইয়াছিলাম। আমি পূর্ব্বে তপস্যার ফলে ভগবান্ মহাদেবকে যথাযথভাবে দেখিয়াছিলাম ॥২৭॥

পূর্ব্বে বুদ্ধিমান্ প্রদ্যুম্ন শম্বরাসুরকে বধ করিলে, তাহার পর দ্বাদশ বৎসর অতীত হইলে, একদা জাম্ববতী আসিয়া আমাকে বলিলেন ॥২৮॥

মহারাজ যুধিষ্ঠির ! প্রদ্যুম্ন ও চারুদেষ্ণপ্রভৃতি রুক্মিণীর পুত্রগণকে দেখিয়া, জাম্ববতী পুত্রার্থিনী হইয়া, আমার নিকট আসিয়া এই কথা বলিলেন—॥২৯॥

শূরং বলবতাং শ্রেষ্ঠং কান্তরূপমকল্মষম্।
আত্মতুল্যং মম সুতং প্রযচ্ছাচ্যুত। মা চিরম্ ॥৩০॥
ন হি তেঽপ্রাপ্যমস্তীহ ত্রিষু লোকেষু কিঞ্চন।
লোকান্ সৃজেস্ত্বমপরানিচ্ছন্ যদুকুলোদ্বহ। ॥৩১॥
ত্বয়া দ্বাদশ বর্ষাণি ব্রতীভূতেন শুষ্যতা।
আরাধ্য পশুভর্ত্তারং রুক্মিণ্যাং জনিতাঃ সুতাঃ ॥৩২॥
চারুদেষ্ণঃ সুচারুশ্চ চারুবেশো যশোধরঃ।
চারুশ্রবাশ্চারুযশাঃ প্রদ্যুম্নঃ শম্ভুরেব চ ॥৩৩॥
যথা তে জনিতাঃ পুত্রা রুক্মিণ্যাং চারুবিক্রমাঃ।
তথা মমাপি তনয়ং প্রযচ্ছ মধুসূদন। ॥৩৪॥

ভাবতকৌমুদী

শূরমিতি। কান্তরূপং সুন্দরমূর্ত্তিম্, অকল্মষং নির্দ্দোষম্ ॥৩০॥
নহীতি। অপ্রাপ্যমলভ্যম্। লোকান্ ভুবনানি ॥৩১॥
ত্বয়েতি। শুষ্যতা শরীরং শুষ্কং কুর্ব্বতা। পশুভর্ত্তারং শিবম্ ॥৩২॥
সুতানাং নামান্যাহ চার্ব্বিতি। চারুদেষ্ণং তেজো যস্য সঃ ॥৩৩॥

ভাবতভাবদীপঃ

যদ্দর্শনং সুদুষ্করং দুর্লভং সমাধিনা যোগেন ॥২৭—৩১॥ আরাধ্যেতি আবাধ্যস্য মাহাত্ম্যং বাসুদেব উবাচ—শুশ্রূষধ্বমিত্যাদিনা। নহু মন্মনা ভব মামেব শরণং ব্রজেতি স্বস্যৈবোপেযত্বং বদতঃ কথমন্য আরাধ্যঃ স্যাদিতি চেন্ন, মামেব বিজানীহীতীবৎ শাস্ত্রদৃষ্ট্যা পবমাত্মনোঽপ্যস্মদর্থত্বোপপত্তের্মামুপাস্স্বেতি বদত ইন্দ্রস্যেব দেবস্যোপেযত্বাভাবাৎ। উপাধিনিকৃষ্টস্যোপেযত্বং ত্বস্মদাদিসাধাবণং ন বাসুদেবস্যোৎকর্ষমর্হতীতি শৈবাঃ। বস্তুতস্তু যৎ সর্ব্বোপাধিশূন্যং ব্রহ্ম অস্মদাদ্যন্তরতবং তদেব মুখ্যমস্মচ্ছব্দালম্বনং বাসুদেবশব্দিতং মাযযা মানুষবভূত্বা স্বপ্রাপ্ত্যুপায-

---

'অচ্যুত! নিজেব তুল্য, বীব, বলবানেব মধ্যে প্রধান, সুন্দবমূর্ত্তি ও নির্দ্দোষ আমাকে একটী পুত্র দান করুন; বিলম্ব কবিবেন না ॥৩০॥

যদুবংশশ্রেষ্ঠ! এই ত্রিভুবনে তোমাব অপ্রাপ্য কিছুই নাই এবং তুমি ইচ্ছা কবিলে অপব বহুতব জগৎ সৃষ্টি কবিতে পাব ॥৩১॥

তুমি দ্বাদশ বৎসব যাবৎ নিয়মনিষ্ঠ ও শুষ্কদেহ হইযা মহাদেবেব আবাধনা কবিযা রুক্মিণীব গর্ভে আটটী পুত্র উৎপাদন কবিযাছ! ॥৩২॥

(তাহাদেব নাম) চারুদেষ্ণ, সুচারু, চারুবেশ, যশোধব, চারুশ্রবা, চারুযশা, প্রদ্যুম্ন ও শম্ভু ॥৩৩॥

---

(৩৩) চারুশ্রবাশ্চারুকেশঃ পি।

ইত্যেবং চোদিতো দেব্যা তামবোচং সুমধ্যমাম্।
অনুজানীহি মাং রাজ্ঞি! করিষ্যে বচনং তব ॥৩৫॥
সা চ মামব্রবীদ্ গচ্ছ শিবায় বিজয়ায চ।
ব্রহ্মা শিবঃ কাশ্যপশ্চ নদ্যো দেবা মনোঽনুগাঃ ॥৩৬॥
ক্ষেত্রৌষধ্যো যজ্ঞবাহাশ্ছন্দাংস্যৃষিগণাধ্বরাঃ।
সমুদ্রা দক্ষিণাঃস্তোভা ঋক্ষাণি পিতরো গ্রহাঃ ॥৩৭॥
দেবপত্ন্যো দেবকন্যা বেদমাতর এব চ।
মন্বন্তরাণি গাবশ্চ চন্দ্রমাঃ সবিতা হরিঃ ॥৩৮॥
সাবিত্রী ব্রহ্মবিদ্যা চ ঋতবো বৎসরাস্তথা।
ক্ষণা লবা মুহূর্ত্তাশ্চ নিমেষা যুগপর্য্যাযাঃ ॥৩৯॥
রক্ষন্তু সর্ব্বত্র গতং ত্বাং যাদব! সুখায চ।
অরিষ্টং গচ্ছ পন্থানমপ্রমত্তো ভবানঘ! ॥৪০॥ (কুলকম্)

ভাবতকৌমুদী

যথেতি। সপত্নীসাম্যং স্ত্রীণাং কাম্যমেবেতি ভাবঃ ॥৩৪॥
ইতীতি। চোদিতঃ প্রেরিতঃ, দেব্যা জাম্ববত্যা ॥৩৫॥
সেতি। শিবায় মঙ্গলায়। ক্ষেত্রং ভূমিঃ, ওষধ্যো ধান্যাদয়ঃ, যজ্ঞবাহা যজ্ঞসম্পাদকমন্ত্রাঃ, স্তোভা অনুবাকাঃ, ঋক্ষাণি নক্ষত্রানি। হবির্নারাযণঃ, যুগপর্য্যাযা সত্যাদযো যুগশ্রেণযঃ। সুখায় ভবত্বিতি শেষঃ। অরিষ্টং নির্বিঘ্নং, অপ্রমত্তঃ সাবধানঃ ॥৩৬—৪০॥

ভাবতভাবদীপঃ

ভূতমুপাস্যরূপমাত্মনঃ স্বশাস্ত্রতত্ত্বং স্বয়মেব লোকানুগ্রহার্থমুপদিশতীতি ন তযোর্ভেদগন্ধোঽপীতি ॥৩২—৩৩॥ তে স্বষা ॥৩৪—৩৬॥ যজ্ঞবাহা ইতি ছন্দসামেব বিশেষণম্, ছন্দাংসি বৈ দেবেভ্যো

মধুসূদন! তুমি যেমন রুক্মিণীব গর্ভে সুন্দব বিক্রমশালী এই পুত্রগণ উৎপাদন কবিয়াছ; তেমন আমাকে একটী পুত্র দান কব ॥৩৪॥

জাম্ববতী এইরূপ অনুবোধ কবিলে, আমি সেই সুমধ্যমাকে বলিলাম—'বাজনন্দিনি! তুমি আমাকে তপস্যা কবিতে যাইবাব জন্য অনুমতি কব, আমি তোমাব অনুবোধ বক্ষা কবিব' ॥৩৫॥

তখন জাম্ববতী আমাকে বলিলেন—'তুমি মঙ্গল ও জয়লাভ কবিবাব জন্য গমন কব। ব্রহ্মা, মহাদেব, কশ্যপ, নদীগণ, মনেব অনুকূল দেবগণ, ক্ষেত্র, ওষধি, মন্ত্র, ছন্দ, ঋষিগণ, যজ্ঞ, সমুদ্রগণ, দক্ষিণা, স্তোভ, (গানপূবক শব্দ) নক্ষত্রগণ,

(৩৭) ক্ষত্রৌষধ্যো যজ্ঞবাহাচ্ছাংস্যৃষিগণাস্তথা পি।
(৩৮) চন্দ্রমাঃ সবিতো হরিঃ পি।

এবং কৃতস্বস্ত্যয়নস্তয়াহং ততোঽভ্যনুজ্ঞায় নরেন্দ্রপুত্রীম্।
পিতুঃসমীপং নরসত্তমস্য মাতুশ্চ রাজ্ঞশ্চ তথাহুকস্য ॥৪১॥
গত্বা সমাবেদ্য যদব্রবীন্মাং বিদ্যাধরেন্দ্রস্য সুতা ভৃশার্ত্তা।
তানভ্যনুজ্ঞায় তদার্তিদুঃখাদ্‌গদং তথৈবাতিবলঞ্চ রামম্।
অথোচতুঃ প্রীতিযুতৌ তদানীং তপঃ সমৃদ্ধির্ভবতোঽস্ত্ববিঘ্নম্ ॥৪২॥ (যুগ্মকম্)
প্রাপ্যানুজ্ঞাং গুরুজনাদহং তার্ক্ষ্যমচিন্তয়ম্।
সোঽবহদ্ধিমবন্তং মাং প্রাপ্য চৈনং ব্যসর্জ্জয়ম্ ॥৪৩॥

ভাবতকৌমুদী

এবমিতি। স্বস্তি মঙ্গলম্ অয়তে গচ্ছতি প্রাপ্নোত্যনেনেতি, স্বস্ত্যয়নমাশীর্বাদঃ। তয়া জাম্ববত্যা, অহম্ এবং কৃতং স্বস্ত্যয়নং যস্য সঃ, ততো নরেন্দ্রস্য ঋক্ষরাজস্য জাম্ববতঃ পুত্রম্ জাম্ববতীমভ্যনুজ্ঞায়, নরসত্তমস্য মনুষ্যশ্রেষ্ঠস্য পিতুর্বসুদেবস্য, মাতুর্দেবক্যাশ্চ তথা রাজ্ঞঃ আহুকস্য চ সমীপং গত্বা, ভৃশার্ত্তা বিদ্যাধরেন্দ্রস্য সুতা জাম্ববতী মাং যদব্রবীৎ, তৎ সমাবেদ্য, তদা অতিদুঃখাৎ তান্, গদং তদাখ্যং কঞ্চিদ্‌যাদবং তথৈব অতিবলং মহাবলং রামং বলদেবঞ্চ অভ্যনুজ্ঞায় স্থিতং মামিতি শেষঃ, অতঃ প্রীতিযুতৌ তৌ গদরামৌ তদানীমূচতুঃ, অবিঘ্নং ভবতস্তপসঃ সমৃদ্ধির্বৃদ্ধিঃ অস্তু। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪১—৪২॥

ভাবতভাবদীপঃ

হব্যমৃটে"তি ব্রাহ্মণাং তেষাং যজ্ঞবাহত্বসিদ্ধিঃ। স্তোভাঃ সামপূরণাস্তক্ষরাণি হুং মা ইত্যাদীনি ॥৩৭—৪০॥ নরেন্দ্রপুত্রীম্ ঋক্ষরাজস্য জাম্ববতো দুহিতরম্। কপীন্দ্রেত্যপি পাঠঃ, পত্নীমিতি

পিতৃগণ, গ্রহগণ, দেবপত্নীগণ, দেবকন্যাগণ, দেবমাতৃগণ, মন্বন্তরসমূহ, গোসমূহ, চন্দ্র, সূর্য্য, নারায়ণ, সাবিত্রী, ব্রহ্মবিদ্যা, ঋতু, বৎসর, ক্ষণ, লব, মুহূর্ত্ত, নিমেষ ও যুগসমূহ ইহারা সর্ব্বত্রগত তোমাকে রক্ষা করুন ও সুখসম্পাদনের নিমিত্ত হউন। নিষ্পাপ যদুনন্দন! তুমি পথে নির্ব্বিঘ্নে গমন কর এবং সর্ব্বত্র সাবধানে থাকিও ॥৩৬—৪০॥

জাম্ববতী এইভাবে আমাকে আশীর্ব্বাদ করিলে, তাহার পর আমি তাঁহার অনুমতি লইয়া, নরশ্রেষ্ঠ পিতা বসুদেব, মাতা দেবকী ও রাজা আহুকের নিকটে গমন করিয়া, অত্যন্ত দুঃখার্ত্তা জাম্ববতী আমাকে যাহা বলিয়াছিলেন, তাহা তাঁহাদিগকে জানাইয়া অতিকষ্টে তখন তাঁহাদের অনুমতি পাইয়া গদ ও মহাবল বলরামের নিকট যাইয়া তাহা বলিলাম, তাহার পর তাঁহারা সন্তুষ্ট হইয়া আমাকে বলিলেন—'নির্ব্বিঘ্নে তোমার তপোবৃদ্ধি হউক' ॥৪১—৪২॥

(৪১) তথাহুকায় বঙ্গ বর্দ্ধ।
(৪২) সুতা যথার্ত্তা পি।

তত্রাহমদ্ভুতান্ ভাবানপশ্যন্ গিরিসত্তমে।
ক্ষেত্রঞ্চ তপসাং শ্রেষ্ঠং পশ্যাম্যদ্ভুতমুত্তমম্ ॥৪৪॥
দিব্যং বৈযাঘ্রপদ্যস্য উপমন্যোর্মহাত্মনঃ।
পূজিতং দেবগন্ধর্বৈর্ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা সমাবৃতম্ ॥৪৫॥ (যুগ্মকম্)
ধবককুভকদম্বনারিকেলৈঃ কুরবককেতকজম্বুপাটলাভিঃ।
বটবরুণকবৎসনাভবিল্বৈঃ সরলকপিত্থপ্রিয়ালশালতালৈঃ ॥৪৬॥
বদরীকুন্দপুন্নাগৈরশোকাম্রাতিমুক্তকৈঃ।
মধুকৈঃ কোবিদারৈশ্চ চম্পকৈঃ পনসৈস্তথা ॥৪৭॥
বন্যৈর্বহুবিধৈর্বৃক্ষৈঃ ফলপুষ্পপ্রদৈর্যুতম্।
পুষ্পগুল্মলতাকীর্ণং কদলীষণ্ডশোভিতম্ ॥৪৮॥
নানাশকুনিসম্ভোজ্যৈঃ ফলৈর্বৃক্ষৈরলঙ্কৃতম্।
যথাস্থানবিনিক্ষিপ্তৈর্ভূষিতং ভস্মরাশিভিঃ ॥৪৯॥
রুরুবানরশার্দ্দূলসিংহদ্বীপিসমাকুলম্।
কুরঙ্গবর্হিণাকীর্ণং মার্জ্জারভুজগাবৃতম্।
পূগৈশ্চ মৃগজাতীনাং মহিষর্ক্ষনিষেবিতম্ ॥৫০॥
সকৃৎপ্রভিন্নৈশ্চ গজৈর্বিভূষিতং প্রহৃষ্টনানাবিধপক্ষিসেবিতম্।
সুপুষ্পিতৈরম্বুধরপ্রকাশৈর্মহীরুহাণাঞ্চ বনৈর্বিচিত্রৈঃ ॥৫১॥ (কুলকম্)

ভারতকৌমুদী

প্রাপ্যেতি। তার্ক্ষ্যং গরুড়ম্। এনং তার্ক্ষ্যম্ ॥৪৩॥

তত্রেতি। ভাবান্ পদার্থান্। ক্ষেত্রং স্থানম্। বৈযাঘ্রপদ্যস্য বৈযাঘ্রপদ্যগোত্রস্য উপমন্যোঃ তদাখ্যস্য মুনেঃ। ব্রাহ্ম্যা তপসঃ সম্বন্ধিন্যা, লক্ষ্ম্যা শোভয়া ॥৪৪—৪৫॥

ধবেতি। অত্র ধবাদয়ঃ স্বনামপ্রসিদ্ধাঃ কিয়ন্তো বৃক্ষাঃ, কিয়ন্তশ্চ নাম লিঙ্গানুশাসনাদৌ বিচেতব্যাঃ। বদরীপ্রভৃতয়ঃ ফলপুষ্পজনকাঃ পাদপাঃ। বন্যৈরিত্যনেন বটাদীনাং গ্রাম্যত্বমপি সূচিতম্। কদলীষণ্ডেন কদলীসমূহেন শোভিতম্। নানাশকুনিভিঃ বহুপক্ষিভিঃ। ভস্মরাশিভি-

---

আমি গুরুজনদিগের অনুমতি পাইয়া, গরুড়কে স্মরণ করিলাম, তখন গরুড় আসিয়া আমাকে বহন করিয়া হিমালয়পর্ব্বতে লইয়া গেল, আমি হিমালয়পর্ব্বতে যাইয়া গরুড়কে বিদায় দিলাম ॥৪৩॥

আমি সেই পর্ব্বতশ্রেষ্ঠ হিমালয়ে অদ্ভুত পদার্থ সকল দেখিতে পাইলাম এবং বৈযাঘ্রপদ্য গোত্র মহাত্মা উপমন্যুর অদ্ভুত, উত্তম, শ্রেষ্ঠ ও দিব্য তপস্যার ক্ষেত্র দর্শন করিলাম, সেই ক্ষেত্রটী দেবগন্ধর্ব্বসেবিত ও ব্রাহ্মী শোভায় শোভিত ছিল ॥৪৪—৪৫॥

নানাপুষ্পরজোমিশ্রো গজদানাধিবাসিতঃ।
দিব্যস্ত্রীগীতবহুলো মারুতোঽভিমুখো ববৌ ॥৫২॥
ধারানিনাদৈর্বিহগপ্রণাদৈঃ শুভৈস্তথাবৃংহিতৈঃ কুঞ্জরাণাম্।
গীতৈস্তথা কিন্নরাণামুদারৈঃ শুভৈঃ স্বনৈঃ সামগানাঞ্চ বীর ' ॥৫৩॥
অচিন্ত্যং মনসাপ্যন্যৈঃ সরোভিঃ সমলঙ্কৃতম্।
বিশালৈশ্চাগ্নিশরণৈর্ভূষিতম্ কুসুমাবৃতৈঃ ॥৫৪॥
বিভূষিতং পুণ্যপবিত্রতোয়য়া সদা চ জুষ্টং নৃপ । জহ্নুকন্যযা।
বিভূষিতং ধর্ম্মভৃতাং বরিষ্ঠৈর্ম্মহাত্মভির্ব্বহ্নিসমানকল্পৈঃ ॥৫৫॥
বায়াহারৈরম্বুপৈর্জ্জপ্যনিত্যৈঃ সম্প্রক্ষালৈর্যোগিভির্ধ্যাননিত্যৈঃ।
ধূমপ্রাশৈরূষ্মপৈঃ ক্ষীরপৈশ্চ সংজুষ্টঞ্চ ব্রাহ্মণেন্দ্রৈঃ সমন্তাৎ ॥৫৬॥ (কলাপকম্)

ভাবতকৌমুদী

বিতানেন হোমপ্রাচুর্য্যং সূচিতম। রুরুর্হরিণবিশেষঃ, বর্হিণা ময়ূরাঃ। ষট্পাদঃ। সকৃৎ প্রভিন্নৈর্মদজলবর্ষিভিঃ। অম্বুধরপ্রকাশৈঃ মেঘতুল্যশ্যামবর্ণৈঃ, মহীরুহাণাং বৃক্ষাণাং বিচিত্রৈর্বর্ণৈশ্চ, বিভূষিতং তৎ ক্ষেত্রমাসীৎ ॥৪৬—৫১॥

নানেতি। নানাপুষ্পাণাং রজোভিঃ পরাগৈর্মিশ্রো যুক্তঃ, গজানাং দানৈর্মদজলৈঃ অধিবাসিতঃ সুরভীকৃতঃ ॥৫২॥

ধারেতি। হে বীর। যুধিষ্ঠির। ধারানিনাদৈর্নির্ঝরশব্দৈঃ, বিহগপ্রণাদৈঃ পক্ষিকূজিতৈঃ। স্বনৈর্ব্বেদপাঠধ্বনিভিঃ। অগ্নিশরণৈঃ হোমগৃহৈঃ। পুণ্যং পুণ্যজনকং পবিত্রঞ্চ তোয়ং যস্যাস্তথা,

---

ধব, অর্জ্জুন, কদম্ব, নারিকেল, কুরবক, কেতক, জম্বু, পাটলা, বট, বরুণ, বৎসনাভ, বিল্ব, সরল, কপিত্থ, প্রিয়াল, শাল, তাল, বদরী, কুন্দ, পুন্নাগ, অশোক, আম্র, অতিমুক্ত, মধুক, কোবিদার, চম্পক এবং ফল ও পুষ্পপ্রদ অন্য বনজাত বহুবিধ বৃক্ষ সেই ক্ষেত্রে বিদ্যমান ছিল, পুষ্প, গুল্ম ও লতায় তাহা ব্যাপ্ত ছিল এবং সে ক্ষেত্রটী কদলী বৃক্ষসমূহেও শোভিত ছিল। বহুবিধ পক্ষিগণের খাদ্য-ফল ও নানাবিধ বৃক্ষ সেই ক্ষেত্রটীর শোভা জন্মাইতেছিল এবং যথাস্থানে নিক্ষিপ্ত ভস্মরাশিদ্বারাও সে ক্ষেত্রটী শোভা পাইতেছিল। রুরু, বানর, ব্যাঘ্র, সিংহ, বিচিত্র ব্যাঘ্র, নানাবিধ হরিণ, ময়ূর, বিড়াল, সর্প, মহিষ, ভল্লুক ও অন্যান্য প্রকার পশুসমূহ সেই ক্ষেত্রে বিচরণ করিতেছিল। মদজলবর্ষী হস্তী ও প্রহৃষ্ট নানাবিধ পক্ষী ভ্রমণ করিতেছিল, আর পুষ্পসমন্বিত ও মেঘের ন্যায় শ্যামবর্ণ বিচিত্র বনসমূহে সেই ক্ষেত্রটী বিভূষিত ছিল ॥৪৬—৫১॥

নানাবিধ পুষ্পের পরাগমিশ্রিত, হস্তীর মদজলে সুবাসিত এবং অপ্সরাগণের গাননিনাদে বহুলীকৃত বায়ু অভিমুখে বহিত হইতেছিল ॥৫২॥

গোচারিণোঽথাশ্মকুট্টা দন্তোলূখলিকাস্তথা।
মরীচিপাঃ ফেনপাশ্চ তথৈব মৃগচারিণঃ ॥৫৭॥
অশ্বত্থফলভক্ষাশ্চ তথা হ্যুদকশায়িনঃ।
চীরচর্ম্মাম্বরধরাস্তথা বল্কলধারিণঃ ॥৫৮॥ (যুগ্মকম্)
সুদুঃখান্নিয়মাংস্তাং স্তান্ বহতঃ সুতপোধনান্।
পশ্যন্ মুনীন্ বহুবিধান্ প্রবেষ্টুমুপচক্রমে ॥৫৯॥

ভারতকৌমুদী

জহ্নুকন্যয়া গঙ্গয়া। বহিঃসমানেভ্য আশ্রমস্বামিভ্য ঈষন্ন্যূনা ইতি বহিঃসমানকল্পাস্তৈঃ সম্প্রক্ষালৈর্গঙ্গাস্নানেন পাপপ্রক্ষালিভিঃ। ধূমং প্রাশ্নন্তি ভুঞ্জত ইতি তৈঃ, উষ্মপৈ রবিরশ্মি-পায়িভিঃ, সংজুষ্টং সম্যক্ সেবিতঞ্চ তৎক্ষেত্রমাসীৎ ॥৫৩—৫৬॥

গোণিতি। গাব ইব চতুর্ভিঃ কবচর্বণৈশ্চরন্তীতি তে, অশ্মভিঃ পাষাণৈঃ কুট্টয়ন্তি খাদ্যং চূর্ণয়ন্তীতি তে, দন্তা এব উলূখলানি তৈঃ সংস্পৃষ্টা ইতি তে, দন্তৈরেব নিষ্পিষ্য খাদকা ইত্যর্থঃ, মরীচিপাশ্চন্দ্রকিরণমাত্রপায়িনঃ, ফেনপাঃ দুগ্ধফেনমাত্রপায়িণঃ মৃগাইব চরন্তীতি তে। উদকে শেরত ইতি তে. তাদৃশা মুনয়স্তত্রাসন্নিতি শেষঃ ॥৫৭—৫৮॥

সুদুঃখাদিতি। তাং স্তান্ গোসমানবিচরণাদীন্। উপচক্রমে আরব্ধবানহম্ ॥৫৯॥

ভারতভাবদীপঃ

পাঠে হে নরেন্দ্রেতি সম্বোধনম্ ॥৪১॥ অভ্যন্তরায় স্থিতং মামিতি শেষঃ। অথোচতুরিত্যর্থঃ ॥৪২—৪৩॥ তপসাং ধর্ম্মাণাং তপস্বিনাং বা ॥৪৪—৪৮॥ ভস্মরাশিভিরিতি ভস্মচ্ছন্নৈরগ্নিভিঃ ॥৪৯—৫৫॥ সম্প্রক্ষালৈঃ মৈত্র্যাদিভিশ্চিত্তশোধনং কুর্ব্বদ্ভিঃ ॥৫৬॥ গোচারিণো গোবন্মুখেনৈব

রীব। নির্ঝর জলের শব্দ, মনোহর পক্ষিকূজন, হস্তিগণের বৃংহিতধ্বনি, কিন্নরগণের উচ্চগীতনিনাদ এবং সামগায়ী ব্রাহ্মণগণের বেদপাঠশব্দে সেই ক্ষেত্রটী মুখরিত হইতেছিল। সেই ক্ষেত্রটী অন্যলোকের মনেরও অচিন্তনীয়, বহুতর সরোবরে সমলঙ্কৃত এবং বিশাল ও পুষ্পাবৃত অনেক হোমগৃহে ভূষিত ছিল। রাজা! পুণ্য ও পবিত্র জলসম্পন্না গঙ্গা সর্ব্বদাই সেই ক্ষেত্রটীর সেবা করিতেছিলেন এবং ধার্ম্মিকশ্রেষ্ঠ, মহাত্মা ও আশ্রম স্বামিগণের প্রায় তুল্য ব্রাহ্মণেরা সেই ক্ষেত্রটীর শোভা জন্মাইতেছিলেন। বায়ুভোজী, জলপায়ী, সর্ব্বদা জপব্যাপৃত, গঙ্গাস্নায়ী, সর্ব্বদা ধ্যাননিষ্ঠযোগী, ধূমপায়ী, উষ্মপায়ী ও ক্ষীরপায়ী, ব্রাহ্মণশ্রেষ্ঠগণ সেই ক্ষেত্রটীর সকল দিকে অবস্থান করিতেছিলেন ॥৫৩—৫৬॥

গরুর ন্যায় বিচরণকারী, পাষাণদ্বারা খাদ্যনিষ্পেষী, দন্তদ্বারা খাদ্যচূর্ণনকারী, চন্দ্রকিরণমাত্রপায়ী, দুগ্ধফেনমাত্রপায়ী, হরিণের ন্যায় গমনকারী, অশ্বত্থফলমাত্র-ভোজী, জলশায়ী এবং কৌপিন, মৃগচর্ম্ম ও বৃক্ষবল্কলপরিধায়ী মুনিগণ সেই আশ্রমে বাস করিতেছিলেন ॥৫৭—৫৮॥

সুপূজিতং দেবগণৈর্ম্মহাত্মভিঃ শিবাদিভির্ভারত। পুণ্যকর্ম্মভিঃ।
বরাজ তচ্চাশ্রমমণ্ডলং সদা দিবীব রাজন্। শশিমণ্ডলং যথা ॥৬০॥
ক্রীড়ন্তি সর্পৈর্নকুলা মৃগৈর্ব্ব্যাঘ্রাশ্চ মিত্রবৎ।
প্রভাবাদ্দীপ্ততপসাং সন্নিকর্ষান্মহাত্মনাম্ ॥৬১॥
তত্রাশ্রমপদে শ্রেষ্ঠে সর্বভূতমনোরমে।
সেবিতে দ্বিজশার্দ্দূলৈর্বেদবেদাঙ্গপারগৈঃ।
নানানিয়মবিখ্যাতৈর্ঋষিভিঃ সুমহাত্মভিঃ ॥৬২॥
প্রবিশন্নেব চাপশ্যং জটাচীরধরং প্রভুম্।
তেজসা তপসা চৈব দীপ্যমানং যথানলম্ ॥৬৩॥
শিষ্যৈরনুগতং শান্তং যুবানং ব্রাহ্মণর্ষভম্।
শিরসা বন্দ্যমানং মামুপমন্যুরভাষত ॥৬৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সুপূজিতমিতি। দিবি আকাশে. ইব শব্দঃ সম্ভাবনাযাম্ ॥৬০॥

ক্রীড়ন্তীতি। দীপ্ততপসাং তত্রত্যমুনিনাম্ ॥৬১॥

তত্রেতি। দ্বিজশার্দ্দূলৈর্ব্রাহ্মণশ্রেষ্ঠৈর্ঋষিভিশ্চ। ষট্পাদঃ। প্রভুং তদাশ্রমস্বামিনম্ শান্তং শমগুণান্বিতম্ ॥৬২—৬৪॥

ভাবতভাবদীপঃ

উস্রামিতি। উস্রাং কামধেনুরূপাম্, পুষ্টাং বিশালাম্, মিষতীং সর্ব্বমেব পশ্যন্তীম্, বিশ্বৈঃ সর্ব্বৈরেব প্রাণিভির্ভোজ্যামনুভাব্যাম্, ইরাবতীং ভুমিযুক্তাম্ সুদীর্ঘপথবাহিনীমিত্যর্থঃ, ভূধরাণাং পর্ব্বতানাং ধারিণীং জলসেচনেন রক্ষিকাম্, শিষ্টানাং শাস্ত্রানুসারিণামাশ্রযাম্, অমৃতামমৃততুল্য-জলাম্, ব্রহ্মকান্ত্যাং ব্রাহ্মণানামভীষ্টাঞ্চ গঙ্গাং সিদ্ধিকামো জন আত্মবান্ যত্নবান্ সন্, শ্রযেদেব লম্বেত ॥৯৫॥

ভাবতভাবদীপঃ

গুহস্য কুমারস্য, সম্মতা ব্রহ্মণ্যতযা ব্রাহ্মণজাত্যনুগ্রাহকতযা ॥৯২॥ মনসাপি প্রপন্নাঃ কিমুত সাক্ষাৎ ॥৯৩॥ জননীবোপাস্যেতি সম্বন্ধঃ। অবেক্ষ্য নশ্বরানিতি শেষঃ ॥৯৪॥ উস্রাং ধেনু-মমৃতদুঘামিতি যাবৎ। মিষতীং পশ্যন্তীং সর্ব্বজ্ঞামিত্যর্থঃ। ইরাবতীমন্নবতীম্, "ইরা তু মদিবা বারিভারত্যশনভূমিষ্বি"তি বিশ্বলোচনঃ। ধাবিণীমিত্যত্র রেবতীমিতি পাঠে মাতরম্, রেবতী হবিভার্য্যাযাং তারাভিন্মাতৃভেদযো"বিতি মেদিনী। ব্রহ্মণোঽপি কান্তাং চেতোহরাম্, সিদ্ধি-

এই জগতে যে সকল লোক সর্ব্বপ্রযত্নে মনোদ্বারাও ঋষিস্তুতা, বিষ্ণুপাদো-দ্ভবা, প্রাচীনা ও অতিপবিত্রজলা গঙ্গাকে আশ্রয় কবে; তাহাবা ব্রহ্মলোকে গমন কবিয়া থাকে ॥৯৩॥

মাতা, যেমন পুত্রগণকে বক্ষা কবেন; তেমন গঙ্গা সর্ব্বপ্রযত্নে সর্ব্বগুণসম্পন্ন লোকদিগকে বক্ষা কবিযা থাকেন, ইহা দেখিয়া প্রসিদ্ধ ব্রহ্মলোককামী স্বাধীন লোকেবা সর্বদা গঙ্গাব সেবা কবিবে ॥৯৪॥

সিদ্ধকামী মানুষ যত্নবান্ হইয়া কামধেনুস্বরূপা, বিশালা, সর্ব্বজ্ঞা, সর্ব-ভোগ্যা, দীর্ঘপথসঞ্চাবিণী, পর্ব্বতধাবিণী, শিষ্টগণেব আশ্রয়ভূতা, অমৃততুল্য-জলা ও ব্রাহ্মণপ্রিযা গঙ্গাকে আশ্রয কবিবে ॥৯৫॥

প্রসাদ্য দেবান্ সবিভূন্ সমস্তান্ ভগীরথস্তপসোগ্রেণ গঙ্গাম্।
গামানয়ত্তামভিগম্য শশ্বৎ পুংসাং ভয়ং নেহ চামুত্র বিদ্যাৎ॥৯৬॥
উদাহৃতঃ সর্বথা তে গুণানাং ময়ৈকদেশঃ প্রসমীক্ষ্য বুদ্ধ্যা।
শক্তির্ন মে কাচিদিহাস্তি বক্তুং গুণান্ সর্বান্ পরিমাতুং তথৈব॥৯৭॥
মেরোঃ সমুদ্রস্য চ সর্ব্বযত্নৈঃ সংখ্যোপালানামুদকস্য বাপি।
শক্যং বক্তুং নেহ গঙ্গাজলানাং গুণাখ্যানং পরিমাতুং তথৈব॥৯৮॥
তস্মাদেতান্ পরয়া শ্রদ্ধয়োক্তান্ গুণান্ সর্ব্বান্ জাহ্নবীয়ান্ সদৈব।
ভবেদ্বাচা মনসা কর্ম্মণা চ ভক্ত্যা যুক্তঃ শ্রদ্ধয়া শ্রদ্দধানঃ॥৯৯॥

ভাবতকৌমুদী

প্রসাদ্যেতি। ভগীরথো রাজা, উগ্রেন ভীষণেন তপসা, বিভুনা ব্রহ্মণা সহেতি সবিভব-স্থান্, সমস্তান্ দেবান্ প্রসাদ্য, অভিগম্য গঙ্গায়া এব সমীপং গত্বা, তাং গঙ্গাং গাং পৃথিবীমানয়ৎ। নয়তের্দ্বিকর্ম্মকঃ, অতএব পুংসাং গঙ্গাসেবিনাং জনানাম্ ইহলোকে, অমুত্র পরলোকে চ শশ্বৎ সদৈব পাপভয়ং ন বিদ্যাৎ ন জানীয়াৎ॥৯৬॥

উদিতি। হে শিলবৃত্তে। ময়া বুদ্ধ্যা সর্ব্বথা প্রসমীক্ষ্য পর্য্যালোচ্য, তে তব সমীপে, গঙ্গায়া গুণানাম্, একদেশঃ কিয়ানংশ উদাহৃতঃ। কিন্তু, গঙ্গায়াঃ সর্ব্বান্ গুণান্ বক্তুং তথৈব পরি-মাতুঞ্চ, মে মম ইহ কাচিদপি শক্তির্নাস্তি॥৯৭॥

মেরোরিতি। সর্ব্বযত্নৈঃ, মেরোঃ পর্ব্বতস্য উপলানাং পাষাণানাম্, অপি বা সমুদ্রস্য উদকস্য জলস্য চ সংখ্যা বক্তুং শক্যম্। শক্যমিতি সামান্যত্বান্নপুংসকলিঙ্গম্, "শক্যং শ্বমাংসাদিভি-রপি ক্ষুৎপ্রতিহন্তুম্" ইতি ভাষ্যধৃতবৎ। কিন্তু ইহ গঙ্গাজলানাং গুণাখ্যানং সর্ব্বগুণকথনম্, তথৈব সর্ব্বান্ গুণান্ পরিমাতুঞ্চ ন শক্যম্॥৯৮॥

ভাবতভাবদীপঃ

শ্লোকঃ॥৯৫॥ সবিভূন্ সেশ্বরান্, গাং পৃথ্বীম্॥৯৬॥ গুণানাং গঙ্গায়া ইতি শেষঃ॥৯৭—৯৮॥

ব্রাহ্মণ! রাজা ভগীরথ, ভীষণ তপস্যাদ্বারা ব্রহ্মার সহিত সমস্ত দেবতাকে প্রসন্ন করিয়া, গঙ্গার নিকটে যাইয়া, তাঁহাকে পৃথিবীতে আনয়ন করিয়া-ছিলেন। অতএব গঙ্গাসেবী মনুষ্যগণের ইহকালে ও পরকালে কোন দিনই পাপের ভয় হয় না ইহা জানিবেন॥৯৬॥

ব্রাহ্মণ! আমি বুদ্ধিদ্বারা সর্বপ্রকারে পর্য্যালোচনা করিয়া আপনার নিকটে গঙ্গার গুণের কিছু অংশ বলিলাম। কিন্তু গঙ্গার সমস্ত গুণ বলিবার বা পরিমাণ করিবার আমার কোন শক্তি নাই॥৯৭॥

সর্ব্বপ্রকার যত্ন করিয়া সুমেরু পর্বতের প্রস্তরের এবং সমুদ্রের জলবিন্দুর সংখ্যা বরং বলিতে পারা যায়, কিন্তু গঙ্গাজলের সমস্ত গুণ বলিতে বা সমস্ত গুণের সংখ্যা করিতে পারা যায় না॥৯৮॥

লোকানিমাংস্ত্রীন্ যশসা বিতত্য সিদ্ধিং প্রাপ্য মহতীং তাং দুরাপাম্ ।
গঙ্গাকৃতানচিরেণৈব লোকান্ যথেষ্টমিষ্টান্ বিহরিষ্যসি ত্বম্ ॥১০০॥
তব মম চ গুণৈর্ম্মহানুভাবা জুষতু মতিং সততং স্বধর্ম্মযুক্তৈঃ ।
অভিমতজনবৎসলা হি গঙ্গা জগতি যুনক্তি সুখৈশ্চ ভক্তিমন্তম্ ॥১০১॥

ভীষ্ম উবাচ ।

ইতি পরমমতির্গুণানশেষান্ শিলরতয়ে ত্রিপথানুযোগরূপান্ ।
বহুবিধমনুশাস্য তথ্যরূপান্ গগনতলং দ্যুতিমান্ বিবেশ বিদ্বান্ ॥১০২॥

ভাবতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ মানুষো ভক্ত্যা যুক্তঃ সন্, ময়া পরয়া শ্রদ্ধয়া বিশ্বাসেন উক্তান্, জাহ্নবীয়ান্ গঙ্গাসম্বন্ধিনঃ সর্বান্ গুণান্, বাচা মনসা কর্ম্মণা চ শ্রদ্ধয়া শ্রদ্দধানো বিশ্বসন্ ভবেৎ ॥৯৯॥

লোকানিতি। হে শিলবৃত্তে! ত্বং, গঙ্গাসেবনেন যশসা ইমান্ ত্রীন্ লোকান্ বিতত্য ব্যাপ্য, দুরাপাং দুর্লভাং মহতীং তাং সিদ্ধিং প্রাপ্য, অচিরেণৈব গঙ্গাকৃতান্ ইষ্টান্ লোকান্ স্বর্গান্ যথেষ্টং বিহরিষ্যসি ॥১০০॥

তবেতি। হে ব্রাহ্মণ! অভিমতজনবৎসলা, মহানুভাবা গুরুতরপ্রভাবা চ গঙ্গা স্বধর্ম্মযুক্তৈর্গুণৈর্ভক্ত্যাদিভিঃ, তব মম চ মতিং মনঃ, জুষতু সেবতাং মনসঃ স্মৃতিপথে সততং পতত্বিত্যর্থঃ। হি যস্মাৎ সা গঙ্গা জগতি ভক্তিমন্তং জনং সুখৈর্যুনক্তি যোজয়তি ॥১০১॥

ইতীতি। পরমা মতির্বুদ্ধির্যস্য সঃ, দ্যুতিমান্ তেজস্বী, বিদ্বান্ জ্ঞানী চ সিদ্ধঃ, শিলরতয়ে শিলবৃত্তয়ে তদাখ্যায় ব্রাহ্মণায়, ত্রিপথা ত্রিপথগা গঙ্গা তস্যামনুযোগরূপান্ সম্বন্ধান্, তথ্যরূপান্ সত্যভূতান্ অশেষান্ গুণান্, ইতি ইত্থং বহুবিধম্ অনুশাস্য উপদিশ্য, গগনতলং বিবেশ গন্তুমাকাশ উত্থিতবানিত্যর্থঃ ॥১০২॥

ভারতভাবদীপঃ

মদুক্তান্ গঙ্গাগুণান্ জ্ঞাত্বা বাগাদিভিঃ স্তোত্রধ্যানস্নানাদিষু শ্রদ্দধানো ভবেদিতি সম্বন্ধঃ ॥৯৯॥

অতএব ব্রাহ্মণ! আমি পবম শ্রদ্ধাসহকাবে গঙ্গাব এই সমস্ত গুণ বলিলাম; মানুষ ভক্তিযুক্ত হইয়া বাক্য, মন ও কর্ম্মদ্বাবা শ্রদ্ধাসহকারে উক্ত গুণগুলির প্রতি বিশ্বাসী হইবে ॥৯৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি গঙ্গাব সেবা কবিয়া তাহার ফলে যশোদ্বাবা, এই ত্রিভুবন ব্যাপ্ত কবিয়া, দুর্লভ সেই মহাসিদ্ধি লাভ কবিয়া, অচিরকালমধ্যেই গঙ্গাসম্পাদিত অভীষ্ট স্বর্গসকলে ইচ্ছানুসারে বিচবণ করিবেন ॥১০০॥

ব্রাহ্মণ! প্রিয়জনবৎসলা ও মহা মাহাত্ম্যবতী গঙ্গা স্বধর্ম্মযুক্ত গুণেব ফলে আপনাব ও আমার মনে সর্ব্বদা উপস্থিত থাকুন। যে হেতু জগতে তিনি, ভক্ত লোকেব সুখসম্পাদন করিয়া থাকেন ॥১০১॥

শিলবৃত্তিস্তু সিদ্ধস্য বাক্যৈঃ সম্বোধিতস্তদা।
গঙ্গামুপাস্য বিধিবৎ সিদ্ধিং প্রাপ সুদুর্লভাম্ ॥১০৩॥
তথা ত্বমপি কৌন্তেয়। ভক্ত্যা পরময়া যুতঃ।
গঙ্গামভ্যেহি সততং প্রাপ্স্যসে সিদ্ধিমুত্তমাম্ ॥১০৪॥
বৈশম্পায়ন উবাচ।
শ্রুত্বেতিহাসং ভীষ্মোক্তং গঙ্গায়াঃ স্তবসংযুতম্।
যুধিষ্ঠিরঃ পরাং প্রীতিমগচ্ছদ্ ভ্রাতৃভিঃ সহ ॥১০৫॥
ইতিহাসমিমং পুণ্যং শৃণুয়াদ্ যঃ পঠেত বা।
গঙ্গায়াঃ স্তবসংযুক্তং স মুচ্যেৎ সর্ব্বকিল্বিষৈঃ ॥১০৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে গঙ্গামাহাত্ম্যকথনে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥*॥

ভারতকৌমুদী

শিলেতি। সম্বোধিতো গঙ্গামাহাত্ম্যং জ্ঞাপিতঃ ॥১০৩॥
তথেতি। হে কৌন্তেয় যুধিষ্ঠির। অভ্যেহি উপগচ্ছ ॥১০৪॥
শ্রুত্বেতি। স্তবৈঃ প্রশংসাভিঃ সংযুক্তম্ ॥১০৫॥
ইতীতি। পুণ্যং পুণ্যজনকম্। সর্ব্বৈঃকিল্বিষৈঃ পাপৈঃ ॥১০৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥*॥

ভারতভাবদীপঃ

গঙ্গাকৃতান্ গঙ্গাসেবনপ্রাপ্তান্ ইষ্টান্ সঙ্কল্পসিদ্ধান্, পাঠান্তরে যথেষ্টং মৃষ্টং মধুরং যথা স্যাত্তথা ॥১০০॥ মহানুভাবা গঙ্গা মতিং জুষতু প্রীণাতু, গঙ্গাদর্শনাদিনা মতিঃ প্রসীদত্বিত্যর্থঃ। অভিমতঃ শ্রদ্ধালুঃ ॥১০১—১০৬॥
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥২৭॥

ভীষ্ম বলিলেন—'উত্তমবুদ্ধি, তেজস্বী ও বিদ্বান্ সেই সিদ্ধপুরুষ গঙ্গার সেই সকল সত্য অশেষ গুণ এইভাবে বহুপ্রকারে শিলবৃত্তির নিকটে বলিয়া আকাশতলে প্রবেশ করিলেন ॥১০২॥

শিলবৃত্তি সেই সিদ্ধপুরুষের বাক্যে গঙ্গার মাহাত্ম্য জানিয়া তখন যথা-বিধানে গঙ্গার সেবা করিয়া অতি দুর্লভ সিদ্ধিলাভ করিলেন ॥১০৩॥

কুন্তিনন্দন! 'সেইরূপ তুমিও পরমভক্তিযুক্ত হইয়া সর্ব্বদা গঙ্গার সেবা কর, তাহা হইলে উত্তম সিদ্ধিলাভ করিবে' ॥১০৪॥

বৈশম্পায়ন বলিলেন—'ভীষ্মোক্ত গঙ্গামাহাত্ম্যযুক্ত ইতিহাস শ্রবণ করিয়া, ভ্রাতৃগণের সহিত যুধিষ্ঠির পরম প্রীতি লাভ করিলেন ॥১০৫॥

* 'ষড়্বিংশোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, 'পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ'—নি।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

প্রজ্ঞাশ্রুতাভ্যাং বৃত্তেন শীলেন চ যথা ভবান্।
গুণৈশ্চ বিবিধৈঃ সর্বৈর্ব্বয়সা চ সমন্বিতঃ ॥১॥
ভবান্ বিশিষ্টো বুদ্ধ্যা চ প্রজ্ঞয়া তপসা তথা।
তস্মাদ্ভবন্তং পৃচ্ছামি ধর্ম্মং ধর্ম্মভৃতাং বর!॥২॥ (যুগ্মকম্)
ন্যান্যস্ত্বদন্যো লোকেষু প্রষ্টব্যোঽস্তি নরাধিপ!।
ক্ষত্রিয়ো যদি বা বৈশ্যঃ শূদ্রো বা রাজসত্তম!।
ব্রাহ্মণ্যং প্রাপ্নুয়াদ্ যেন তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥৩॥

ভাবতকৌমুদী

প্রজ্ঞেতি। হে ধর্ম্মভৃতাং বর। ভবান্ যথা, প্রজ্ঞা বুদ্ধিঃ শ্রুতং শাস্ত্রজ্ঞানঞ্চ ত্যাভ্যাম্, বৃত্তেন ব্যবহারেণ, শীলেন স্বভাবেন চ, অন্যৈঃ সর্ব্বৈর্বিবিধৈগুণৈঃ শৌর্য্যাদিভিঃ, বয়সা বার্দ্ধক্যেন চ সমন্বিতঃ। অন্যোঽপি কশ্চিদেবমস্তীতি ভাবঃ। ভবান্ তথা বুদ্ধ্যা বিষয়জ্ঞানেন প্রজ্ঞয়া শাস্ত্রজ্ঞানেন, তপসা চ বিশিষ্টঃ, অন্যস্মাৎ প্রধানঃ। তস্মাদ্ ভবন্তং ধর্ম্মং পৃচ্ছামি ॥১—২॥

নেতি। যেন উপায়েন, ব্যাখ্যাতুং বক্তুম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

তুল্যা গঙ্গা সম্মতা ব্রাহ্মণানামিতি ব্রহ্মবিদাং কৃতকৃত্যানামপি গঙ্গা। পূজ্যত্বেন সম্মতেত্যুক্তং তেন। ব্রাহ্মণ্যং মহদিতি মত্বা পৃচ্ছতি—প্রজ্ঞেতি। বৃত্তমাচারঃ, শীলং বিনয়ঃ ॥১—৩॥

যে মানুষ গঙ্গামাহাত্ম্যযুক্ত এই পবিত্র ইতিহাস শ্রবণ কবে বা পাঠ করে; সেই মানুষ সকল পাপ হইতে মুক্ত হয় ॥১০৬॥

—ঃ*ঃ—

যুধিষ্ঠিব বলিলেন—'ধার্ম্মিকশ্রেষ্ঠ! আপনি যেমন বুদ্ধি, শাস্ত্রজ্ঞান, সদ্ব্যবহাব, সৎস্বভাব, নানাবিধ গুণ ও বৃদ্ধবয়সযুক্ত, তেমন আপনি বৈষয়িক বুদ্ধি, শাস্ত্রজ্ঞান ও তপস্যায সর্ব্ব প্রধান। অতএব আমি আপনাব নিকটে ধর্ম্ম জিজ্ঞাসা কবিতেছি ॥১—২॥

অতএব ক্ষত্রিয়শ্রেষ্ঠ! জগতে আপনি ভিন্ন অন্ন কোন লোকই এখন প্রষ্টব্য নাই। ক্ষত্রিয় প্রধান! ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র যে উপায়ে ব্রাহ্মণত্ব লাভ করিতে পাবে, তাহা আপনি আমাব নিকট বলুন ॥৩॥

তপসা বা সুমহতা কর্ম্মণা বা শ্রুতেন বা।
ব্রাহ্মণ্যমথ চেদিচ্ছেত্তন্মে ব্রূহি পিতামহ। ॥৪॥
ভীষ্ম উবাচ।
ব্রাহ্মণ্যং তাত! দুষ্প্রাপ্যং বর্ণৈঃ ক্ষত্রাদিভিস্ত্রিভিঃ।
পরং হি সর্ব্বভূতানাং স্থানমেতদ্ যুধিষ্ঠির! ॥৫॥
বহ্বীস্তু সংসরন্ যোনীর্জায়মানঃ পুনঃ পুনঃ।
পর্য্যায়ে তাত! কস্মিংশ্চিদ্ ব্রাহ্মণো নাম জায়তে ॥৬॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
মতঙ্গস্য চ সংবাদং গর্দ্দভ্যাশ্চ যুধিষ্ঠির। ॥৭॥
দ্বিজাতেঃ কস্যচিত্তাত! তুল্যবর্ণঃ সুতস্ত্বভূৎ।
মতঙ্গো নাম নাম্না বৈ সর্বৈঃ সমুদিতো গুণৈঃ ॥৮॥

ভাবতকৌমুদী

তপসেতি। কর্ম্মণা যজ্ঞাদিনা। ইচ্ছেদ্ লব্ধুমিতি শেষঃ ॥৪॥
ব্রাহ্মণ্যমিতি। পরং শ্রেষ্ঠম্, সর্ব্বভূতানাং সকলপ্রাণিনাম্ ॥৫॥
বহ্বীরিতি। সংসরন্ গচ্ছন্ জীবঃ। পর্য্যায়ে বারে ॥৬॥
অত্রেতি। গর্দ্দভ্যাঃ কর্ম্মবশাজ্জাতিস্মরায়া গর্দ্দভযোনিং প্রাপ্তায়াঃ ॥৭॥
দ্বিজাতেরিতি। দ্বিজাতের্ব্রাহ্মণস্য, তুল্যবর্ণঃ সবর্ণায়াং জাতত্বাৎ ॥৮॥

ভাবতভাবদীপঃ

চেদিচ্ছেত্তর্হি কেন প্রাপ্নুয়াত্তদিত্যনুষজ্য ব্যাখ্যেয়োঽয়মর্থঃ ॥৪—৫। পর্য্যায়ে আবৃত্তৌ জন্মনাম্ ॥৬—৭॥ তুল্যবর্ণঃ অন্যবর্ণজোঽপি জাতকর্ম্মাদিসংস্কারযোগাত্তুল্যবর্ণত্বং গতঃ, নাম প্রসিদ্ধম্ ॥৮॥

পিতামহ। উক্ত ক্ষত্রিয়প্রভৃতি, যদি ব্রাহ্মণত্ব লাভ কবিবাব ইচ্ছা কবে; তবে সে, গুরুতব তপস্যা, কর্ম্ম বা শাস্ত্রজ্ঞান দ্বাবা তাহা লাভ করিবে। ইহা আপনি আমাব নিকট বলুন' ॥৪॥

ভীষ্ম বলিলেন—'বৎস যুধিষ্ঠিব! ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই তিন বর্ণেব পক্ষেই ব্রাহ্মণত্ব লাভ কবা দুষ্কব। কাবণ, এই ব্রাহ্মণত্ব সমস্ত প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ স্থান ॥৫॥

বৎস! জীব, বহুযোনি ভ্রমণ কবিযা, বাব বাব জন্মিতে থাকিযা, কোন বারে কর্ম্মানুসাবে ব্রাহ্মণ হইযা জন্মগ্রহণ কবে ॥৬॥

যুধিষ্ঠির! এই বিষয়েও প্রাচীনেবা গর্দ্দভী ও মতঙ্গেব সংবাদরূপ পুবাতন বৃত্তান্তেব উল্লেখ কবিযা থাকেন ॥৭॥

স যজ্ঞকারঃ কৌন্তেয় ! পিত্রোৎসৃষ্টঃ পরন্তপ ! ।
প্রায়াদ্গর্দ্দভযুক্তেন রথেনাপ্যাশুগামিনা ॥৯॥
স বালং গর্দ্দভং রাজন্ বহন্তং মাতুরন্তিকে ।
নিরবিধ্যৎ প্রতোদেন নাসিকায়াং পুনঃ পুনঃ ॥১০॥
তত্র তীব্রং ব্রণং দৃষ্ট্বা গর্দ্দভী পুত্রগৃদ্ধিণী ।
উবাচ মা শুচঃ পুত্র ! চাণ্ডালস্ত্বাধিতিষ্ঠতি ॥১১॥
ব্রাহ্মণে দারুণং নাস্তি মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে ।
আচার্য্যঃ সর্ব্বভূতানাং শাস্তা কিং প্রহরিষ্যতি ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। যজ্ঞং পিত্রা কারযতীতি যজ্ঞকারঃ, উৎসৃষ্টো যজ্ঞীয়দ্রব্যাসাদনায প্রেরিতঃ ॥৯॥

স ইতি। নিরবিধ্যদতাড়য়ৎ, প্রতদেন কশয়া ॥১০॥

তত্রেতি। পুত্রগৃদ্ধিণী পুত্রবৎসলা গর্দ্দভী, তত্র পুত্রনাসিকায়াং তীব্রং ব্রণং ক্ষতং দৃষ্ট্বা উবাচ। হে পুত্র ! মা শুচঃ ক্ষতেন শোকং ন কুরু, যস্মাচ্চাণ্ডালঃ, ত্বা ত্বাম্ অধিতিষ্ঠতি ॥১১॥

ব্রাহ্মণ ইতি। দারুণং কর্ম্ম, মৈত্রঃ সর্ব্বভূতেষু মৈত্রীযুক্তঃ ॥১২॥

ভাবতভাবদীপঃ

যজ্ঞকারঃ যজ্ঞং কারয়ন্ আর্ত্বিজ্যং কুর্বন্নিত্যর্থঃ। প্রায়াদগ্নিচয়নার্থমিষ্টকা আনেতুমিত্যর্থাদ্গম্যতে ॥৯॥ বালমশিক্ষিতম্ ॥১০—১১॥ আবাপ ইতি পাঠে আলবালম্, পিতৃমাতৃতুল্য

বৎস ! কোন ব্রাহ্মণেব সবর্ণা ভার্য্যায় জাত বলিয়া সমানবর্ণ, সর্ব্বগুণসম্পন্ন মতঙ্গনামে একটী পুত্র হইয়াছিল ॥৮॥

শত্রুতাপক কুন্তিনন্দন ! সেই মতঙ্গ পিতাব যজ্ঞ সম্পাদন কবিত বলিয়া, পিতা তাহাকে যজ্ঞীয় দ্রব্য আনয়ন কবিবার জন্য প্রেবণ করিয়াছিলেন। তখন মতঙ্গ গর্দ্দভযুক্ত হইলেও দ্রুতগামী রথে গমন কবিতেছিল ॥৯॥

বাজা ! বালক গর্দ্দভ, তখন ধীবে ধীরে বথ বহন কবিতেছিল বলিয়া মতঙ্গ কশাদ্বাবা, মাতা গর্দ্দভীব নিকটেই সেই বালক গর্দ্দভটীর নাসিকায় বাব বার আঘাত কবিতে লাগিল ॥১০॥

পুত্রবৎসলা গর্দ্দভী পুত্রের নাসিকায় গুরুতব ক্ষত দেখিয়া বলিল—‘পুত্র ! তুমি শোক কবিও না ; চাণ্ডাল তোমাব উপবে অধিষ্ঠান কবিতেছে ॥১১॥

ব্রাহ্মণে দারুণ কর্ম্ম হইতে পাবে না। কাবণ, ব্রাহ্মণকে সর্ব্বভূতের মিত্র বলা হয় এবং ব্রাহ্মণ, আচার্য্য ও সর্ব্বভূতেব শাসনকর্ত্তা বলিয়া কেন তিনি প্রহাব করিবেন ॥১২॥

অযং তু পাপপ্রকৃতির্ব্বালে ন কুরুতে দযাম্।
স্বযোনিং মানযত্যেষ ভাবো ভাবং নিযচ্ছতি ॥১৩॥
এতচ্ছ্রুত্বা মতঙ্গস্তু দারুণং রাসভীবচঃ।
অবতীর্য্য রথাত্তূর্ণং রাসভীং প্রত্যভাষত ॥১৪॥
ব্রূহি রাসভি! কল্যাণি! মাতা মে যেন দূষিতা।
কথং মাং বেৎসি চণ্ডালং ক্ষিপ্রং রাসভি! শংস মে ॥১৫॥
কথং মাং বেৎসি চাণ্ডালং ব্রাহ্মণ্যং যেন নশ্যতে।
তত্ত্বেনৈতন্মহাপ্রাজ্ঞে! ব্রূহি সর্ব্বমশেষতঃ ॥১৬॥

গর্দ্দভ্যুবাচ।

ব্রাহ্মণ্যাং বৃষলেন ত্বং মত্তায়াং নাপিতেন হ।
জাতস্ত্বমসি চাণ্ডালো ব্রাহ্মণ্যং তেন তেঽনশৎ ॥১৭॥

ভাবতকৌমুদী

অয়মিতি। স্বযোনিং নিজচাণ্ডালত্বম্। ভাবশ্চাণ্ডালত্বম্, ভাবং ব্রাহ্মণত্বম্ নিয়চ্ছতি নিরুণদ্ধি ॥১৩॥

এতদিতি। রাসভীং গর্দ্দভীং "রাসভো গর্দ্দভঃ খর" ইত্যমরঃ ॥১৪॥

ব্রূহীতি। পিতুর্নির্দোষত্বং জানন্নমুমায মাতেত্যুক্তবান্ ॥১৫॥

কথমিতি। যেন চাণ্ডালত্বেন, ব্রাহ্মণ্যং ব্রাহ্মণবংশে মমোৎপত্তিঃ নশ্যতে লুপ্যতে ॥১৬॥

ভাবতভাবদীপঃ

ইত্যর্থঃ। "আবাপো ভাণ্ডচয়নে পরিক্ষেপালবালযো"রিতি মেদিনী ॥১২॥ বালে ত্বযি ভাবঃ জাতিস্বভাবঃ, ভাবং বুদ্ধিং নিযচ্ছতি মার্গান্তরাদপকর্ষতি ॥১৩—১৫॥ ব্রাহ্মণ্যং লোকদৃষ্ট্যং

এই পাপপ্রকৃতি চণ্ডাল, বালকেব উপবেও দযা কবিতেছে না; এ নিজের চণ্ডালত্বেবই প্রমাণ কবিতেছে। কাবণ, এক স্বভাব অপব স্বভাবকে নিরুদ্ধ করে ॥১৩॥

মতঙ্গ গর্দ্দভীর এই দারুণ বাক্য শুনিয়া, বথ হইতে সত্বব অবতীর্ণ হইযা গর্দ্দভীকে বলিল—॥১৪॥

'কল্যাণি গর্দ্দভি! যাহাতে আমাব মাতা দূষিত হইযাছেন; তাহা তুমি বল, এবং তুমি কি কবিযাই বা আমাকে চাণ্ডাল বলিযা জানিলে, তাহা আমার নিকট সত্বব বল ॥১৫॥

মহাপ্রাজ্ঞে গর্দ্দভি! তুমি কিপ্রকাবে আমাকে চাণ্ডাল বলিযা জানিলে? যাহাতে আমাব ব্রাহ্মণত্ব নষ্ট হইযাছে। তুমি যথার্থভাবে এই সকল নিঃশেষ-রূপে বল ॥১৬॥

ভীষ্ম উবাচ।

এবমুক্তো মতঙ্গস্তু প্রতিপ্রায়াদ্ গৃহং প্রতি।
তমাগতমভিপ্রেক্ষ্য পিতা বাক্যমথাব্রবীৎ ॥১৮॥
ময়া ত্বং যজ্ঞসংসিদ্ধৌ নিযুক্তো গুরুকর্ম্মণি।
কস্মাৎ প্রতিনিবৃত্তোঽসি কচ্চিন্ন কুশলং তব ॥১৯॥

মতঙ্গ উবাচ।

অন্ত্যযোনিরযোনির্ব্বা কথং স কুশলী ভবেৎ।
কুশলং তু কুতস্তস্য যস্যেয়ং জননী পিতঃ! ॥২০॥
ব্রাহ্মণ্যাং বৃষলাজ্জাতং পিতর্ব্বেদয়তীব মাম্।
অমানুষী গর্দ্দভীযং তস্মাত্তপ্স্যে তপো মহৎ ॥২১॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণ্যামিতি। ত্বং বৃষলেন শূদ্রেণ নাপিতেন, মত্তাযাং কামেনাস্থিরায়াং ব্রাহ্মণ্যাং জাতঃ। অতস্ত্বং চাণ্ডালোঽসি, "স্যাচ্চণ্ডালস্তু জনিতো ব্রাহ্মণ্যাং বৃষলেন যঃ" ইতি স্মৃতেঃ। তেন হেতুনা তে ব্রাহ্মণ্যমনশৎ লুপ্তম্ ॥১৭॥

এবমিতি। প্রতিপ্রাযাৎ প্রত্যাবর্ত্তত ॥১৮॥

মযেতি। গুরুকর্ম্মণি যজ্ঞীযদ্রব্যাসাদনরূপে মহাকার্য্যে। তব ন কুশলং কচ্চিদিতি বেদিতুমিচ্ছামীত্যর্থঃ ॥১৯॥

অন্ত্যেতি। অন্ত্যা সর্ব্বনিকৃষ্টা যোনির্যস্য স চাণ্ডালাদিঃ, অযোনিরপ্রশস্তযোনির্বা যঃ, ইযমীদৃশী কুৎসিতপ্রবৃত্তিরিত্যর্থঃ ॥২০॥

ভাবতভাবদীপঃ

নশ্যতে অন্তর্দ্ধীযতে যেন লক্ষণেন, তৎ কথং যতো মাং চণ্ডালং বেৎসি ॥১৬॥ অনশৎ নষ্টং ক্রূরত্বলিঙ্গেন ॥১৭—১৮॥ সংসিদ্ধৌ সংসিদ্ধ্যর্থম্ ॥১৯॥ অন্ত্যযোনিশ্চণ্ডালজাতিঃ, অযোনিস্তদন্যঃ

গর্দ্দভী বলিল—'তুমি শূদ্রজাতীয় নাপিতের ঔরসে কামোন্মত্তা ব্রাহ্মণীর গর্ভে জন্মিয়াছ। অতএব তুমি চণ্ডাল হইয়াছ; তাহাতেই তোমার ব্রাহ্মণত্ব নষ্ট হইয়াছে' ॥১৭॥

ভীষ্ম বলিলেন—'গর্দ্দভী এইরূপ বলিলে, মতঙ্গ আপন গৃহের দিকে ফিরিয়া গেল। মতঙ্গ ফিরিয়া আসিযাছে দেখিয়া তাহার পিতা, এই কথা বলিলেন—॥১৮॥

'আমি তোমাকে যজ্ঞসিদ্ধির নিমিত্ত কোন গুরুতর কার্য্যে নিযুক্ত করিযাছিলাম; তুমি, ফিরিয়া আসিলে কেন? তবে কি তোমার মঙ্গল নাই?' ॥১৯॥

মতঙ্গ বলিল—'পিতা! যে লোক অন্ত্যজ বা কুৎসিত যোনিজাত, সে লোক কুশলী হয় কিপ্রকারে? যাহার জননী ঈদৃশ কুৎসিতপ্রবৃত্তি, তাহার মঙ্গল কোথায়?' ॥২০॥

এবমুক্ত্বা স পিতরং প্রতস্থে কৃতনিশ্চয়ঃ।
ততো গত্বা মহারণ্যমতপৎ সুমহত্তপঃ ॥২২॥
ততঃ সন্তাপয়ামাস বিবুধাংস্তপসান্বিতঃ।
মতঙ্গঃ সুখসম্প্রেপ্সুঃ স্থানং সুচরিতাদপি ॥২৩॥
তং তথা তপসা যুক্তমুবাচ হরিবাহনঃ।
মতঙ্গ! তপ্যসে কিং ত্বং ভোগানুৎসৃজ্য মানুষান্ ॥২৪॥
বরং দদামি তে হন্ত বৃণীষ্ব ত্বং যদিচ্ছসি।
তচ্চাপ্যবাপ্যং হৃদি তে সর্ব্বং তদ্‌ব্রূহি মা চিরম্ ॥২৫॥

মতঙ্গ উবাচ।

ব্রাহ্মণ্যং কামযানোঽহমিদমারব্ধবাংস্তপঃ।
গচ্ছেয়ং তদবাপ্যেহ বর এষ বৃতো ময়া ॥২৬॥

ভাবতকৌমুদী

ব্রাহ্মণ্যমিতি। বেদয়তি পশুভাষয়া জ্ঞাপয়তীব ॥২১॥
এবমিতি। কৃতনিশ্চয়ো ব্রাহ্মণত্বলাভায় তপস্যায়াম্ ॥২২॥
তত ইতি। সুচরিতাৎ সুষ্ঠু তপশ্চরণাৎ, স্থানং স্বর্গমপি সম্প্রেপ্সুঃ ॥২৩॥
তমিতি। হরিবাহন ইন্দ্রঃ। কিং কস্মাৎ ॥২৪॥
বরমিতি। হৃদি যদস্তীতি শেষঃ। মা চিরং ন বিলম্বস্ব ॥২৫॥

ভাবতভাবদীপঃ

কুৎসিতযোনিঃ, তযোর্হীনকর্ম্মতয়া কুশলিত্বং নাস্তীত্যর্থঃ ॥২০—২২॥ সুচরিতাত্তপসশ্চ হেতোঃ

পিতা! আমি শূদ্র হইতে ব্রাহ্মণীর গর্ভে জন্মিয়াছি; ইহা যেন এই পশু-গর্দ্দভী আমাকে জানাইতেছে। অতএব আমি ব্রাহ্মণত্ব লাভের জন্য গুরুতর তপস্যা করিব ॥২১॥

পিতাকে এইরূপ বলিয়া মতঙ্গ তপস্যায় কৃতনিশ্চয় হইয়া প্রস্থান করিল; তাহার পর মহাবনে যাইয়া গুরুতর তপস্যা করিতে আরম্ভ করিল ॥২২॥

তদনন্তর মতঙ্গ, গুরুতর তপস্যার ফলে ব্রাহ্মণ্যগৌরব ও স্বর্গলাভ ইচ্ছা করিয়া, তপস্যা করিতে থাকিয়া দেবগণকে সন্তপ্ত করিতে লাগিল ॥২৩॥

তখন ইন্দ্র আসিয়া সেইরূপ তপস্যাযুক্ত মতঙ্গকে বলিলেন—'মতঙ্গ! তুমি মনুষ্যোচিত ভোগ পরিত্যাগ করিয়া কি জন্য তপস্যা করিতেছ?' ॥২৪॥

তুমি যাহা ইচ্ছা কর তাহা প্রার্থনা কর, আমি তোমাকে বর দিতেছি, তোমার মনে যাহা আছে, সে সমস্তই পাইবে। সুতরাং, তাহা বল, বিলম্ব করিও না ॥২৫॥

ভীষ্ম উবাচ।

এতচ্ছ্রুত্বা তু বচনং তমুবাচ পুরন্দরঃ।
মতঙ্গ! দুর্লভমিদং বিপ্রত্বং প্রার্থ্যতে ত্বয়া ॥২৭॥
ব্রাহ্মণ্যং প্রার্থযানস্ত্বমপ্রাপ্যমকৃতাত্মভিঃ।
বিনশিষ্যসি দুর্বুদ্ধে! তদুপারম মা চিরম্ ॥২৮॥
শ্রেষ্ঠতাং সর্ব্বভূতেষু তপোঽর্থং নাতিবর্ত্ততে।
তদগ্র্যং প্রার্থয়ানস্ত্বমচিরাদ্বিনশিষ্যসি ॥২৯॥
দেবতাসুরমর্ত্ত্যেষু যৎ পবিত্রং পরং স্মৃতম্।
চণ্ডালযোনৌ জাতেন ন তৎ প্রাপ্যং কথঞ্চন ॥৩০॥

ভাবতকৌমুদী

ব্রাহ্মণ্যমিতি। কাময়ান ইতি মকারাগমাভাব আর্ষঃ ॥২৬॥

এতদিতি। পুরন্দর ইন্দ্রঃ ॥২৭॥

ব্রাহ্মণ্যমিতি। অকৃতাত্মভিরবিহিতবিশেষযত্নৈঃ। বিনশিষ্যসি তপশ্চরণকষ্টাৎ, উপারম তপস্যাতো বিরম ॥২৮॥

শ্রেষ্ঠতামিতি। তপঃ কর্ত্তৃ, সর্ব্বভূতেষু মধ্যে শ্রেষ্ঠতামর্থং ব্রাহ্মণ্যরূপং শ্রেষ্ঠবিষয়ম্, নাতিবর্ত্ততে নাতিক্রামতি, অপিতু দাতুং শক্নোতি। তথাপি তাদৃশং তপশ্চরিতুং ত্বং ন শক্ষ্যসীতি ভাবঃ। অগ্র্যং শ্রেষ্ঠং তদ্ব্রাহ্মণ্যম্ ॥২৯॥

ব্রাহ্মণ্যস্যাপ্রাপ্যত্বে হেতুমাহ দেবতেতি। যদ্ব্রাহ্মণ্যম্। জাতেন ত্বয়া ॥৩০॥

ভাবতভাবদীপঃ

স্থানং ব্রাহ্মণ্যং সুখেন প্রেপ্সুর্বিবুধাংস্তাপয়ামাসেতি সম্বন্ধঃ ॥২৩॥ হরিবাহন ইন্দ্রঃ ॥২৪—২৮॥

মতঙ্গ বলিল—'আমি ব্রাহ্মণত্ব লাভের কামনা করিয়া এই তপস্যা আরম্ভ করিয়াছি; এই বনে থাকিয়া সেই ব্রাহ্মণত্ব লাভ করিয়াই আমি যাইব; এই বর আমি প্রার্থনা করিলাম ॥২৬॥

ভীষ্ম বলিলেন—'এই কথা শুনিয়া ইন্দ্র মতঙ্গকে কহিলেন—'মতঙ্গ! তুমি দুর্লভ এই ব্রাহ্মণত্ব প্রার্থনা করিতেছ? ॥২৭॥

দুর্বুদ্ধি! অকৃতযত্ন লোকের পক্ষে অপ্রাপ্য ব্রাহ্মণত্ব প্রার্থনা করিয়া তুমি বিনষ্ট হইবে। অতএব তপস্যা হইতে বিরত হও, বিলম্ব করিও না ॥২৮॥

তপস্যা, সমস্ত প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ ব্রাহ্মণত্বরূপ বিষয় অতিক্রম করে না একথা সত্য; তবে তুমি সেই শ্রেষ্ঠ ব্রাহ্মণত্বের প্রার্থনা করিয়া অচিরকাল-মধ্যেই বিনষ্ট হইবে ॥২৯॥

---

(৩০) ইতঃ পরং···সপ্তবিংশোঽধ্যায়ঃ—বঙ্গ বর্দ্ধ।

ভীষ্ম উবাচ।

এবমুক্ত্বা মতঙ্গস্তু সংশিতাত্মা যতব্রতঃ।
অতিষ্ঠদেকপাদেন বর্ষাণাং শতমচ্যুতঃ ॥৩১॥
তমুবাচ ততঃ শক্রঃ পুনরেব মহাযশাঃ।
ব্রাহ্মণ্যং দুর্লভং তাত। প্রার্থয়ানো ন লপ্স্যসে ॥৩২॥
মতঙ্গ! পরমং স্থানং প্রার্থযন্ বিনশিষ্যসি।
মা কৃথাঃ সাহসং পুত্র! নৈষ ধর্ম্মপথস্তব ॥৩৩॥
ন হি শক্যং ত্বয়া প্রাপ্তুং ব্রাহ্মণ্যমিহ দুর্ম্মতে!।
অপ্রাপ্যং প্রার্থয়ানো হি নচিরাদ্বিনশিষ্যসি ॥৩৪॥
মতঙ্গ! পরমং স্থানং বার্য্যমাণোঽসকৃন্ময়া।
চিকীর্ষস্যেব তপসা সর্ব্বথা ন ভবিষ্যসি ॥৩৫॥

ভাবতকৌমুদী

এবমিতি। সংশিতাত্মা সিদ্ধিলাভে দৃঢচিত্তঃ, যতব্রত ইন্দ্রিযসংযমে নিযমবান্। অচ্যুতঃ কর্ত্তব্যাদভ্রষ্টঃ ॥৩১॥

তমিতি। প্রার্থয়ান ইত্যত্রাপি মকারাগমাভাব আর্ষঃ ॥৩২॥

মতঙ্গেতি। স্থানং ব্রাহ্মণপদম্। তব চাণ্ডালস্য ॥৩৩॥

নহীতি। ইহ জন্মনি। ন চিরাৎ শীঘ্রমেব ॥৩৪॥

মতঙ্গেতি। স্থানমাত্মনো ব্রাহ্মণত্বম্, চিকীর্ষস্যেব কর্ত্তুমিচ্ছস্যেব ॥৩৫॥

কারণ, দেবতা, অসুব ও মানুষেব মধ্যে যাহা পরম পবিত্র, তুমি চাণ্ডাল-রূপে উৎপন্ন হইয়া কোন প্রকাবেই তাহা পাইবে না ॥৩০॥

ভীষ্ম বলিলেন—'ইন্দ্র এইরূপ কহিলে, মতঙ্গ আবও দৃঢ়চিত্ত ও দৃঢনিয়ম হইয়া এবং কর্ত্তব্য হইতে অভ্রষ্ট থাকিয়া শতবৎসব পর্য্যন্ত এক চবণেই অবস্থান কবিল ॥৩১॥

তাহাবপর মহাযশা ইন্দ্র আসিয়া পুনবায মতঙ্গকে বলিলেন—'বৎস মতঙ্গ! ব্রাহ্মণত্ব দুর্লভ, তাহা তুমি প্রার্থনা করিযাও পাইবে না ॥৩২॥

পুত্র মতঙ্গ! পবম পদ প্রার্থনা কবিযা বিনষ্ট হইবে। অতএব তুমি সাহস কবিও না; ইহা তোমাব পক্ষে ধর্ম্মপথ নহে ॥৩৩॥

দুর্ম্মতি! তুমি এই জন্মে ব্রাহ্মণত্ব লাভ কবিতে পাবিবে না, অথচ অপ্রাপ্য প্রার্থনা করিয়া অচিবকালমধ্যেই বিনষ্ট হইবে ॥৩৪॥

মতঙ্গ! আমি তোমাকে বাবম্বাব নিষেধ কবিতেছি; তথাপি তুমি তপস্যা দ্বারা নিজের সেই পবম পদ লাভ কবিবাব ইচ্ছাই কবিতেছ, কোন প্রকাবেই তাহা তোমার হইবে না ॥৩৫॥

তির্য্যগ্‌যোনিগতঃ সর্ব্বো মানুষ্যং যদি গচ্ছতি।
স জায়তে পুক্কশো বা চাণ্ডালো বাপ্যসংশয়ঃ ॥৩৬॥
পুক্কশঃ পাপযোনির্ব্বা যঃ কশ্চিদিহ লক্ষ্যতে।
স তস্যামেব সুচিরং মতঙ্গ! পরিবর্ত্ততে ॥৩৭॥
ততো দশশতে কালে লভতে শূদ্রতামপি।
শূদ্রযোনাবপি ততো বহুশঃ পরিবর্ত্ততে ॥৩৮॥
ততস্ত্রিংশদ্‌গুণে কালে লভতে বৈশ্যতামপি।
বৈশ্যতায়াং চিরং কালং তত্রৈব পরিবর্ত্ততে ॥৩৯॥
ততঃ ষষ্টিগুণে কালে রাজন্যো নাম জায়তে।
ততঃ ষষ্টিগুণে কালে লভতে ব্রহ্মবন্ধুতাম্ ॥৪০॥

ভাবতকৌমুদী

তির্য্যগিতি। মানুষ্যং মনুষ্যত্বম্, যদি গচ্ছতি কর্ম্মবশাৎ ॥৩৬॥
পুক্কশ ইতি। পাপযোনিরন্ত্যজশ্চাণ্ডালাদিঃ ॥৩৭॥
তত ইতি। দশশতে সহস্রবৎসরপরিমিতে। বহুশো বৎসরান্ ॥৩৮॥
তত ইতি। পরিবর্ত্ততে পরিভ্রমতি ॥৩৯॥
তত ইতি। রাজন্যঃ ক্ষত্রিয়ঃ। ব্রহ্মবন্ধুতাং নিকৃষ্টব্রাহ্মণত্বম্ ॥৪০॥

ভাবতভাবদীপঃ

শ্রেষ্ঠতারূপমর্থং ব্রাহ্মণ্যং তপো নাতিবর্ত্ততে ন বশীকর্ত্তুমর্হতি ॥২৯—৩০॥ এবমুক্ত ইতি ॥৩১-৪০॥

মনুষ্য ভিন্ন অন্য প্রাণিগত জীব, কর্ম্মবশতঃ যদি মনুষ্যত্ব লাভ করে; তবে সে নিশ্চয়ই প্রথমে চণ্ডাল অথবা পুক্কশ হইয়া জন্মগ্রহণ করে ॥৩৬॥

মতঙ্গ! এই জগতে পুক্কশ বা অন্য যে কোন অন্ত্যজ জাতি দেখা যায়; সে দীর্ঘকাল সেই জাতিতেই পরিভ্রমণ করে ॥৩৭॥

তাহার পর সহস্র বৎসর অতীত হইলে সেই অন্ত্যজ জাতি শূদ্রত্ব লাভ করে; তৎপরে সে শূদ্র জাতিতেও বহুকাল বিচরণ করিয়া থাকে ॥৩৮॥

তদনন্তর সেই শূদ্র, তাহার ত্রিশ গুণ কাল অতীত হইলে বৈশ্যত্ব প্রাপ্ত হয়, পরে সেই বৈশ্য জাতিতেও সে দীর্ঘকাল বিচরণ করে ॥৩৯॥

তদনন্তর তাহার যাট্ গুণ কাল অতীত হইলে, সেই বৈশ্য ক্ষত্রিয় হইয়া জন্মে, তাহার পর তাহার যাট্ গুণ কাল অতীত হইলে, সেই ক্ষত্রিয় নিকৃষ্ট ব্রাহ্মণত্ব লাভ করে ॥৪০॥

ব্রহ্মবন্ধুশ্চিরং কালং তত্রৈব পরিবর্ত্ততে।
ততস্তু দ্বিশতে কালে লভতে কাণ্ডপৃষ্ঠতাম্।
কাণ্ডপৃষ্ঠশ্চিরং কালং তত্রৈব পরিবর্ত্ততে ॥৪১॥
ততস্তু ত্রিশতে কালে লভতে জপতামপি।
তঞ্চ প্রাপ্য চিরং কালং তত্রৈব পরিবর্ত্ততে ॥৪২॥
ততশ্চতুঃশতে কালে শ্রোত্রিয়ো নাম জায়তে।
শ্রোত্রিয়ত্বে চিরং কালং তত্রৈব পরিবর্ত্ততে ॥৪৩॥
তদেবং শোকহর্ষৌ তু কামদ্বেষৌ চ পুত্রক!।
অতিমানাতিবাদৌ চ প্রবিশেতে দ্বিজাধমম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। কাণ্ডপৃষ্ঠতাং শস্ত্রোপজীবিব্রাহ্মণত্বম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪১॥

তত ইতি। জপতাং গায়ত্রীমাত্রজপকারিণাং ব্রাহ্মণানাং বংশে জন্মেতি শেষঃ। তং বংশম্ ॥৪২॥

তত ইতি। শ্রোত্রিয়লক্ষণমাহ স্মৃতিঃ—"একাং শাখাং সকল্পং বা ষড় ভিরঙ্গৈরধীত্য বা। ষট্কর্ম্মনিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ" ॥৪৩॥

তদিতি। অতিবাদঃ পরনিন্দা। প্রবিশেতে সংসর্গদোষাৎ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

কাণ্ডপৃষ্ঠতাং শস্ত্রজীবিত্বম্, "শস্ত্রাজীবী কাণ্ডপৃষ্ঠঃ ইত্যমরঃ।" "বেশ্যাপতিঃ কাণ্ডপৃষ্ঠঃ সদ্ভিরেব নিগদ্যত" ইতি যমঃ ॥৪১॥ জপতাং গায়ত্রীমাত্রসেবিনাং কুলে জন্মেতি শেষঃ ॥৪২॥ শ্রোত্রিয়ঃ

নিকৃষ্ট ব্রাহ্মণ দীর্ঘকাল সেইরূপ নিকৃষ্ট বংশেই বিচরণ করে। তাহার পর দুইশত বৎসর অতীত হইলে সেই নিকৃষ্ট ব্রাহ্মণ শস্ত্রজীবী ব্রাহ্মণ হয়; সেই শস্ত্রজীবী ব্রাহ্মণ সেই অবস্থায় বহুকাল থাকে ॥৪১॥

তদনন্তর সেই শস্ত্রজীবী ব্রাহ্মণ তিনশত বৎসর অতীত হইলে গায়ত্রীমাত্র জপকারী ব্রাহ্মণের বংশে জন্মিয়া থাকে এবং সেই বংশে জন্মিয়া সেই বংশেই দীর্ঘকাল থাকে ॥৪২॥

তৎপরে চারিশত বৎসর অতীত হইলে গায়ত্রীমাত্র জপকারী সেই ব্রাহ্মণ বেদবিদ্ ব্রাহ্মণ হইয়া জন্মিয়া থাকে এবং তিনি দীর্ঘকাল সেই বেদবিদ্‌ভাবেই অবস্থান করেন ॥৪৩॥

পুত্র। তৎকালে শোক ও হর্ষ, কাম ও দ্বেষ এবং অভিমান ও পরনিন্দা কুসংসর্গ দোষে সেই হতভাগ্য ব্রাহ্মণে প্রবেশ করিয়া থাকে ॥৪৪॥

তাংশ্চেজ্জয়তি শত্রূন্ স তদা প্রাপ্নোতি সদ্গতিম্।
অথ তে বৈ জয়ন্ত্যেনং তালাগ্রাদিব পাত্যতে ॥৪৫॥
মতঙ্গ ! সম্প্রধার্য্যৈবং যদহং ত্বামচূচুদম্।
বৃণীষ্ব কামমন্যং ত্বং ব্রাহ্মণ্যং হি সুদুর্লভম্ ॥৪৬॥

ভীষ্ম উবাচ।

এবমুক্তো মতঙ্গস্তু সংশিতাত্মা যতব্রতঃ।
সহস্রমেকপাদেন ততো ধ্যানে ব্যতিষ্ঠত ॥৪৭॥
তং সহস্রাবরে কালে শক্রো দ্রষ্টুমুপাগমৎ।
তদেব চ পুনর্ব্বাক্যমুবাচ বলবৃত্রহা ॥৪৮॥

ভাবতকৌমুদী

তানিতি। তান্ শোকাদীন্, স ব্রাহ্মণঃ, তে শোকাদয়ঃ, এনং ব্রাহ্মণং যদি জয়ন্তি তদা তৈঃ শোকাদিভিঃ স ব্রাহ্মণঃ, তালাগ্রাৎ তালবৃক্ষোপরিদেশাৎ তালফলমিব, পাত্যতে পুনঃ ক্ষত্রিয়াদৌ প্রেষ্যতে ॥৪৫॥

মতঙ্গেতি। হে মতঙ্গ! এবং সম্প্রধার্য্য নিশ্চিত্য, অহং ত্বাং যদচূচুদমুপদিষ্টবান্, তদেব কুরুষ্বেতি শেষঃ। অন্যং কামমভীষ্টং বৃণীষ। হি যস্মাৎ ব্রাহ্মণ্যং সুদুর্লভম্ ॥৪৬॥

এবমিতি। সংশিতাত্মা দৃঢ়চিত্তঃ, যতব্রতঃ সংযমে নিয়মবান্। সহস্রং বর্ষাণি ॥৪৭॥

তমিতি। বৎসরাণাং সহস্রমবরং কিঞ্চিন্ন্যূনং যত্র তস্মিন্ ॥৪৮॥

ভাবতভাবদীপঃ

অধীতবেদঃ ॥৪৩॥ তত্তদা শ্রোত্রিয়ত্বলাভেঽপি ॥৪৪॥ তে শোকাদয়ঃ এনং শ্রোত্রিয়ং পাত্যতে

পক্ষান্তবে সেই শ্রোত্রিয় ব্রাহ্মণ যদি সেই শোকহর্ষাদি শত্রুকে জয় কবিতে পাবেন; তবে তিনি সদ্গতি লাভ কবিয়া থাকেন। আব সেই শোকহর্ষাদি শত্রুবাই যদি তাঁহাকে জয় কবে, তবে সেই শোকহর্ষাদি শত্রুবাই তালবৃক্ষেব অগ্র হইতে তালফলেব ন্যায় তাহাকে নিম্ন জাতিতে নিপাতিত করে ॥৪৫॥

মতঙ্গ! তুমি এইরূপ নিশ্চয় কবিয়া আমি তোমাকে যাহা বলিয়াছি, তাহাই কব; তুমি অন্য বব প্রার্থনা কব। কাবণ, তোমাব পক্ষে ব্রাহ্মণত্ব অতিদুর্লভ ॥৪৬॥

ভীষ্ম বলিলেন—'ইন্দ্র এইরূপ বলিলে তখন মতঙ্গ দৃঢ়চিত্ত ও সংযত হইয়া একপাদে সহস্র বৎসব পর্য্যন্ত ধ্যানে নিমগ্ন থাকিল ॥৪৭॥

সহস্র বৎসবেব কিঞ্চিৎ ন্যূন থাকিতে বলবৃত্রহন্তা ইন্দ্র পুনবায় মতঙ্গকে দেখিবাব জন্য আগমন কবিলেন এবং আবাবও পূর্ব্বেব সেই বাক্যই বলিলেন ॥৪৮॥

---

(৪৬) শ্লোকাৎ পরং অষ্টাবিংশোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ।

মতঙ্গ উবাচ।

ইন্দ্র! বর্ষসহস্রং বৈ ব্রহ্মচারী সমাহিতঃ।
অতিষ্ঠমেকপাদেন ব্রাহ্মণ্যং নাপ্নুযাং কথম্ ॥৪৯॥

শক্র উবাচ।

চণ্ডালযোনৌ জাতেন নাবাপ্যং বৈ কথঞ্চন।
অন্যং কামং বৃণীষ্ব ত্বং মা বৃথা তেঽস্ত্বয়ং শ্রমঃ ॥৫০॥
এবমুক্তো মতঙ্গস্তু ভৃশং শোকপরায়ণঃ।
অধ্যতিষ্ঠদ্‌গয়াং গত্বা সোঽঙ্গুষ্ঠেন শতং সমাঃ ॥৫১॥
সুদুর্ব্বহং বহন্ যোগং কৃশো ধমনিসন্ততঃ।
ত্বগস্থিভূতো ধর্ম্মাত্মা স পপাতেতি নঃ শ্রুতম্ ॥৫২॥
তং পতন্তমভিদ্রুত্য পরিজগ্রাহ বাসবঃ।
বরাণামীশ্বরো দাতা সর্বভূতহিতে রতঃ ॥৫৩॥

ভাবতকৌমুদী

ইন্দ্রেতি। তপোবলেন সর্বজ্ঞতালাভাদিন্দ্রেতি সম্বোধিতম্ ॥৪৯॥
চণ্ডালেতি। জাতেন ত্বয়া, নাবাপ্যং ব্রাহ্মণ্যং ন লভ্যম্ ॥৫০॥
এবমিতি। সমা বৎসরান্। গয়াগমনং তীর্থমাহাত্ম্যেন সিদ্ধিলাভার্থম্ ॥৫১॥
সুদুর্ব্বহমিতি। ধমনিভিঃ শিরাভিঃ সন্ততো ব্যাপ্তদেহঃ ॥৫২॥
তমিতি। অভিদ্রুত্য দ্রুতং গত্বা, বাসব ইন্দ্রঃ ॥৫৩॥

ভাবতভাবদীপঃ

অত্যন্তং নীচযোনিং প্রাপ্নোতীত্যর্থঃ ॥৪৫—৪৬॥ এবমুক্ত ইতি। সহস্রং বৎসরান্ ॥৪৭—৫২॥

মতঙ্গ কহিল—'ইন্দ্র! আমি ব্রহ্মচাবী ও একাগ্রচিত্ত হইয়া একপাদে সহস্র বৎসর থাকিলাম; তথাপি ব্রাহ্মণত্ব পাইলাম না কেন?' ॥৪৯॥

ইন্দ্র বলিলেন—'মতঙ্গ! তুমি চণ্ডালরূপে জন্মিযা কোন প্রকাবেই ব্রাহ্মণত্ব পাইবে না। অতএব তুমি, অন্য বব প্রার্থনা কব, তোমাব এই পবিশ্রম যেন ব্যর্থ না হয় ॥৫০॥

ইন্দ্র এইরূপ বলিলে, মতঙ্গ, অত্যন্ত শোকার্ত্ত হইযা গযায যাইযা শতবৎসব পর্য্যন্ত কেবল এক চবণেব অঙ্গুষ্ঠদ্বাবা দাঁড়াইয়া বহিল ॥৫১॥

সেই অবস্থায় ধর্ম্মাত্মা মতঙ্গ, অতিদুষ্কব যোগেব অনুষ্ঠান কবিতে থাকিযা, কৃশ, শিবাব্যাপ্তদেহ ও অস্থিচর্ম্মাবশিষ্ট হইয়া, পতিত হইতে লাগিল, ইহা আমরা শুনিয়াছি ॥৫২॥

শক্র উবাচ।

মতঙ্গ ! ব্রাহ্মণত্বং তে বিরুদ্ধমিহ দৃশ্যতে।
ব্রাহ্মণ্যং দুর্লভতরং সংবৃতং পরিপন্থিভিঃ ॥৫৪॥
পূজয়ন্ সুখমাপ্নোতি দুঃখমাপ্নোত্যপূজয়ন্।
ব্রাহ্মণঃ সর্ব্বভূতানাং যোগক্ষেমসমর্পিতা ॥৫৫॥
ব্রাহ্মণেভ্যোঽনুতৃপ্যন্তে পিতরো দেবতাস্তথা।
ব্রাহ্মণঃ সর্ব্বভূতানাং মতঙ্গ ! পর উচ্যতে।
ব্রাহ্মণঃ কুরুতে তদ্ধি যথা যদ্‌যচ্চ বাঞ্ছতি ॥৫৬॥
বহ্বীস্তু সংসরন্ যোনীর্জ্জায়মানঃ পুনঃ পুনঃ।
পর্য্যায়ে তাত ! কস্মিংশ্চিদ্‌ব্রাহ্মণ্যমিহ বিন্দতি ॥৫৭॥

ভাবতকৌমুদী

মতঙ্গেতি। সংবৃতং নিরুদ্ধম্, পরিপন্থিভিশ্চণ্ডালত্বাদিভিঃ ॥৫৪॥

পূজয়ন্নিতি। পূজয়ন্ ব্রাহ্মণং সম্মানয়ন্, অপূজয়ন্ তম্ অপমানয়ন্। অনাগতস্য মঙ্গলস্যানয়নং যোগঃ, আগতস্য চ মঙ্গলস্য রক্ষণং ক্ষেমম্ তয়োঃ সমর্পিতা সম্পাদয়িতা সর্ব্বভূতহিতরতত্বাৎ ॥৫৫॥

ব্রাহ্মণেভ্য ইতি। অনুতৃপ্যন্তে পূজাদিনা তৃপ্তিং প্রাপ্নুবন্তি। পরঃ শ্রেষ্ঠঃ। কুরুতে তপঃপ্রভাবাৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫৬॥

বহ্বীরিতি। পর্য্যায়ে বারে। বিন্দতি লভতে ॥৫৭॥

ভাবতভাবদীপঃ

অভিক্রুত্য গত্বা ॥৫৩॥ দুর্ল্লভতরমপি পরিপন্থিভিঃ কামাদ্যৈশ্চৌরৈঃ সংবৃতমতো দুঃসংরক্ষ্যমিত্যর্থঃ ॥৫৪॥ পূজয়ন্ ব্রাহ্মণমিতি শেষঃ ॥৫৫॥ ব্রাহ্মণেভ্যস্তদ্দ্বারা দেবাদয়স্তৃপ্যন্তীত্যর্থঃ ॥৫৬॥

মতঙ্গ পতিত হইতে লাগিলে, সর্ব্বশক্তিমান্, বরদাতা ও সমস্ত প্রাণীর হিতে নিরত ইন্দ্র, দ্রুত যাইয়া তাহাকে ধারণ করিলেন ॥৫৩॥

ইন্দ্র বলিলেন—'মতঙ্গ! তোমার পক্ষে এই জন্মে ব্রাহ্মণত্ব অসম্ভব দেখিতেছি। কারণ, অতিদুর্ল্লভ ব্রাহ্মণত্ব, তোমার চণ্ডালত্ব প্রভৃতিদ্বারা নিরুদ্ধ হইয়াছে ॥৫৪॥

মানুষ, ব্রাহ্মণের সম্মান করিয়া সুখলাভ করে এবং তাঁহার অপমান করিয়া দুঃখ পায়। কারণ, ব্রাহ্মণ সমস্ত প্রাণীর মঙ্গল আনয়ন করেন এবং তাহা রক্ষা করিয়া থাকেন ॥৫৫॥

মতঙ্গ! দেবগণ ও পিতৃগণ ব্রাহ্মণ হইতে তৃপ্তিলাভ করেন; ব্রাহ্মণকে সমস্ত প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ বলা হয় এবং ব্রাহ্মণ যে ভাবে যাহা যাহা করিতে ইচ্ছা করেন, তপস্যার প্রভাবে তাহা তাহাই করিতে পারেন ॥৫৬॥

---

(৫৭) বহ্বীস্তু সংবিশন্ যোনীঃ বঙ্গ বর্দ্ধ।

তদুৎসৃজ্যেহ দুষ্প্রাপ্যং ব্রাহ্মণ্যমকৃতাত্মভিঃ।
অন্যং বরং বৃণীষ্ব ত্বং দুর্লভোঽয়ং হি তে বরঃ ॥৫৮॥

মতঙ্গ উবাচ।

কিং মাং তুদসি দুঃখার্ত্তং মৃতং মারয়সে চ মাম্।
তন্তু শোচামি যো লব্ধা ব্রাহ্মণ্যং ন বুভূষতে ॥৫৯॥
ব্রাহ্মণ্যং যদি দুষ্প্রাপং ত্রিভির্ব্বর্ণৈঃ শতক্রতো।।
সুদুর্লভং সদাবাপ্য নানুতিষ্ঠন্তি মানবাঃ ॥৬০॥
যঃ পাপেভ্যঃ পাপতমস্তেষামধম এব সঃ।
ব্রাহ্মণ্যং যো ন জানীতে ধনং লব্ধেব দুর্লভম্ ॥৬১॥

ভাবতকৌমুদী

তদিতি। উৎসৃজ্য পবিত্যজ্য। অযং ব্রাহ্মণ্যলাভবিষযকঃ ॥৫৮॥

কিমিতি। তুদসি ঈদৃশবাচা ব্যথযসি। যঃ খলু তদ্ব্রাহ্মণ্যং লব্ধাপি ন বুভূষতে শমদমাদিগুণবান্ ন ভবিতুমিচ্ছতি, তন্তু শোচামি ॥৫৯॥

ব্রাহ্মণ্যমিতি। ত্রিভিঃ ক্ষত্রিয়াদিভিঃ। সুদুর্লভং তদ্ব্রাহ্মণত্বং নানুতিষ্ঠন্তি শমদমাদীন্ ন কুর্ব্বন্তি ॥৬০॥

ভাবতভাবদীপঃ

যদ্যদ্বাঞ্ছতি তত্তৎ কুরুতে ॥৫৭—৫৮॥ লব্ধাপি ন বুভূষসে ন প্রাপ্নোষি, যাদৃশেঽপি তপস্বিনি কারুণ্যাভাবাত্তন্নাশযসীতি ভাবঃ ॥৫৯॥ দুর্লভং ব্রাহ্মণ্যং প্রাপ্যাপি নানুতিষ্ঠন্তি তদুচিতান্ "শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিবার্জ্জবমেব চ। জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজ"মিতি

বৎস! এই জগতে জীব বহুযোনি ভ্রমণ কবিযা বাব বাব জন্মিযা, কোন বাবে ব্রাহ্মণত্ব লাভ কবিযা থাকে ॥৫৭॥

অতএব তুমি, অশিক্ষিতচিত্ত লোকেব পক্ষে দুর্লভ ব্রাহ্মণত্বেব আশা পবিত্যাগ কবিযা অন্য বব প্রার্থনা কব। কাবণ, এই ব্রাহ্মণত্বেব বব লাভ কবা তোমাব পক্ষে দুষ্কব' ॥৫৮॥

মতঙ্গ বলিল—'দেববাজ। আমি একে দুঃখার্ত্ত; তাহাতে আবাব আপনি আমাকে ব্যথা দিতেছেন, আমি মৃত, আমাকে মাবিতেছেন। যে লোক ব্রাহ্মণত্ব লাভ কবিযা শমদমাদি গুণবান্ হইতে ইচ্ছা না কবে, আমি তাহাব জন্য শোক কবি' ॥৫৯॥

দেববাজ! ক্ষত্রিযপ্রভৃতি তিন বর্ণেব পক্ষে ব্রাহ্মণত্ব যদি দুর্লভই হয তবে সেই দুর্লভ ব্রাহ্মণত্ব লাভ কবিয়া মানুষ শমাদিগুণেব অনুষ্ঠান কবে না (ইহা বড়ই দুঃখেব বিষয) ॥৬০॥

(৫৯) ত্বান্তু শোচামি যো লব্ধা ব্রাহ্মণ্যং ন বুভূষসে'—বঙ্গ বর্দ্ধ।

দুষ্প্রাপং খলু বিপ্রত্বং প্রাপ্তং দুরনুপালনম্ ।
দুঃখাপহমবাপ্যৈতন্নানুতিষ্ঠন্তি মানবাঃ ॥৬২॥
একারামোহহ্যহং শক্র ! নির্দ্বন্দ্বো নিষ্পরিগ্রহঃ ।
অহিংসাদমমাস্থায় কথং নার্হামি বিপ্রতাম্ ॥৬৩॥
দৈবন্তু কথমেতদ্বৈ যদহং মাতৃদোষতঃ ।
এতামবস্থাং সম্প্রাপ্তো ধর্ম্মজ্ঞঃ সন্ পুরন্দর ! ॥৬৪॥
ন্যূনং দৈবং ন শক্যং হি পৌরুষেণাতিবর্ত্তিতুম্ ।
যদর্থং যত্নবানেবং ন লভে বিপ্রতাং বিভো ! ॥৬৫॥

ভাবতকৌমুদী

য ইতি। যো ধনমিব দুর্লভং ব্রাহ্মণ্যং লব্ধা তস্য দুর্লভত্বং ন জানীতে, যশ্চ দুষ্কর্ম্মণা পাপেভ্যঃ পাপতমঃ, স তেষাং ব্রাহ্মণানাং মধ্যে অধম এব ॥৬১॥

দুষ্প্রাপমিতি। দুষ্করমনুপালনমনুষ্ঠানং যস্য তৎ। নানুতিষ্ঠন্তি শমদমাদ্যভ্যাসেন নানুবর্ত্তন্তে। মহাদুঃখকাবণমেতদিতি ভাবঃ ॥৬২॥

একেতি। একস্মিন্ ব্রহ্মণ্যেব আরাম আসক্তির্যস্য সঃ, নির্দ্বন্দ্বঃ শীতোষ্ণাদিদুঃখবহিতঃ, নিষ্পবিগ্রহঃ সর্ব্বত্রৈব স্বীকারশূন্যঃ। বিপ্রতাং লব্ধুমিতি শেষঃ ॥৬৩॥

দৈবমিতি। দৈবং দুরদৃষ্টম্। অবস্থাং চাণ্ডালত্বম্ ॥৬৪॥

ন্যূনমিতি। অতিবর্ত্তিতুমতিক্রমিতুম্। এবং যত্নবান্ সন্, ॥৬৫॥

ভাবতভাবদীপঃ

ভগবদুক্তান্ ন সেবন্তে, অতঃ প্রাপ্তমপি দুঃসংরক্ষ্যমিতি ভাবঃ ॥৬০॥ ন জানীতে রক্ষিতুমিতি

যে মানুষ ধনেব ন্যায় দুর্লভ ব্রহ্মণত্ব লাভ কবিযা তাহা জানে না ; কিংবা যে মানুষ, ব্রাহ্মণ হইয়াও চৌর্য্যাদি দুষ্কর্ম্মদ্বাবা পাপী হইতেও গুরুতব পাপী হয় ; সেই মানুষ ব্রাহ্মণদেব মধ্যে অধমই বটে ॥৬১॥

যাহা পালন কবা দুষ্কব এবং যাহা দুর্লভ, সেই ব্রাহ্মণত্ব মানুষ লাভ কবিয়াছে। হায ! দুঃখনাশক এই ব্রাহ্মণত্ব লাভ কবিয়া মানুষ তাহাব অনুষ্ঠান কবে না ॥৬২॥

দেববাজ ! আমি একমাত্র ব্রহ্মে নিবত, শীতোষ্ণাদি দ্বন্দ্বদুঃখশূন্য এবং সর্বত্র মমতাবিহীন হইয়াছি ; তাহাতে আবাব অহিংসা ও ইন্দ্রিয়দমন অবলম্বন কবিযাও কেন ব্রাহ্মণত্ব লাভ কবিবাব যোগ্য হইতেছি না ? ॥৬৩॥

পুবন্দব ! আমি ধর্ম্মজ্ঞ হইয়াও কেবল মাতাব দোষেই এই অবস্থা প্রাপ্ত হইয়াছি, এ আমাব কি প্রকাব দৈব ! ॥৬৪॥

প্রভু ! মানুষ নিশ্চয়ই পুরুষকাবদ্বাবা দৈবকে অতিক্রম কবিতে পাবে না, যে হেতু এইবূপ যত্নবান্ হইযাও ব্রাহ্মণত্ব লাভ কবিলাম না ॥৬৫॥

এবং গতে তু ধর্ম্মজ্ঞ ! দাতুমর্হসি মে বরম্ ।
যদি তেঽহমনুগ্রাহ্যঃ কিঞ্চিদ্বা সুকৃতং মম ॥৬৬॥

ভীষ্ম উবাচ । *

বৃণীষ্বেতি তদা প্রাহ ততস্তং বলবৃত্রহা ।
চোদিতস্তু মহেন্দ্রেণ মতঙ্গঃ প্রাব্রবীদিদম্ ॥৬৭॥

মতঙ্গ উবাচ ।

যথা কামবিহারী স্যাং কামরূপী বিহঙ্গমঃ ।
ব্রহ্মক্ষত্রাবিরোধেন পূজাঞ্চ প্রাপ্নুয়ামহম্ ॥৬৮॥
যথা মমাক্ষয়া কীর্ত্তির্ভবেচ্চাপি পুরন্দর । ।
কর্ত্তুমর্হসি তদ্দেব । শিরসা ত্বাং প্রসাদয়ে ॥৬৯॥ (যুগ্মকম্)

শক্র উবাচ ।

ছন্দোদেব ইতি খ্যাতঃ স্ত্রীণাং পূজ্যো ভবিষ্যসি ।
কীর্ত্তিশ্চ তেঽতুলা বৎস ! ত্রিষু লোকেষু যাস্যতি ॥৭০॥

ভাবতকৌমুদী

এবমিতি । গতে স্থিতে । সুকৃতং পুণ্যং বর্ত্ততে ॥৬৬॥
বৃণীষ্বেতি । বলং বৃত্রঞ্চাসুরং হতবানিতি সঃ । চোদিত আদিষ্টঃ ॥৬৭॥
যথেতি । বিহঙ্গমঃ পক্ষী । প্রসাদয়ে প্রসন্নীকরোমি ॥৬৮—৬৯॥
ছন্দ ইতি । ছন্দসাং বেদানাং দেব ইতি ছন্দদেবঃ ॥৭০॥

ধর্ম্মজ্ঞ দেববাজ ! এই অবস্থাতে আমি যদি আপনাব অনুগ্রহেব পাত্র হই এবং আমাব যদি কিছু পুণ্য থাকে, তাহা হইলে আপনি আমাকে বব দান কবিতে পাবেন ॥৬৬॥

ভীষ্ম বলিলেন—'তাহাব পব দেববাজ তখনই মতঙ্গকে কহিলেন—'বব-গ্রহণ কব । দেববাজ এইরূপ আদেশ কবিলে মতঙ্গ এই কথা বলিল—॥৬৭॥

মতঙ্গ বলিল—'দেব পুবন্দব । আমি যাহাতে কামচাবী ও কামরূপী পক্ষী হই, যাহাতে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়েব অবিবোধে পূজালাভ কবি এবং যাহাতে আমাব কীর্ত্তি অক্ষয়া হয় ; তাহা আপনি করুন, আমি মস্তকদ্বাবা আপনাকে প্রসন্ন কবিতেছি ॥৬৮—৬৯॥

ইন্দ্র বলিলেন—'বৎস ! তুমি, 'ছন্দদেব' এই নামে বিখ্যাত হইয়া স্ত্রীলোক-দিগেব পূজনীয় হইবে এবং তোমাব অতুলনীয় কীর্ত্তি ত্রিভুবনে ব্যাপ্ত হইয়া পড়িবে ॥৭০॥

এবং তস্মৈ বরং দত্ত্বা বাসবোঽন্তরধীয়ত।
প্রাণাং স্ত্যক্ত্বা মতঙ্গোঽপি সম্প্রাপ্তঃ স্থানমুত্তমম্ ॥৭১॥
এবমেতৎ পরং স্থানং ব্রাহ্মণ্যং নাম ভারত!।
তচ্চ দুষ্প্রাপমিহ বৈ মহেন্দ্রবচনং যথা ॥৭২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে ইন্দ্রমতঙ্গসংবাদে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥*॥

—ঃ*ঃ—

ঊনত্রিংশোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।
শ্রুতং মে মহদাখ্যানমেতৎ কুরুকুলোদ্বহ।
সুদুষ্প্রাপং যদ্‌ব্রবীষি ব্রাহ্মণ্যং বদতাং বর! ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। বাসব ইন্দ্র.। স্থানং ব্রহ্মলোকম্ ॥৭১॥
এবমিতি। পরমুত্তমম্, স্থানং পদম্। মহেন্দ্রবচনমিন্দ্রবাক্যম্ ॥৭২॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥*॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥৬১—৬৩॥ দৈবং প্রাক্কর্ম্ম, যৎ যতঃ। এতাম্ অব্রাহ্মণত্বরূপাম্ ॥৬৪—৭১॥ এতৎপরং এতস্মাদ্দেবতাভাবাৎ পরং শ্রেষ্ঠম্, তপসা দেবভাবোঽপি লব্ধুং শক্যো ন বিপ্রতা। ইত্যেতৎ কথযামাস মতঙ্গকথয়া মুনিরিতি ॥৭২॥
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥২৮॥

দেবরাজ মতঙ্গকে এইরূপ বরদান করিয়া অন্তর্হিত হইলেন; আর মতঙ্গ প্রাণত্যাগ করিযা ব্রহ্মলোক লাভ করিল ॥৭১॥

ভরতনন্দন যুধিষ্ঠির। এই ব্রাহ্মণত্ব এইরূপ পরমপদ। তাহাতে ইন্দ্রের যেরূপ বাক্য, সেই অনুসারে জানা যায় যে, ক্ষত্রিয়াদির পক্ষে সেই ব্রাহ্মণত্ব দুর্লভ ॥৭২॥

---

* ' ·বৈশম্পায়ন উবাচ বঙ্গ বর্দ্ধ * একোনত্রিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

তং তু হত্বা নরপতিং হৈহযাস্তে মহারথাঃ।
প্রতিজগ্মুঃ পুরীং রম্যাং বৎসানামকুতোভযাঃ ॥১২॥
হর্য্যশ্বস্য চ দাযাদঃ কাশিরাজোঽভ্যষিচ্যত।
সুদেবো দেবসঙ্কাশঃ সাক্ষাদ্ধর্ম্ম ইবাপরঃ ॥১৩॥
স পালয়ামাস মহীং ধর্ম্মাত্মা কাশিনন্দনঃ।
তৈর্বীতহব্যৈরাগত্য যুধি সর্ব্বৈর্বিনির্জ্জিতঃ ॥১৪॥
তমথাজৌ বিনির্জ্জিত্য প্রতিজগ্মুর্যথাগতম্।
সৌদেবস্ত্বথ কাশীশো দিবোদাসোঽভ্যষিচ্যত ॥১৫॥
দিবোদাসস্তু বিজ্ঞায বীর্য্যং তেষাং মহাত্মনাম্।
বারাণসীং মহাতেজা নির্ম্মমে শক্রশাসনাৎ ॥১৬॥
বিপ্রক্ষত্রিয়সম্বাধাং বৈশ্যশূদ্রসমাকুলাম্।
নৈকদ্রব্যোচ্চযবতীং সমৃদ্ধবিপণাপণাম্ ॥১৭॥
গঙ্গায়া উত্তরে কূলে বপ্রান্তে রাজসত্তম।।
গোমত্যা দক্ষিণে কূলে শক্রস্যেবামরাবতীম্ ॥১৮॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

তমিতি। হৈহযস্যাপত্যানিতি হৈহযাঃ। বাণপত্য ইত্যন্। অতএব বীতহব্য ইতি হৈহযস্যৈব নামান্তরমিতি স্পষ্টীকৃতম্। বৎসানাং বৎসবংশীযানাং নৃপতীনাম্ ॥১২॥

হর্য্যশ্বস্যেতি। সুদেবো নাম, দেবসঙ্কাশো দেবতুল্যঃ ॥১৩॥

স ইতি। স সুদেবঃ। বীতহব্যৈস্তৎপুত্রৈঃ ॥১৪॥

তমিতি। আজৌ যুদ্ধে। সৌদেবঃ সুদেবপুত্রঃ ॥১৫॥

মহারথ ও নির্ভয়চিত্ত সেই হৈহযপুত্রেরা, সেই হর্য্যশ্ব রাজাকে বধ করিযা বৎস রাজাদের রমণীয নগরীতে প্রতিগমন করিলেন ॥১২॥

হর্য্যশ্বের পুত্র সাক্ষাৎ অপর ধর্ম্মের ন্যায ধার্ম্মিক এবং দেবতার তুল্য প্রভাবশালী সুদেব, অভিষিক্ত হইযা কাশীর রাজা হইলেন ॥১৩॥

কাশিরাজের পুত্র ধর্ম্মাত্মা সেই সুদেব কাশিরাজ্য পালন করিতে লাগিলেন। তখন সেই বীতহব্যের পুত্রেরা সকলে আসিযা যুদ্ধে তাঁহাকেও জয করিলেন ॥১৪॥

তাহার পর হৈহযপুত্রেরা যুদ্ধে সুদেবকে জয করিযা যেমন আসিযাছিলেন, তেমনই চলিয়া গেলেন। তদনন্তর সুদেবের পুত্র দিবোদাস কাশিরাজরূপে অভিষিক্ত হইলেন ॥১৫॥

---

(১৫) সৌদেবিস্ত্বথকাশীশঃ পি।

তস্যান্ববায়ে দ্বৌ রাজন্! রাজানৌ সংবভূবতুঃ।
হৈহয়স্তালজঙ্ঘশ্চ বৎসস্য জয়তাং বর! ॥৭॥
হৈহযস্য তু রাজেন্দ্র! দশসু স্ত্রীষু ভারত!।
শতং বভূব পুত্ত্রাণাং শূরাণামনিবর্ত্তিনাম্ ॥৮॥
তুল্যরূপপ্রভাবানাং বলিনাং যুদ্ধশালিনাম্।
ধনুর্ব্বেদে চ বেদে চ সর্বত্রৈব কৃতশ্রমাঃ ॥৯॥ (যুগ্মকম্)
কাশিষ্বপি নৃপো রাজন্! দিবোদাসপিতামহঃ।
হর্য্যশ্ব ইতি বিখ্যাতো বভূব জয়তাং বরঃ ॥১০॥
স বীতহব্যদায়াদৈরাগত্য পুরুষর্ষভ!।
গঙ্গাযমুনয়োর্ম্মধ্যে সংগ্রামে বিনিপাতিতঃ ॥১১॥

ভাবতকৌমুদী

তস্যেতি। তস্য শর্যাতেঃ অন্ববায়ে বংশে জাতস্য বৎসস্য বৎসনাম্নো রাজ্ঞঃ পুত্ত্রৌ, হৈহয়-স্তালজঙ্ঘশ্চ নাম দ্বৌ রাজানৌ সংবভূবতুঃ ॥৭॥

হৈহযস্যেতি। অনিবর্ত্তিনাং যুদ্ধাদপলায়িনাম্। তে চ সর্ব্ব এব কৃতশ্রমাঃ শ্রমেন কৃতাভ্যাসাঃ ॥৮—৯॥

কাশিষ্বিতি। "বহুত্ববদন্বাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥১০॥

স ইতি। স হর্য্যশ্বঃ, বীতহব্য ইতি হৈহয়স্যৈব নামান্তরম্, তস্য দাযাদৈঃ পুত্ত্রৈঃ ॥১১॥

ভাবতভাবদীপঃ

শ্রুতমিতি ॥১—৬॥ তস্য শর্যাতেরন্ববাযে বৎসস্য পুত্ত্রৌ দ্বৌ রাজানাবিতি যোজনা ॥৭—১০॥ বীতহব্যদায়াদৈঃ হৈহয়স্যৈব নামান্তরং বীতহব্য ইতি তৎপুত্ত্রৈঃ ॥১১॥ বৎসানাং

বিজয়িশ্রেষ্ঠ রাজা! সেই শর্য্যাতির বংশে 'বৎস' নামে একজন রাজা হন; তাঁহার 'হৈহয়' ও 'তালজঙ্ঘ' নামে দুই পুত্র রাজা হইয়াছিলেন ॥৭॥

ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! হৈহয় রাজার দশটী স্ত্রীর গর্ভে একশত পুত্র জন্মগ্রহণ করে। তাহারা সকলেই বীর, সমানরূপ, সমানপ্রভাব, বলবান্, যুদ্ধনিপুণ ও যুদ্ধ হইতে অনিবর্ত্তী ছিল; আর তাহারা ধনুর্ব্বেদ, বেদ ও অন্যান্য শাস্ত্র শিক্ষা করিয়াছিল ॥৮—৯॥

রাজা! ওদিকে কাশিপ্রদেশেও দিবোদাসের পিতামহ 'হর্য্যশ্ব' নামে বিখ্যাত বিজয়িশ্রেষ্ঠ এক রাজা ছিলেন ॥১০॥

নরশ্রেষ্ঠ! হৈহয রাজার পুত্ত্রেরা আসিয়া গঙ্গা ও যমুনার মধ্যদেশে যুদ্ধে সেই হর্য্যশ্ব রাজাকে বধ করেন ॥১১॥

---

(৭) বংশেষু জয়তাং বরঃ—পি।

তং তু হত্বা নরপতিং হৈহয়াস্তে মহারথাঃ।
প্রতিজগ্মুঃ পুরীং রম্যাং বৎসানামকুতোভয়াঃ ॥১২॥
হর্য্যশ্বস্য চ দায়াদঃ কাশিরাজোঽভ্যষিচ্যত।
সুদেবো দেবসঙ্কাশঃ সাক্ষাদ্ধর্ম্ম ইবাপরঃ ॥১৩॥
স পালয়ামাস মহীং ধর্ম্মাত্মা কাশিনন্দনঃ।
তৈর্বীতহব্যৈরাগত্য যুধি সর্ব্বৈর্বিনির্জ্জিতঃ ॥১৪॥
তমথাজৌ বিনির্জ্জিত্য প্রতিজগ্মুর্যথাগতম্।
সৌদেবস্ত্বথ কাশীশো দিবোদাসোঽভ্যষিচ্যত ॥১৫॥
দিবোদাসস্তু বিজ্ঞায় বীর্য্যং তেষাং মহাত্মনাম্।
বারাণসীং মহাতেজা নির্ম্মমে শক্রশাসনাৎ ॥১৬॥
বিপ্রক্ষত্রিয়সম্বাধাং বৈশ্যশূদ্রসমাকুলাম্।
নৈকদ্রব্যোচ্চয়বতীং সমৃদ্ধবিপণাপণাম্ ॥১৭॥
গঙ্গায়া উত্তরে কূলে বপ্রান্তে রাজসত্তম।।
গোমত্যা দক্ষিণে কূলে শক্রস্যেবামরাবতীম্ ॥১৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তমিতি। হৈহয়স্যাপত্যানিতি হৈহয়াঃ। বাণপত্য ইত্যন্। অতএব বীতহব্য ইতি হৈহয়স্যৈব নামান্তরমিতি সূচিতম্। বৎসানাং বৎসবংশীয়ানাং নৃপতীনাম্ ॥১২॥

হর্য্যশ্বস্যেতি। সুদেবো নাম, দেবসঙ্কাশো দেবতুল্যঃ ॥১৩॥

স ইতি। স সুদেবঃ। বীতহব্যৈস্তৎপুত্রৈঃ ॥১৪॥

তমিতি। আজৌ যুদ্ধে। সৌদেবঃ সুদেবপুত্রঃ ॥১৫॥

মহারথ ও নির্ভয়চিত্ত সেই হৈহয়পুত্রেরা, সেই হর্য্যশ্ব রাজাকে বধ করিয়া বৎস রাজাদের রমণীয় নগরীতে প্রতিগমন করিলেন ॥১২॥

হর্য্যশ্বের পুত্র সাক্ষাৎ অপর ধর্ম্মের ন্যায় ধার্ম্মিক এবং দেবতার তুল্য প্রভাবশালী সুদেব, অভিষিক্ত হইয়া কাশীর রাজা হইলেন ॥১৩॥

কাশিরাজের পুত্র ধর্ম্মাত্মা সেই সুদেব কাশিরাজ্য পালন করিতে লাগিলেন। তখন সেই বীতহব্যের পুত্রেরা সকলে আসিয়া যুদ্ধে তাঁহাকেও জয় করিলেন ॥১৪॥

তাহার পর হৈহয়পুত্রেরা যুদ্ধে সুদেবকে জয় করিয়া যেমন আসিয়াছিলেন, তেমনই চলিয়া গেলেন। তদনন্তর সুদেবের পুত্র দিবোদাস কাশিরাজরূপে অভিষিক্ত হইলেন ॥১৫॥

(১৫) সৌদেবিস্ত্বথকাশীশঃ পি।

তত্র তং রাজশার্দূলং নিবসন্তং মহীপতিম্।
আগত্য হৈহয়া ভূয়ঃ পর্য্যধাবন্ত ভারত ! ॥১৯॥
স নিষ্ক্রম্য দদৌ যুদ্ধং তেভ্যো রাজা মহাবলঃ।
দেবাসুরসমং ঘোরং দিবোদাসো মহাদ্যুতিঃ ॥২০॥
স তু যুদ্ধে মহারাজ ! দিনানাং দশতীর্দ্দশ।
হতবাহনভূয়িষ্ঠস্ততো দৈন্যমুপাগতঃ ॥২১॥

ভাবতকৌমুদী

দিবোদাস ইতি। শক্রস্য ইন্দ্রস্য শাসনাদুপদেশাৎ। বিপ্রক্ষত্রিয়ৈঃ সম্বাধাং ব্যাপ্তাম্। নৈকদ্রব্যাণাং রত্নাদ্যনেকবিধদ্রব্যানাম্ উচ্চয়বতীং সমূহযুক্তাম্ সমৃদ্ধা বিক্রেয়দ্রব্যপূর্ণা বিপণা বিক্রয়গৃহাণি যেষু তাদৃশা আপণাস্তদ্গৃহশ্রেণয়ো যস্যাং তান্। কূলে তীরে, বপ্রান্তে তীরগতোচ্চমৃত্তিকাসমীপে। গোমত্যা নদ্যাঃ ॥১৬—১৮॥

তত্রেতি। হৈহয়া হৈহয়পুত্রাঃ, পর্য্যধাবন্ত আক্রমিতুম্ ॥১৯॥

স ইতি। তেভ্যো যুদ্ধং দদৌ তৈঃ সহ যুদ্ধঞ্চকার ইত্যর্থঃ ॥২০॥

স ইতি। দশদশতীঃ শতানি সহস্রদিবসান্ যাবদিত্যর্থঃ। নবতিশব্দবৎ দশতিশব্দোঽপি দশগুণিতদশবাচকঃ। দৈন্যমবসাদম্ ॥২১॥

ভাবতভাবদীপঃ

বৎসবংশ্যানাং বাক্যাম্ ॥১২—১৭॥ বপ্রান্তে তটসমীপে, "বপ্রঃ স্থানে পুমানস্ত্রী বেণুক্ষেত্রে চয়ে তটে" ইতি মেদিনী ॥১৮—২০॥ দশতীর্দ্দশ সহস্রমিত্যর্থঃ। ষষ্টিসপ্ততিনবতিবদ্দশতিশব্দোঽপি

রাজশ্রেষ্ঠ ! মহাতেজা দিবোদাস মহাবল হৈহয়বংশীয়গণের শক্তি জানিয়া, ইন্দ্রের উপদেশক্রমে বারাণসীনগরী নির্ম্মাণ করিলেন। সেই নগরীতে বহুতর ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র বাস করিতে লাগিলেন; নানাবিধ দ্রব্য রক্ষিত হইল, বহুতর বাজার বসাইলেন, তাহাতে নানাবিধ বিক্রেয় দ্রব্যের দোকান সকল স্থাপিত হইল, ইন্দ্রের অমরাবতীর ন্যায় সেই নগরীটী গঙ্গার উত্তর তীরে উচ্চ ভূমির নিকটে এবং গোমতী নদীর দক্ষিণতীরে স্থাপিত হইয়াছিল ॥১৬—১৮॥

ভরতনন্দন ! রাজশ্রেষ্ঠ রাজা দিবোদাস সেই বারাণসীনগরীতে বাস করিতে লাগিলেন। হৈহয়বংশীয়েরা পুনরায় আসিয়া সেই নগরী আক্রমণ করিবার জন্য ধাবিত হইল ॥১৯॥

তখন মহাবল ও মহাতেজা রাজা দিবোদাস রাজধানী হইতে নির্গত হইয়া, তাহাদের সহিত দেবাসুর যুদ্ধের ন্যায় ভয়ঙ্কর যুদ্ধ করিতে লাগিলেন ॥২০॥

মহারাজ ! বহুদিনব্যাপী যুদ্ধে দিবোদাসের বহুতর বাহন বিনষ্ট হইল; তাহাতে তিনি অবসন্ন হইয়া পড়িলেন ॥২১॥

হতযোধস্ততো রাজন্। ক্ষীণকোশশ্চ ভূমিপঃ।
দিবোদাসঃ পুরীং ত্যক্ত্বা পলায়নপরোঽভবৎ ॥২২॥
গত্বাশ্রমপদং রম্যং ভরদ্বাজস্য ধীমতঃ।
জগাম শরণং রাজা কৃতাঞ্জলিররিন্দম। ॥২৩॥
তমুবাচ ভরদ্বাজো জেষ্ঠঃ পুত্রো বৃহস্পতেঃ।
পুরোধাঃ শীলসম্পন্নো দিবোদাসং মহীপতিম্ ॥২৪॥
কিমাগমনকৃত্যং তে সর্ব্বং প্রব্রূহি মে নৃপ।।
যত্তে প্রিয়ং তৎ করিষ্যে ন মেঽত্রাস্তি বিচারণা ॥২৫॥

রাজোবাচ।

ভগবন্। বৈতহব্যৈর্ম্মে যুদ্ধে বংশঃ প্রণাশিতঃ।
অহমেকঃ পরিদ্যূনো ভবন্তং শরণং গতঃ ॥২৬॥
শিষ্যস্নেহেন ভগবংস্ত্বং মাং রক্ষিতুমর্হসি।
একশেষঃ কৃতো বংশো মম তৈঃ পাপকর্ম্মভিঃ ॥২৭॥

ভাবতকৌমুদী

হতেতি। হতা যোধা যোদ্ধারো যস্য সঃ। পুরীং বারাণসীম্ ॥২২॥
গত্বেতি। শরণং রক্ষকম্, রাজা দিবোদাসঃ ॥২৩॥
তমিতি। পুরোধা দিবোদাসস্যৈব পুরোহিতঃ ॥২৪॥
কিমিতি। আগমনস্য কৃত্যং প্রয়োজনম্ ॥২৫॥
ভগবন্নিতি। বৈতহব্যৈর্হৈহয়পুত্রৈঃ। পরিদ্যূনোঽতীব সন্তপ্তঃ ॥২৬॥
শিষ্যেতি। একঃ অহমেব শেষো যস্য সঃ ॥২৭॥

রাজা! সেই যুদ্ধে বহুতর যোদ্ধা নিহত এবং কোশ ধনশূন্য হইলে রাজা দিবোদাস বারাণসী ত্যাগ করিয়া পলায়ন করিলেন ॥২২॥

শত্রুদমনকারী যুধিষ্ঠির! রাজা দিবোদাস জ্ঞানী ভরদ্বাজের মনোহর আশ্রমে যাইয়া, কৃতাঞ্জলি হইয়া ভরদ্বাজের শরণাপন্ন হইলেন ॥২৩॥

তখন বৃহস্পতির জ্যেষ্ঠপুত্র সচ্চরিত্র পুরোহিত ভরদ্বাজ, রাজা দিবোদাসকে বলিলেন—॥২৪॥

'রাজা। আপনার এখানে আসিবার প্রয়োজন কি, সে সমস্তই আমার নিকট বলুন। আপনার যাহা প্রিয়, তাহা আমি করিব, এবিষয়ে আমার কোন বিচার নাই ॥২৫॥

দিবোদাস বলিলেন—'ভগবন্। হৈহয়বংশীয়েরা যুদ্ধে আমার বংশ বিনষ্ট করিয়াছে; একক আমি অত্যন্ত সন্তপ্ত হইয়া, আপনার শরণাপন্ন হইয়াছি ॥২৬॥

তমুবাচ মহাভাগো ভরদ্বাজঃ প্রতাপবান্।
ন ভেতব্যং ন ভেতব্যং সৌদেব! ব্যেতু তে ভয়ম্ ॥২৮॥
অহমিষ্টিং করিষ্যামি পুত্রার্থং তে বিশাম্পতে!।
বীতহব্যসহস্রাণি যেন ত্বং প্রহরিষ্যসি ॥২৯॥
তত ইষ্টিং চকারর্ষিস্তস্য বৈ পুত্রকামিকীম্।
অথাস্য তনয়ো জজ্ঞে প্রতর্দ্দন ইতি শ্রুতঃ ॥৩০॥
স জাতমাত্রো ববৃধে সমাঃ সদ্যস্ত্রয়োদশ।
বেদঞ্চাপি জগৌ কৃৎস্নং ধনুর্ব্বেদঞ্চ ভারত! ॥৩১॥
যোগেন চ সমাবিষ্টো ভরদ্বাজেন ধীমতা।
তেজো লোক্যং স সংগৃহ্য তস্মিন্ দেশে সমাবিশৎ ॥৩২॥

ভারতকৌমুদী

তমিতি। হে সৌদেব! সুদেবপুত্র! ব্যেতু অপগচ্ছতু ॥২৮॥

অহমিতি। ইষ্টিং যাগম্। হে বিশাম্পতে! প্রজানাথ! ॥২৯॥

তত ইতি। ঋষির্ভরদ্বাজঃ, পুত্রকামিকীং পুত্রকামেণ সংসৃষ্টাম্ ॥৩০॥

স ইতি। যদা ত্রযোদশ সমাঃ বৎসবাস্তস্য বযঃ, তদা সদ্যো যুগপৎ কৃৎস্নং বেদং ধনুর্বেদঞ্চ জগৌ অধীতবান্ ॥৩১॥

যোগেনেতি। ধীমতা জ্ঞানিনা ভবদ্বাজেন যোগেন যোগবলেন সমাবিষ্টঃ শরীরে প্রবিষ্টঃ স প্রতর্দ্দনঃ লোক্যং লৌকিকং তেজঃ সংগৃহ্য তস্মিন্ দেশে কাশীজনপদে সমাবিশৎ ॥৩২॥

ভাবতভাবদীপঃ

দশগুণিতান্ দশ ব্রূতে ॥২১—২৫॥ পরিদ্যূনঃ সর্ব্বতো নিরস্তঃ ॥২৬—৩০॥ সদ্যো ববৃধে ত্রযোদশবার্ষিকোঽভূৎ, সদ্যশ্চ বেদান্ জগৌ ॥৩১॥ যোগেন যোগবলেন, লোক্যং লোকেষু

ভগবন্! আপনি শিষ্যস্নেহবশতঃ আমাকে বক্ষা করুন। সেই পাপিষ্ঠেবা আমার বংশে একমাত্র আমাকেই অবশিষ্ট বাখিয়াছে' ॥২৭॥

তখন মহাত্মা ও প্রতাপশালী ভবদ্বাজ দিবোদাসকে বলিলেন—'আপনি ভয় কবিবেন না, ভয কবিবেন না। আপনাব ভয় দূবীভূত হউক ॥২৮॥

নরনাথ! আমি আপনাব পুত্রেব জন্য যজ্ঞ কর্বিব; যাহাদ্বাবা আপনি সহস্র বীতহব্যকে সংহাব কবিবেন' ॥২৯॥

তাহাব পব ভবদ্বাজ দিবোদাসেব পুত্রকামনা কবিয়া যজ্ঞ করিলেন। তদনন্তব দিবোদাসেব প্রতর্দ্দন নামে এক পুত্র জন্মিল ॥৩০॥

ভরতনন্দন! প্রতর্দ্দন জন্মিবামাত্রই বৃদ্ধি পাইল; তৎপবে যখন তাহাব ত্রয়োদশ বৎসব বয়স হইল, তখন সে, একদাই সমস্ত বেদ ও ধনুর্ব্বেদ অধ্যযন কবিল ॥৩১॥

ততঃ স কবচী ধন্বী স্তূয়মানঃ সুরর্ষিভিঃ।
বন্দিভির্ব্বন্দ্যমানশ্চ বভৌ সূর্য্য ইবোদিতঃ ॥৩৩॥
স রথী বদ্ধনিস্ত্রিংশো বভৌ দীপ্ত ইবানলঃ।
প্রযযৌ স ধনুর্ধুন্বন্ খড্গী চর্ম্মী শরাসনী ॥৩৪॥
তং দৃষ্ট্বা পরমং হর্ষং সুদেবতনযো যযৌ।
মেনে চ মনসা দগ্ধান্ বৈতহব্যান্ স পার্থিবঃ ॥৩৫॥
ততোঽসৌ যৌবরাজ্যে চ স্থাপযিত্বা প্রতর্দ্দনম্।
কৃতকত্যং তদাত্মানং স রাজা অভ্যনন্দত ॥৩৬॥
ততস্তু বৈতহব্যানাং বধায স মহীপতিঃ।
পুত্রং প্রস্থাপয়ামাস প্রতর্দ্দনমরিন্দমম্ ॥৩৭॥

ভাবতকৌমুদী

তত ইতি। কবচী বর্ম্মবান্, ধন্বী ধনুষ্মান্ ॥৩৩॥
স ইতি। বদ্ধনিস্ত্রিংশঃ কটিদেশে ধৃততরবারঃ ॥৩৪॥
তমিতি। সুদেবতনয়ো দিবোদাসঃ। বৈতহব্যান্ বীতহব্যপুত্রান্ ॥৩৫॥
তত ইতি। রাজা দিবোদাসঃ অভ্যনন্দত স্তুতবান্ ॥৩৬॥
তত ইতি। বৈতহব্যানাং বীতহব্যপুত্রানাম্, স দিবোদাসঃ ॥৩৭॥

তৎকালে জ্ঞানী ভবদ্বাজ যোগবলে প্রতর্দ্দনেব দেহে প্রবেশ কবিলেন। তখন প্রতর্দ্দন লৌকিক তেজ ধাবণ কবিযা ভবদ্বাজেব আশ্রম হইতে সেই বাবাণসী দেশে যাইয়া প্রবেশ কবিলেন ॥৩২॥

তাহাব পর প্রতর্দ্দন বর্ম ও ধনু ধাবণ কবিলে দেবগণ ও ঋষিগণ তাঁহাব প্রশংসা করিতে লাগিলেন এবং বন্দিগণ স্তব কবিতে লাগিল। তখন প্রতর্দ্দন উদিত সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকিলেন ॥৩৩॥

ক্রমে কখনও তিনি তববাবীধারণ ও রথাবোহণ কবিযা প্রজ্বলিত অগ্নির ন্যায শোভা পাইতেন, কখন বা তিনি তববাবি, বর্ম্ম ও ধনু ধাবণ কবিযা এবং ধনু সঞ্চালন কবিতে থাকিযা বথে বিচরণ কবিতেন ॥৩৪॥

তৎকালে বাজা দিবোদাস প্রতর্দ্দনকে দেখিযা পবম আনন্দ লাভ কবিলেন এবং বীতহব্যপুত্রগণকে নিহত বলিযা মনে কবিতে লাগিলেন ॥৩৫॥

তদনন্তব বাজা দিবোদাস প্রতর্দ্দনকে যৌববাজ্যে স্থাপন কবিযা, তখন আপনাকে কৃতকার্য্য বলিযা অভিনন্দিত কবিলেন ॥৩৬॥

তাহার পর রাজা দিবোদাস, বীতহব্যপুত্রগণকে বধ করিবাব জন্য শত্রুদমনকারী পুত্র প্রতর্দ্দনকে প্রেরণ কবিলেন ॥৩৭॥

সরথঃ স তু সন্তীর্য্য গঙ্গামাশু পরাক্রমী।
প্রযযৌ বীতহব্যানাং পুরীং পরপুরঞ্জয়ঃ ॥৩৮॥
বৈতহব্যাস্তু সংশ্রুত্য রথঘোষং সমুদ্ধতম্।
নির্যযুর্নগরাকারৈ রথৈঃ পররথারুজৈঃ ॥৩৯॥
নিষ্ক্রম্য তে নরব্যাঘ্রা দংশিতাশ্চিত্রযোধিনঃ।
প্রতর্দ্দনং সমাজগ্মুঃ শরবর্ষৈরুদায়ুধাঃ ॥৪০॥
শস্ত্রৈশ্চ বিবিধাকারৈ রথৌঘৈশ্চ যুধিষ্ঠির!।
অভ্যবর্ষন্ত রাজানং হিমবন্তমিবাম্বুদাঃ ॥৪১॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য তেষাং রাজা প্রতর্দ্দনঃ।
জঘান তান্মহাতেজা বজ্রানলসমৈঃ শরৈঃ ॥৪২॥
কৃত্তোত্তমাঙ্গাস্তে রাজন্! ভল্লৈঃ শতসহস্রশঃ।
অপতন্ রুধিরার্দ্রাঙ্গা নিকৃত্তা ইব কিংশুকাঃ ॥৪৩॥

ভাবতকৌমুদী

সেতি। সরথো রথারূঢ়ঃ, স প্রতর্দ্দনঃ ॥৩৮॥
বৈতেতি। সমুদ্ধতং গম্ভীরোচ্চম্। পররথানামারুজৈর্ভঞ্জকাবিভিঃ ॥৩৯॥
নিষ্ক্রম্যেতি। দংশিতাঃ সন্নদ্ধাঃ। উদায়ুধা উদ্যতাস্ত্রাঃ ॥৪০॥
শস্ত্রৈরিতি। রাজানং প্রতর্দ্দনম্, অম্বুদা মেঘাঃ ॥৪১॥
অস্ত্রৈরিতি। তান্ বীতহব্যপুত্রান্ ॥৪২॥

তখন শক্রনগববিজয়ী পবাক্রমী প্রতর্দ্দন বথারোহণপূর্ব্বক সত্বব গঙ্গা উত্তীর্ণ হইয়া বীতহব্যপুত্রগণেব পুবীব দিকে গমন কবিলেন ॥৩৮॥

তৎকালে বীতহব্যেব পুত্রগণ গম্ভীব ও উচ্চ বথশব্দ শুনিয়া, নগবতুল্য ও বিপক্ষবথবিজযী বথে আবোহণ কবিযা নির্গত হইলেন ॥৩৯॥

বিচিত্র যোধী ও নবশ্রেষ্ঠ সেই বীতহব্যেব পুত্রেরা সন্নদ্ধ ও উদ্যতাস্ত্র হইয়া বাজধানী হইতে নির্গমন কবিযা বাণবর্ষণ কবিতে কবিতে প্রতর্দ্দনেব সম্মুখে উপস্থিত হইলেন ॥৪০॥

যুধিষ্ঠিব! মেঘ সকল যেমন হিমালয় পর্ব্বতেব উপবে বারিবর্ষণ কবে, সেইরূপ বীতহব্যেব পুত্রেবা বথে আবোহণ কবিয়া প্রতর্দ্দনেব উপবে নানাপ্রকাব অস্ত্রবর্ষণ কবিতে লাগিল ॥৪১॥

তখন মহাতেজা বাজা প্রতর্দ্দন, নিজেব অস্ত্রদ্বারা তাহাদেব অস্ত্র সকল প্রতিহত কবিযা, বজ্র ও অগ্নিব তুল্য বাণসমূহদ্বাবা তাহাদিগকে বধ কবিতে লাগিলেন ॥৪২॥

হতেষু তেষু সর্ব্বেষু বীতহব্যঃ সুতেষ্বথ।
প্রাদ্রাবন্নগরং হিত্বা ভৃগোরাশ্রমমপ্যুত ॥৪৪॥
যযৌ ভৃগুঞ্চ শরণং বীতহব্যো নরাধিপঃ।
অভয়ঞ্চ দদৌ তস্মৈ রাজ্ঞে রাজন্! ভৃগুস্তদা ॥৪৫॥
অথানুপদমেবাস্ত তত্রাগচ্ছৎ প্রতর্দ্দনঃ।
স প্রাপ্য চাশ্রমপদং দিবোদাসাত্মজোঽব্রবীৎ ॥৪৬॥
ভো ভোঃ! কেঽত্রাশ্রমে সন্তি ভৃগোঃ শিষ্যা মহাত্মনঃ।
দ্রষ্টুমিচ্ছে মুনিমহং তস্যাচক্ষত মামিতি ॥৪৭॥
স তং বিদিত্বা তু ভৃগুর্নিশ্চক্রামাশ্রমাত্তদা।
পূজয়ামাস চ ততো বিধিনা নৃপসত্তমম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

কৃত্তেতি। কৃত্তানি ছিন্নানি উত্তমাঙ্গানি মস্তকানি যেষাং তে ॥৪৩॥
হতেষিতি। প্রাদ্রবৎ দ্রুতমগচ্ছৎ, হিত্বা পরিত্যজ্য ॥৪৪॥
যযাবিতি। শরণং রক্ষকম্। তস্মৈ বীতহব্যায় ॥৪৫॥
অথেতি। অনুপদং বীতহব্যস্য পদক্ষেপাৎ পশ্চাদেব ॥৪৬॥
ভো ইতি। তস্য ভৃগোঃ সমীপে, মামাগতমাচক্ষত ব্রূত ॥৪৭॥

ভাবতভাবদীপঃ

সর্ব্বেষু বিদ্যমানম্, তস্মিন্ দেশে প্রতর্দ্দনদেহে সমাবিশৎ সমাবেশিতবান্ ॥৩২—৪৬॥ তস্য তং

রাজা! তৎকালে বীতহব্যের পুত্রেরা প্রতর্দ্দনের শতসহস্র ভল্লদ্বারা ছিন্ন-মস্তক ও রক্তাক্তদেহ হইয়া ছিন্ন কিংশুকবৃক্ষসমূহের ন্যায় পতিত হইতে থাকিল ॥৪৩॥

ক্রমে সমস্ত পুত্র নিহত হইলে, বীতহব্য আপন রাজধানী পরিত্যাগ করিয়া বেগে ভৃগুর আশ্রমে গমন করিলেন ॥৪৪॥

রাজা! সেখানে যাইয়া বীতহব্য রাজা, ভৃগুর শরণাপন্ন হইলেন; তখন ভৃগু বীতহব্যকে অভয়দান করিলেন ॥৪৫॥

তাহার পর দিবোদাসের পুত্র প্রতর্দ্দন বীতহব্যের পশ্চাৎ পশ্চাৎ সত্বর সেই আশ্রমে আগমন করিলেন এবং তিনি আশ্রমে আসিয়া বলিলেন— ॥৪৬॥

হে মহাশয়গণ! এই আশ্রমে মহাত্মা ভৃগুর শিষ্য কে কে আছেন? আমি মুনিকে দেখিতে ইচ্ছা করি; অতএব তাঁহার নিকটে আমার আগমনের বিষয় বলুন ॥৪৭॥

উবাচ চৈনং রাজেন্দ্র ! কিং কার্য্যং ব্রূহি পার্থিব ! ।
স চোবাচ নৃপস্তস্মৈ যদাগমনকারণম্ ॥৪৯॥

রাজোবাচ ।

অয়ং ব্রহ্মন্নিতো রাজা বীতহব্যো বিসর্জ্জ্যতাম্ ।
তস্য পুত্রৈর্হি মে কৃৎস্নো ব্রহ্মন্ ! বংশঃ প্রণাশিতঃ ॥৫০॥
উৎসাদিতশ্চ বিষয়ঃ কাশীনাং রত্নসঞ্চয়ঃ ।
এতস্য বীর্য্যদৃপ্তস্য হতং পুত্রশতং ময়া ॥৫১॥
অস্যেদানীং বধাদস্য ভবিষ্যাম্যনৃণঃ পিতুঃ ।
তমুবাচ কৃপাবিষ্টো ভৃগুর্ধর্ম্মভৃতাং বরঃ ॥৫২॥
নেহাস্তি ক্ষত্রিয়ঃ কশ্চিৎ সর্বে হীমে দ্বিজাতয়ঃ ।
এতত্তু বচনং শ্রুত্বা ভৃগোস্তথ্যং প্রতর্দ্দনঃ ॥৫৩॥
পাদাবুপস্পৃশ্য শনৈঃ প্রহৃষ্টো বাক্যমব্রবীৎ ।
এবমপ্যস্মি ভগবন্ ! কৃতকৃত্যো ন সংশয়ঃ ॥৫৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি । নৃপসত্তমম্ প্রতর্দ্দনম্ ॥৪৮॥
উবাচেতি । এনং প্রতর্দ্দনম্ । তস্মৈ ভৃগবে ॥৪৯॥
অয়মিতি । ইতো ভবদাশ্রমাৎ ॥৫০॥
উদিতি । উৎসাদিতো বিধ্বংসিতঃ, বিষয়ো দেশঃ ॥৫১॥
তস্যেতি । অস্য বীতহব্যস্য । পিতুর্দিবোদাসস্য ॥৫২॥

তখন ভৃগু প্রতর্দ্দনকে জানিয়া আশ্রম হইতে নির্গত হইলেন ; তৎপরে যথাবিধানে তাঁহার সম্বর্দ্ধনা করিলেন ॥৪৮॥

এবং প্রতর্দ্দনকে বলিলেন—'রাজশ্রেষ্ঠ রাজা ! আমার কি করিতে হইবে বলুন । পরে প্রতর্দ্দন ভৃগুব নিকটে নিজের আগমনের যে কারণ, তাহা বলিলেন ॥৪৯॥

প্রতর্দ্দন কহিলেন—'ব্রাহ্মণ ! এই রাজা বীতহব্যকে আপনার আশ্রম হইতে বাহির কবিয়া দিন । কাবণ, তাহাব পুত্রেবা আমার সমস্ত বংশটাই ধ্বংস করিয়াছে ॥৫০॥

ইহার পুত্রেরা দেশ ও কাশীব বত্নসমূহ উৎসন্ন কবিয়াছে । অতএব আমি এই বলদর্পিত বীতহব্যেব একশত পুত্রকে সংহাব কবিয়াছি ॥৫১॥

আজ এখনই ইহাকে বধ কবিযা আমি পিতাব নিকটে অনৃণী হইব ।' তখন ধাৰ্ম্মিকশ্রেষ্ঠ ভৃগু কৃপাবিষ্ট হইয়া প্রতর্দ্দনকে বলিলেন—॥৫২॥

য এষ রাজা বীর্য্যেণ স্বজাতিং ত্যাজিতো ময়া।
অনুজানীহি মাং ব্রহ্মন্! ধ্যায়স্ব চ শিবেন মাম্ ॥৫৫॥
ত্যাজিতো হি ময়া জাতিমেষ রাজা ভৃগূদ্বহ!।
ততস্তেনাভ্যনুজ্ঞাতো যযৌ রাজা প্রতর্দ্দনঃ ॥৫৬॥
যথাগতং মহারাজ! মুক্ত্বা বিষমিবোরগঃ।
ভৃগোর্বচনমাত্রেণ স চ ব্রহ্মর্ষিতাং গতঃ ॥৫৭॥
বীতহব্যো মহারাজ! ব্রহ্মবাদিত্বমেব চ।
তস্য গৃৎসমদঃ পুত্রো রূপেণেন্দ্র ইবাপরঃ ॥৫৮॥ (বিশেষকম্)
শক্রস্ত্বমিতি যো দৈত্যৈর্নিগৃহীতঃ কিলাভবৎ।
ঋগ্বেদে বর্ত্ততে চাগ্র্যা শ্রুতির্যস্য মহাত্মনঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

নেতি। দ্বিজাতয়ো ব্রাহ্মণাঃ। তথ্যং সত্যম্। এবমপি ভবতো মিথ্যাবাক্যেনাপি ॥৫৩-৫৪॥ য ইতি। রাজা বীতহব্যঃ, স্বজাতিং ক্ষত্রিয়ত্বম্। অনুজানীহি গন্তুম্, শিবেন মঙ্গলেন ॥৫৫॥ ত্যাজিত ইতি। ত্যাজিতঃ, অব্যর্থবাক্যস্য ভবতো বাক্যেনৈবাস্য ক্ষত্রিয়ত্বনাশাৎ তদ্বাক্যোচ্চারণে চ মমৈব হেতুত্বাদিতি ভাবঃ, বিষমিব ক্রোধং মুক্ত্বা। ব্রহ্মবাদিত্বং বেদবক্তৃত্বম্, পুত্রোঽভবদিতি শেষঃ ॥৫৬—৫৮॥

ভারতভাবদীপঃ

প্রতি মামাগতমাচক্ষত কথয়ত ॥৪৭—৫৬॥ আখ্যায়িকাতাৎপর্য্যমাহ—ভৃগোরিতি ॥৫৭ ৫৮॥

এখানে কোন ক্ষত্রিয় নাই; ইহারা সকলেই ব্রাহ্মণ। প্রতর্দ্দন ভৃগুর এই সত্যবাক্য শুনিয়া তাঁহার চরণযুগল স্পর্শকরতঃ সন্তুষ্ট হইয়া ধীরে ধীরে এই কথা বলিলেন—'ভগবন্! আমি ইহাতেও কৃতকার্য্য হইলাম, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৫৩—৫৪॥

যে হেতু আমি আপন বাহুবলে এই বীতহব্য রাজাকে স্বজাতি ত্যাগ করাইয়াছি। ব্রাহ্মণ! এখন আপনি আমাকে যাইবার জন্য অনুমতি করুন এবং আমার মঙ্গল চিন্তা করুন ॥৫৫॥

ভৃগুবংশশ্রেষ্ঠ! আমি এই রাজাকে জাতিত্যাগ করাইয়াছি। মহারাজ! তাহার পর সর্প যেমন বিষত্যাগ করে, সেইরূপ প্রতর্দ্দন রাজা ক্রোধ ত্যাগ করিয়া ভৃগুর অনুমতিক্রমে যেমন আসিয়াছিলেন; তেমন চলিয়া গেলেন। মহারাজ! এদিকে সেই বীতহব্য ভৃগুর বাক্যমাত্রেই ব্রহ্মর্ষিত্ব ও বেদবাদিত্ব লাভ করিলেন। গৃৎসমদনামে সেই বীতহব্যের একটী পুত্র উৎপন্ন হইয়াছিল; সেই গৃৎসমদ রূপে অপর ইন্দ্রের ন্যায় ছিলেন ॥৫৬—৫৮॥

যত্র গৃৎসমদো রাজন্! ব্রাহ্মণৈঃ স মহীয়তে।
স ব্রহ্মচারী বিপ্রর্ষিঃ শ্রীমান্ গৃৎসমদোঽভবৎ ॥৬০॥
পুত্রো গৃৎসমদস্যাপি সুচেতা অভবদ্দ্বিজঃ।
বর্চ্চাঃ সুচেতসঃ পুত্রো বিহব্যস্তস্য চাত্মজঃ ॥৬১॥
বিহব্যস্য তু পুত্রস্তু বিতত্যস্তস্য চাত্মজঃ।
বিতত্যস্য সুতঃ সত্যঃ সন্তঃ সত্যস্য চাত্মজঃ ॥৬২॥
শ্রবাস্তস্য সুতশ্চর্ষিঃ শ্রবসশ্চাভবত্তমঃ।
তমসশ্চ প্রকাশোঽভূত্তনয়ো দ্বিজসত্তমঃ।
প্রকাশস্য চ বাগিন্দ্রো বভূব জয়তাং বরঃ ॥৬৩॥
তস্যাত্মজশ্চ প্রমতির্ব্বেদবেদাঙ্গপারগঃ।
ঘৃতাচ্যাং তস্য পুত্রস্তু রুরুর্নামোদপদ্যত ॥৬৪॥
প্রমদ্বরায়াং তু রুরোঃ পুত্রঃ সমুদপদ্যত।
শুনকো নাম বিপ্রর্ষির্যস্য পুত্রোঽথ শৌনকঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

শক্র ইতি। ইতি ভ্রান্ত্যা। অগ্র্যা শ্রেষ্ঠা শ্রুতির্জ্ঞানম্ ॥৫৯॥
যত্রেতি। যত্রাশ্রমে। মহীয়তে পূজ্যতে ॥৬০॥
পুত্র ইতি। দ্বিজো ব্রাহ্মণঃ, অভবৎ ব্রাহ্মণপুত্রত্বাৎ ॥৬১॥
বিহব্যস্যেতি। তস্য বিতত্যস্য চ আত্মজ এব ন তু পরজঃ সুতঃ সত্যঃ ॥৬২॥
শ্রবা ইতি। জয়তাং বরো মহাবীর ইত্যর্থঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬৩॥
তস্যেতি। ঘৃতাচ্যাং তদাখ্যায়াং স্বর্গবেশ্যায়াম্ ॥৬৪॥

দৈত্যগণ যে গৃৎসমদকে 'তুমি ইন্দ্র' এই ভ্রমে নিগৃহীত করিয়াছিল এবং যে মহাত্মার ঋগ্বেদে বিশেষ জ্ঞান ছিল ॥৫৯॥

রাজা! গৃৎসমদ যে গৃহে বাস করিতেন, ব্রাহ্মণেরা সেই গৃহের পূজা করিতেন এবং রূপবান্ সেই গৃৎসমদ ব্রহ্মচারী ও ব্রহ্মর্ষি ছিলেন ॥৬০॥

গৃৎসমদেরও 'সুচেতা' নামে এক ব্রাহ্মণপুত্র হইয়াছিলেন; সুচেতার পুত্র 'বর্চ্চা' এবং বর্চ্চার পুত্র 'বিহব্য' ॥৬১॥

বিহব্যের পুত্র বিতত্য, বিতত্যের পুত্র সত্য এবং সত্যের পুত্র সন্ত ॥৬২॥

সন্তের পুত্র ঋষি শ্রবা, শ্রবার পুত্র তম, তমের পুত্র ব্রাহ্মণশ্রেষ্ঠ প্রকাশ এবং প্রকাশের পুত্র বিজয়িশ্রেষ্ঠ বাগিন্দ্র ॥৬৩॥

বাগিন্দ্রের পুত্র বেদবেদান্তপারগামী প্রমতি, প্রমতির ঔরসে ঘৃতাচী অপ্সরার গর্ভে রুরুনামে এক পুত্র উৎপন্ন হইয়াছিল ॥৬৪॥

এবং বিপ্রত্বমগমদ্বীতহব্যো নরাধিপঃ।
ভৃগোঃ প্রসাদাদ্রাজেন্দ্র! ক্ষত্রিয়ঃ ক্ষত্রিয়র্ষভ! ॥৬৬॥
তথৈব কথিতো বংশো ময়া গাৎর্সমদস্তব।
বিস্তরেণ মহারাজ! কিমন্যদনুপৃচ্ছসি ॥৬৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন পর্ব্বণি দানধর্ম্মে বীতহব্যোপাখ্যানে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥*॥

—ঃ*ঃ—

ত্রিংশোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।
কে পূজ্যা বৈ ত্রিলোকেঽস্মিন্মানবা ভরতর্ষভ!।
বিস্তরেণ তদাচক্ষ্ব ন হি তৃপ্যামি কথ্যতঃ ॥১॥

ভারতকৌমুদী

প্রমদ্বিতি। প্রমদ্বরায়াং তদাখ্যায়াং ভার্য্যায়াম্ ॥৬৫॥

এবমিতি। ভৃগোঃ প্রসাদাৎ বীতহব্যপরিত্রাণায় তং প্রতি 'প্রসাদেনৈব প্রতর্দ্দনাস্তিকে "সর্ব্বে হীমে দ্বিজাতয়ঃ" ইত্যভিধানাৎ। এতেনাদিপুরুষস্য বীতহব্যস্য ভৃগুবাক্যেনৈব ব্রাহ্মণত্ব-লাভাদাদিপর্ব্বণ্যপি স এষ বংশ এব ভৃগুবংশতয়া কথিত ইতি প্রতীয়তে ॥৬৬॥

তথেতি। গৃৎসমদস্যাযমিতি গাৎর্সমদঃ ॥৬৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥*॥

ভারতভাবদীপঃ

শ্রুতিঃ—"তদু গাৎর্সমদমেতেন বৈ গৃৎসমদ ইন্দ্রস্য প্রিয়ং ধামোপাগচ্ছদি"ত্যাদিকা ॥৫৯—৬৭॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনত্রিংশোঽধ্যায়ঃ ॥২৯॥

রুরুর ঔরসে প্রমদ্বরার গর্ভে ব্রহ্মর্ষি শুনক জন্মগ্রহণ করেন; যাঁহার পুত্র ছিলেন শৌনক ॥৬৫॥

রাজশ্রেষ্ঠ ক্ষত্রিয়প্রধান! এইভাবে ক্ষত্রিয়রাজা বীতহব্য ভৃগুর অনুগ্রহে ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন ॥৬৬॥

মহারাজ! এই আমি তোমার নিকটে বিস্তরক্রমে গৃৎসমদের বংশ বলিলাম। এখন আর কি আছে তাহা জিজ্ঞাসা কর ॥৬৭॥

---

* 'ত্রিংশোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ।

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
নারদস্য চ সবাদং বাসুদেবস্য চোভয়োঃ ॥২॥
নারদং প্রাঞ্জলিং দৃষ্ট্বা পূজয়ানং দ্বিজর্ষভান্।
কেশবঃ পরিপপ্রচ্ছ ভগবন্! কান্নমস্যসি ॥৩॥
বহুমানপরস্তেষু ভগবন্! কান্নমস্যসি।
শক্যং চেচ্ছ্রোতুমিচ্ছামি ব্রূহ্যেতদ্ধর্ম্মবিত্তম! ॥৪॥

নারদ উবাচ।

শৃণু গোবিন্দ! যানেতান্ পূজয়াম্যরিমর্দ্দন!।
ত্বত্তোঽন্যঃ কঃ পুমাল্লোঁকে শ্রোতুমেতদিহার্হতি ॥৫॥

ভাবতকৌমুদী

ক ইতি। কথ্যতঃ কথয়তস্তব বাক্যেন ন হি তৃপ্যামি মহামধুরত্বাৎ ॥১॥
অত্রেতি। বাসুদেবস্য বসুদেবপুত্রস্য কৃষ্ণস্য ॥২॥
নারদমিতি। পূজয়ানং পূজয়মানম্, দ্বিজর্ষভান্ ব্রাহ্মণান্ ॥৩॥
বহ্বিতি। বহুমানঃ অতীবগৌরবম্ ॥৪॥

ভারতভাবদীপঃ

কে পূজ্যা ইতি। ব্রাহ্মণ্যস্য দুষ্প্রাপত্বং বিপ্রানুগ্রহৈকলভ্যত্বং চোক্ত্বা পূজ্যত্বহেতূন্ সাধারণানসাধারণান্ স্বধর্ম্মানাহানেনাধ্যায়েন ॥১—৩॥ তেষু মানবেষু বহুমানপরঃ সন্ কান্ন-

যুধিষ্ঠিব বলিলেন—'ভবতশ্রেষ্ঠ! এই ত্রিভুবনে কোন্ মানবেরা পূজনীয়, তাহা আপনি বিস্তবক্রমে বলুন। কাবণ, আপনি বলিতেছেন; তাহা আমি শুনিতে থাকিয়াও তৃপ্ত হইতেছি না ॥১॥

ভীষ্ম বলিলেন—'এই বিষয়েও পণ্ডিতেবা কৃষ্ণ ও নারদেব্ সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তেব উল্লেখ কবিয়া থাকেন ॥২॥

একদা নাবদ, কৃতাঞ্জলি হইযা ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে পূজা কবিতেছেন, ইহা দেখিযা কৃষ্ণ নাবদেব নিকট জিজ্ঞাসা করিলেন—ভগবন্! আপনি কাঁহাদিগকে নমস্কাব কবিতেছেন? ॥৩॥

ভগবন্! ধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ! আপনি যাঁহাদিগকে নমস্কাব কবিতেছেন, তাঁহাদের উপবে আপনি অত্যন্ত গৌবব কবিয়া থাকেন। আমি যদি শুনিবাব যোগ্য হই, তাহা হইলে ইহা জানিতে ইচ্ছা কবি' ॥৪॥

(১) বিস্তরেণ মহারাজ। ভদাচক্ষ্, ন তৃপ্যতে—পি।
(৪) ভগবন্। ত্বান্নমস্যসি বঙ্গ বর্দ্ধ।

বরুণং বায়ুমাদিত্যং পর্জ্জন্যং জাতবেদসম্।
স্থাণুং স্কন্দং তথা লক্ষ্মীং বিষ্ণুং ব্রাহ্মণমেব চ ॥৬॥
বাচস্পতিং চন্দ্রমসমপঃ পৃথ্বীং সরস্বতীম্।
সততং যে নমস্যন্তি তান্নমস্যাম্যহং বিভো। ॥৭॥ (যুগ্মকম্)
তপোধনান্ বেদবিদো নিত্যং বেদপরায়ণান্।
মহার্হান্ বৃষ্ণিশার্দূল! সদা সম্পূজয়াম্যহম্ ॥৮॥
অভুক্ত্বা দেবকার্য্যাণি কুর্ব্বতে যেঽবিকত্থনাঃ।
সন্তুষ্টাশ্চ ক্ষমাযুক্তাস্তান্নমস্যাম্যহং বিভো। ॥৯॥
সম্যগ্ যজন্তি যে চেষ্টীঃ ক্ষান্তা দান্তা জিতেন্দ্রিয়াঃ।
সত্যং ধর্ম্মং ক্ষিতিং গাশ্চ তান্নমস্যামি যাদব। ॥১০॥

ভাবতকৌমুদী

শৃণ্বিতি। কঃ পুমান্ শ্রোতুমর্হতি, অপি তু কোঽপি নেত্যর্থঃ। অন্যস্য তত্ত্বজিজ্ঞাসুত্বাভাবাৎ ॥৫॥

বরুণমিতি। পর্জ্জন্যং মেঘং তদ্দেবতামিন্দ্রমিত্যর্থঃ, জাতবেদসমগ্নিম্। স্থাণুং শিবম্, বাচস্পতিং বৃহস্পতিম্, অপো জলম্ ॥৬—৭॥

তপ ইতি। মহানর্হঃ পূজা যেষাং তান্ ॥৮॥

অভুক্ত্বেতি। অবিকত্থনা আত্মশ্লাঘারহিতাঃ ॥৯॥

সম্যগিতি। যজন্তি সম্পাদয়ন্তি পূজয়ন্তি চ, ইষ্টীর্যজ্ঞান্, ক্ষান্তাঃ ক্ষমাশীলাঃ, দান্তা বহিরিন্দ্রিয়দমনকবাঃ, জিতেন্দ্রিয়া অন্তরিন্দ্রিয়দমনশীলাঃ ॥১০॥

ভাবতভাবদীপঃ

মস্যনীতি যোজ্যম্ ॥৪—৭॥ মহার্হান্ মহান্ অর্হঃ পূজা যেষাম্ অতিপূজ্যানিত্যর্থঃ ॥৮॥

নারদ বলিলেন—'শত্রুদমন কৃষ্ণ! আমি এই যাঁহাদিগকে পূজা কবিতেছি, তাঁহাদেব বিষয় আপনি শ্রবণ করুন। এই জগতে আপনি ভিন্ন অন্য কোন্ মানুষ ইহা শুনিবাব যোগ্য হইবে? ॥৫॥

প্রভাবশালী কৃষ্ণ! বরুণ, বায়ু, সূর্য্য, ইন্দ্র, অগ্নি, শিব, কার্ত্তিক, লক্ষ্মী, বিষ্ণু, ব্রহ্মা, বৃহস্পতি, চন্দ্র, জল, পৃথিবী ও সবস্বতীকে সর্ব্বদা যাঁহাবা নমস্কার কবেন, আমি তাঁহাদিগকে নমস্কাব কবি ॥৬—৭॥

যদুবংশশ্রেষ্ঠ! যাঁহাবা তপস্বী, বেদবিৎ ও সর্ব্বদা বেদপবায়ণ সেই সকল মহাপূজনীয় ব্যক্তিদিগকে আমি সর্ব্বদা পূজা কবি ॥৮॥

প্রভু! যাঁহাবা ভোজন না কবিয়া দেবকার্য্য কবেন, আত্মশ্লাঘা কবেন না এবং সর্ব্বদা সন্তুষ্ট ও ক্ষমাযুক্ত থাকেন, আমি তাঁহাদিগকে নমস্কাব করি ॥৯॥

যে বৈ তপসি বর্ত্তন্তে বনে মূলফলাশনাঃ।
অসঞ্চযাঃ ক্রিয়াবন্তস্তান্ নমস্যামি যাদব ! ॥১১॥
যে ভৃত্যভরণে শক্তাঃ সততং চাতিথিব্রতাঃ।
ভুঞ্জতে দেবশেষাণি তান্ নমস্যামি যাদব ! ॥১২॥
যে বেদং প্রাপ্য দুর্দ্ধর্ষা বাগ্মিনো ব্রহ্মচারিণঃ।
যাজনাধ্যাপনে যুক্তা নিত্যং তান্ পূজয়াম্যহম্ ॥১৩॥
প্রসন্নহৃদযাশ্চৈব সর্ব্বসত্ত্বেষু নিত্যশঃ।
আপৃষ্ঠতাপাৎ স্বাধ্যায়ে যুক্তাস্তান্ পূজয়াম্যহম্ ॥১৪॥

ভাবতকৌমুদী

য ইতি। মূলানি ফলানি চ অশ্নন্তি ভুঞ্জত ইতি তে ॥১১॥
য ইতি। ভৃত্যানাং পুত্রকলত্রাদীনাং ভরণীয়ানাং ভরণে পোষণে ॥১২॥
য ইতি। দুর্দ্ধর্ষা বাদবিচারে পরৈবজেযাঃ ॥১৩॥
প্রসন্নেতি। সর্ব্বসত্ত্বেষু সমস্তপ্রাণিষু। আপৃষ্ঠতাপাৎ পূর্ব্বমুখতয়া সূর্য্যেণ পৃষ্ঠতাপপর্য্যন্তম্, মধ্যাহ্নকালং যাবদিত্যর্থঃ। স্বাধ্যায়ে বেদপাঠে যুক্তা নিরতা ভবন্তি ॥১৪॥

ভাবতভাবদীপঃ

অবিকথনাঃ শ্লাঘাহীনাঃ ॥৯॥ সত্যং ধর্ম্মঞ্চ যজন্তি পূজযন্তি, ক্ষিতিং গাশ্চ যজন্তি ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছন্তি। "যজ" দেবপূজাসঙ্গতিকরণদানেষু, এতেঽর্থা যথাসম্ভবমিহ গ্রাহ্যাঃ ॥১০—১৩॥

যদুনন্দন ! যাঁহাবা সমীচীনভাবে যজ্ঞসম্পাদন কবেন, ক্ষমাশীল হন, অন্তবিন্দ্রিয ও বহিবিন্দ্রিয়গণকে সংযত বাখেন এবং সত্য, ধর্ম্ম, পৃথিবী ও গোসমূহেব পূজা কবেন ; আমি তাঁহাদিগকে নমস্কার কবি ॥১০॥

যদুনন্দন ! যাঁহাবা বনে থাকিয়া, কেবল ফল ও মূল ভোজন করিয়া তপস্যা করেন ; সঞ্চয় কবেন না অথচ বৈধকার্য্যসকল করিয়া থাকেন ; আমি তাঁহাদিগকে নমস্কাব কবি ॥১১॥

যাদব ! যাঁহাবা পোষ্যপোষণে সমর্থ, প্রত্যহ অতিথিসেবা করেন এবং দেবগণকে দান কবিয়া অবশিষ্ট ভোজন কবিয়া থাকেন ; আমি তাঁহাদিগকে নমস্কাব কবি ॥১২॥

যাঁহাবা বেদ অধ্যযন কবিযা বাদবিচাবে দুর্জ্জয়, বাক্‌পটু ও ব্রহ্মচাবী হন এবং সর্ব্বদা যাজন ও অধ্যাপনে নিবত থাকেন আমি তাঁহাদিগকে পূজা কবি ॥১৩॥

যাঁহাবা সর্ব্বদা সকল প্রাণীব উপরে প্রসন্নচিত্ত থাকেন এবং মধ্যাহ্নকালপর্য্যন্ত বেদপাঠ কবেন ; আমি তাঁহাদেব পূজা কবি ॥১৪॥

গুরুপ্রসাদে স্বাধ্যায়ে যতন্তে যে স্থিরব্রতাঃ।
শুশ্রূষবোঽনসূয়ন্তস্তান্ নমস্যামি যাদব! ॥১৫॥
সুব্রতা মুনয়ো যে চ ব্রাহ্মণাঃ সত্যসঙ্গরাঃ।
বোঢ়ারো হব্যকব্যানাং তান্ নমস্যামি যাদব! ॥১৬॥
ভৈক্ষ্যচর্য্যাসু নিরতাঃ কৃশা গুরুকুলাশ্রয়াঃ।
নিঃসুখা নির্ধনা যে তু তান্ নমস্যামি যাদব! ॥১৭॥
নির্ম্মমা নিষ্প্রতিদ্বন্দ্বা নির্হ্রীকা নিষ্প্রয়োজনাঃ।
যে বেদং প্রাপ্য দুর্দ্ধর্ষা বাগ্মিনো ব্রহ্মবাদিনঃ ॥১৮॥
অহিংসানিরতা যে চ যে চ সত্যব্রতা নরাঃ।
দান্তাঃ শমপরাশ্চৈব তান্ নমস্যামি কেশব! ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গুর্ব্বিতি। গুরোঃ প্রসাদে প্রসন্নীকরণে। শুশ্রূষবঃ পিত্রাদীনামপি, অনসূয়ন্তঃ কস্যাপি দোষোঽনাবিষ্কুর্ব্বন্তঃ ॥১৫॥

সুব্রতা ইতি। সুব্রতাঃ শৌচাচারাদিসুষ্ঠুনিয়মযুক্তাঃ, মুনয়ো মননপরাঃ, সত্যসঙ্গরাঃ সত্যপ্রতিজ্ঞাঃ, হব্যানি দেবদেয়দ্রব্যাণি কব্যানি চ পিতৃদেয়দ্রব্যাণি তেষাম্, বোঢ়ারো বাহকাঃ, দেবপিতৃকার্য্যপরায়ণা ইত্যর্থঃ ॥১৬॥

ভৈক্ষ্যেতি। ভৈক্ষ্যচর্য্যাসু ভিক্ষার্থপর্য্যটনেষু ॥১৭॥

নিরিতি। নির্ম্মমাঃ সর্ব্বত্র মমতাহীনাঃ, নিষ্প্রতিদ্বন্দ্বাঃ প্রতিপক্ষরহিতাঃ, নির্হ্রীকাঃ কৌপীনাদিধারণেঽপি নির্লজ্জাঃ, নিষ্প্রয়োজনাঃ সর্ব্বত্র প্রয়োজনশূন্যাঃ। দান্তা বহিরিন্দ্রিয়দমনশীলাঃ, শমপরা অন্তরিন্দ্রিয়দমনযুক্তাঃ ॥১৮—১৯॥

ভাবতভাবদীপঃ

আপৃষ্ঠতাপাৎ যাবন্মধ্যাহ্নম্ ॥১৪॥ স্বাধ্যায়ে ব্রহ্মযজ্ঞে মন্ত্রজপে বা ॥১৫—১৭॥ নির্হ্রীকাঃ দিগম্বরাঃ

যদুনন্দন! যাঁহারা স্থিরনিয়ম হইয়া গুরুকে প্রসন্ন করিবার পক্ষে ও বেদ-পাঠে যত্নবান্ থাকেন এবং পিতা ও মাতাপ্রভৃতির পরিচর্য্যা করেন; অথচ কাহারও দোষ প্রকাশ করেন না; আমি তাঁহাদিগকে নমস্কার করি' ॥১৫॥

যাদব! যে সকল ব্রাহ্মণ শৌচাচারাদি সুষ্ঠু নিয়মযুক্ত, ব্রহ্মমননশীল, সত্য-প্রতিজ্ঞ এবং দেবকার্য্য ও পিতৃকার্য্যের সম্পাদক; আমি তাঁহাদিগকে নমস্কার করি ॥১৬॥

যদুনন্দন! যাঁহারা ভিক্ষার জন্য পর্য্যটনে ব্যাপৃত, কৃশদেহ, গুরুগৃহাশ্রয়ী, সুখহীন ও নির্ধন; তাঁহাদিগকে আমি নমস্কার করি ॥১৭॥

কেশব! যাঁহারা সর্ব্বত্র মমতাশূন্য, প্রতিপক্ষবিহীন, কৌপীনধারণেও

নিত্যং শমপরা যে চ তথা যে চানসূয়কাঃ।
নিত্যস্বাধ্যায়িনো যে চ দুর্গাণ্যতিতরন্তি তে ॥২৯॥
সর্ব্বান্ দেবান্ নমস্যন্তি যে চৈকং বেদমাশ্রিতাঃ।
শ্রদ্দধানাশ্চ দান্তাশ্চ দুর্গাণ্যতিতরন্তি তে ॥৩০॥
তথৈব বিপ্রপ্রবরান্ নমস্কৃত্য যতব্রতাঃ।
ভবন্তি যে দানরতা দুর্গাণ্যতিতরন্তি তে ॥৩১॥
তপস্বিনশ্চ যে নিত্যং কৌমারব্রহ্মচারিণঃ।
তপসা ভাবিতাত্মানো দুর্গাণ্যতিতরন্তি তে ॥৩২॥
দেবতাতিথিভৃত্যানাং পিতৃণাং চার্চ্চনে রতাঃ।
শিষ্টান্নভোজিনো যে চ দুর্গাণ্যতিতরন্তি তে ॥৩৩॥

ভারতকৌমুদী

য ইতি। সর্ব্বদামেব অতিথীনাং সৎকারকরা ইতি তে ॥২৮॥
নিত্যমিতি। শমপরাঃ শমগুণান্বিতাঃ। দুর্গাণি মহাবিপদঃ ॥২৯॥
সর্ব্বানীতি। শ্রদ্দধানা বিশ্বাসবন্তঃ, দান্তা ইন্দ্রিয়দমনশীলাঃ ॥৩০॥
তথেতি। যতব্রতা ইন্দ্রিয়সংযমে নিরতাঃ ॥৩১॥
তপস্বিন ইতি। কৌমারব্রহ্মচারিণঃ কৌমারকালাদারভ্যৈব ব্রহ্মচারিণঃ ॥৩২॥
দেবতেতি। শিষ্টানি শ্রাদ্ধশেষাদীনি অন্নানি ভুঞ্জত ইতি তে ॥৩৩॥

যাঁহারা সর্বদা সর্বপ্রকার অতিথির সৎকার করেন এবং গো, ব্রাহ্মণ ও সত্যে সতত নিরত থাকেন ; তাঁহারা মহাবিপদ অতিক্রম করিতে পারেন ॥২৮॥

যাঁহারা সর্ব্বদা শমগুণান্বিত, যাঁহারা কাহারও দোষ আবিষ্কার করেন না এবং যাঁহারা প্রত্যহ বেদপাঠ করিয়া থাকেন ; তাঁহারা মহাবিপদসকল অতিক্রম করিতে পারেন ॥২৯॥

যাঁহারা বিশ্বাসী ও জিতেন্দ্রিয় হইয়া সমস্ত দেবতাকে নমস্কার করেন এবং একমাত্র বেদেরই আশ্রয় করিয়া চলেন, তাঁহারা মহাবিপদ অতিক্রম করিয়া থাকেন ॥৩০॥

যাঁহারা সংযত থাকিয়া ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে নমস্কার করিয়া তাঁহাদিগকে দান করেন ; তাঁহারা মহাবিপদ অতিক্রম করিতে পারেন ॥৩১॥

যাঁহারা তপস্বী, কৌমার বয়স হইতে ব্রহ্মচারী এবং তপস্যাদ্বারা শোধিতচিত্ত ; তাঁহারা মহাবিপদ হইতে উত্তীর্ণ হইয়া থাকেন ॥৩২॥

যাঁহারা দেবতা, অতিথি, পোষ্যবর্গ ও পিতামাতার সেবায় নিরত থাকেন এবং শ্রাদ্ধশেষান্ন ভোজন করেন ; তাঁহারা মহাবিপদ অতিক্রম করিতে পারেন ॥৩৩॥

অগ্নিমাধায বিধিবৎ প্রণতা ধাবযন্তি যে।
প্রাপ্তাঃ সোমাহুতিং চৈব দুর্গাণ্যতিতরন্তি তে ॥৩৪॥
মাতাপিত্রোর্গুরুষু চ সম্যগ্‌বর্ত্তন্তি যে সদা।
যথা ত্বং বৃষ্ণিশার্দূলেত্যুক্ত্বৈবং বিররাম সঃ ॥৩৫॥
তস্মাত্ত্বমপি কৌন্তেয। পিতৃদেবদ্বিজাতিথীন্।
সম্যক্ পূজযসে নিত্যং গতিমিষ্টামবাপ্স্যসি ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে কৃষ্ণনারদসংবাদে ত্রিংশোঽধ্যাযঃ ॥*॥

ভাবতকৌমুদী

অগ্নিমিতি। ধারয়ন্তি রক্ষন্তি সোমাহুতিম্ অগ্নৌ সোমরসপ্রক্ষেপম্ ॥৩৪॥

মাতেতি। বর্ত্তন্তি অবনতাস্তিষ্ঠন্তি। স নারদঃ ॥৩৫॥

তস্মাদিতি। ত্বং যুধিষ্ঠিরোঽপি ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে ত্রিংশোঽধ্যায়ঃ ॥*॥

ভাবতভাবদীপঃ

অকৃতদারান্, অগ্নিযোনীন্ দারাগ্নিহোত্রযুতান্ ব্রহ্মণো বেদস্য যোনীন্ আশ্রয়ভূতান্ ॥২৪—২৯॥ সর্ব্বানিতি স্বাধ্যাযে সর্ব্বে যজ্ঞা অন্তর্ভবন্তীত্যর্থঃ ॥৩০—৩৬॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

যাঁহারা যথাবিধানে অগ্নিস্থাপনকরতঃ প্রণত হইযা সোমরসের আহুতি দান করেন, তাঁহারা মহাবিপদ অতিক্রম করিতে পারেন ॥৩৪॥

বৃষ্ণিবংশশ্রেষ্ঠ! আপনি যেমন, এইরূপ যাঁহারা মাতা, পিতা ও গুরুজনের নিকট অবনত হইয়া চলেন, তাঁহারাও মহাবিপদ অতিক্রম করিতে পারেন। এই কথা বলিয়াই নারদ বিরত হইলেন ॥৩৫॥

অতএব কুন্তিনন্দন! তুমিও পিতৃগণ, দেবগণ, ব্রাহ্মণগণ ও অতিথিগণের সমীচীনভাবে সর্ব্বদা পূজা করিতেছ বলিযা, অভীষ্ট গতি লাভ করিবে ॥৩৬॥

---

* 'একত্রিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

একত্রিংশোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ! মহাপ্রাজ্ঞ! সর্ব্বশাস্ত্রবিশারদ!।
ত্বত্তোঽহং শ্রোতুমিচ্ছামি ধর্ম্মং ভরতসত্তম! ॥১॥
শরণাগতং যে রক্ষন্তি ভূতগ্রামং চতুর্ব্বিধম্।
কিং তস্য ভরতশ্রেষ্ঠ! ফলং ভবতি তত্ত্বতঃ ॥২॥

ভীষ্ম উবাচ।

ইদং শৃণু মহাপ্রাজ্ঞ! ধর্ম্মপুত্র! মহাযশঃ!।
ইতিহাসং পুরাবৃত্তং শরণার্থং মহাফলম্ ॥৩॥
প্রপাত্যমানঃ শ্যেনেন কপোতঃ প্রিয়দর্শনঃ।
বৃষদর্ভং মহাভাগং নরেন্দ্রং শরণং গতঃ ॥৪॥

ভাবতকৌমুদী

পিতেতি। ত্বত্তস্তবসকাশাৎ ॥১॥

শরণেতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। ভূতগ্রামং প্রাণিসমূহম্; চতুর্ব্বিধং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জরূপম্ ॥২॥

ইদমিতি। ইতিহাসং বৃত্তান্তং পুরাবৃত্তং পূর্ব্বজাতম্, শরণার্থং শরণাগতরক্ষাবিষয়ম্ ॥৩॥

প্রপাত্যেতি। প্রপাত্যমানো নিহন্যমানঃ। বৃষদর্ভং নাম ॥৪॥

ভাবতভাবদীপঃ

পিতামহেত্যাদেরধ্যায়স্য পক্ষিমাত্রস্যাপি স্বশরীরদানেন রক্ষণং কার্য্যং কিমুত পূর্ব্বোক্তানাং পূজ্যানামর্থাদিনেতি তাৎপর্য্যম্ ॥১—৩॥ প্রপাত্যমান আকাশাদিতি শেষঃ। বৃষদর্ভমৌশী-

---

যুধিষ্ঠিব বলিলেন—'মহাপ্রাজ্ঞ সর্বশাস্ত্রবিশারদ ভবতশ্রেষ্ঠ পিতামহ! আমি আপনাব নিকট হইতে ধর্ম্ম শুনিতে ইচ্ছা কবি ॥১॥

ভবতশ্রেষ্ঠ! জবায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ এই চতুর্ব্বিধ প্রাণীর মধ্যে, যে কোন প্রাণী শবণাপন্ন হইলে তাহাকে যাঁহাবা বক্ষা করেন, তাঁহাদেব যথার্থরূপে কি ফল হয়?' ॥২॥

ভীষ্ম বলিলেন—'মহাপ্রাজ্ঞ যশস্বী ধর্ম্মপুত্র! শবণাগতরক্ষানিবন্ধন মহাফলজনক এই প্রাচীন বৃত্তান্ত শ্রবণ কব ॥৩॥

স তং দৃষ্ট্বা বিশুদ্ধাত্মা ত্রাসাদঙ্কমুপাগতম্।
আশ্বাস্যাশ্বসিহীত্যাহ ন তেঽস্তি ভযমণ্ডজ ! ॥৫॥
ভয়ং তে সুমহৎ কস্মাৎ কুত্র কিং বা কৃতং ত্বযা।
যেন ত্বমিহ সম্প্রাপ্তো বিসংজ্ঞো ভ্রান্তচেতনঃ ॥৬॥
নবনীলোৎপলাপীড়! চারুবর্ণ ! সুদর্শন ! ।
দাড়িমাশোকপুষ্পাক্ষ। মা ত্রসস্বাভয়ং তব ॥৭॥
মৎসকাশমনুপ্রাপ্তং ন ত্বাং কশ্চিৎ সমুৎসহেৎ।
মনসা গ্রহণং কর্ত্তুং রক্ষাধ্যক্ষপুরস্কৃতম্ ॥৮॥
কাশিরাজ্যং তদদ্যৈব ত্বদর্থং জীবিতং তথা।
ত্যজেযং ভব বিস্রব্ধঃ কপোত ! ন ভয়ং তব ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। অঙ্কং নিজক্রোড়ম্। হে অণ্ডজ ! পক্ষিন্ ॥৫॥

ভয়মিতি। বিসংজ্ঞোঽচেতনপ্রায়ঃ, ভ্রান্তচেতনো বিচলিতচিত্তঃ ॥৬॥

নবেতি। নবনীলোৎপলমিব আপীডঃ শেখরো যস্য তৎ সম্বোধনম্। দাড়িম্বাশোকপুষ্পবৎ অক্ষিণী চক্ষুষী যস্য তৎ সম্বোধনম্, মা ত্রসস্ব ন বিভীহি ॥৭॥

মদিতি। সমুৎসহেৎ শক্নুয়াৎ। রক্ষাধ্যক্ষেণ সর্ব্বরক্ষাকারিণা পুরস্কৃতম্ সম্মুখবর্ত্তীকৃতম্ ॥৮॥

কাশীতি। জীবিতং মম জীবনম্। বিস্রব্ধঃ আশ্বস্তঃ ॥৯॥

একদা এক শ্যেন পক্ষী প্রিযদর্শন একটা কপোতকে আক্রমণ করিলে, সেই কপোত মহাত্মা বৃষদর্ভ বাজাব শরণাপন্ন হইল ॥৪॥

তখন সেই নির্ম্মলচিত্ত বৃষদর্ভ ভযে নিজক্রোড়ে উপস্থিত সেই কপোতটীকে দেখিযা আশ্বস্ত কবিযা বলিলেন—'পক্ষী ! তোমার কোন ভয নাই, তুমি আশ্বস্ত হও ॥৫॥

কপোত। তোমাব গুরুতর ভয় হইল কেন ? তুমি কোথায কি করিয়াছ ? যে হেতু তুমি, অচেতনপ্রায ও বিচলিতচিত্ত হইয়া এখানে আসিযাছ ॥৬॥

নূতন নীলোৎপলের ন্যায তোমাব চূড়াটী মনোহরবর্ণ, সুন্দব আকৃতি এবং চক্ষুদুইটী দাড়িম ও অশোক পুষ্পের ন্যায় বক্তবর্ণ। কপোত। তুমি ভয করিও না ; তোমার কোন ভয় নাই ॥৭॥

কপোত ! তুমি আমার নিকটে আসিয়াছ, সুতবাং রক্ষাকারীর সম্মুখে রহিয়াছ। অতএব কোন ব্যক্তি মনোদ্বারাও তোমাকে গ্রহণ করিতে সমর্থ হইবে না ॥৮॥

শ্যেন উবাচ।

মমৈতদ্বিহিতং ভক্ষ্যং ন রাজং স্ত্রাতুমর্হসি।
অতিক্রান্তং চ প্রাপ্তঞ্চ প্রযত্নাচ্চোপপাদিতম্ ॥১০॥
মাংসঞ্চ রুধিরং চাস্য মজ্জা মেদশ্চ মে হিতম্।
পরিতোষকরোহ্যেষ মম মাস্যাগ্রতো ভব ॥১১॥
তৃষ্ণা মে বাধতেঽত্যুগ্রা ক্ষুধা নির্দহতীব মে।
মুঞ্চৈনং ন হি শক্ষ্যামি রাজন্! মন্দয়িতুং ক্ষুধাম্ ॥১২॥
ময়া হ্যনুসৃতো হ্যেষ মৎপক্ষনখবিক্ষতঃ।
কিঞ্চিদুচ্ছ্বাসনিঃশ্বাসং ন রাজন্! গোপ্তুমর্হসি ॥১৩॥

ভারতকৌমুদী

মমেতি। বিহিতং বিধাত্রা। অতিক্রান্তং গতপ্রায়জীবনম্, প্রাপ্তং সন্নিহিতম্, উপপাদিতং ধৃতপ্রায়ম্ ॥১০॥

মাংসমিতি। অস্য মম খাদ্যস্য অগ্রতঃ প্রতিবন্ধকতয়া অগ্রবর্ত্তী মা ভব ॥১১॥

তৃষ্ণেতি। তৃষ্ণা রুধিরপিপাসা। নির্দহতি গাত্রাণি। মন্দয়িতুং ভোজনাভাবেন মন্দী কর্ত্তুম্ ॥১২॥

ময়েতি। কিঞ্চিদল্পাবেব উচ্ছ্বাসনিঃশ্বাসৌ যস্য তম্, এনং কপোতং গোপ্তুং রক্ষিতুম্ ॥১৩॥

ভারতভাবদীপঃ

নরং শিবিম্ ॥৪—৬॥ নবং নীলং চ যদুৎপলং তস্যাপীড ইবালঙ্কারভূতশ্চারুর্ব্বর্ণো যস্য ॥৭—৯॥ অতিক্রান্তং গতপ্রায়জীবিতম্ ॥১০॥ অস্য মদন্নস্যাগ্রতোঽন্তরায়ভূতো মা ভব ॥১১॥

কপোত। আজ কাশীরাজ্য ও আমার জীবন পর্য্যন্তও তোমার জন্য আমি ত্যাগ করিতে পারি; তুমি আশ্বস্ত হও, তোমার কোন ভয় নাই ॥৯॥

শ্যেন বলিল—'রাজা! বিধাতা ইহাকে আমার খাদ্যরূপে বিধান করিয়াছেন, ইহার প্রাণ প্রায় গিয়াছে। এ আমার নিকটে আসিয়াছে এবং আমি যত্নপূর্ব্বক প্রায় ইহাকে ধরিয়াছি; এ অবস্থায় আপনি ইহাকে রক্ষা করিতে পারেন না ॥১০॥

এই কপোতের মাংস, রুধির, মজ্জা ও মেদ আমার হিতকারী। অতএব এই কপোত আমার সন্তোষজনক। সুতরাং আপনি আমার প্রতিবন্ধক হইবেন না ॥১১॥

রাজা! অতি ভীষণ পিপাসা আমার পীড়া জন্মাইতেছে এবং ক্ষুধা যেন আমার গাত্র দগ্ধ করিতেছে। অতএব আপনি ইহাকে পরিত্যাগ করুন। কারণ, আমি ক্ষুধামান্দ্য করিতে পারি না ॥১২॥

যদি স্ববিষয়ে রাজন্ ! প্রভুস্ত্বং রক্ষণে নৃণাম্ ।
খেচরস্য তৃষার্ত্তস্য ন ত্বং প্রভুরথোত্তম ! ॥১৪॥
যদি বৈরিষু ভৃত্যেষু স্বজনব্যবহারয়োঃ ।
বিষয়েষ্বিন্দ্রিয়াণাঞ্চ আকাশে মা পরাক্রম ॥১৫॥
প্রভুত্বং হি পরাক্রম্য সম্যক্ পক্ষহরেষু তে ।
যদি ত্বমিহ ধর্ম্মার্থী মামপি দ্রষ্টুমর্হসি ॥১৬॥
ভীষ্ম উবাচ ।
শ্রুত্বা শ্যেনস্য তদ্বাক্যং রাজর্ষির্ব্বিস্ময়ং গতঃ ।
সম্ভাব্য চৈনং তদ্বাক্যং তদর্থী প্রত্যভাষত ॥১৭॥

ভারতকৌমুদী

যদীতি। স্ববিষয়ে নিজরাজ্যে। হে উত্তম ! ॥১৪॥

যদীতি। স্বজনঃ জ্ঞাতিপ্রভৃতিঃ, ব্যবহারো বাদিপ্রতিবাদিনো বিচারশ্চ তযোঃ ইন্দ্রিয়ানাং বিষয়েষু চৌর্য্যাদিষু চ যদি পরাক্রমিতুমর্হসীতি শেষঃ, তথাপি আকাশে মা পরাক্রম ॥১৫॥

প্রভুত্বমিতি। পক্ষহরেষু পক্ষসংহারকারিষু শত্রুষিত্যর্থঃ, ধর্ম্মার্থী শরণাগতরক্ষণেন, মামপি ক্ষুধার্ত্তম্। শরণাগতরক্ষণে যথা ধর্ম্মঃ, তথা ক্ষুধার্ত্তস্য ভোজনবাধায়ামধর্ম্ম ইতি ভাবঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তৃষ্ণা এতদ্রুধিরপিপাসা ॥১২—১৪॥ যদি বৈর্য্যাদিষু পরাক্রমসে তদ্যুক্তং ন ত্বাকাশে আকাশচারিষু ॥১৫॥ পক্ষহরেষাজ্ঞাভঙ্গিষু শত্রুষু, মামশত্রুমপি জীবনহরণেন বাধমানস্য তব

রাজা ! আমি ইহার অনুসরণ করিয়াছি এবং আমার পক্ষ ও নখের আঘাতে এ ক্ষতবিক্ষত হইয়াছে। এখন ইহার অল্পমাত্রই শ্বাসপ্রশ্বাস বহিয়াছে ; এ অবস্থায় আপনি ইহাকে রক্ষা করিতে পারেন না ॥১৩॥

রাজশ্রেষ্ঠ ! যদিও আপনি নিজের রাজ্যমধ্যে মানবগণকে রক্ষা করিতে সমর্থ হন ; তথাপি আকাশচারী তৃষ্ণার্ত্ত পক্ষীকে নিবারণ করিতে সমর্থ নহেন ॥১৪॥

যদিও আপনি শত্রু, ভৃত্য, জ্ঞাতি, বাদী ও প্রতিবাদীর বিচার এবং ইন্দ্রিয়-গ্রাহ্য বিষয়ে পরাক্রম প্রকাশ করিতে পারেন ; কিন্তু আকাশে পরাক্রম প্রকাশ করিতে পারেন না ॥১৫॥

রাজা ! আপনার বিপক্ষগণের প্রতি সমীচীনভাবে পরাক্রম প্রকাশ করিয়া প্রভুত্ব প্রকাশ করা উচিত। তারপর আপনি যদি ধর্ম্মার্থী হন, তাহা হইলে আমার প্রতিও দৃষ্টিপাত করিতে পারেন ॥১৬॥

রাজোবাচ।

গোবৃষো বা বরাহো বা মৃগো বা মহিষোঽপি বা।
ত্বদর্থমদ্য ক্রিয়তাং ক্ষুধাপ্রশমনায় তে ॥১৮॥
শরণাগতং ন ত্যজেয়মিতি মে ব্রতমাহিতম্।
ন মুঞ্চন্তি মমাঙ্গানি দ্বিজোঽয়ং পশ্য বৈ দ্বিজ ! ॥১৯॥

শ্যেন উবাচ।

ন বরাহং ন চোক্ষাণং ন চান্যান্ বিবিধান্ দ্বিজান্।
ভক্ষয়ামি মহারাজ ! কিমন্যাদ্যেন তেন মে ॥২০॥
যস্তু মে বিহিতো ভক্ষ্যঃ স্বয়ং দেবৈঃ সনাতনঃ।
শ্যেনাঃ কপোতান্ খাদন্তি স্থিতিরেষা সনাতনী ॥২১॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। বিস্ময়ং গতঃ পক্ষিণাপি মানুষবদেবোক্তত্বাৎ। এনং শ্যেনং তদ্বাক্যঞ্চ সম্ভাব্য প্রশস্য, তদর্থী কপোতরক্ষার্থী ॥১৭॥

গবিতি। গোবৃষো গোশ্রেষ্ঠঃ। তে ক্ষুধাপ্রশমনায় ক্রিয়তাং ময়া নিবেদ্যতাম্ ॥১৮॥

শরণেতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। আহিতং ধৃতম্। অয়ং দ্বিজঃ পক্ষী কপোতঃ, হে দ্বিজ ! শ্যেনপক্ষিন্ ! ॥১৯॥

নেতি। উক্ষাণং বৃষভম্, দ্বিজান্ পক্ষিণঃ। অন্যৎ আদ্যং ভক্ষ্যং তেন ॥২০॥

য ইতি। সনাতনঃ সদাতনঃ। স্থিতিঃ রীতিঃ ॥২১॥

ভাবতভাবদীপঃ

ধর্মার্থিনোঽপ্যধর্মো ভবিষ্যতীতি ভাবঃ ॥১৬॥ এনং শ্যেনং তদ্বাক্যং চ সম্ভাব্য স্তুত্বা, তদর্থী

ভীষ্ম বলিলেন—'রাজর্ষি বৃষদর্ভ শ্যেনপক্ষীর সেই বাক্য শুনিয়া বিস্ময়াপন্ন হইলেন এবং শ্যেনপক্ষীর ও তাহার বাক্যের প্রশংসা করিয়া কপোতরক্ষার্থী হইয়া বলিলেন' ॥১৭॥

রাজা বলিলেন—'শ্যেন ! আজ তোমার জন্য অর্থাৎ তোমার ক্ষুধা নিবৃত্তির জন্য বৃষ, শূকর, হরিণ, কিংবা মহিষ নিবেদন করিব ॥১৮॥

শরণাগতকে পরিত্যাগ করিব না, এইরূপ ব্রতই আমি অবলম্বন করিয়াছি। পক্ষী ! 'দেখ, এই পক্ষী আমার ক্রোড় পরিত্যাগ করিতেছে না' ॥১৯॥

শ্যেন বলিল—'মহারাজ ! বরাহ, বৃষ, বা অন্য নানাবিধ পক্ষী আমি ভক্ষণ করিব না ; আপনি সেই সকল অন্য খাদ্য আমাকে দিতে ইচ্ছা করেন কেন ? ॥২০॥

---

(২০) কিমন্নাদ্যেন তেন মে—বঙ্গ বর্দ্ধ।

উশীনর! কপোতে তু যদি স্নেহ তবানঘ।।
ততস্ত্বং মে প্রযচ্ছাদ্য স্বমাংসং তুলয়াধৃতম্ ॥২২॥

রাজোবাচ।

মহাননুগ্রহো মেঽদ্য যস্ত্বমেবমিহাত্থ মাম্।
বাঢ়মেব করিষ্যামীত্যুক্ত্বাসৌ রাজসত্তমঃ ॥২৩॥
উৎকৃত্যোৎকৃত্যমাংসানি তুলয়া সমতোলয়ৎ।
অন্তঃপুরে ততস্তস্য স্ত্রিয়ো রত্নবিভূষিতাঃ ॥২৪॥
হাহাভূতা বিনিষ্ক্রান্তাঃ শ্রুত্বা পরমদুঃখিতাঃ।
তাসাং রুদিতশব্দেন মন্ত্রিভৃত্যজনস্য চ ॥২৫॥
বভূব সুমহান্নাদো মেঘগম্ভীরনিঃস্বনঃ।
নিরুদ্ধং গগনং সর্ব্বং ব্যভ্রং মেঘৈঃ সমন্ততঃ ॥২৬॥ (কলাপকম্)

ভাবতকৌমুদী

উশীতি। উশীনরেতি বৃষদর্ভস্যৈব নামান্তরম্। তুলয়া ধৃতং এতৎকপোতমাংসপরিমিতম্ ॥২২॥

মহানিতি। আত্থ ব্রবীষি। উৎকৃত্যোৎকৃত্য নিজগাত্রাদুচ্ছিদ্যোচ্ছিদ্য সমতোলয়ৎ কপোতেন সহ। হাহেতি শব্দো ভূতো যাভ্যস্তাঃ। মেঘস্য গম্ভীরনিঃস্বন ইব। বিগতমভ্রং মেঘো যস্মাৎ তৎ ব্যভ্রমপি সর্ব্বং গগনং সমস্ততো মেঘৈর্নিরুদ্ধম্ ॥২৩—২৬॥

স্বয়ং দেবতারাই চিরন্তন আমার যে খাদ্য বিধান করিয়াছেন, তাহা এই কপোত, শ্যেনপক্ষীরা কপোত ভক্ষণ করে, এই রীতিই চিরকাল চলিয়া আসিতেছে ॥২১॥

নিষ্পাপ উশীনর! এই কপোতে আপনার যদি স্নেহ হইয়া থাকে, তাহা হইলে আজ তুলাদণ্ডে কপোতের সহিত মাপিয়া, তৎসমান নিজমাংস আমাকে দান করুন ॥২২॥

রাজা বলিলেন—'শ্যেন! তুমি যে আমাকে এইরূপ বলিলে—ইহা তুমি আজ আমার উপরে গুরুতর অনুগ্রহই করিলে, নিশ্চয়ই আমি ইহা করিব। এইরূপ বলিয়া, সেই রাজশ্রেষ্ঠ বৃষদর্ভ নিজের মাংসচ্ছেদন করিয়া করিয়া কপোতের সহিত তুলাদণ্ডে মাপিতে লাগিলেন। তখন অন্তঃপুরে তাঁহার রত্নভূষিত ভার্য্যারা এই সংবাদ শুনিয়া অত্যন্ত দুঃখিত হইয়া হাহাকার করিতে থাকিয়া অন্তঃপুর হইতে নির্গত হইলেন; তৎকালে সেই রাজভার্য্যাগণের এবং মন্ত্রী ও ভৃত্যবর্গের ক্রন্দনের শব্দে মেঘের গম্ভীর শব্দের ন্যায় গুরুতর শব্দ হইতে লাগিল এবং সমস্ত আকাশমণ্ডল মেঘশূন্য হইলেও তৎকালে সকল দিক্ হইতে মেঘ সকল আসিয়া সে আকাশমণ্ডলকে ব্যাপ্ত করিল ॥২৩—২৬॥

মহী প্রচলিতা চাসীত্তস্য সত্যেন কর্ম্মণা।
স রাজা পার্শ্বতশ্চৈব বাহুভ্যামূরুতশ্চ যৎ ॥২৭॥
তানি মাংসানি সংচ্ছিদ্য তুলাং পূরযতেঽশনৈঃ।
তথাপি ন সমস্তেন কপোতেন বভূব হ ॥২৮॥ (যুগ্মকম্)
অস্থিভূতো যদা রাজা নির্ম্মাংসো রুধিরস্রবঃ।
তুলাং ততঃ সমারূঢ় স্বমাংসক্ষয়মুৎসৃজন্ ॥২৯॥
ততঃ সেন্দ্রাস্ত্রয়ো লোকাস্তং নরেন্দ্রমুপস্থিতাঃ।
ভের্য্যশ্চাকাশগৈস্তত্র বাদিতা দেবদুন্দুভিঃ ॥৩০॥
অমৃতেনাবসিক্তশ্চ বৃষদর্ভো নরেশ্বরঃ।
দিব্যৈশ্চ সুসুখৈর্মাল্যৈরভিবৃষ্টঃ পুনঃ পুনঃ ॥৩১॥

ভাবতকৌমুদী

মহীতি। সত্যেন সত্যবৎ পুণ্যজনকেন। পার্শ্বতঃ পার্শ্বদ্বযাৎ, বাহুভ্যাং বাহুযুগলাৎ, উরুত উরুযুগলাচ্চ, অশনৈঃ সত্বরম্। সমস্তেন নিজমাংসেন, কপোতেন তুল্যতা ন বভূব ॥২৭—২৮॥

অস্তীতি। রুধিরং শ্রবতি ক্ষরতীতি রুধিরশ্রবঃ। সমাংসক্ষয়ং তদ্বেদনাম্ ॥২৯॥

তত ইতি। সেন্দ্রা ইন্দ্রসহিতাঃ। আকাশগৈর্গন্ধর্ব্বাদিভিঃ ॥৩০॥

অমৃতেনেতি। সুসুখৈরতীবসুখকবৈঃ, অভিবৃষ্টঃ সর্ব্বতো বর্ষণাস্পদীকৃতঃ ॥৩১॥

ভাবতভাবদীপঃ

কপোতার্থী ॥১৭—২৭॥ অশনৈঃ শীঘ্রম্ ॥২৮॥ মাংসক্ষযং মাংসালযং শবীরম্ ॥২৯—৩১॥ নৃত্তো

সেই বাজাব সত্যেব তুল্য পুণ্যজনক কর্ম্মেব গুণে পৃথিবী কম্পিত হইল। যে হেতু বৃষদর্ভ বাজা নিজেব পার্শ্বদ্বয়, বাহুদ্বয় ও উরুদ্বয় হইতে মাংসছেদন কবিয়া সত্বব তুলা পূবণ কবিতে লাগিলেন; তথাপি সেই সমস্ত মাংসও কপোতেব সমান হইল না ॥২৭—২৮॥

যখন বাজা মাংসশূন্য ও অস্থিমাত্রাবশিষ্ট হইয়া বক্তক্ষবণ কবিতে লাগিলেন, তখন তিনি নিজমাংস ছেদনেব বেদনা অগ্রাহ্য কবিয়া তুলাব উপবে আবোহণ কবিলেন ॥২৯॥

তাহাব পব ইন্দ্রেব সহিত ত্রিভুবনেব লোক সেই বাজাব নিকটে উপস্থিত হইল এবং তখন আকাশচাবী গন্ধর্ব্বপ্রভৃতি ভেবী ও দেবদুন্দুভি বাজাইতে লাগিল ॥৩০॥

দেবগণ বাজা বৃষদর্ভেব দেহে অমৃতসেচন কবিতে লাগিলেন এবং তাঁহাব উপবে বাব বাব অত্যন্ত সুখজনক স্বর্গীয পুষ্পমালা বর্ষণ কবিতে থাকিলেন ॥৩১॥

দেবগন্ধর্ব্বসঙ্ঘাতৈবপ্সবোভিশ্চ সর্ব্বতঃ।
নৃত্তৈশ্চৈবোপগীতশ্চ পিতামহ ইব প্রভুঃ ॥৩২॥
হেমপ্রাসাদসম্বাধং মণিকাঞ্চনতোরণম্।
সবৈদুর্য্যমণিস্তম্ভং বিমানং সমধিষ্ঠিতঃ ॥৩৩॥
স রাজর্ষির্গতঃ স্বর্গং কর্ম্মণা তেন শাশ্বতম্।
শরণাগতেষু চৈবং ত্বং কুরু সর্ব্বং যুধিষ্ঠির। ॥৩৪॥
ভক্তানামনুরক্তানামাশ্রিতানাঞ্চ রক্ষিতা।
দয়াবান্ সর্ব্বভূতেষু পরত্র সুখমেধতে ॥৩৫॥
সাধুবৃত্তো হি যো রাজা সদ্‌বৃত্তমনুতিষ্ঠতি।
কিং ন প্রাপ্তং ভবেত্তেন স্বব্যাজেনেহ কর্ম্মণা ॥৩৬॥

ভাবতকৌমুদী

দেবেতি। নৃত্তো নৃত্যবিষয়ীকৃতঃ, পিতামহো ব্রহ্মা প্রভুর্বৃষদর্ভো রাজা ॥৩২।

হেমেতি। হেমপ্রাসাদবৎ স্বর্ণময়দেবভবনবৎ সংবাধং নিরন্তরম্, মণিকাঞ্চনানাং তোবণানি যস্য তৎ, বৈদুর্য্যমণিস্তম্ভৈঃ সহেতি তৎ, সমধিষ্ঠিতো বাজা ॥৩৩॥

স ইতি। শাশ্বতং নিত্যম্। এবং ব্যবহারম্ ॥৩৪॥

ভক্তানামিতি। রক্ষিতা রক্ষকো জনঃ, এধতে বর্দ্ধতে ॥৩৫॥

সাধ্বিতি। সাধুবৃত্তঃ সচ্চরিত্রঃ, সদ্‌বৃত্তং সদাচারম্। স্বব্যাজেন অতীব নিষ্কপটেন ॥৩৬॥

ভাবতভাবদীপঃ

নৃত্যেন তোষিতঃ এবমুপগীতঃ ॥৩২—৩৫॥ সাধুবৃত্তঃ সুশীলঃ, সদ্‌বৃত্তং শিষ্টাচাবং স্বব্যাজেন

দেবগণ, গন্ধর্ব্বগণ ও অপ্সবোগণ ব্রহ্মাব ন্যায় বৃষদর্ভ বাজাব সকলদিকে নৃত্য ও গীত কবিতে লাগিলেন ॥৩২॥

তখন একখানি স্বর্গীয় বিমান উপস্থিত হইল, তাহা স্বর্ণময় অট্টালিকাব ন্যায় নিবিড়, মণিময় ও স্বর্ণময় তোবণযুক্ত এবং বৈদুর্য্যমণিময় স্তম্ভসমন্বিত ছিল; বৃষদর্ভ বাজা সেই বিমানে আবোহণ কবিলেন ॥৩৩॥

ক্রমে বাজর্ষি বৃষদর্ভ সেই শবণাগতবক্ষাব ফলে চিবস্থায়ী স্বর্গে গমন কবিলেন। অতএব যুধিষ্ঠিব! তুমিও শবণাগত লোকেব প্রতি এইরূপ সমস্ত ব্যবহাব কবিতে থাক ॥৩৪॥

যে লোক ভক্ত, অনুবক্ত ও আশ্রিত লোকদিগকে বক্ষা কবে এবং সর্ব্বভূতে দযাশীল হয; পবলোকে তাহাব সুখবৃদ্ধি পাইযা থাকে ॥৩৫॥

সচ্চবিত্র যে বাজা সদাচাবেব অনুষ্ঠান কবেন, তিনি নিজেব অত্যন্ত নিষ্কপট কর্ম্মদ্বাবা কি প্রাপ্ত না হন? ॥৩৬॥

স রাজর্ষিবিশুদ্ধাত্মা ধীরঃ সত্যপরাক্রমঃ।
কাশীনামীশ্বরঃ খ্যাতস্ত্রিষু লোকেষু কর্ম্মণা ॥৩৭॥
যোঽপ্যন্যঃ কারয়েদেবং শরণাগতরক্ষণম্।
সোঽপি গচ্ছেত তামেব গতিং ভরতসত্তম ! ॥৩৮॥
ইদং বৃত্তং হি রাজর্ষের্বৃষদর্ভস্য কীর্ত্তয়ন্।
পূতাত্মা বৈ ভবেল্লোকে শৃণুয়াদ্‌যশ্চ নিত্যশঃ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে শ্যেনকপোতাখ্যানে একত্রিংশোঽধ্যায়ঃ ॥*॥

—:*:—

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ

—:*:—

যুধিষ্ঠির উবাচ।
কিং রাজ্ঞঃ সর্ব্বকৃত্যানাং গরীয়ঃ স্যাৎ পিতামহ ! ।
কুর্ব্বন্ কিং কর্ম্ম নৃপতিরুভৌ লোকৌ সমশ্নুতে ॥১॥

ভাবতকৌমুদী

স ইতি। রাজর্ষির্বৃষদর্ভঃ। কর্ম্মণা শরণাগতরক্ষয়া ॥৩৭॥
য ইতি। কারয়েৎ কুর্য্যাৎ। তাং বৃষদর্ভগতিতুল্যামেব ॥৩৮॥
ইদমিতি। বৃত্তং চরিত্রম্। পূতাত্মা পবিত্রচিত্তঃ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে একত্রিংশোঽধ্যায়ঃ ॥*॥

ভাবতভাবদীপঃ

সুতরাং নিষ্কপটেন ॥৩৬—৩৭॥ অস্যাং কথায়াং বিধেয়মাহ—যোঽপীতি ॥৩৮—৩৯॥
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

বিশুদ্ধচিত্ত, ধৈর্য্যশীল ও যথার্থ পরাক্রমশালী কাশীরাজ্যের অধীশ্বর রাজর্ষি সেই বৃষদর্ভ আপন কর্ম্মের ফলে ত্রিভুবনে বিখ্যাত হইয়া গিয়াছেন ॥৩৭॥

ভরতশ্রেষ্ঠ ! অন্য যে লোকও এইরূপ শরণাগতকে রক্ষা করে; সেই লোকও বৃষদর্ভেরই সমানগতি লাভ করিয়া থাকে ॥৩৮॥

জগতে যে মানুষ প্রত্যহ রাজর্ষি বৃষদর্ভের এই চরিত্র কীর্ত্তন বা শ্রবণ করে; সেই মানুষও পবিত্রচিত্ত হয় ॥৩৯॥

* '.. দ্বাত্রিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

ভীষ্ম উবাচ।

এতদ্রাজ্ঞঃ কৃত্যতমমভিষিক্তস্য ভারত ! ।
ব্রাহ্মণানামনুষ্ঠানমত্যন্তং সুখমিচ্ছতা ॥২॥
কর্ত্তব্যং পার্থিবেন্দ্রেণ তথৈব ভরতর্ষভ ! ।
শ্রোত্রিয়ান্ ব্রাহ্মণানিষ্টান্নিত্যমেবাভিপূজয়েৎ ॥৩॥
পৌরজানপদাংশ্চাপি ব্রাহ্মণাংশ্চ বহুশ্রুতান্ ।
সান্ত্বেন ভোগদানেন নমস্কারৈস্তথার্চ্চয়েৎ ॥৪॥
এতৎ কৃত্যতমম্ রাজ্ঞো নিত্যমেবোপলক্ষয়েৎ ।
যথাত্মানং যথা পুত্রাংস্তথৈতান্ প্রতিপালয়েৎ ॥৫॥
যে চাপ্যেষাং পূজ্যতমাস্তান্ দৃঢ়ং প্রতিপূজয়েৎ ।
তেষু শান্তেষু তদ্রাষ্ট্রং সর্ব্বমেব বিরাজতে ॥৬॥

ভারতকৌমুদী

কিমিতি। উভৌ লোকৌ স্বর্গমর্ত্ত্যৌ। সমশ্নুতে সুখাস্পদতয়াঽনুভবতি ॥১॥
এতদিতি। কৃত্যতমং কর্ত্তব্যেষু শ্রেষ্ঠম্। অনুষ্ঠানং সম্মানবিধানম্ ॥২॥
কর্ত্তব্যমিতি। শ্রোত্রিয়ান্ বেদবিদঃ, ইষ্টান্ প্রিয়ান্ ॥৩॥
পৌরেতি। বহুশ্রুতান্ বহুশাস্ত্রজ্ঞান্। সান্ত্বেন মধুরবাক্যেন ॥৪॥
এতদিতি। কৃত্যতমং কর্ত্তব্যশ্রেষ্ঠম্। এতান্ ব্রাহ্মণান্ ॥৫॥
য ইতি। এষাং ব্রাহ্মণানাং মধ্যে শমদমাদিনা পূজ্যতমাঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

কিং রাজ্ঞ ইত্যধ্যায়স্য তাৎপর্য্যং স্পষ্টম্ ॥১॥ অনুষ্ঠানমারাধনম্ ॥২—৫॥ এষাং ব্রাহ্মণানাং

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ ! রাজার সমস্ত কার্য্যের মধ্যে কোন্ কার্য্য শ্রেষ্ঠ এবং রাজা কোন্ কার্য্য করিয়া ইহলোক ও পরলোকে সুখ অনুভব করেন ?' ॥১॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন ! অভিষিক্ত রাজার পক্ষে ইহাই সর্ব্বশ্রেষ্ঠ কার্য্য যে, তিনি অত্যন্ত সুখ অভিলাষ করিয়া ব্রাহ্মণগণের পূজা করিবেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ ! রাজা তাহাই করিবেন যে, তিনি সর্ব্বদাই অভীষ্ট বেদবিদ্ ব্রাহ্মণগণের পূজা করিবেন ॥৩॥

পুরবাসী ও দেশবাসী লোকদিগকে এবং বহুশাস্ত্রজ্ঞ ব্রাহ্মণগণকে মধুর বাক্য, ভোগ্য বস্তু দান ও নমস্কার দ্বারা পূজা করিবেন ॥৪॥

ইহাই রাজার সর্ব্বদা প্রধান কার্য্য লক্ষ্য করিবে যে, তিনি নিজের মত ও পুত্রগণের তুল্য ব্রাহ্মণগণকে প্রতিপালন করেন ॥৫॥

তে পূজ্যাস্তে নমস্কার্য্যা মান্যাস্তে পিতরো যথা।
তেষ্বেব যাত্রা লোকানাং ভূতানামিব বাসবে ॥৭॥
অভিচারৈরুপায়ৈশ্চ দহেয়ুরপি চেতসা।
নিঃশেষং কুপিতাঃ কুর্য্যুরুগ্রাঃ সত্যপরাক্রমাঃ ॥৮॥
নান্তমেষাং প্রপশ্যামি ন দিশশ্চাপ্যপাবৃতাঃ।
কুপিতাঃ সমুদীক্ষন্তে দাবেম্বগ্নিশিখা ইব ॥৯॥
বিভ্যত্যেষাং সাহসিকা গুণাস্তেষামতীব হি।
কূপা ইব তৃণাচ্ছন্না বিশুদ্ধা দ্যৌরিবাপরে ॥১০॥

ভাবতকৌমুদী

ত ইতি। যাত্রা শুভনিষ্পত্তিঃ, বাসবে ইন্দ্রাধিষ্ঠিতে মেঘে ॥৭॥
অভীতি। অভিচারৈঃ শ্যেনযাগাদিভিঃ, উপায়ৈরভিশাপাদিভিঃ ॥৮॥
নেতি। অন্তমুপশমম্, অপাবৃতাঃ সংছন্নাঃ। দাবেষু বনেষু ॥৯॥
বিভ্যতীতি। সাহসিকা অপি জনা এষাং ব্রাহ্মণানাং বিভ্যতি ॥১০॥

ভাবতভাবদীপঃ

মধ্যে ॥৬॥ বাসবে পর্জ্জন্যে ॥৭॥ অভিচারৈঃ শ্যেনাদিভিঃ, উপায়ৈঃ কৌলিকশাস্ত্রপ্রসিদ্ধৈঃ, চেতসা সঙ্কল্পমাত্রেণ ॥৮॥ অন্তং নাশকরম্, দিশশ্চৈষাং নাপাবৃতাঃ সর্ব্বত্রাকুণ্ঠিতা গতিরেতেষামিত্যর্থঃ। অগ্নিশিখা ইব দহন্তঃ ॥৯॥ এষাম্ এভ্যঃ সাহসিকা অকার্য্যকারিণোঽপি বিভ্যতি

এই ব্রাহ্মণদেব মধ্যে যাঁহাবা বিশেষ পূজনীয; মানুষ তাঁহাদিগকে বিশেষ ভাবে পূজা কবিবে। তাঁহাবা শান্ত থাকিলে সেই বাজ্য সমস্তই শোভা পাইতে থাকে ॥৬॥

পিতাব ন্যায় সেই ব্রাহ্মণেবা পূজনীয়, নমস্কবণীয এবং মাননীয। ভূতসমূহেব যেমন মেঘেব উপবে মঙ্গল নির্ভব কবে; তেমন ব্রাহ্মণদেব উপবেই মনুষ্যগণেব মঙ্গল নির্ভব কবিযা থাকে ॥৭॥

যথার্থ পবাক্রমশালী ব্রাহ্মণেবা ক্রুদ্ধ হইযা ভীষণ মূর্ত্তিধাবণ কবিযা অভিচাব বা অন্য উপায়ে কিংবা কেবল মনদ্বারাও দগ্ধ কবিতে পাবেন এবং একেবাবে নিঃশেষ কবিতেও সমর্থ হন ॥৮॥

আমি এই ব্রাহ্মণদেব উপশমেব উপায বা আবৃত কোন দিক্ দেখিতে পাই না। ইহাবা কুপিত হইযা বনে অগ্নিশিখাব ন্যায় সকল দিক্ দেখিয়া থাকেন ॥৯॥

অত্যন্ত সাহসী লোকেবাও ব্রাহ্মণদেব ভয কবিয়া থাকেন। কাবণ, তাঁহাদেব গুণ অত্যন্ত। অনেকে তৃণাবৃত কূপেব ন্যায থাকেন. আবাব অনেকে আকাশেব ন্যায নির্ম্মলভাবে প্রকাশ পান ॥১০॥

প্রসহ্যকারিণঃ কেচিৎ কার্পাসমৃদবোঽপরে।
সন্তি চৈষামতিশঠাস্তথৈবান্যে তপস্বিনঃ ॥১১॥
কৃষিগোরক্ষ্যমপ্যেকে ভৈক্ষ্যমন্যেঽপ্যনুষ্ঠিতাঃ।
চৌরাশ্চান্যেঽনৃতাশ্চান্যে তথান্যে নটনর্ত্তকাঃ ॥১২॥
সর্বকর্ম্মসহাশ্চান্যে পার্থিবেষ্বিতরেষু চ।
বিবিধাকারযুক্তাশ্চ ব্রাহ্মণা ভরতর্ষভ ! ॥১৩॥

ভাবতকৌমুদী

প্রসহ্যেতি। কেচিত্তপস্বিনঃ পরশুরামাদয়ঃ, প্রসহ্যকারিণো বলেন কার্ত্তবীর্য্যার্জ্জুনাদি-ঘাতিনঃ, অপরে তপস্বিনঃ শুকাদয়ঃ কার্পাসবৎ তত্তুলকবদ্ মৃদবঃ কোমলাঃ, তথৈবান্যে তপস্বিনঃ অগস্ত্যাদয়ঃ, অতিশঠা অতিশাঠ্যেনৈব নহুষস্য সর্পত্বপ্রাপকাঃ সন্তি ॥১১॥

কৃষীতি। একে উদ্দালকাদয়ঃ কৃষিম্, গোরক্ষ্যম্ উপমন্যুপ্রভৃতয়ঃ, অন্যে রৈভ্যাদয়ঃ ভৈক্ষ্যঞ্চ অনুষ্ঠিতা। অন্যে বিশ্বামিত্রাদয়ঃ, চৌরা মৃতকুক্কুরমাংসহরণাৎ, অন্যে নারদাদয়শ্চ, অনৃতা মিথ্যাবাদিনো মিথ্যাবাদেনৈব কলহঘটনাৎ, তথা অন্যে ভরতাদয়শ্চ নাট্যাদিকরণেন নটনর্ত্তকা বর্ত্তন্তে ॥১২॥

সর্ব্বেতি। সর্ব্বাণি কর্ম্মাণি সহন্তে কর্ত্তুং শক্নুবন্তীতি তে। বিবিধাকারযুক্তা জমদগ্নি-প্রভৃতয়ঃ ॥১৩॥

ভাবতভাবদীপঃ

কিমুত বিবেকিনঃ। ছন্নাঃ কেচিজ্জড়ভরতাদয়ঃ। অপরে বসিষ্ঠাদয়ঃ ॥১০॥ প্রসহ্যকারিণো দুর্ব্বাসঃপ্রভৃতয়ঃ। মৃদবো গৌতমাদয়ো যে পাদচারেঽপি হিংসাভয়াৎ পাদয়োরেবাক্ষি চক্রু-রিত্যক্ষপাদত্বং গতাঃ। অতিশঠা অগস্ত্যাদয়ো বাতাপিং জরয়িতুং মাংসে লোলুপতাং দর্শয়ন্তঃ ॥১১॥ কৃষিং কুর্ব্বন্তঃ উদ্দালকশুর্ব্বাদয়ঃ। গোরক্ষং গুরোরেব উপমন্যুপ্রভৃতয়ঃ। ভৈক্ষ্যং দত্তাত্রেয়াদয়ঃ। চৌরা বাল্মীকিবিশ্বামিত্রাদয়ঃ। অনৃতাঃ কলহপ্রিয়া নারদাদয়ঃ।

কতকগুলি তপস্বী বলপূর্ব্বক কার্য্য করেন; অন্য তপস্বীরা কার্পাসতূলকের ন্যায় কোমল থাকেন এবং অপর তপস্বীরা অত্যন্ত শঠ বলিয়া বিবেচিত হন ॥১১॥

অনেক ব্রাহ্মণ কৃষি ও গোপালন করেন; অন্য ব্রাহ্মণেরা ভিক্ষা করিয়া থাকেন, অনেকে চুরিও করেন; কেহ কেহ মিথ্যা বলেন এবং অন্য ব্রাহ্মণেরা ক্ষেত্রবিশেষে নট বা নর্ত্তক হন ॥১২॥

ভরতশ্রেষ্ঠ! অনেক ব্রাহ্মণ রাজভবনে বা অন্যের গৃহে সর্ব্বপ্রকার কর্ম্ম করিতে সমর্থ হন; আবার অনেক ব্রাহ্মণ নানাবিধ আকার ধারণ করিয়া চলেন ॥১৩॥

নানাকর্ম্মসু রক্তানাং বহুকর্ম্মোপজীবিনাম্ ।
ধর্ম্মজ্ঞানাং সতাং তেষাং নিত্যমেবানুকীর্ত্তয়েৎ ॥১৪॥
পিতৃণাং দেবতানাঞ্চ মনুষ্যোরগরক্ষসাম্ ।
পুরাপ্যেতে মহাভাগা ব্রাহ্মণা বৈ জনাধিপ ! ॥১৫॥
নৈতে দেবৈর্নপিতৃভির্নগন্ধর্ব্বৈর্ন রাক্ষসৈঃ ।
নাসুরৈর্ন পিশাচৈশ্চ শক্যা জেতুং দ্বিজাতয়ঃ ॥১৬॥
অদৈবং দৈবতং কুর্য্যুর্দৈবতং চাপ্যদৈবতম্ ।
যমিচ্ছেয়ুঃ স রাজা স্যাদ্ যো নেষ্টঃ স পরাভবেৎ ॥১৭॥
পরিবাদঞ্চ যে কুর্য্যুর্ব্রাহ্মণানামচেতসঃ ।
সত্যং ব্রবীমি তে রাজন্ ! বিনশ্যেয়ুর্ন সংশয়ঃ ॥১৮॥

ভাবতকৌমুদী

নানেতি। রক্তানামনুরক্তানাম্। বস্তুতস্তু ধর্ম্মজ্ঞানাং তেষাং ব্রাহ্মণানাং ধর্ম্মজ্ঞত্বাদিকং নিত্যমেবানুকীর্ত্তয়েৎ ॥১৪॥

পিতৃণামিতি। এতে মহাভাগা ব্রাহ্মণাঃ পুরাপি পূজ্যা আসন্নিতি শেষঃ ॥১৫॥

নেতি। জেতুং ন শক্যা অজেয়তপোবলান্বিতত্বাৎ ॥১৬॥

অদৈবমিতি। অদৈবমদেবম্। পরাভবেৎ রাজা ভবিতুং ন শক্নুয়াৎ ॥১৭॥

পরীতি। অচেতসো নিন্দিতচিত্তাঃ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

নটনর্ত্তকাঃ ভরতাদয়ঃ ॥১২॥ সর্বকর্ম্মসহাঃ সমুদ্রশোষণাদাবপি সমর্থাঃ ॥১৩॥ নানেতি। স্বরূপ-প্রচ্ছাদনার্থং লোকরক্ষার্থং বা নিষিদ্ধেনাপি কর্ম্মণা বর্ত্তমানাঃ বস্তুতস্তু ধর্ম্মজ্ঞাস্তেষাং তান্

ব্রাহ্মণেরা নানাকার্য্যে অনুরক্ত থাকেন এবং বহুকার্য্য অবলম্বন করিয়া জীবনধারণ করেন ; তথাপি তাঁহারা ধর্ম্মজ্ঞ ও সাধু হইলে সর্বদা তাঁহাদের সেই গুণেরই কীর্ত্তন করিবে ॥১৪॥

নরনাথ ! এই মহাত্মা ব্রাহ্মণেরা পূর্ব্বকালেও দেবগণ, পিতৃগণ, মনুষ্যগণ, নাগগণ ও রাক্ষসগণের পূজনীয়ই ছিলেন ॥১৫॥

দেবগণ, পিতৃগণ, গন্ধর্ব্বগণ, রাক্ষসগণ, অসুরগণ কিংবা পিশাচগণও ব্রাহ্মণদিগকে জয় করিতে সমর্থ হন না ॥১৬॥

ব্রাহ্মণেরা অদেবতাকেও দেবতা করিতে পারেন আবার দেবতাকেও অদেবতা করিতে সমর্থ হন এবং তাঁহারা যাঁহাকে রাজা করিতে ইচ্ছা করেন, তিনি রাজা হন ; আর যাঁহাকে রাজা করিতে ইচ্ছা না করেন, তিনি সে বিষয়ে পরাভূত হন ॥১৭॥

নিন্দাপ্রশংসাকুশলাঃ কীর্ত্ত্যকীর্ত্তিপরায়ণাঃ।
পরিকুপ্যন্তি তে রাজন্! সততং দ্বিষতাং দ্বিজাঃ ॥১৯॥
ব্রাহ্মণা যং প্রশংসন্তি পুরুষঃ স প্রবর্দ্ধতে।
ব্রাহ্মণৈর্যঃ পরাক্রুষ্টঃ পরাভূয়াৎ ক্ষণাদ্ধি সঃ ॥২০॥
শকা যবনকাম্বোজাস্তাস্তাঃ ক্ষত্রিয়জাতয়ঃ।
বৃষলত্বং পরিগতা ব্রাহ্মণানামদর্শনাৎ ॥২১॥
দ্রাবিড়াশ্চ কলিঙ্গাশ্চ পুলিন্দাশ্চাপ্যুশীনরাঃ।
কোলিসর্পা মাহিষকাস্তাস্তাঃ ক্ষত্রিয়জাতয়ঃ ॥২২॥
বৃষলত্বং পরিগতা ব্রাহ্মণানামদর্শনাৎ।
শ্রেয়ান্ পরাজয়স্তেভ্যো ন জয়ো জয়তাং বর! ॥২৩॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

নিন্দেতি। দ্বিষতামুপরি, দ্বিজা ব্রাহ্মণাঃ ॥১৯॥

ব্রাহ্মণা ইতি। প্রবর্দ্ধতে উন্নতিং লভতে ॥২০॥

শকা ইতি। বৃষলত্বং শূদ্রত্বম্, পরিগতাঃ সংস্কারাভাবেন প্রাপ্তাঃ ॥২১॥

দ্রাবিড়া ইতি। দ্রাবিড়াদয়স্তত্তদ্দেশবাসিনঃ। তেভ্যো ব্রাহ্মণেভ্যঃ, ন জয়ো মহোপকারিষু তীব্রপ্রহারস্যাবশ্যম্ভাবাৎ ॥২২—২৩॥

ভাবতভাবদীপঃ

নিত্যমেবানুকীর্ত্তয়েৎ ॥১৪॥ এতে পূজ্যা ইতি শেষঃ। যতো মহাভাগাঃ ॥১৫—১৮॥ পরায়ণাঃ

রাজা! যে দুষ্টচিত্তেরা ব্রাহ্মণগণের অপবাদ করে, আমি সত্য বলিতেছি—তাহারা বিনষ্ট হয়, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১৮॥

রাজা! নিন্দা ও প্রশংসায় নিপুণ এবং লোকের যশ ও অযশস্থাপনে ব্যাপৃত সেই ব্রাহ্মণেরা বিদ্বেষিগণের উপরে সর্ব্বদাই কুপিত হইয়া থাকেন ॥১৯॥

ব্রাহ্মণেরা যাহাকে প্রশংসা করেন, সেই মানুষ উন্নতি লাভ করে, আর ব্রাহ্মণেরা যাহার নিন্দা করেন, সে মানুষ ক্ষণকালমধ্যেই পরাভূত হয় ॥২০॥

শক, যবন ও কাম্বোজপ্রভৃতি সেই সেই ক্ষত্রিয় জাতিরা ব্রাহ্মণ দেখিতে না পাওয়ায় শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে ॥২১॥

বিজয়িশ্রেষ্ঠ! দ্রাবিড়, কলিঙ্গ, পুলিন্দ, উশীনর, কোলিসর্প ও মাহিষক-দেশবাসী সেই সেই ক্ষত্রিয়জাতিরা ব্রাহ্মণগণের অদর্শননিবন্ধন শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছে। অতএব সেই ব্রাহ্মণগণ হইতে পরাজয়ও বরং ভাল, কিন্তু জয় নহে ॥২২—২৩॥

যস্তু সর্ব্বমিদং হন্যাদ্ ব্রাহ্মণঞ্চ ন তৎসমম্ ।
ব্রহ্মবধ্যা মহান্ দোষ ইত্যাহুঃ পরমর্ষয়ঃ ॥২৪॥
পরিবাদো দ্বিজাতীনাং ন শ্রোতব্যঃ কথঞ্চন ।
আসীতাধোমুখস্তূষ্ণীং সমুত্থায় ব্রজেচ্চ বা ॥২৫॥
ন স জাতোঽজনিষ্যদ্বা পৃথিব্যামিহ কশ্চন ।
যো ব্রাহ্মণনিরোধেন সুখং জীবিতুমুৎসহেৎ ॥২৬॥
দুর্গ্রাহো মুষ্টিনা বায়ুর্দুঃস্পর্শঃ পাণিনা শশী ।
দুর্দ্ধরা পৃথিবী রাজন্ ! দুর্জ্জয়া ব্রাহ্মণা ভুবি ॥২৭॥
ব্রাহ্মণেনেব সততং ভৃশং সম্পরিপূজয়েৎ ।
এতে হি সোমরাজান ঈশ্বরাঃ সুখদুঃখয়োঃ ॥২৮॥

ভাবতকৌমুদী

য ইতি। যো জন ইদং সর্ব্বং ক্ষত্রিয-বৈশ্যশূদ্রকপং বর্ণত্রয়ম্ একং ব্রাহ্মণঞ্চ হন্যাৎ, তদু-ভয়ং পাপং ন সমম্। তত্র কারণমাহ—ব্রহ্মবধ্যেতি ॥২৪॥

পরীতি। দ্বিজাতীনাং ব্রাহ্মণানাম্। আসীত উপবিশেৎ ॥২৫॥

নেতি। জাত ইতি ভবিষ্যতি "ক্ত" ব্রাহ্মণানাং নিরোধেন বিপ্লাচবণেন, উৎসহেৎ শক্নুয়াৎ ॥২৬॥

দুরিতি। দুঃখেন গ্রিয়স্তে হস্তেনোত্তোল্য রক্ষ্যত ইতি দুর্দ্ধরা ॥২৭॥

ব্রাহ্মণানিতি। সোমশ্চন্দ্রো রাজা যেষাং তে। এতেন তেষাং পার্থিবানাং বাজত্বমপো-হিতম্। ঈশ্বরা নিয়ন্তারঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

হেতবঃ ॥১৯—২০॥ অদর্শনাদনহুগ্রহাৎ ॥২১—২৭॥ ব্রাহ্মণানিত্যাত্থ্যায়ত্রয়েণ দানপাত্রত্বং

যে লোক এই ক্ষত্রিযাদি সমস্ত বর্ণ বধ কবে এবং একটীমাত্র ব্রাহ্মণ বধ করে তাহাব সেই দুই পাপ সমান নহে। কাবণ, ব্রহ্মহত্যা মহাদোষ, এই কথা মহর্ষিরা বলেন ॥২৪॥

কোন প্রকাবেই ব্রাহ্মণগণেব নিন্দা শুনিবে না; সেই নিন্দাব ক্ষেত্রে নীবব ও অধোমুখ হইয়া বসিয়া থাকিবে; অথবা উঠিয়া অন্যত্র চলিয়া যাইবে ॥২৫॥

যে লোক ব্রাহ্মণেব অনিষ্টাচরণ কবিয়া সুখে জীবনযাপন কবিতে পারিয়াছে; সেইরূপ কোন লোক এই পৃথিবীতে পূর্ব্বে জন্মে নাই, ভবিষ্যতে জন্মিবেও না ॥২৬॥

বাজা! বায়ুকে মুষ্টিব মধ্যে ধারণ কবা দুষ্কব, হস্তদ্বারা চন্দ্রকে স্পর্শ করা অসম্ভব, পৃথিবীকে হাতে কবিয়া তুলিয়া ধবা ধারণাতীত এবং পৃথিবীতে ব্রাহ্মণগণকে জয় কবা অসম্ভব ॥২৭॥

---

(২৭) ইতঃ পরং ··ব্রাহ্মণপ্রশংসায়াং 'ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ'। ভীষ্ম উবাচ। বঙ্গ বর্দ্ধ।

এতে ভোগৈরলঙ্কারৈরন্যৈশ্চৈব কিমিচ্ছকৈঃ।
সদা পূজ্যা নমস্কারৈ রক্ষ্যাশ্চ পিতৃবন্নৃপৈঃ ॥২৯॥
ততো রাষ্ট্রস্য শান্তির্হি ভূতানামিব বাসবাৎ।
জায়তাং ব্রহ্মবর্চ্চস্বী রাষ্ট্রে বৈ ব্রাহ্মণঃ শুচিঃ ॥৩০॥
মহারথশ্চ রাজন্য এষ্টব্যঃ শত্রুতাপনঃ।
ইতি মাং নারদঃ প্রাহ সততং সর্ব্বভূতয়ে ॥৩১॥
ব্রাহ্মণং জাতিসম্পন্নং ধর্ম্মজ্ঞং সংশিতব্রতম্।
বাসয়েত গৃহে রাজন্ন তস্মাৎ পরমস্তি বৈ ॥৩২॥

ভারতকৌমুদী

এত ইতি। কিমিচ্ছকৈঃ কিং লব্ধুমিচ্ছসীতি জিজ্ঞাসয়া ব্রাহ্মণোক্ত-দ্রব্যদানৈঃ ॥২৯॥

তত ইতি। ততো ব্রাহ্মণাৎ। বাসবাদিন্দ্রাৎ। প্রজানামেষ্টব্যমাহ—জায়তামিতি। ব্রহ্মবর্চ্চস্তপস্তেজোঽস্যাস্তীতি সঃ ॥৩০॥

মহেতি। রাজন্যঃ ক্ষত্রিয়ঃ। সর্ব্বভূতয়ে সর্ব্বসম্পত্তয়ে ॥৩১॥

ব্রাহ্মণমিতি। জাতিসম্পন্নম্, ন পুনঃ কর্ম্মণা জাতিচ্যুতমিতি ভাবঃ। সংশিতব্রতং দৃঢনিয়মম্। পরং পুণ্যম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণানামুচ্যতে। সোমো রাজা যেষাং তে সোমরাজানঃ ॥২৮॥ কিমিচ্ছসীতি প্রশ্নপূর্ব্বকং

মানুষ সর্ব্বদা ব্রাহ্মণগণকেই বিশেষভাবে পূজা করিবে। কারণ, ইঁহাদের রাজা স্বয়ং চন্দ্র, (কিন্তু, নৃপতি নহে) এবং ইঁহারা মানুষের সুখ ও দুঃখের নিয়ন্তা ॥২৮॥

রাজারা ভোগ্য বস্তু, অলঙ্কার ও অভীষ্ট দ্রব্য দানদ্বারা এবং নমস্কারদ্বারা সর্ব্বদা ব্রাহ্মণগণের পূজা করিবেন এবং পিতার ন্যায় তাঁহাদিগকে রক্ষা করিবেন ॥২৯॥

কারণ, ইন্দ্র হইতে প্রাণিগণের যেমন শান্তি হয়, তেমন ব্রাহ্মণ হইতেই রাজ্যের শান্তি হইয়া থাকে। আর সকলেই এইরূপ কামনা করিবে যে, ব্রহ্মতেজে তেজীয়ান্ ও পবিত্র ব্রাহ্মণ আমাদের রাজ্যে জন্মগ্রহণ করুন ॥৩০॥

এবং ইহাও কামনা করিবে যে, মহারথ শত্রুতাপন ক্ষত্রিয় এই রাজ্যে উৎপন্ন হউক। সর্বদা সর্ব্বসম্পত্তি লাভের নিমিত্ত নারদ আমাকে এইরূপ বলিয়াছেন ॥৩১॥

জাতিযুক্ত, ধর্ম্মজ্ঞ ও দৃঢ়ব্রতশালী ব্রাহ্মণকে গৃহে বাস করাইবে। রাজা! তাহা হইতে আর অধিক পুণ্য নাই ॥৩২॥

ব্রাহ্মণেভ্যো হবির্দ্দত্তং প্রতিগৃহ্নন্তি দেবতাঃ।
পিতরঃ সর্ব্বভূতানাং নৈতেভ্যো বিদ্যতে পরম্ ॥৩৩॥
আদিত্যশ্চন্দ্রমা বায়ুরাপো ভূরম্বরং দিশঃ।
সর্ব্বে ব্রাহ্মণমাবিশ্য সদান্নমুপভুঞ্জতে ॥৩৪॥
ন তস্যাশ্নন্তি পিতরো যস্য বিপ্রা ন ভুঞ্জতে।
দেবাশ্চাপ্যস্য নাশ্নন্তি পাপস্য ব্রাহ্মণদ্বিষঃ ॥৩৫॥
ব্রাহ্মণেষু তু তুষ্টেষু প্রীয়ন্তে পিতরঃ সদা।
তথৈব দেবতা রাজন্নাত্র কার্য্যা বিচারণা ॥৩৬॥
তথৈব তেঽপি প্রীয়ন্তে যেষাং ভবতি তদ্ধবিঃ।
ন চ প্রেত্য বিনশ্যন্তি গচ্ছন্তি চ পরাং গতিম্ ॥৩৭॥
যেন যেনৈব হবিষা ব্রাহ্মণাংস্তর্পয়েন্নরঃ।
তেন তেনৈব প্রীয়ন্তে পিতরো দেবতাস্তথা।
ব্রাহ্মণাদেব তদ্ভূতং প্রভবন্তি যতঃ প্রজাঃ ॥৩৮॥

ভাবতকৌমুদী

ব্রাহ্মণেভ্য ইতি। হবির্দ্দেবদেয়ং দ্রব্যম্। পিতরো ব্রাহ্মণা ইতি শেষঃ। এতেভ্যো ব্রাহ্মণেভ্যঃ পরং শ্রেষ্ঠং ভূতং ন বিদ্যতে ॥৩৩॥

আদিত্য ইতি। ব্রাহ্মণমাবিশ্য ব্রাহ্মণশরীরং প্রবিশ্য ॥৩৪॥

নেতি। অশ্নন্তি কব্যং ভুঞ্জতে ॥৩৫॥

ব্রাহ্মণেম্বিতি। তথৈব দেবতাঃ প্রীয়ন্ত ইত্যনুবৃত্তিঃ ॥৩৬॥

তথেতি। হবির্দ্দত্তং দ্রব্যম্। প্রেত্য পরলোকে বিনশ্যন্তি স্বর্গাদ্‌ভ্রশ্যন্তি ॥৩৭॥

ব্রাহ্মণদিগকে যে হবিদান কবা হয়, দেবতাবা তাহা গ্রহণ কবেন। কারণ, ব্রাহ্মণেরা সমস্ত প্রাণীব পিতা। সুতবাং ব্রাহ্মণ হইতে শ্রেষ্ঠ প্রাণী আর নাই ॥৩৩॥

চন্দ্র, সূর্য্য, বায়ু, জল, পৃথিবী, আকাশ ও দিক্—ইহাবা সকলে ব্রাহ্মণেব শবীরে প্রবেশ করিযা সর্ব্বদা অন্নভোজন কবেন ॥৩৪॥

ব্রাহ্মণেবা যাহাব অন্ন ভোজন কবেন না, পিতৃলোকেবাও তাহার অন্ন ভোজন কবেন না এবং ব্রাহ্মণদ্বেষী পাপাত্মাব অন্ন দেবতাবাও ভোজন কবেন না ॥৩৫॥

বাজা! ব্রাহ্মণগণ সন্তুষ্ট হইলে পিতৃগণ ও দেবগণ সর্ব্বদা সন্তুষ্ট হন; এবিষযে কোন বিচাব কবিবে না ॥৩৬॥

এই হবি যাঁহাদেব তাঁহাবাও প্রীত হন এবং মানুষ পবলোকে স্বর্গ হইতে বিচ্যুত হয় না, ববং পবম গতিই লাভ কবিয়া থাকে ॥৩৭॥

যতশ্চায়ং প্রভবতি প্রেত্য যত্র চ গচ্ছতি।
বেদৈষ মার্গঃ স্বর্গস্য তথৈব নরকস্য চ ॥৩৯॥
আগতানাগতে চোভে ব্রাহ্মণো দ্বিপদাং বরঃ।
ব্রাহ্মণো ভরতশ্রেষ্ঠ! স্বধর্ম্মঞ্চৈব বেদ যঃ ॥৪০॥
যে চৈনমনুবর্ত্তন্তে তে ন যান্তি পরাভবম্।
ন তে প্রেত্য বিনশ্যন্তি গচ্ছন্তি ন পরাভবম্ ॥৪১॥
যদ্ ব্রাহ্মণমুখাৎ প্রাপ্তং প্রতিগৃহ্নন্তি বৈ বচঃ।
ভূতাত্মানো মহাত্মানস্তে ন যান্তি পরাভবম্ ॥৪২॥

ভাবতকৌমুদী

যেনেতি। হবিষা দেয়দ্রব্যেণ, তর্পয়েৎ প্রীণয়েৎ। তদ্ যজনম্, ভূতং জাতম্, যতো যজনাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৮॥

যত ইতি। অয়ং লোকো যতঃ স্বর্গাৎ প্রভবতি পুণ্যক্ষয়ে পুনরুৎপদ্যতে, প্রেত্য দেহং ত্যক্ত্বা চ যত্র গচ্ছতি, এষ ব্রাহ্মণ এব তস্য স্বর্গস্য তথা নরকস্য চ মার্গঃ যাজনেন পুণ্যজননাৎ শাপেন চ পাপোৎপাদনাদিতি ভাবঃ। ইতি বেদ বিজ্ঞজনো জানাতি ॥৩৯॥

আগতেতি। দ্বিপদাং মনুষ্যাণাং বরো ব্রাহ্মণঃ, আগতানাগতে ভূতভাবিনী "সন্দংশপাত" ন্যায়াদ্ বর্ত্তমানঞ্চ। ত্রিষ্বেব কালেষু সম্বলমিত্যর্থঃ। যঃ স্বধর্ম্মং যজনাদিকং বেদ জানাতি স এব ব্রাহ্মণঃ, ন তু ব্রহ্মজ্ঞ এব ব্রাহ্মণ ইত্যাশয়ঃ ॥৪০॥

য ইতি। এনং ব্রাহ্মণম্, প্রেত্য পরলোকে ন বিনশ্যন্তি স্বর্গচ্যুতা ন ভবন্তি, পরাভবং নরকমপি ন গচ্ছন্তি ॥৪১॥

ভাবতভাবদীপঃ

যত্তদিষ্টং দীয়তে তৎ কিমিচ্ছকম্ ॥২৯—৩৭॥ তেঽপি দাতারোঽপি, তৎ প্রদেয়ং দ্রব্যম্ ॥৩৮—৩৯॥ তদ্যজ্ঞাদিকং ভূতমুৎপন্নম্, "অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে।

মানুষ যে যে দ্রব্যদ্বারা ব্রাহ্মণগণকে সন্তুষ্ট করে, সেই সেই দ্রব্যদ্বারাই দেবগণ ও পিতৃগণ সন্তুষ্ট হন। আর যাহা হইতে মানুষ উৎপন্ন হয়, সেই যজ্ঞ ব্রাহ্মণ হইতেই উৎপন্ন হইয়াছে ॥৩৮॥

মানুষ, যে স্থান হইতে আসিয়া জন্মিয়াছে এবং দেহত্যাগ করিয়া যে স্থানে গমন করে, এই ব্রাহ্মণ সেই স্বর্গ ও নরকের পথ, ইহা অভিজ্ঞ লোকেরা জানেন ॥৩৯॥

মনুষ্যশ্রেষ্ঠ ব্রাহ্মণ অন্য লোকের পক্ষে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের সম্বল। ভরতশ্রেষ্ঠ! যিনি যজনযাজনাদি স্বধর্ম্ম জানেন, তিনিই ব্রাহ্মণ ॥৪০॥

যাঁহারা ব্রাহ্মণের অনুসরণ করে, তাহারা পরাভব পায় না, পরলোকে স্বর্গচ্যুত হয় না এবং নরকেও গমন করে না ॥৪১॥

ক্ষত্রিযাণাং প্রতপতাং তেজসা চ বলেন চ।
ব্রাহ্মণেষ্বেব শাম্যন্তি তেজাংসি চ বলানি চ ॥৪৩॥
ভৃগবস্তালজঙ্ঘাংশ্চ নীপানঙ্গিরসোঽজয়ন্।
ভরদ্বাজো বৈতহব্যানৈলাংশ্চ ভরতর্ষভ ! ॥৪৪॥
চিত্রায়ুধাংশ্চাপ্যজয়ন্নেতে কৃষ্ণাজিনধ্বজাঃ।
প্রক্ষিপ্যাথ চ কুম্ভান্ বৈ পারগামিনমারভেৎ ॥৪৫॥
যৎ কিঞ্চিৎ কথ্যতে লোকে শ্রূয়তে পঠ্যতেঽপি বা।
সর্ব্বং তদ্‌ব্রাহ্মণেষ্বেব গূঢ়োঽগ্নিরিব দারুষু ॥৪৬॥

ভারতকৌমুদী

যদিতি। প্রাপ্তমাগতম্। ভূতাত্মানঃ সত্যবুদ্ধয়ঃ ॥৪২॥

ক্ষত্রিয়াণামিতি। প্রতপতাং প্রতাপং প্রকাশয়তাম্ ॥৪৩॥

ভৃগব ইতি। তালজঙ্ঘান্ তদ্বংশীয়ান্ ক্ষত্রিয়ান্। ঐলান্ পুরূরবোবংশীয়ান্ ॥৪৪॥

